মযাগুরুষ প্রসহঁ



श्रामी विज्ञानन

মহাপুরুষ-প্রসঙ্গ

স্বামী বিবেকানন্দ

STANSON NO CLARK.





উদ্বোধন কার্যালয় কলকাতা প্রকাশক শ্বামী সত্যব্রতানন্দ উদ্বোধন কার্যালয় ১ উদ্বোধন লেন, বাগবাজার কলকাতা-৭০০ ০০৩

বেলুড় শ্রীরামকৃষ্ণ মঠের অধ্যক্ষ কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত

পঞ্চদশ সংস্করণ ৮ জানুয়ারি ১৯৬৩

ত্রয়োবিংশ পুনর্মুদ্রণ ফাল্পন ১৪০৯ February 2003 1MIC

ISBN 81-8040-129-4

28,9,94

মুদ্রক রমা আর্ট প্রেস ৬/৩০, দমদম রোড কলকাতা-৭০০ ০৩০

নিবেদন

'মহাপুক্ষ-প্রদক্ষ' কিঞিৎ পরিবর্তিত আকারে প্রকাশিত হইল। 'স্বামীজীর বাণী ও রচনা'র সংস্করণ অন্ধ্যরণ করার জন্মই এই পরিবর্তন। কয়েকটি বক্তৃতা ঘর্থা—'মহম্মদ', 'শ্রীরামকৃষ্ণ ও তাঁহার মত', 'শ্রীরামকৃষ্ণ: জাতির আদর্শ' এবং 'ঈশবের দেহধারণ ও অবতার'—এই গ্রন্থে নৃতন সন্নিবিষ্ট হইয়াছে। 'মদীয় আচার্যদেব' ('My Master'-এর অন্ধ্বাদ) পৃথক্ পুস্তকাকারে প্রকাশিত, বিষয়বস্তুর সমতাবশ্তঃ এথানে সন্নিবেশিত হইল।

'ভারতীয় আচার্যগণ' ('Sages of India'-র অহবাদ) এই সহলন হুইতে বাদ গিয়াছে। উহা 'বাণী ও বচনা'র পঞ্চম খণ্ডে মান্দ্রাজ বজ্ তাবলীর অন্তর্ভুক্ত। আশাকরি বর্তমান সংস্করণ সহদয় পাঠকবর্গের নিকট সমাদৃত হুইবে।

বৈশ্বথ, ১৩৭৯ (এপ্রিল, ১৯৭২)

প্রকাশক

সূচীপত্ৰ

বিষয়		शृ ही क
রামায়ণ		6
মহাভারত		22
জড়ভরতের উপাধ্যান		¢2
প্রহলাদ-চরিত্র		৫৬
জগতের মহন্তম আচার্যগণ		৬২
কুষ্ণ ও তাঁহার শিক্ষা		P 3
ভগবান্ বুদ্ধ		52
বুদ্ধের বাণী		84
ঈশদৃত যীশুখীষ্ট		304
ঈশবের দেহধারণ বা অবভার		754
মহমাদ		300
পওহারী বাবা		208
मनीय जाठार्यतनव		500
শ্রীরামকৃষ্ণ ও তাঁহার মত	Y.	74-6
শ্রীরামকুফ : জাতির আদর্শ		704



রামায়ণ

১৯০০ খ্রীঃ ৩১ জামুন্সারি কালিফোর্নিয়ার অন্তর্গত প্যাসাডেনায় 'সেক্সপীরর ক্লাবে' প্রদন্ত বক্তুতা

সংস্কৃত ভাষায় তৃইথানি প্রাচীন মহাকাব্য আছে; অবশ্য আরও শত শত বীরত্বব্যঞ্জক কাব্য বিভ্যমান। যদিও প্রায় তৃই সহস্র বর্ষের উপর হইল সংস্কৃত আর কথোপকথনের ভাষা নাই, তথাপি সংস্কৃত ভাষা ও সাহিত্য সেই প্রাচীন কাল হইতে বর্তমান কাল পর্যস্ত অবিচ্ছিন্নভাবে চলিয়া, আসিয়াছে। আমি আপনাদের সমক্ষে সেই রামায়ণ ও মহাভারত নামক অতি প্রাচীন কাব্যময়ের বিষয় বলিতে যাইতেছি। ঐ তৃইটিতে প্রাচীন ভারতবাসিগণের আচার, ব্যবহার, সভ্যতা, তদানীস্তন সামাজিক অবস্থা প্রভৃতি লিপিবদ্ধ আছে। উহাদের মধ্যে আবার রামায়ণ প্রাচীনতর, উহাকে রামের জীবন-চরিত বলা যায়। রামায়ণের পূর্বেও ভারতে পভ্য-নাহিত্য ছিল। হিন্দুদের পবিত্র শান্তগ্রন্থ বেদের অধিকাংশ ভাগ একপ্রকার ছন্দে রচিত; কিন্তু ভারতে সর্বদম্মতিক্রমে এই রামায়ণই আদিকাব্য বলিয়া পরিগণিত হইয়া থাকে।

রামায়ণের কবির নাম মহর্ষি বাল্মীকি। পরবর্তী কালে অপরের রচিত অনেক আখ্যানমূলক কবিতা ঐ প্রাচীন কবি বাল্মীকির পরিচিত নামের সহিত জড়িত হইয়াছে। শেবে এমন দেখা যায় যে, অনেক শ্লোক বা কবিতা তাঁহার রচিত না হইলেও সেগুলি তাঁহারই রচিত বলিয়া মনে করা একটা প্রথা হইয়া দাঁড়াইয়াছিল। এই-সকল প্রক্ষিপ্ত অংশ থাকিলেও আমরা এখন উহা যে আকারে পাইতেছি, তাহাও অতি ফ্লব্রভাবে প্রথিত, জগতের সাহিত্যে উহার তুলনা নাই।

অতি প্রাচীন কালে এক স্থানে জনৈক যুবক বাস করিত। সে কোনরূপে পরিবারবর্গের ভরণপোষণ করিতে পারিত না। তাহার শরীর অতিশর দৃঢ় ও বলিষ্ঠ ছিল। আত্মীয়বর্গের ভরণপোষণের উপায়াম্বর না দেখিয়া দে অবশেষে দম্মারুত্তি অবলম্বন করিল। পথিমধ্যে কাহাকেও দেখিতে

পাইলেই সে তাহাকে আক্রমণ করিয়া তাহার যধাদর্বস্ব লুঠন করিত এবং ঐ দম্যবৃত্তিলন্ধ ধন দাবা পিতা-মাতা স্বী-পৃত্ত-কক্সাদিব ভবণপোষণ করিত। এইরূপে বছদিন যায়— দৈবক্রমে একদিন দেবর্ষি নারদ সেই পথ দিয়া যাইতেছিলেন; দস্তা তাঁহাকে দেখিবামাত্র আক্রমণ করিল। দেবর্ষি দস্তাকে জিজ্ঞাদা করিলেন, 'তুমি কেন আমার দর্বস্ব লুঠন করিতে প্রবৃত্ত হইয়াছ? তুমি কি জানো না, দহ্যতা ও নরহত্যা মহাপাপ ? তুমি কি জন্ত আপনাকে এই পাপের ভাগী করিতেছ?' দস্থা উত্তরে বলিল, 'আমি এই দস্মাবৃত্তিলক ধন, দ্বারা আমার পরিবারবর্গের ভরণপোষণ্ করিয়া থাকি।' দেবর্ষি বলিলেন, 'আচ্ছা, তুমি কি মনে কর, তুমি যাহাদের জন্ত এই বোর পাপাচরণ করিতেছ, তাহারা ভোমার এই পাপের ভাগ লইবে ?' দম্য বলিল, 'নিক্যুই, ভাহারা অবশ্রই আমার পাণের ভাগ গ্রহণ করিবে।' তথন দেবর্ষি বলিলেন, 'আচ্ছা, তুমি এক কাজ কর। আমাকে এখানে বাঁধিয়া রাখিয়া যাও, তাহা হইলে আমি আর পলাইতে পারিব না। তারপর তুমি বাড়ি গিয়া পরিবারবর্গকে জিজাদা করিয়া আইদ: তাহারা যেমন তোমার ধনের ভাগ গ্রহণ করে, তেমনি তোমার পাণের ভাগ গ্রহণ করিতে প্রস্তুত কি না ?' দেবৰ্ষির বাক্যে দমত হইয়া দম্য তাঁহাকে দেই স্থানে বাঁধিয়া রাথিয়া গৃহাভিম্থে প্রস্থান করিল। গৃহে পৌছিয়াই প্রথমে পিতাকে জিজানা করিল, 'পিতা, আমি কিরুপে আপনাদের ভরণপোষণ করি, তাহা কি আপনি জানেন ?' পিতা উত্তর দিলেন, 'না, আমি জানি না।' তথন পুত্র বলিল, 'আমি দম্যবৃত্তি ছারা আপনাদের ভরণপোষণ করিয়া থাকি। আমি লোককে মারিয়া ফেলিয়া তাহার সর্বস্ব অপহরণ করি।' পিতা এই কথা শুনিবামাত্র জোধে স্বাবক্তনন্ত্রন হইয়া বলিয়া উঠিলেন, 'কি! তুই এইরপে বোরতর পাপাচরণে লিপ্ত খ্যাক্যাও আমার পুত্র বলিয়া পরিচয় দিতে সাহস করিদ, এখনই আমার দমুথ হইতে দ্ব হ। তুই পতিত, তোকে আঞ্ হইতে ভ্যাজ্য পুত্র কবিলাম।' তখন দহ্য ভাহাব মাতার নিকট গিয়া তাঁহাকেও ঐ প্রশ্ন করিল। দে কিরুপে পরিবারবর্গের ভরণপোষণ করে, ভংসম্বন্ধে মাতাও পিতার স্থায় নিজ অজ্ঞতা জানাইলে দ্ব্যু তাঁহাকে নিজের দম্যবৃত্তি ও নরহত্যার কথা প্রকাশ করিয়া বলিল। মাতা ঐ কথা ন্তনিবামাত্র ভয়ে চীৎকার করিয়া উঠিয়া বলিলেন, 'উ:, কি ভয়ানক কথা!'

দ্যা তখন কম্পিতকঠে বলিল, 'শোন মা, দ্বির হও। ভয়ানকই হউক আর
যাহাই হউক, ভোমাকে একটা কথা জিজ্ঞান্ত আছে—তৃমি কি আমার
পাপের ভাগ লইবে?' মাতা তখন মেন দশ হাত পিছাইয়া অমান বদনে
বলিল, 'কেন, আমি তোর পাপের ভাগ লইতে যাইব কেন? আমি তো
কখনও দ্যার্ত্তি করি নাই।' তখন সে তাহার পত্নীর নিকট গমন করিয়া
তাহাকেও পূর্বোক্ত প্রশ্ন জিজ্ঞাসা করিল; বলিল, 'শোন প্রিয়ে, আমি
একজন দ্যা; অনেক কাল ধরিয়া দ্যার্ত্তি করিয়া লোকের অর্থ অপহর্ব
করিতেছি, আর সেই দ্যার্ত্তিলক্ষ অর্থ আরাই তোমাদের সকলের ভরণপোষণ
করিতেছি; এখন আমার জিজ্ঞাত্ত—তৃমি কি আমার পাপের অংশ লইতে
প্রস্তুত্ত ?' পত্নী মূহুর্তমাত্র বিলম্ব না করিয়াই উত্তর দিল, 'কখনই নহে। তৃমি
আমার ভর্তা, তোমার কর্তব্য আমার ভরণপোষণ করা। তৃমি মেরূপেই
আমার ভরণপোষণ কর না কেন, আমি তোমার পাপের ভাগ কেন
লইব ?'

দস্মার তথন জ্ঞাননেত্র উন্মীলিত হইল। সে ভাবিল: এই তো দেখিতেছি সংসারের নিয়ম! যাহারা আমার পরম আত্মীয়, যাহাদের জন্ত আমি এই দম্যানত্তি করিতেছি, তাহারা পর্যন্ত আমার পাপের ভাগী হইবে না। এইরূপ ভাবিতে ভাবিতে দেবর্ষিকে যেথানে বাঁধিয়া রাথিয়া আদিয়াছিল. সেথানে উপস্থিত হইয়া অবিলয়ে বন্ধন মোচন করিয়া দিল এবং তাঁহার পদতলে পতিত হইয়া সকল কথা তাঁহার নিকট বর্ণনা করিল। পরে সে কাতরভাবে তাঁহার নিকট বলিল, 'প্রভো, আমায় উদ্ধার করুন, বলিয়া দিন—আমি কি করিব।' তথন দেবর্ষি তাহাকে বলিলেন, 'বৎস, তুমি এই দহাবৃদ্ধি পরিত্যাগ কর। তুমি তো দেখিলে, পরিবারবর্গের মধ্যে কেহই তোমায় যথার্থ ভালবাদে না, অতএব ঐ পরিবারবর্গের প্রতি আর মায়া কেন? যতদিন তোমার ঐশর্য থাকিবে, ততদিন তাহারা তোমার অহুগত থাকিবে; আর যে-দিন তুমি কপর্দকহীন হইবে, সেই দিনই উহারা তোমায় পরিত্যাগ করিবে। সংসারে কেহই কাহারও ছঃখ কট বা পাপের ভাগী হইতে চায় না, কিন্ত সকলেই সুথের বা পুণোর ভাগী হইতে চায়। একমাত্র যিনি স্থত্ঃথ, পাপপুণ্য সকল অবস্থাতেই আমাদিগের সঙ্গে সঞ্চে থাকেন, তুমি তাঁহারই উপাসনা কর। তিনি কখনও আমাদিগকে পরিত্যাগ করেন না, কারণ

ৰথাৰ্থ ভালবাদায় বেচাকেনা নাই, খাৰ্থপৰতা নাই, যথাৰ্থ ভালবাদা অহেতৃক।'

এই-সকল কথা বলিয়া দেবর্ষি তাহাকে সাধনপ্রণালী শিক্ষা দিলেন। দস্য তথন সর্বস্থ ত্যাগ করিয়া এক গভীর অরণ্যে প্রবেশ করিয়া দিবারাত্র প্রার্থনার ও ধ্যানে নিযুক্ত হইল। ধ্যান করিতে করিতে ক্রমে দস্যর দেহজ্ঞান এতদ্র লৃপ্ত হইল যে, তাহার দেহ বল্পীকস্তুপে আচ্ছয় হইয়া গেলেও সে তাহার কিছুই জানিতে পারিল না। অনেক বর্ষ এইয়পে অতিক্রান্ত ইইলে দস্য তনিল, কে যেন গন্তীরকণ্ঠে তাহাকে সম্বোধন করিয়া বলিতেছে, 'মহর্ষি, ওঠ।' দস্য চমকিত হইয়া বলিল, 'মহর্ষি কে? আমি ভো দস্যমাত্র।' গন্তীরকণ্ঠে আবার উচ্চারিত হইল: তুমি এখন আর দস্য নহ। তোমার বদয় পবিত্র হইয়াছে, তুমি এখন মহর্ষি। আজ হইতে তোমার প্রাতন নাম লৃপ্ত হইয়া। এখন তুমি 'বাল্মীকি' নামে প্রসিদ্ধ হইবে, যেহেতু তুমি ধ্যানে এত গভীরভাবে নিময় হইয়াছিলে যে, তোমার দেহের চারিদিকে যে-বল্মীকস্তুপ হইয়া গিয়াছিল, তাহা তুমি লক্ষ্য কর নাই।—এইয়পে সেই দস্য মহর্ষি বাল্মীকি হইল।

এই মহর্ষি বাল্মীকি কিরুপে কবি হইলেন, এখন সেই কথা বলিতেছি। একদিন মহর্ষি পবিত্র ভাগীরখীসলিলে অবগাহনের জন্ম যাইতেছেন, দেখিলেন এক ক্রোঞ্চমিপ্ন পরশারকে চুম্বন করিয়া পরমানন্দে ঘ্রিয়া বেড়াইতেছে। মহর্ষি ক্রোঞ্চমিপ্নের দিকে একবার চাহিয়া দেখিলেন, তাহাদের আনন্দ দেখিয়া তাঁহারও বদরে আনন্দের উদ্রেক হইল, কিন্তু মূহুর্তমধ্যেই এই আনন্দের দৃশুটি শোকদৃশ্যে পরিণত হইল, কোথা হইতে একটা তীর তাঁহার পার্য দিয়া ক্রতবেগে চলিয়া গেল। সেই তীরে বিদ্ধ হইয়া পুংক্রোঞ্চটি পঞ্চত্তপ্রাপ্ত হইল। তাহার দেহ ভূমিতে পতিত হইবামাত্র ক্রোঞ্চী কাতরভাবে তাহার সঙ্গীর মৃতদেহের চতুর্দিকে ঘ্রিতে লাগিল। মহর্ষির অন্তর এই শোকদৃশ্য দেখিয়া পরম করণার্দ্র হইল। কে এই নিষ্ট্র কর্ম করিল, তাহা জানিবার জন্ম তিনি ইতস্ততঃ নিরীক্ষণ করিবামাত্র এক ব্যাধকে দেখিতে পাইলেন।

তথন তাঁহার মৃথ হইতে যে লোক নির্গত হইল তাহার ভাবার্থ :

বে ব্যাধ, তুই কি পাৰণ্ড, তোর এক বিন্দুও দয়ামায়া নাই! ভালবাদার থাতিবেও ভোর নিষ্ঠুর হস্ত এক মৃহুর্তের জন্মও হত্যাকার্যে বিরত নহে! শ্লোকটি উচ্চারণ করিয়াই সহর্ষির মনে উদিত হইল, 'এ কি? এ আমি
কি উচ্চারণ করিতেছি! আমি তো কথনও এমনভাবে কিছু বলি নাই।'
তথন তিনি এক বাণী শুনিতে পাইলেন: বংস, ভীত হইও না, তোমার
মুখ হইতে এইমাত্র যাহা বাহির হইল, ইহার নাম 'লোক'। তুমি জগতের
হিতের জন্ম এইরূপ লোকে রামের চরিত বর্ণনা কর।—এইরূপে কবিতার
প্রথম আরম্ভ হইল। আদিকবি বাল্মীকির মুখ হইতে প্রথম লোক করণাবশে
স্বতই নির্গত হইরাছিল। ইহার পর তিনি পরম মনোহর কাব্য 'রামারণ'
অর্থাৎ রামচরিত রচনা করিলেন।

. . .

ভারতে অযোধ্যা নামে এক প্রাচীন নগরী ছিল, উহা এখনও বর্তমান।
এখনও ভারতে যে প্রদেশে ঐ নগরীর স্থান নির্দিষ্ট হর, তাহাকে স্থাউধ বা
অযোধ্যা প্রদেশ বলে এবং স্থাপনারাও স্থানেকে ভারতের মানচিত্রে ঐ প্রদেশ
লক্ষ্য করিয়া থাকিবেন। উহাই সেই প্রাচীন স্থযোধ্যা। স্থতি প্রাচীন কালে
সেখানে দশরথ নামে এক রাঙ্কা রাজ্য করিতেন। তাঁহার তিন রানী ছিলেন,
কিন্তু কোন রানীরই সন্তান-সন্ততি হয় নাই। তাই স্থর্মনিষ্ঠ হিন্দুর স্থাচারের
স্থায়বর্তী হইয়া রাজা ও রানীগণ সন্তানকামনায় ব্রতোপ্রাদ, দেবারাধনা
প্রভৃতি নিয়ম প্রতিপালন করিতে লাগিলেন। যথাসময়ে তাঁহাদের চারিটি প্রে
স্থানিল, সর্বজ্যেষ্ঠ রাম। ক্রমে এই রাজপুরগণ যথাবিধি সর্ববিভায় স্থাকিত
হইয়া উঠিলেন।

জনক নামে আর একজন রাজা ছিলেন, তাঁহার দীতা নামে এক পরমা স্পরী, কলা ছিল। দীতাকে একটি শক্তক্ষেত্রের মধ্যে কুড়াইয়া পাওয়া গিয়াছিল, অতএব দীতা পৃথিবীর কলা ছিলেন, জনক-জননী ছাড়াই তিনি ভূমিষ্ঠ হন। প্রাচীন সংস্কৃতে 'দীতা' শব্দের অর্থ হলরুষ্ট ভূমিখণ্ড। তাঁহাকে এরপ স্থানে কুড়াইয়া পাওয়া গিয়াছিল বলিয়াই তাঁহার এই নামকরণ হইয়াছিল। ভারতের প্রাচীন পৌরানিক ইতিহাসে এরপ অলোকিক জন্মের কথা অনেক পাঠ করা যায়। কাহারও পিতা ছিলেন, মাতা ছিলেন না; কাহারও মাতা ছিলেন, পিতা ছিলেন না। কাহারও পিতামাতা কেহই ছিলেন না, কাহারও জন্ম যজ্ঞকুণ্ড হইতে, কাহারও বা শক্তক্ষেত্রে ইত্যাদি ভারতের পুরাণে এ-সকল কথা আছে।

পৃথিবীয় ছহিতা সীতা নিক্লয়া ও প্রম ভদ্বছভাবা ছিলেন। রাজর্বি জনকের ছারা তিনি প্রতিপালিত হন। তাঁহার বিবাহযোগ্য বয়:ক্রম হইলে রাজর্বি তাঁহার জন্ম উপযুক্ত পাত্তের অসুসন্ধান ক্রিতে লাগিলেন।

ভারতে প্রাচীনকালে স্বরংবর নামক এক প্রকার বিবাহপ্রধা ছিল—
তাহাতে রাজকলাগণ নিজ নিজ পতি নির্বাচন করিতেন। ভারতের বিভিন্ন
হান হইতে বিভিন্নদেশীর রাজপুরগণ নিমন্ত্রিত হইতেন। সকলে সমবেত হইলে
রাজকলা বহুম্লা বসন-ভূষণে বিভূষিতা হইয়া বরমাল্যহন্তে সেই রাজপুরগণের
মধ্য দিয়া গমন করিতেন। তাঁহার সঙ্গে একজন ভাট যাইত। সে
পাণিগ্রহণার্থা প্রত্যেক রাজকুমারের গুণাগুণ বংশমর্যাদাদি কীর্তন করিত।
রাজকলা ঘাহাকে পতিরূপে মনোনীত করিতেন, তাঁহারই গলদেশে ঐ বরমাল্য
অর্পণ করিতেন। তথন মহাসমারোহে পরিণয়ক্রিয়া সম্পন্ন হইত। এই-সকল
স্বয়ংব্যন্থলে কথন কথন ভাবী বরের বিল্ঞা-বৃদ্ধি-বল পরীক্ষার জল্ল বিশেষ
বিশেষ পণ নির্দিষ্ট থাকিত।

অনেক রাজপুত্র দীতাকে লাভ করিবার আকাজ্রা করিয়াছিলেন।
'হরধফ্' নামক এক প্রকাণ্ড ধফু যে ভাঙিতে পারিবে, দীতা তাঁহাকেই
বরমাল্য প্রদান করিবেন, এ স্বয়ংবরে ইহাই ছিল পণ। দকল রাজপুত্রই
এই বীর্যপরিচায়ক কর্ম দল্পাদনের জন্ত প্রাণপণ চেষ্টা করিয়াও অক্ততকার্য
হইলেন। অবশেবে রাম ঐ দৃঢ় ধয় হত্তে লইয়া অবলীলাক্রমে দ্বিথণ্ডিত
করিলেন। হরধয় ভগ্গ হইলে সীতা রাজা দশরধের পুত্র রামচন্দ্রের কর্পে
বরমাল্য অর্পণ করিলেন। মহামহোৎদ্রের রাম-দীতার পরিণয় সম্পত্ন হইল।
রাম বধুকে লইয়া অযোধ্যায় ফিরিলেন।

কোন বাজার অনেকগুলি পুত্র থাকিলে রাজার দেহান্তে যাহাতে
সিংহাদন লইরা রাজকুমারগণের মধ্যে বিরোধ না হয়, দেজস্ত প্রাচীন ভারতে
রাজার জীবদ্বশাতেই জ্যেষ্ঠ রাজপুত্রকে যৌবরাজ্যে অভিবিক্ত করিবার প্রথা
প্রচলিত ছিল। রামচন্দ্রের বিবাহের পর রাজা দৃশর্থ ভাবিলেন: আমি
এক্ষণে বৃদ্ধ হইয়াছি, রামও বয়:প্রাপ্ত হইয়াছে। অতএব এক্ষণে রামকে
যৌবরাজ্যে অভিবিক্ত করিবার দমর আদিয়াছে। এই ভাবিয়া তিনি
অভিবেকের দম্দর আয়োলন করিতে লাগিলেন। দমগ্রা অযোধ্যা এই
অভিবেক-সংবাদে মহোৎসবে প্রবৃত্ত হইল। এই দময়ে দশর্থের প্রিয়তমা

মহিষী কৈকেয়ীর জনৈক পরিচারিকা—বহুকাল পূর্বে রাজা বানীকে যে তুইটি বন্ধ দিতে চাহিয়াছিলেন, তাহার কথা তাঁহাকে শ্বরণ করাইয়া দিল। এক সময়ে কৈকেয়ী বান্ধা দশরথকে এতদ্ব সম্ভুষ্ট করিয়াছিলেন যে, তিনি তাঁহাকে ছইটি বৰ দিতে প্ৰতিশ্ৰুত হন। বাদ্ধা দশরথ কৈকেয়ীকে বলিয়াছিলেন, 'তুমি যে-কোন হুইটি বর প্রার্থনা কর, যদি আমার সাধ্যাতীত না হয়, আমি তোমাকে ভৎক্ষণাৎ উহা দান করিব!' কিন্তু কৈকেয়ী তথন বাজার নিকট কিছুই প্রার্থনা করেন নাই। তিনি ঐ ব্রের কথা একেবারে ভুলিয়াই গিয়াছিলেন। কিন্তু তাঁহার ছষ্টস্বভাবা দাসী তাঁহাকে একণে বুঝাইতে লাগিল, রাম সিংহাসনে বসিলে তাঁহার কোন ইষ্ট দিন্ধ হইবে না; ববং তাঁহার পুত্র ভরত রাজা হইলে তাঁহার স্বধের অস্ত থাকিবে না। এইরূপে সে কৈকেয়ীর হিংসার্ত্তি উত্তেজিত ক্রিতে লাগিল। দাদীর পুন:পুন: মন্ত্রণায় রানীর হদয়ে প্রবল দ্র্বার উদ্রেক হইল, তিনি অবশেষে ঈধাবশে উন্মত্তপ্রায় হইলেন। তথন সেই হৃষ্টা দাসী রাজার বরদান-অঙ্গীকারের বিষয় স্মরণ করাইয়া দিয়া বলিল, 'দেই অক্টীকৃত বর-প্রার্থনার ইহাই উপযুক্ত দময়। তুমি এক বরে তোমার পুত্রের বাজ্যাভিষেক ও অপর বরে রামের চতুর্দশ বর্ধ বনবাস প্রার্থনা কব।'

বৃদ্ধ রাজা রামচন্দ্রকে প্রাণতুল্য ভালবাদিতেন। এদিকে কৈকেয়ী যথন রাজার নিকট ঐ তৃইটি অনিষ্টকর বর প্রার্থনা করিলেন, তথন রাজা বৃদ্ধিলেন, তিনি কথনও নিজ দত্য ভঙ্গ করিতে পারিবেন না। স্থতরাং তিনি কিংকর্তবাবিষ্ট হইয়া পড়িলেন। কিন্তু রাম আদিয়া তাঁহাকে এই উভয়- দক্ষট হইতে রক্ষা করিলেন। রাম পিতৃসত্য রক্ষার জন্ম স্বেচ্ছায় রাজ্যতাাগ করিয়া বনগমনে প্রস্তুত হইলেন। এইরূপে রাম চতুর্দশ বর্ষের জন্ম বনে গমন করিয়া বনগমনে প্রস্তুত হইলেন। এইরূপে রাম চতুর্দশ বর্ষের জন্ম বনে গমন করিলেন, দক্ষে চলিলেন প্রিয়তমা পত্নী দীতা ও প্রিয় আতা লক্ষণ। ইহারা কিছুতেই রামের দক্ষ ছাড়িতে চাহিলেন না।

আর্থগণ সে-সময় ভারতের গভীর অরণ্যের অধিবাদিগণের সহিত বিশেষ পরিচিত ছিলেন না। তথন তাঁহারা বন্ম জাতিদিগকে 'বানর' নামে অভিহিত করিতেন। আর এই তথাকথিত 'বানর' অর্থাৎ বন্ধ জাতিদের মধ্যে যাহারা অতিশয় বলবান ও শক্তিশালী হইড, তাহারা আর্থগণ কর্তৃক 'রাক্ষ্ন' নামে অভিহিত হইড।

রাম, লম্মণ ও দীতা এইরূপে বানর- ও রাক্ষদগণ-অধ্যুষিত অরণ্যে গমন করিলেন। ধধন দীতা রামের দহিত ঘাইতে চাহিলেন, তখন রাম তাঁহাকে বলিয়াছিলেন, 'তুমি রাজকন্তা হইয়া কিরুপে এই-স্কল কট সহ করিবে। অরণো কথন কি বিপদ উপস্থিত হইবে, কিছুই জানা নাই। ভূমি কিরূপে দেখানে আমার দকে যাইবে ?' দীতা তাহাতে উত্তর দেন: আর্থপুত্ত যেথানে যাইবেন, দীতাও দেখানে তাঁহার দঙ্গে দঙ্গে যাইবে। আপনি আমাকে 'রাজকতা' 'রাজবংশে জন্ম' এ-সব কথা কি বলিতেছেন! আমাকে সঙ্গে লইতেই হইবে।—স্বগত্যা সীতা সঙ্গে চলিলেন। আর রামগতপ্রাণ কনিষ্ঠ ভ্রাতা লক্ষণও বামের মৃহুর্তমাত্র বিরহ দহু করিতে পারিতেন না, স্বতরাং তিনিও কিছুতেই রামের সঙ্গ ছাড়িলেন না। অরণ্যে প্রবেশ করিয়া প্রথমে তাঁহারা চিত্রকূট পর্বতে কিছুদিন বাদ করিলেন। পরে গভীর হইতে গভীরতর অরণ্যে গমন করিয়া গোদাবরীতীরবর্তী পরম রমণীয় পঞ্চতী প্রদেশে কুটির বাঁধিয়া তাঁহার। বাস করিতে লাগিলেন। রাম ও লক্ষ্মণ উভয়ে মুগ্না করিতেন ও ফলমূল আহার করিতেন। তাহাতে তাঁহাদের দীবনযাত্রা নির্বাহ হইত। এইরূপে কিছুকাল বাদ করিবার পর একদিন **মেখানে এক রাক্ষ্মী আমিয়া উপস্থিত হইল, সে লন্ধা**ধিপতি রাবণের ভগিনী। যদৃচ্ছাক্রমে অরণ্যে বিচরণ করিতে করিতে সে রামের দর্শন পাইল এবং তাঁহার রূপলাবণ্যে মোহিত হইয়া তাঁহার প্রেমাকাজ্জিণী হইল। কিন্তু রাম মহয়মধ্যে পরম শুদ্ধস্থভাব ছিলেন, তা-ছাড়া তিনি বিবাহিত; স্বতরাং রাক্ষ্মীর প্রস্তাবে সম্মত হইতে পারিলেন না। রাক্ষ্মী প্রতিহিংসা-বশত: তাহার ভ্রাতা বাক্ষ্সরান্ধ বাবণের নিকট গিয়া রামভার্যা প্রমা হৃন্দ্রী শীতার বিষয় তাঁহাকে সবিস্তার জানাইল।

মস্থ্যমধ্যে রাম সর্বাপেক্ষা বীর্ঘবান্ ছিলেন। রাক্ষম, দৈত্য, দানব—কাহারও এত শক্তি ছিল না যে, বাহুবলে রামকে পরাস্ত করে। স্ত্রাং দীতাহরণের জন্ম রাবণকে মায়া অবলম্বন করিতে হইল। সে অপর একটি রাক্ষ্যের সহায়তা গ্রহণ করিল। সেই রাক্ষ্য পরম মায়াবী ছিল। রাবণের অস্বোধে সে ম্বন্ম্যের রূপ ধারণ করিয়া রামের কুটিরের নিক্ট মনোহর নৃত্য,

অঙ্গভঙ্গী প্রভৃতি প্রদর্শন করিয়া ক্রীড়া করিতে লাগিল। সীতা ঐ মায়ামৃগের রপলাবণা দেথিয়া মোহিত হইলেন এবং তাঁহার জ্লু ঐ মৃগটিকে ধরিয়া আনিতে রামকে অমৃরোধ করিলেন। রাম লক্ষণকে সীতার রক্ষণাবেক্ষণে নিযুক্ত করিয়া মৃগটিকে ধরিবার জ্লু বনে প্রবেশ করিলেন। লক্ষণ তথন কৃটিরের চতুর্দিকে একটি মন্ত্রপৃত গণ্ডি কাটিয়া সীতাকে বলিলেন, 'দেবি, আমার বোধ হইতেছে—আজ আপনার কিছু অভ্জ ঘটিতে পারে। অতএব আপনাকে বলিতেছি, আপনি আজ কোনক্রমে এই মন্ত্রপৃত গণ্ডির বাহিরে যাইবেন না।' ইতোমধ্যে রাম সেই মায়ামৃগকে বাণবিদ্ধ করিলেন; সেই মৃগও তৎক্ষণাৎ তাহার স্বাভাবিক রাক্ষমরূপ ধারণ করিয়া পঞ্চপ্রপ্রাপ্ত হইল।

ঠিক দেই সময়ে কুটিরে এক গভীর আর্তনাদ শ্রুতিগোচর হইল— ষেন বাম চীৎকার করিয়া বলিতেছেন, 'লক্ষ্মণ ভাই, এন, আমায় বক্ষা কর।' দীতা শুনিয়া অমনি লক্ষণকে বলিলেন, 'লক্ষণ, তুমি অবিলম্বে বনমধ্যে গমন করিয়া ষ্মার্থপুত্রকে সাহায্য কর।' লক্ষণ বলিলেন, 'এ তো বামচন্দ্রের স্বর নহে।' কিন্তু দীতার বারংবার দনির্বন্ধ অহুরোধে তাঁহাকে বামের অন্বেষণে ঘাইতে হইল। লক্ষ্য যেমন বাহির হইয়া কিছুদ্রে গিয়াছেন, অমনি রাক্সরাজ বাবণ ভিক্ষ্ব বেশ ধারণ করিয়া কুটিরের সম্মুথে আদিয়া ভিক্ষা প্রার্থনা করিল। শীতা বলিলেন, 'আপনি কিঞিৎ অপেকা ককন, আমার স্বামী এখনই িবিবেন; তিনি আসিলেই আমি আপনাকে প্রচুর ভিকা দিব।' সন্ন্যাসী বলিল, 'শুভে, আমি আর এক মৃহুর্তও বিলম্ব করিতে পারিতেছি না। আমি বড়ই কুধার্ত, অতএব কুটিরে যাহা আছে, এখনই আমাকে তাহা প্রদান কর।' এই কথায় দীতা আশ্রমে যে ফলম্ল ছিল, দেগুলি আনিয়া সন্ন্যাদীকে গণ্ডিব ভিতরে আদিয়াই তাহা লইতে বলিলেন। কিন্তু কপট সন্ন্যাসী তাঁহাকে ব্ঝাইতে লাগিল-ভিক্ষাজীবীর নিকট তাঁহার ভয়ের কোন কারণ নাই, অতএব গণ্ডি লঙ্ঘন কবিয়া তাহার নিকট আদিয়া অনায়াদে ভিক্ষা দিতে পারেন। ভিক্ষর পুনঃপুনঃ প্ররোচনায় সীতা যেমনি গণ্ডির বাহির হইয়াছেন, অমনি দেই কপট সন্ন্যাশী নিজ বাক্ষদদেহ পরিগ্রহ করিয়া সীতাকে বাছধারা বলপূৰ্বক ধাৰণ করিল এবং নিজ মায়াবণ আহ্বান করিয়া তাহাতে বোক্ত-মানা দীভাকে বলপূর্বক বদাইয়া তাঁহাকে লইয়া লক্ষাভিম্থে প্রস্থান করিল। আহা! দীতা তথন নিতাস্ত নি:সহায়া, এমন কেহ সেথানে ছিল না, যে

আদিয়া তাঁহাকে সাহাষ্য করে। যাহা হউক, বাবণের রথে যাইতে যাইতে সীতা নিজ অঙ্গ হইতে করেকথানি অলকার উন্মোচন করিয়া মধ্যে মধ্যে ভূমিতে নিক্ষেপ করিতে লাগিলেন।

রাবন দীতাকে তাহার নিজ রাজ্য লক্ষায় লইয়া গেল, দীতাকে তাহার মহিষী হইবার জন্ম অন্ধরোধ কবিল এবং তাঁহাকে দমত করিবার জন্ম নানাবিধ প্রলোভন দেখাইতে লাগিল। কিন্তু দীতা দতীত্ব-ধর্মের দাকার বিগ্রহ ছিলেন, স্থতরাং তিনি তাহার দহিত বাক্যালাপ পর্যন্ত করিলেন না। রাবণ দীতাকে শান্তি দিবার ইচ্ছায়, যতদিন না তিনি তাহার পত্নী হইতে স্বীক্ষত হন, ততদিন তাঁহাকে দিবারাত্র এক বৃক্ষতলে বদিয়া থাকিতে বাধ্য করিলেন।

বাম-লক্ষণ কৃটিরে ফিবিয়া আসিয়া যথন দেখিলেন, সেখানে সীতা নাই, তথন তাঁহাদের শোকের আর দীমা রহিল না। দীতার কি দশা হইল, তাঁহারা ভাবিয়া কিছুতেই দ্বির করিতে পারিলেন না। তথন ছই লাতা মিলিয়া চারিদিকে দীতার অয়েষণ করিতে লাগিলেন, কিন্তু তাঁহার কোনই সন্ধান পাইলেন না। অনেক দিন এইরূপ অম্প্রমন্ধানের পর একদল 'বানরের' দহিত তাঁহাদের সাক্ষাং হইল, তাহাদের মধ্যে দেবাংশসম্ভূত হ্মমানও ছিলেন। আমরা পরে দেখিব, এই বানরশ্রেষ্ঠ হ্মমান রামের পরম বিশ্বস্ত অম্বচর হইয়া দীতা-উদ্ধারে রামকে বিশেষ সহায়তা করিয়াছিলেন। রামের প্রতি তাঁহার ভক্তি এত গভীর ছিল যে, হিন্দুগণ এখনও তাঁহাকে প্রভূব আদর্শ সেবকরপে পূঞা করিয়া থাকেন। আপনারা দেখিতেছেন, 'বানর' ও 'বাক্ষম' শব্দে দাক্ষিণাত্যের আদিম অধিবাদিগণকে লক্ষ্য করা হইয়াছে।

এইরপে অবশেষে 'বানর'গণের সহিত রামের মিলন হইল। তাহারা তাঁহাকে বলিল যে, আকাশ দিয়া একথানি রথ যাইতে তাহারা দেখিয়াছিল, তাহাতে একজন 'রাক্ষন' বদিয়াছিল, দে এক রোক্তমানা পরমা স্থল্বরী রমণীকে অপহরণ করিয়া লইয়া যাইতেছিল; আর যথন রপখানি তাহাদের মস্তকের উপর দিয়া যায়, তখন সেই রমণী তাহাদের দৃষ্টি আকর্ষণের জন্ম নিজগাত্র হইতে একথানি অলঙ্কার উন্মোচন করিয়া তাহাদের নিকট ফেলিয়া দেন। এই বলিয়া তাহারা রামকে সেই অলঙ্কার দেখাইল। প্রথমে লক্ষণই সেই অলঙ্কার লইয়া দেখিলেন, কিন্তু তিনি উহা চিনিতে পারিলেন না। তথন রাম তাঁহার হস্ত হইতে অলফারটি লইয়া তৎক্ষণাৎ উহা দীতার বলিয়া চিনিলেন। ভারতে অগ্রন্ধের পত্নীকে এতদ্র ভক্তি করা হইত যে, লক্ষ্মণ দীতার বাহু বা গলদেশের দিকে কথনও চাহিয়া দেখেন নাই, স্থতরাং বানরগণ-প্রদর্শিত অলফারটিকে দীতার কঠহার বলিয়া চিনিতে পারেন নাই। এই আখ্যানটিতে ভারতের প্রাচীন প্রধার আভাদ পাওয়া যায়।

সেই সময়ে বানর-রাজ বালীর সহিত তদীয় কনিষ্ঠ লাতা স্থগ্রীবের বিবাদ চলিতেছিল। বালী স্থাগ্রীবেকে রাজ্য হইতে বিতাড়িত করে। রাম স্থাগ্রীবের পক্ষ অবলম্বন করিয়া বালীর নিকট হইতে স্থাগ্রীবের হাত রাজ্য পুনক্ষার করিয়া দিলেন। স্থাগ্রীব এই উপকারের ক্ষতজ্ঞতাম্বরূপ রামকে সাহায্য করিতে সম্মত হইলেন। সীতা-অন্নেষণের জন্ম স্থাগ্রীব সর্বত্র বানরসৈন্ত প্রেরণ করিলেন, কিন্তু কেহই তাঁহার কোন সন্ধান পাইল না। অবশেষে হমুমান এক লক্ষ্মে সাগ্র লজ্মন করিয়া ভারতের উপক্ল হইতে লঙ্কাদ্বীপে উপনীত হইলেন। কিন্তু তথায় সর্বত্র অন্থেষণ করিয়াও সীতার কোন সন্ধান পাইলেন না।

রাক্ষসরাজ রাবণ দেব মানব সকলকে, এমন কি সমৃদয় ব্রহ্মাণ্ড পর্যন্ত জয় করিয়াছিল। সে জগতের বহু হৃদ্দরী রমণী সংগ্রহ করিয়া বলপূর্বক তাহার উপপত্নী করিয়াছিল। হৃদ্মান ভাবিতে লাগিলেন, 'দীতা কথনও তাহাদের দহিত রাজপ্রাদাদে থাকিতে পারেন না। ওরপ স্থানে বাস অপেক্ষা তিনি নিশ্চয় মৃত্যুকেও শ্রেয় জ্ঞান করিবেন।' এই ভাবিয়া হৃদ্মান অন্তর্জ্ঞ সীতার অয়েয়ণ করিতে লাগিলেন। অবশেষে তিনি দেখিতে পাইলেন—সীতা এক বৃক্ষতলে উপবিষ্টা, তাঁহার শরীর অতিশয় কৃশ ও পাত্ত্বর্ণ, তাঁহাকে দেখিয়া বোধ হইল যেন দ্বিতীয়ার শশিকলা আকাশে সবেমাত্র উদিত হইতেছে। হৃদ্মান তথন একটি কৃত্র বানরের রূপ পরিগ্রহ করিয়া দেই বৃক্ষের উপর বিদলেন; দেখান হইতে দেখিতে লাগিলৈন, রাবণপ্রেরিতা রাক্ষদীগণ আসিয়া সীতাকে নানাপ্রকার ভয় দেখাইয়া বশীভ্ত করিবার চেষ্টা করিতেছে, কিন্তু সীতা রাবণের নাম পর্যন্ত শুনিতেছেন না।

চেড়ীগণ প্রস্থান করিলে হমুমান নিজ রূপ ধারণ করিয়া শীতার নিকটে উপস্থিত হইয়া বলিলেন, 'দেবি, রামচন্দ্র আপনার অন্বেষণের জন্ত আমাকে প্রেরণ করিয়াছেন, আমি তাঁহার দৃত হইয়া এথানে আসিয়াছি।' এই বলিয়া তিনি দীতার প্রতায়-উৎপাদনের জন্ম চিছ্বরূপ রামচন্দ্রের অঙ্গুরীয়ক তাঁহাকে দেখাইলেন। তিনি দীতাকে আরও জানাইলেন যে, দীতা কোথায় আছেন জানিতে পারিলেই রামচন্দ্র দদৈন্তে লহায় আদিয়া রাক্ষ্যরাজকে জয় করিয়া তাঁহাকে উদ্ধার করিবেন। এই সকল কথা দীতাকে নিবেদন করিয়া হত্যান অবশেষে করজোড়ে বলিলেন, 'দেবীর যদি ইচ্ছা হয় তো দাস আপনাকে স্কন্ধে লইয়া এক লন্দে দাগর পার হইয়া রামচন্দ্রের নিকট পৌছিতে পারে।' কিন্তু দীতা মূর্তিমতী পবিত্রতা; হত্যানের অভিপ্রায়মত কার্য করিতে গেলে পতি বাতীত অক্ত পুরুষের অঙ্গুশর্শ হইবে বলিয়াই তিনি হত্যানের সেকথায় কর্ণপাত করিলেন না। হত্যান যথার্থই দীতার সন্ধান পাইয়াছেন, রামচন্দ্রের এই বিখাস উৎপাদনের জন্ত তিনি শুরু তাঁহাকে নিজ্ব মন্তক হইতে চূড়ামণি প্রদান করিলেন। হত্যান ঐ চূড়ামণি লইয়া রামচন্দ্রের নিকট প্রস্থান করিলেন।

হত্নানের নিকট হইতে সীতার সংবাদ অবগত হইয়া রামচন্দ্র একদল বানর-সৈক্ত সংগ্রহ করিয়া ভারতের সর্বশেষ প্রান্তে উপনীত হইলেন। দেখানে রামের বানরগণ এক প্রকাণ্ড সেতৃ নির্মাণ করিল। উহার নাম 'সেতৃবন্ধ'—ঐ সেতৃ ভারতের সহিত লন্ধার সংযোগসাধন করিয়া দিয়াছে। খুব ভাঁটার সময় এখনও ভারত হইতে লন্ধার বালুকা ভূপের উপর দিয়া হাঁটিয়া পার হওয়া যায়।

অবশু রাম ঈশ্রাবতার ছিলেন, নত্বা তিনি এ-সকল ত্ম্বর কর্ম কিরুপে সম্পাদন করিলেন ? হিন্দুদের মতে রামচন্দ্র ঈশবের অবতার ছিলেন। ভারত-বাসিগণ তাঁহাকে ঈশবের সপ্তম অবতার বলিয়া বিশাস করিয়া থাকে।

বানরগণ সেতৃবন্ধনের সময় এক একটা প্রকাশু পাছাড় উৎপাটন করিয়া আনিয়া সমৃত্যে স্থাপন করিল এবং তাহার উপর বাদীকৃত শিলাশুও ও মহীকৃহ নিক্ষেপ করিয়া প্রকাণ্ড সেতৃ প্রস্তুত করিতেছিল। তাহারা দেখিল, একটা কাঠবিড়াল বাল্কার উপর গড়াগড়ি দিতেছে, তারপর সেতৃর উপর আসিয়া এদিক ওদিক করিতেছে এবং নিজের গা ঝাড়া দিতেছে। এইরপে সে নিজের সামর্থ্যাহ্মনারে বাল্কা প্রদান করিয়া রামচন্দ্রের সেতৃ-নির্মাণকার্যে সাহায়্য করিতেছিল। বানরগণ তাহার এই কার্য দেখিয়া হাস্ত করিতে লাগিল। তাহারা এক-একজন একবারেই এক-একটা পাহাড়, এক-একটা জক্লল ও রাদীকৃত বাল্কা লইয়া আদিতেছিল, স্বতরাং কাঠবিড়ালটির ঐরপ বাল্কার

উপর গড়াগড়ি ও গা ঝাড়া দেওয়া দেখিয়া হাস্ত সংবরণ করিতে পারিতেছিল না। রামচক্র ইহা লক্ষ্য করিয়া বানরগণকে সংখাধন করিয়া বলিলেন, 'কাঠ-বিড়ালটির মঙ্গল হউক, সে তাহার প্রাণণণ শক্তি প্রয়োগ করিয়া তাহার কার্যটুকু করিতেছে, অতএব সে তোমাদের মধ্যে যে প্রেষ্ঠ, তাহার সমান।' এই বলিয়া তিনি আদর করিয়া তাহার পৃষ্ঠে হাত ব্লাইলেন। এথনও কাঠবিড়ালের পৃষ্ঠে যে লম্বালম্বি দাগ দেখিতে পাওয়া যায়, লোকে বলে উহাই রামচক্রের অঙ্গলির দাগ।

সেতৃনির্মাণকার্য শেষ হইলে রাম ও তাঁহার ল্রাভা কর্তৃক পরিচালিত হইয়া সমৃদয় বানরদৈশ্য লহায় প্রবেশ করিল। তারপর কয়েক মাস ধরিয়া রামচন্দ্রের মহিত রাবণের ঘোরতর যুদ্ধ হইল; অজন্ম রক্তপাত হইতে লাগিল; অবশেষে রাক্ষনাধিপ রাবণ পরাজিত ও নিহত হইল। তথন স্থবর্ণময় প্রাসাদাদিভূষিত রাবণের রাজধানী রামচন্দ্রের হস্তগত হইল। তারতের স্থান্ পন্নীপ্রামে ল্রমণ করিতে করিতে সেখানকার লোকদিগকে 'আমি লহায় গিয়াছি'
বলিলে তাহারা বলিত, 'আমাদের শাল্রে আছে যে, সেখানকার সমৃদয় গৃহ
স্থবর্ণ-নির্মিত।' যাহা হউক, এই স্থর্ণময়ী লহা রামচন্দ্রের হস্তগত হইল।
বাবণের কনিষ্ঠ ল্রাভা বিভীষণ যুদ্ধকালে রামের পক্ষ লইয়া তাহাকে যথেষ্ঠ
সাহায্য করিয়াছিলেন। সেই সাহায্যের প্রতিদানস্বরূপ রামচন্দ্র বিভীষণকে
এই স্থবর্ণময়ী লহা প্রদান করিলেন এবং রাবণের স্থানে তাহাকে লহার
সিংহাসনে বসাইলেন। বিভীষণ লহার সিংহাসনে আরোহণ করিলে সীতা
ও অস্ত্রবর্বর্গের সঙ্গে রাম লহা পরিত্যাগ করিলেন।

বাম যখন অযোধ্যা পরিত্যাগ করিয়া বনে গমন করেন, তখন রামের অমজ কৈকেয়ীতনয় ভরত মাতুলালয়ে ছিলেন, স্থতরাং তিনি রামের বনগমনের বিষয় কিছুই জানিতেন না; অযোধ্যায় আদিয়া যখন সকল কথা ভনিলেন, তখন তাঁহার আনন্দ হওয়া দ্রে থাকুক, শোকের সীমা বহিল না। বৃদ্ধ রাজা দশরপথ এই সময়ে রামের শোকে অধীর হইয়া প্রাণত্যাগ করেন। ভরত ক্ষণকাল বিলম্ব না করিয়া অরণ্যে রামেসমীপে উপনীত হইয়া তাঁহাকে পিতার স্বর্গগমনবার্তা নিবেদন করিলেন এরং রাজ্যে ফিরাইয়া লইয়া তাঁহাকে বিভিন্ন সনির্বদ্ধ অমুরোধ করিতে লাগিলেন। কিন্তু রাম তাহাতে খাইবার নিমিত্ত সনির্বদ্ধ অমুরোধ করিতে লাগিলেন। কিন্তু রাম তাহাতে

কোনমতেই সমত হইলেন না। তিনি বলিলেন. 'চতুর্দশ বর্ম বনে বাস না করিলে পিতৃসত্য কোনরূপে রক্ষিত হইবে না।' চতুর্দশ বর্ধ পরে তিনি ফিরিয়া গিয়া রাজ্য গ্রহণ করিবেন। রামচন্দ্র ভরতকে রাজ্যপালনের জন্ত বারবার অন্থরোধ করিতে থাকিলে অবশেষে বাধ্য হইয়া তাঁহাকে রামের আজ্ঞা পালন করিতে হইল। কিন্তু তিনি জ্যেষ্ঠ লাতার প্রতি পরম অন্থরাগ ৪ ভক্তিবশতঃ স্বয়ং সিংহাসনে বসিতে কোনমতে সম্বত হইলেন না; সিংহাসনের উপর রামচন্দ্রের কার্চপাতৃকা স্থাপন করিয়া স্বয়ং তাঁহার প্রতিনিধিরূপে রাজ্য শাসন করিতে লাগিলেন।

দীতা-উদ্ধারের পরই রামচন্দ্রের চতুর্দশ বর্ধ বনবাদের দময় পূর্ণ হইরা আদিয়াছিল। স্বতরাং জরত তাঁহার প্রত্যাবর্তনের জন্ত দাগ্রহে প্রতীক্ষা করিতেছিলেন। রামচন্দ্র অযোধ্যায় প্রত্যাবৃত্ত হইতেছেন জানিতে পারিয়াতিনি প্রজাবর্গের দহিত অগ্রসর হইয়া তাঁহার অভ্যর্থনা করিলেন এবং তাঁহাকে দিংহাদনে আরোহণ করিবার জন্ত দনির্বদ্ধ অম্বরোধ করিতে লাগিলেন। দকলের অম্বরোধে রামচন্দ্র অযোধ্যার দিংহাদনে আরোহণ করিতে স্বীকৃত হইলেন। মহাদমারোহে তাঁহার অভিবেকক্রিয়া দম্পন্ন হইল। প্রাচীনকালে দিংহাদনে আরোহণের সময় প্রজাপণের কল্যাণার্থ রাজাকে যে-সকল ব্রত প্রহণ করিতে হইত, রাম যথাবিধানে দেগুলি গ্রহণ করিলেন। তথনকার রাজগণ প্রজাবর্গের দেবকস্বরূপ ছিলেন, তাঁহাদিগকে প্রজাবর্গনের জন্ত রামচন্দ্রকে নিজ প্রাণ অপেকাও প্রিম্নতর বৃদ্ধবিব, এই প্রজারঞ্জনের জন্ত রামচন্দ্রকে নিজ প্রাণ অপেকাও প্রিম্নতর বৃদ্ধকে কেমন মমতাশৃন্ত হইয়া পরিত্যাগ করিতে হইয়াছিল। রাম অপত্যনির্বিশেষে প্রজাপালন করিতে লাগিলেন এবং কিছুকাল দীতার দহিত পরম স্বথে কাটাইলেন।

এইরপে কিছুদিন গত হইলে একদিন রামচন্দ্র চরমুখে অবগত হইলেন যে, বাক্ষণ কর্তৃক অপহতা সম্দ্রপারনীতা সীতাকে তিনি গ্রহণ করায় প্রস্থাবর্গ অতিশর অসম্ভোব প্রকাশ করিতেছে। বাবণবিজ্ঞারের পরই রামচন্দ্র সীতাকে গ্রহণ করিবার পূর্বে সকলকে সম্ভুষ্ট করিবার জন্তু স্বয়ং তাঁহাকে বিশুদ্ধভাবা জানিয়াও সমবেত বানর ও রাক্ষসগণের সমূধে অগ্নিপরীক্ষা করিয়াছিলেন। সীতা যথন অগ্নিতে প্রবেশ করিলেন, তথন রামচন্দ্র এই ভাবিয়া শোকে মৃহ্যান হইলেন—বুঝি সীতাকে হারাইলাম, কিন্তু পরক্ষণেই সকলে বিশ্বিত হইরা

দেখিল, অগ্নিদেব স্বয়ং দেই অগ্নিমধ্য হইতে উথিত হইতেছেন। তাঁহার মন্তকে এক হিরণায় সিংহাসন, তহপরি সীতাদেবী উপবিষ্টা। ইহা দেখিয়া রামচন্দ্রের এবং সমবেত সকলেরই আনন্দের আর সীমা রহিল না। রাম পরম সমাদরে সীতাকে গ্রহণ করিলেন। অযোধ্যার প্রজাবর্গ এই অগ্নিপরীক্ষার বিষয় অবগত ছিল, কিন্তু তাহারা উহা দেখে নাই, তাহারা ইহাতে সম্ভুষ্ট হয় নাই। তাহারা পরক্ষার বলাবলি করিত, সীতা রাবণগৃহে বছকাল বাস করিয়াছিলেন, তিনিযে সেখানে সম্পূর্ণ বিশুদ্ধস্থভাবা ছিলেন, তাহার প্রমাণ কি? রাজা এইরপ অবস্থায় সীতাকে গ্রহণ করিয়া ধর্মবিগর্হিত কার্য করিতেছেন; হয় সর্বসমক্ষে আবার পরীক্ষা দিতে হইবে, নতুবা তাঁহাকে বিসর্জন করাই রাজার পক্ষে শ্রেয়।

প্রজাগণের সন্তোবের জন্ম সীতা অরণ্যে নির্বাসিতা হইলেন। যে স্থানে
সীতা পরিত্যক্তা হইলেন, তাহার অতি নিকটেই আদিকবি মহর্ষি বাল্মীকির
আশ্রম ছিল। মহর্ষি তাঁহাকে একাকিনী রোক্ষমানা দেখিতে পাইলেন
এবং তাঁহার তৃঃথের কাহিনী শুনিয়া তাঁহাকে নিজ আশ্রমে স্থান দিলেন।
সীতা তথন আসম্প্রসবা ছিলেন; ঐ আশ্রমেই তিনি হইটি যমন্ত পুত্র প্রসব
করিলেন। উপযুক্ত বয়স হইলে মহর্ষি তাঁহাদিগকে ব্রন্দার্যব্রত গ্রহণ করাইয়া
যথাবিধানে শিক্ষা দিতে লাগিলেন।

এই সময়ে তিনি রামায়ণ-নামক কাব্য রচনা করিয়া উহাতে স্থর-তাল সংযোজন করেন ৷

ভারতে নাটক ও সঙ্গীত অভি পবিত্র বস্তু বিশিষা বিবেচিত হইয়া থাকে।
এগুলিকে লোকে ধর্মসাধনের সহিত অভিন্ন জ্ঞান করিয়া থাকে। লোকের
ধারণা—প্রেমসঙ্গীতই হউক বা যাহাই হউক, সঙ্গীতমাত্রেই যদি কেহ তর্ময়
হইয়া যাইতে পারে, তবে তাহার অবশ্রুই মৃক্তিলাভ হইয়া থাকে। তাহাদের
বিশাস—ধ্যানের ধারা যে ফল লাভ হয়, সঙ্গীতেও তাহাই হইয়া থাকে।

যাহা হউক, বাল্মীকি রামায়ণে স্থব-তাল সংযোগ করিয়া রামের পুত্রবয়কে উহা গাহিতে শিথাইলেন।

ভারতে প্রাচীন রাজগণ মধ্যে মধ্যে অখমেধাদি বড় বড় যজ্ঞ করিতেন, বাসচন্দ্রও তদম্পারে অখমেধ যজ্ঞ করিবার সম্বল্প করিলেন। কিন্তু তথন গৃহস্থ ব্যক্তির পত্নী ব্যতীত কোন ধর্মামুষ্ঠান করিবার অধিকার ছিল না, ধর্ম- কার্ষের সময় পদ্মী অবশ্রাই সঙ্গে থাকিবে। সেই জন্ত পদ্মীর অপর একটি নাম সহধর্মিণী—যাঁহার সহিত একত্র মিলিড হইয়া ধর্মকার্য অহুষ্ঠান করিতে হয়। হিন্দু গৃহস্থকে শত শত প্রকার ধর্মাহুষ্ঠান করিতে হইত, কিন্তু ধর্মাহুষ্ঠানকালে পদ্মী সঙ্গে থাকিয়া তাঁহার কর্তব্যটুকু না করিলে কোন ধর্মকার্যই বিধিমত অহুষ্ঠিত হইত না।

যাহা হউক, গীতাকে বনে বিদর্জন দেওয়াতে রাম কিরপে বিধিপ্র্বক্ষ সমীক অধ্যেধ যক্ত সম্পন্ন করিবেন, এখন এই প্রশ্ন উঠিল। প্রজাগণ তাঁহাকে প্ররায় বিবাহ করিতে অহ্বরোধ করিল। কিন্তু রামচন্দ্র জীবনে এই প্রথমবার প্রজাগণের মতের বিক্ত্রে দণ্ডায়মান হইলেন। তিনি বলিলেন, 'তাহা কখনও হইতে পারে না। আমি সীতাকে বিদর্জন দিয়াছি বটে, কিন্তু আমার ষদয় সীতার নিকট পড়িয়া আছে।' স্বতরাং শাস্ত্রবিধি ক্রক্ষা করিবার জন্ত সীতার প্রতিনিধিরপে তাঁহার এক স্বর্ণময়ী মূর্তি নির্মিত হইল। এই যজ্ঞমহোৎসবে সর্বসাধারণের ধর্মভাব ও আনন্দর্বধনের জন্ত সঙ্গীতের আয়োজনও হইয়াছিল; কবিশুক্র মহর্ষি বাল্মীকি নিজ শিল্প ফ্রইটিকেও সঙ্গে লইয়া যজ্ঞস্বলে উপস্থিত হইলেন। বলা বাছলা, উহারা রামের অজ্ঞাত তাঁহারই পুত্র লব ও কুশ। সভাস্থলে একটি রক্ষমঞ্চ নির্মিত হইয়াছিল এবং বাল্মীকিপ্রণীত রামারণ-গানের জন্ত সকল আয়োজন সম্পূর্ণ ছিল।

সভাস্থলে রাম ও তদীয় অমাত্যবর্গ এবং অযোধ্যার প্রজাবৃন্দ শ্রোষ্ঠ্মণ্ডলীরপে আসন গ্রহণ করিলেন। বিপুল জনতার সমাবেশ হইল। বাল্মীকির
শিক্ষামত লব ও কুশ রামান্ত্রণ গান করিতে লাগিল; তাহাদের মনোহর
রূপলাবণ্য-দর্শনে ও মধুরম্বর-শ্রবণে সমগ্র সভামগুলী মন্ত্রমৃত্ত হইল। সীতার
প্রাস্ক বার বার শ্রবণ করিয়া রাম উন্মন্তপ্রায় হইয়া উঠিলেন, আর যথন
সীতার বিসর্জন-প্রাক্ক আসিল, তথন তিনি কিংকর্তব্যবিমৃত্ ও বিহরেশ হইয়া
পড়িলেন। মহর্ষি রামকে বলিলেন, 'আপনি শোকার্ত হইবেন না, আমি
সীতাকে আপনার সমক্ষে লইয়া আসিতেছি।' এই বলিয়া বাল্মীকি
সভাস্থলে সীতাকে আনিলেন। সীতাকে দেখিয়া অতিশর্ম বিহরেল হইলেও
প্রজাবর্গের সন্তোবের জন্ম রামকে সভাসমক্ষে সীতার বিশুক্তার প্নরায়
পরীক্ষাধানের প্রস্তাব করিতে হইল। বারংবার তাঁহার উপর এক্কপ নিষ্কুর

অবহেলা হওভাগিনী দীতা আর সহ্ করিতে পারিলেন না। তিনি
নিজ বিত্ব কতার প্রমাণ দিবার জন্ত দেবগণের নিকট ব্যাকুলভাবে প্রার্থনা
করিতে লাগিলেন, তথন হঠাৎ পৃথিবী দিধা হইল। দীতা উচ্চৈঃস্বরে বলিয়া
উঠিলেন, 'এই আমার পরীক্ষা।' এই কথা বলিয়া তিনি পৃথিবীর বক্ষে
অন্তর্হিতা হইলেন। প্রজাবর্গ এই অন্তুত ও শোচনীয় ব্যাপার-দর্শনে
কিংকর্তব্যবিমৃঢ় হইল। রাম শোকে মৃহ্যমান হইলেন।

দীতার অন্তর্ধানের কিছুকাল পরে দেবগণের নিকট হইতে জনৈক দৃত আদিয়া রামকে বলিলেন, 'পৃথিবীতে আপনার কার্য শেব হইয়াছে। অতএব আপনি একণে স্বধাম বৈকুঠে চলুন।' এই বাক্যে রামের স্বরূপ-শ্বতি জাগরিত হইল। তিনি অযোধ্যার নিকট সরিষরা সর্যুর জলে দেহ বিসর্জন করিয়া বৈকুঠে সীতার সহিত মিলিও হইলেন।

ভারতের প্রাচীন শ্রেষ্ঠ পৌরাণিক কাব্য রামায়ণের আখ্যায়িকা অভি সংক্ষেপে বর্ণিত হইল। বাম ও সীতা ভারতবাসীর আদর্শ। ভারতের বালকবালিকাগণ, বিশেষতঃ বালিকামাত্রেই শীতার পূজা করিয়া থাকে। ভারতীয় নারীগণের চরম উচ্চাকাজ্ফা—পরমন্তদ্ধস্বভাবা, পতিপ্রায়ণা, সর্বংসহা সীতার মতো হওয়া। এই সকল চরিত্র আলোচনা করিবার সময় আপনারা পাশ্চাত্যের আদর্শ হইতে ভারতীয় আদর্শ কতদ্র ভিন্ন, তাহা সহজেই বুঝিতে পারিবেন। সমগ্র ভারতবাসীর সমক্ষে দীতা যেন দহিষ্ণুতার উচ্চতম আদর্শরূপে আজও বর্তমান। পাশ্চাত্য দেশের বক্তব্য, 'কর্ম কর, কর্ম করিয়া তোমার শক্তি দেখাও।' ভারতের বক্তব্য 'হুংথকষ্ট সহ্থ করিয়া তোমার শক্তি দেখাও।' মাহুষ কত অধিক বিষয়ের অধিকারী হইতে পারে, পাশ্চাত্য এই সমস্থা পূরণ কবিয়াছে ; মাহুষ কত অল্প লইয়া থাকিতে পারে, ভারত এই সমস্তা পূরণ করিয়াছে। এই চ্ইটি আদর্শই এক এক ভাবের চরম দীমা। সীতা যেন ভারতীয় ভাবের প্রতিনিধিস্বরূপা, যেন মৃতিমতী ভারতমাতা ৷ সীতা বাস্তবিক ছিলেন কি না, দীতার উপাখ্যানের কোন ঐতিহাসিক ভিত্তি আছে কি না, এ বিষয় লইয়া আমন্বা বিচার করিতেছি না, কিন্তু আমরা জানি—সীতাচবিত্রে যে আদর্শ প্রদর্শিত হইয়াছে, সেই আদর্শ ভারতে এখনও বর্তমান। সীতাচরিত্রের আদর্শ যেমন সমগ্র ভারতে অহুস্যুত

হইয়াছে, যেমন সমগ্র জাতির জীবনে—সমগ্র জাতির অস্থিমজায় প্রবেশ করিয়াছে, যেমন উহার প্রত্যেক শোণিতবিন্তে পর্যন্ত প্রবাহিত হইয়াছে, অন্ত কোন পৌরাণিক উপাথ্যানে বর্ণিত চরিত্তের আদর্শ তেমন হয় নাই। ভারতে যাহা কিছু শুভ, যাহা কিছু বিশুদ্ধ, যাহা কিছু পুণ্য, 'সীতা' নামটি তাহারই পরিচায়ক। নারীগণের মধ্যে আমরা যে-ভাবকে নারীজনোচিত বলিষ্বা শ্রদ্ধা ও আদর করিয়া থাকি, 'সীতা' বলিতে তাহাই বুঝাইয়া থাকে। ব্রাহ্মণ যথন নারীকে আশীর্বাদ করেন, তিনি তাহাকে বলিয়া থাকেন, 'দীতার মতো হও'; বালিকাকে আশীর্বাদ করিবার সময়ও তাহাই বলা হয়। ভারতীয় নাবীগণ সকলেই দীতার সন্তান। তাঁহারা সহিষ্ণুতার প্রতিমৃতি, সর্বংসহা, সদা পতিপরায়ণা, নিতা-পবিত্র সীতার মতো হইতে চেষ্টা করিয়া থাকেন। তিনি এত দৃঃথ সহিয়াছেন, কিন্তু রামের উদ্দেশ্যে একটি কর্কশ বাক্যও তাঁহার মৃথ দিয়া কথনও নির্গত হয় নাই। এ-সকল ত্থেকষ্ট সহ্য করাকে তিনি নিজ কর্তব্য বলিয়াই ভাবিয়াছেন এবং স্থির শান্তভাবে উহা সহ্ করিয়া গিয়াছেন। অরণ্যে দীতার নির্বাদন-ব্যাপার তাঁহার প্রতি কি ঘোর অবিচার ভাবিয়া দেখুন, কিন্তু দেজতা তাঁহার চিত্তে বিন্মাত বিরক্তি জাগে নাই। এইরূপ তিতিক্ষাই ভারতের বিশেষত। ভগবান বৃদ্ধ বলিয়া গিয়াছেন, 'আঘাতের পরিবর্তে আঘাত করিলে সেই আঘাতের কোন প্রতিকার হইল না, উহাতে কেবল জগতে একটি পাপের বৃদ্ধিমাত্র হইবে। ভারতের এই বিশেষ ভাবটি দীতার প্রকৃতিগত ছিল, তিনি আঘাতের প্রতিঘাত করিবার চিস্তা পর্যস্ত কথনও করেন নাই।

কে জানে, এই তুইটি আদর্শের মধ্যে কোন্টি শ্রেষ্ঠ---পাশ্চাত্য-মতারুযায়ী এই আপাতপ্রতীয়মান শক্তি ও তেজ, অথবা প্রাচ্যদেশীয় কট্টদহিফুতা ও তিতিকা?

পশ্চিত্যবাদীরা বলেন, 'তৃ:খ-কটের প্রতিকার করিয়া, উহা নিবারণ করিয়া আমরা তৃ:খ কমাইবার চেটা করিতেছি।' ভারতবাদী বলেন, 'তৃ:খ-কট সন্থ করিয়া আমরা উহাকে নট করিবার চেটা করিতেছি। এইরূপ সন্থ করিতে করিতে আমাদের পক্ষে তৃ:খ বলিয়া আর কিছু থাকিবে না, উহাই আমাদের পরম স্থুখ হইয়া দাঁড়াইবে।' য়াহাই হউক, এই তৃইটি আদর্শের কোনটিই হেয় নহে। কে জানে—পরিণামে কোন্ আদর্শের জয় হইবে ? কে জানে—কোন্ ভাব অবলম্বন করিয়া মানবজাতির যথার্থ কল্যাণ সর্বাপেক্ষা অধিক হইবে ? কে জানে, কোন্ ভাব অবলম্বন করিলে পশুভাবকে বশীভূত করিয়া তাহার উপর আধিপত্য করা সম্ভব হইবে ?—সহিষ্ণুতা বা ক্রিয়াশীলতা, অপ্রতিকার বা প্রতিকার ?

পরিণামে যাহাই হউক, ইতোমধ্যে যেন আমরা পরস্পরের আদর্শ নষ্ট করিয়া দিবার চেষ্টা না করি। আমরা উভয় জাতিই এক ব্রতে ব্রতী— দেই ব্রত সম্পূর্ণ তুঃখনিবৃত্তি। আপনারা আপনাদের ভাবে কার্য করিয়া যান, আমরা আমাদের পথে চলি। কোনও আদর্শকে, কোনও প্রণালীকে, কোনও পথকে উড়াইয়া দিলে চলিবে না। আমি পাশ্চাত্যবাসিগণকে এ কথা কথনও বলি না, 'আপনারা আমাদের প্রণালী অবলম্বন করুন'; কথনই নহে। লক্ষ্য একই, কিন্তু উপায় কথনই এক হইতে পারে না। অতএব আমি আশা করি--আপনারা ভারতের আদর্শ, ভারতের সাধন-প্রণালীর কথা শুনিয়াই ভারতকে সম্বোধন করিয়া বলিবেন, 'আমরা জানি, আমাদের উভন্ন জাতির লক্ষ্য একই, এবং আমাদের উভয়ের ঐ লক্ষ্যে পঁছছিবার যে ছইটি উপায়, তাহাও আমাদের পরস্পারের ঠিক উপযোগী। আপনারা আপনাদের আদর্শ, আপনাদের প্রণালী অমুসরণ করুন, ঈশরেচ্ছায় আপনাদের উদ্দেশ্ত সফল হউক।' আমি প্রাচ্য ও পাশ্চাতা উভয় জাতিকে বলি, বিভিন্ন আদর্শ লইয়া বিবাদ করিও না, যতই বিভিন্ন প্রতীয়মান হউক, তোমাদের উভয়ের লক্ষ্য একই। প্রাচ্য ও পাশ্চাত্যের সন্মিলন-চেষ্টাই আমার জীবনব্রত। জীবনের উপত্যকার আঁকাবীকা পথে চলিবার সময় আমরা যেন পরস্পরকে বলিতে পারি, 'তোমার যাত্রা সফল হউক'।





মহাভারত

১৯০০ খ্রীঃ ১লা ক্ষেক্রন্সারি ক্যালিকোরিরার অন্তর্গত প্যাসাডেনার 'সেক্সপীন্ধর ফ্লাবে' প্রদন্ত বক্তৃতা

গতকাল আমি রামায়ণ মহাকাব্য-সম্বন্ধে আপনাদিগকে কিছু শুনাইয়াছি। ষ্বাত্তকার সান্ধ্যসভায় অপর মহাকাব্য 'মহাভারত' সম্বন্ধে কিছু বলিব। রাজা হুমস্তের ঔরসে শক্সলার গর্ভে রাজা ভরত জন্মগ্রহণ করেন। রাজা ভরত হইতে যে বংশ প্রবর্তিত হয়, মহাভারতে দেই বংশীয় রাজাদের উপাথ্যান আছে। উক্ত তরত রাজা হইতেই ভারতবর্ষের নাম হইয়াছে, এবং তাঁহার নাম হইতেই এই মহাকাব্যের নাম 'মহাভারত' হইয়াছে। 'মহাভারত' শব্দের অর্থ—মহান্ অর্থাৎ গৌরব-, শন্ ভারত অর্থাৎ ভারতবর্ষ; অথবা মহান্ ভরতবংশীয়গণের উপাখ্যান। ক্রুদিগের প্রাচীন রাজ্যই এই মহাকাব্যের বৃদদ্দেত্র, আর এই উপাখ্যানের ভিত্তি—কুকুপাঞ্চাল মহাসংগ্রাম। **অ**তএব এই বিবাদের দীমাক্ষেত্র খুব বিস্তৃত নহে। এই মহাকাব্য ভারতে দর্বদাধারণের বড়ই আদরের সামগ্রী। হোমারের কাব্য গ্রীকদের উপর যেরূপ প্রভাব বিস্তার করিয়াছিল, মহাভারতও ভারতবাসীর উপর সেরপ প্রভাব বিস্তার করিয়াছে। কালক্রমে মূল মহাভারতের সহিত অনেক অবাস্তর বিষয় সংযোজিত হইতে লাগিল, শেষে উহা প্রায় লক্ষ্মোকাত্মক এক বিরাট গ্রম্থে পরিণত হইল। কালে কালে মূল মহাভারতে নানাবিধ আখ্যায়িকা, উপাখ্যান, পুরাণ, দার্শনিক নিবন্ধ, ইতিহাদ, নানাবিধ বিচার প্রভৃতি বিষয় সংযোজিত হইয়াছে, পরিশেষে উহা এক প্রকাণ্ড গ্রন্থ হইয়া দাঁড়াইয়াছে। কিন্তু এই সমৃদয় অবান্তর প্রসঙ্গ থাকিলেও সমৃদয় গ্রাহে ভিতর মৃল উপাথ্যানটি অহুস্থাত বহিষাছে, দেখিতে পাওয়া যায়।

মহাভারতের মৃল উপাখ্যানটি ভারত-দাম্রাজ্যের জন্ম কোরব ও পাওব নামক একবংশব্দাত জ্ঞাতিগণের মধ্যে যুদ্ধ।

আর্যগণ কুন্ত কুন্ত দলে ভারতে আদেন। ক্রমে আর্যগণের এই-সকল বিভিন্ন শাখা ভারতের নানাস্থানে ছড়াইয়া পড়িতে লাগিল। শেষে আর্যগণই ভারতের অপ্রতিঘন্দী শাসনকর্তা হইয়া উঠিলেন। এই সময়ে একই বংশের ত্ই বিভিন্ন শাখার মধ্যে প্রভূত্ব-লাভের চেষ্টা হইতেই এই মৃদ্ধের উৎপত্তি। আপনাদের মধ্যে ধাহারা গীতা পঞ্চিয়াছেন, তাঁহারা জানেন, এই প্রস্তের প্রতিঘন্দী ছুইটি সৈক্তদলের অধিকৃত মৃদ্ধক্ষেত্রের বর্ণনা রহিয়াছে। ইহাই মহাভারতের মৃদ্ধ।

কুকবংশীয় মহারাজ বিচিত্রবীর্যের ঘৃষ্ট পুত্র ছিলেন—জ্যেষ্ঠ ধৃতরাষ্ট্র, কনিষ্ঠ
পাণ্ড়। ধৃতরাষ্ট্র জন্মান্ধ ছিলেন। ভারতীয় শ্বতিশান্ত্রের বিধান অফুদারে—
অন্ধ, থঞ্চ, বিকলান্ধ এবং ক্ষয়রোগ বা অক্ত কোন প্রকার জন্মগত ব্যাধিযুক্ত ব্যক্তি
পৈতৃক ধনের অধিকারী হইতে পারে না, সে কেবল নিজ ভরণগোষণের ব্যয়
মাত্র পাইতে পারে। স্বভরাং ধৃতরাষ্ট্র জ্যেষ্ঠ হইলেও সিংহাদনে আরোহণ
করিতে পারিলেন না, পাণ্ড্ই রাজা হইলেন।

ধৃতরাষ্ট্রের এক শত পুত্র ছিল এবং পাণ্ড্র মাত্র পাঁচটি। অল্প বয়সে পাণ্ড্র দেহত্যাগ হইলে ধৃতরাষ্ট্রের উপরই রাজ্যভার পড়িল, তিনি পাতৃর পুত্রগণকে নিজ পুত্রগণের সহিত লালন-পালন করিতে লাগিলেন। পুত্রগণ বয়:প্রাপ্ত হইলে মহাধহর্ধর বিপ্র দ্রোণাচার্যের উপর তাঁহাদের শিক্ষাভার অর্ণিত হইল; দ্রোণাচার্যের নিকট তাঁহারা ক্ষত্রিয়োচিত নানাবিধ অস্ত্রবিভায় স্থানিকিড হইলেন। রাজপুত্রগণের শিক্ষা সমাপ্ত হইলে ধৃতরাষ্ট্র পাণ্ড্র জ্যেষ্ঠ পুত্র যুধিষ্টিরকে যৌবরাজ্যে অভিষিক্ত করিলেন। যুধিষ্টিরের ধর্মপরায়ণতা ও বছবিধ গুণগ্রাম এবং তাঁহার ভ্রাত্চতুষ্টয়ের শৌর্যবীর্য ও জ্যেষ্ঠ ভ্রাতার প্রতি অপরিসীম ভক্তি-দর্শনে অন্ধ রাজার পুত্রগণের হৃদয়ে বিষম দর্শার উদয় হইল এবং তাঁহাদের **জ্যে**ষ্ঠ তুর্যোধনের চাতুরীতে এক ধর্মহোৎসব-দর্শনের ছলে পঞ্চপাণ্ডব বারণাবত নগরে প্রেরিত হইলেন। তথায় হর্ষোধনের উপদেশামুসারে তাঁহাদের জন্ম শণ, জতু, লাক্ষা, ঘুত, তৈল ও অন্তান্ত দাহ্য পদার্থ ঘারা এক প্রাসাদ নির্মিত হইয়াছিল। সেই জতুগৃহে তাঁহাদের বাসস্থান নির্দিষ্ট হইল। সেথানে তাঁহারা কিছুকাল বাস করিলে পর সেই গৃহে এক রাজে গোপনে অগ্নি প্রদন্ত হইল। কিন্তু ধৃতরাষ্ট্রের বৈমাত্রেয় লাভা ধর্মান্মা বিহুর—হুর্যোধন ও তাঁহার অ্মুচরবর্গের এই ছুরভিদক্ষির বিষয় পূর্বেই অবগত হইয়া পাণ্ডবর্গণকে এই ষড়যঞ্জের বিষয়ে সাবধান করিয়া দিয়াছিলেন; স্বতরাং তাঁহারা সকলের

অজ্ঞাতসারে প্রজ্ঞালিত জতুগৃহ হইতে পলায়ন করিতে সমর্থ হইলেন। কৌরবগণ যথন সংবাদ পাইলেন যে, জতুগৃহ দগ্ধ হইয়া ভস্মে পরিণত হইয়াছে, তথন তাঁহারা পরম আনন্দিত হইলেন; ভাবিলেন, এতদিনে আমরা নিদ্ধণ্টক হইলাম, এখন আমাদের সকল বাধাবিদ্ধ দ্বীভূত হইল। তথন গুতরাষ্ট্রতনম্বগণ রাজ্যভার গ্রহণ করিলেন।

জতুগৃহ হইতে বহির্গত হইয়া পঞ্চপাণ্ডব জননী কুস্তীর সহিত বনে বনে অমণ করিতে লাগিলেন। তাঁহারা ব্রহ্মচারী ব্রাহ্মণের ছদ্মবেশ ধারণ করিয়া ভিক্ষার্থতি ঘারা জীবনযাত্রা নির্বাহ করিতে লাগিলেন। গভীর অর্ণ্যমধ্যে তাঁহাদিগকে অনেক তৃঃথকট্ট, দৈবত্র্বিপাক সহ্য করিতে হইল, কিন্তু তাঁহারা শোর্যবীর্য ও সহিষ্ণুতাবলে স্ববিধ বিপদ হইতে উন্তীর্ণ হইলেন। এইরূপে কিছুকাল অভিবাহিত হইলে শুনিতে পাইলেন, শীঘ্র নিকটবর্তী পাঞ্চাল-দেশের রাজকন্তার স্বয়ংবর হইবে।

আমি গত রাত্রে এই স্বয়ংবরপ্রথার বিষয় একবার তৈলেথ করিয়াছি।
কোন রাজকন্তার স্বয়ংবরের সময় চতুর্দিক হইতে নানা দেশের রাজপুত্রগণ
স্বয়ংবর-সভায় আহত হইতেন। এই-সকল সমবেত রাজকুমারদের মধ্য হইতে
রাজকুমারীকে ইচ্ছামত বর মনোনীত করিতে হইত। ভাট রাজপরিচারকগণ
মাল্যহস্তে রাজকুমারীর অত্যে অত্যে যাইয়া প্রত্যেক রাজকুমারের সিংহাসনের
নিকট গিয়া তাঁহার নাম ধাম বংশমর্যাদা শৌর্যবীর্যের বিষয় উল্লেখ করিত।
রাজকন্তা এই-সব রাজপুত্রদের মধ্যে যাঁহাকে পতিরূপে মনোনীত করিতেন,
তাঁহারই গলদেশে ঐ বরমাল্য অর্পণ করিতেন। তথন মহাসমারোহে পরিণমক্রিয়া সম্পন্ন হইত। পাঞ্চালরাজ ক্রপদ একজন প্রবল-পরাক্রান্ত নরপতি
ছিলেন। তাঁহার কন্তা ক্রোপদীর রূপগুণের খ্যাতি চারিদিকে ছড়াইয়া
পড়িয়াছিল। পাগুবেরা শুনিলেন, সেই ফ্রোপদীই স্বয়ংবরা হইবেন।

স্বাংবরে প্রায়ই রাজকুমারীর পাণিপ্রার্থীকে দাধারণতঃ কোন প্রকার শোর্ধবীর্ধের পরিচয়, অস্ত্রশিক্ষার কোশলাদি দেখাইতে হইত। ক্রপদরাজ স্বাংবর-সভায় তদীয় কন্তার পাণিগ্রহণার্থিগণের বলপরীক্ষার এইরূপ আয়োজন করিয়াছিলেনঃ অতি উধ্বদেশে আকাশে এক কৃত্রিম মংশ্র লক্ষ্যরূপে স্থাপিত

১ 'রামায়ণ'-প্রসঙ্গে সীভার বয়ংবর

হইয়াছিল, তাহার নিম্নদেশে সতত ঘ্র্ণমান মধ্যভাগে ছিদ্রযুক্ত একটি চক্র স্থাপিত ছিল, আর নিমে একটি জলপাত্র। জলপাত্রে মৎস্থের প্রতিবিষ দেখিয়া চক্রছিদ্রের মধ্য দিয়া বাণদ্বারা মৎস্থের চক্ষ্ন যিনি বিঁধিতে পারিবেন, তিনিই রাজকুমারীকে লাভ করিবেন। এই স্বয়ংবর-সভায় ভারতের বিভিন্ন স্থান হইতে রাজা ও রাজকুমারগণ সমবেত হইয়াছিলেন। সকলেই রাজকুমারীর পাণিগ্রহণের জন্ম সম্বস্ক্র, সকলেই লক্ষ্য বিদ্ধ করিবার জন্ম প্রাণপণে যত্ন করিলেন, কিন্তু কেহই কৃতকার্য হইতে পারিলেন না।

আপনারা দকলেই ভারতের বর্ণচতৃষ্টয়ের বিষয় অবগত আছেন। দর্বশ্রেষ্ঠ বর্ণ ব্রাহ্মণ—পুত্রপৌত্রাদিক্রমে পৌরোহিত্য বা যাজনাদি তাঁহাদের কার্য; বাহ্মণের নীচে ক্ষত্রিয়—রাজা ও যোদ্ধাগণ এই ক্ষত্রিয়বর্ণের অন্তর্ভুক্ত; তৃতীয়—বৈশ্য অর্থাৎ ব্যবদায়ী; চতুর্থ—শৃদ্র বা দেবক। অবশ্য এই রাজ-কুমারী ক্ষত্রিয়বর্ণভুক্তা ছিলেন।

যথন রাজপুত্রগণ একের পর এক চেষ্টা করিয়া কেহ লক্ষ্য ভেদ করিতে পারিলেন না, তথন জ্রপদরাজপুত্র সভামধ্যে উঠিয়া বলিতে লাগিলেন, 'ক্ষত্রিয়েরা লক্ষ্য বিদ্ধ করিতে অক্বতকার্য হইয়াছেন, এক্ষণে অন্ত ত্রিবর্ণের মধ্যে যে-কেহ লক্ষ্য বিদ্ধ করিবার চেষ্টা করিতে পারেন, ব্রাহ্মণই হউন, বৈশ্রই হউন, এমন কি শুদ্রই হউন, যিনি লক্ষ্য বিদ্ধ করিবেন, তিনিই শ্রোপদীকে লাভ করিবেন।'

ব্রাহ্মণগণমধ্যে পঞ্চপাণ্ডর সমাসীন ছিলেন, তন্মধ্যে অর্জুনই পরম ধহুর্ধর। ক্রপদপুত্রের পূর্বোক্ত আহ্বান-শ্রবণে তিনি উঠিয়া লক্ষ্য বিধিবার জন্ম অগ্রসর ইইলেন। ব্রাহ্মণজাতি সাধারণতঃ অতি শাল্পপ্রহুতি ও কিঞিং নম্রস্কার। শাস্ত্রবিধানামুসারে তাঁহাদের কোন অস্ত্রশন্ত স্পর্শ করা বা সাহসের কর্ম করা শাস্ত্রবিধানামুসারে তাঁহাদের কোন অস্ত্রশন্ত স্পর্শক্ত থাকাই তাঁহাদের নিষিত্র। ধ্যান, ধারণা, স্বাধ্যায় ও আত্মসংঘ্যমে সতত নিযুক্ত থাকাই তাঁহাদের শাস্ত্রপ্রকৃতি ও শান্তিপ্রিয়, তাবিয়া শাস্ত্রসঙ্গত ধর্ম। অতএব তাঁহারা কির্পে শান্তপ্রকৃতি ও শান্তিপ্রিয়, তাবিয়া শাস্ত্রসঙ্গত ধর্ম। অতএব তাঁহারা কির্পে শান্তপ্রকৃতি ও শান্তিপ্রয়, তাবিয়া দেখুন। ব্রাহ্মণেরা যথন দেখিলেন, তাঁহাদের মধ্যে একজন উঠিয়া লক্ষ্য বিদ্ধ দেখুন। ব্রাহ্মণেরা যথন দেখিলেন, তাঁহাদের মধ্যে অকজন উঠিয়া লক্ষ্য বিদ্ধ কিরবার জন্ম অগ্রসর হইতেছেন, তথন তাঁহারা ভাবিলেন, এই ব্যক্তির আচরণে করিবার জন্ম অগ্রসর হইতেছেন, তথন তাঁহারা ভাবিলেন, এই ব্যক্তির আচরণে করিবার জন্ম করিয়া ফেলিবেন। এই ক্রিয়ো তাঁহারা ছান্তবলী অর্জুনকে তাঁহার চেন্তা হইতে নিবৃত্ত করিতে প্রয়াম ভাবিয়া তাঁহারা ছান্তবলী অর্জুনকে তাঁহার চেন্তা কথায় নিবৃত্ত হইলেন না। গ্রেইলেন, কিন্ত তিনি ক্ষত্রিয়, অতএব তাঁহাদের কথায় নিবৃত্ত হইলেন না।

তিনি অবলীলাক্রমে ধহু তুলিয়া উহাতে জ্যা-রোপণ করিলেন। পরে ধহু আকর্ষণ করিয়া অনায়ানে চক্রছিন্তের মধ্য দিয়া বাণ ক্রেপণ করিয়া লক্ষ্যবস্থ— মংশুটির চক্ষ্ বিদ্ধ করিলেন।

তথন সভান্থলে তুম্ল আনলধননি হইতে লাগিল। রাজকুমারী দ্রোপদী অর্জুনের নিকট অগ্রসর হইয়া তদীর গলদেশে মনোহর বরমালা অর্পন করিলেন। কিন্তু এদিকে রাজগণের মধ্যে তুম্ল কোলাহল হইতে লাগিল। এই মহতী সভায় সমবেত রাজা ও রাজকুমারগণকে অতিক্রম করিয়া একজন ভিক্ষুক রাম্বণ ক্ষত্রিয়কুলসভূতা পরমা স্থলরী রাজকুমারীকে লইয়া যাইবে, এ চিন্তাও তাঁহাদের অসহ হইয়া উঠিল। তাঁহারা অর্জুনের সহিত যুদ্ধ করিয়া বলপূর্বক তাঁহার নিকট হইতে দ্রোপদীকে কাড়িয়া লইবেন, স্থির করিলেন। পাণ্ডবগণের সহিত রাজাদের তুম্ল যুদ্ধ হইল, কিন্তু পাণ্ডবেরা কোনমতে পরাভূত হইলেন না, অবশেষে জয়লাভ করিয়া শ্রোপদীকে নিজেদের গৃহে লইয়া গেলেন।

পঞ্চলাতা এক্ষণে রাজকুমারীকে সঙ্গে লইয়া তাঁহাদের বাসস্থানে জননী কৃষ্টীসমীপে ফিরিয়া আসিলেন। ভিক্ষাই রান্ধণের উপজীবিকা, স্বতরাং রান্ধণবেশ ধারণ করাতে তাঁহাদিগকেও বাহিরে গিয়া ভিক্ষাধারা থাতদ্রব্য সংগ্রহ করিয়া আনিতে হইত। ভিক্ষালব্ধ বস্ত গৃহে আসিলে কৃষ্টী উহা তাঁহাদিগকে ভাগ করিয়া দিতেন। পঞ্চলাতা যথন দ্রোপদীকে লইয়া মাতৃসিমানে উপস্থিত হইলেন, তথন তাঁহারা কোতৃকবশে জননীকে সম্বোধন করিয়া বলিলেন, 'দেখ মা, আজ কেমন মনোহর ভিক্ষা আনিয়াছি।' কৃষ্টী না দেখিয়াই বলিলেন, 'ফাহা আনিয়াছ, পাচজনে মিলিয়া ভোগ কর।' এই কথা বলিবার পর যথন রাজকুমারীর দিকে তাঁহার দৃষ্টি নিপতিত হইল, তথন তিনি বলিয়া উঠিলেন, 'একি! এ আমি কি কথা বলিলাম, এ যে এক কন্তা!' কিন্তু এখন আর কি হইবে? মাতৃবাক্য লজ্মন করা তো যান্ধ না, মাতৃ-আক্তা অবশুই পালন করিতে হইবে। তাঁহাদের জননী জীবনে কথন মিধ্যা কথা উচ্চারণ করেন নাই, স্বতরাং তাঁহার বাক্য কথনই ব্যর্থ হইতে পারে না। এইরূপে দ্রোপদী পঞ্চলাতার দাধারণ সহধর্মিণী হইলেন।

আপনারা জানেন, সমাজের সামাজিক রীতিনীতির ক্রমবিকাশের বিভিন্ন সোপান আছে। এই ম্হাকাব্যের ভিতর প্রাচীন ইতিহাসের কিছু কিছু আশ্চর্য আভাদ পাওয়া যায়। পঞ্চলাতা মিলিয়া যে এক নারীকে বিবাহ করিয়াছিলেন, মহাভারত-প্রণেতা এই ঘটনার উল্লেখ করিয়াছেন, কিন্তু উহাকে কোনরূপ দামাজিক প্রথা বলিয়া নির্দেশ না করিয়া উহার বিশেষ কারণ দেখাইবার চেটা পাইয়াছেন। মাতৃ-আজ্ঞা—তাঁহাদের জননী এই অভ্তুত পরিণয়ে দম্মতিদান করিয়াছেন—ইত্যাদি নানা যুক্তি দিয়া মহাভারতকার এই ঘটনাটির উপর টীকা করিয়াছেন। কিন্তু আপনাদের জানা আছে, সকল দমাজেই এমন এক অবস্থা ছিল, যখন বহুপতিত্ব অহুমোদিত ছিল—এক পরিবারের সকল ল্রাতা মিলিয়া এক নারীকে বিবাহ করিত। ইহা সেই অতীত বহুপতিক যুগের একটা পরবর্তা আভাসমাত্র।

যাহা হউক, এদিকে পাণ্ডবগণ দ্রোপদীকে লইয়া প্রস্থান করিলে তাঁহার ভাতার মনে নানাবিধ আন্দোলন হইতে লাগিল। তিনি ভাবিতে লাগিলেন—'যে পঞ্চ ব্যক্তি আমার ভগিনীকে লইয়া গেল, ইহারা কাহারা! আমার ভগিনী যাহার গলে বরমাল্য অর্পণ করিল, যাহার সহিত ভাহার বিবাহ হইবে, সেই বা কে! ইহাদের তো অহ্ব রথ বা অক্ত কোনরূপ ঐত্বর্যের চিহ্ন দেখিতেছি না। ইহারা তো পদর্বেছেই চলিয়া গেল দেখিলাম।' মনে মনে এই-সকল বিতর্ক করিতে করিতে তিনি তাঁহাদের যথার্থ পরিচয় জানিবার জন্ম দুরে দুরে থাকিয়া তাঁহাদের অন্স্যরণ করিতে লাগিলেন। অবশেষে গোপনে রাত্রে তাঁহাদের কথোপকথন ভনিয়া তাঁহারা যে যথার্থ ক্ষত্রিয়, এ বিষয়ে তাঁহার কোন সংশয় রহিল না। তথন জ্বপদরাজ তাঁহাদের যথার্থ পরিচয় পাইয়া পরম আনন্দিত হইলেন।

অনেকে প্রথমে এইরপ বিবাহে ঘোরতর আপত্তি করিলেন বটে, কিস্ক ব্যাদের উপদেশে দকলে বুঝিলেন বে, এক্ষেত্রে এইরপ বিবাহ দোষাবহ হইতে পাবে না। স্বতরাং ভ্রুপদরাজকেও এইরপ বিবাহে দমত হইতে হইল; রাজকুমারী পঞ্চপাণ্ডবের দহিত প্রিণয়পাশে বন্ধ হইলেন।

পরিণয়ের পর পাগুবগণ জ্রপদগৃহে স্বথে-স্বাচ্ছদ্যে বাস করিতে লাগিলেন।
দিন দিন তাঁহাদের বলবীর্য বর্ধিত হইতে লাগিল। তাঁহারা জীবিত আছেন,
দেশ্ধ হন নাই—ক্রমে এ সংবাদ কোরবগণের নিকট পৌছিল। হুর্যোধন
ও তাঁহার অম্চরবর্গ পাগুবগণের বিনাশের জন্ম ন্তন ন্তন বড়মন্ত্র করিতে
লাগিলেন, কিন্তু ভীন্ম জোণ বিছ্যাদি বর্ষীয়ান্ মন্ত্রী ও অমাত্যবর্গের

পরামর্শে রাজা ধৃতরাষ্ট্র পাগুবগণের সহিত সন্ধি করিতে সন্মত হইলেন। নিমন্ত্রণ করিয়া তিনি তাঁহাদিগকে হস্তিনাপুরে লইয়া আসিলেন। বহুদিনের পর প্রজাবর্গ পাণ্ডবগণকে দর্শন করিয়া প্রমানন্দে মহোৎদ্ব করিতে লাগিল। ধৃতরাষ্ট্র তাঁহাদিগকে অর্ধরাজ্য প্রদান করিলেন। তথন পঞ্চ্নাতায় মিলিয়া ইন্দ্রপ্রস্থ নামক মনোহর নগর নির্মাণ করিয়া তথায় রাজধানী স্থাপন করিলেন। তাঁহারা আপনাদের রাজ্য ক্রমে বাড়াইতে লাগিলেন, চতুম্পার্যস্থ বিভিন্ন প্রদেশের রাজগণকে বশীভূত করিয়া কর প্রদান করিতে বাধ্য কবিলেন। অতঃপর সর্বজ্যেষ্ঠ যুধিষ্ঠির নিজেকে ভারতের তদানীস্তন সমস্ত রাজগণের সমাট্রপে ঘোষণা করিবার জন্ত রাজস্থ্য যক্ত করিবার সঙ্কল্ল করিলেন। এই যজ্ঞে পরাজিত রাজগণকে কর সহ আসিয়া সম্রাটের অধীনতা স্বীকার করিতে হয় ও প্রত্যেককে যজ্ঞোৎসবের এক একটি কার্য-ভার নিজ হস্তে গ্রহণ করিয়া ষজ্ঞকার্যে সাহায্য করিতে হয়। শ্রীকৃষ্ণ পাওবগণের আত্মীয় এবং বিশেষ বন্ধু ছিলেন। তিনি পাওবগণের নিকট আসিয়া রাজস্য় যজ্ঞ সম্পাদনে নিজ সম্মতি জ্ঞাপন করিলেন। কিন্তু যজ্ঞা-হুষ্ঠানে একটি বিষম বিষ্ণ ছিল। জ্বাসন্ধ নামক জনৈক বাজা একশত বাজাকে বলি দিয়া নরমেধ যজ্ঞ করিবার সঙ্কল্প করিয়াছিলেন এবং তত্তদেখ্যে ছিয়াশি জন রাজাকে কারাগারে আবদ্ধ করিয়া রাথিয়াছিলেন। শ্রীকৃষ্ণ **জ**রাসম্বকে আক্রমণ করিবার পরামর্শ দিলেন। এই পরামর্শ অমুসারে শ্রীকৃষ্ণ ভীম ও অর্জুন জরাসন্ধের নিকট যাইয়া তাঁহাকে দ্বযুদ্ধে আহ্বান করিলেন। জরাদদ্ধও দত্মত হইলেন। চতুর্দশ দিবস ক্রমাগত ছব্যুদ্ধের পর ভীম জ্বাদ্ধকে পরাভূত করিলেন। তথন বন্দী রাজগণকে মৃক্ত করিয়া দেওয়া হইল।

ইহার পর যুধিষ্টিরের কনিষ্ঠ চারি প্রাতা দৈক্তসামস্ত লইয়া প্রত্যেকে এক এক দিকে দিখিজরে বহির্গত হইলেন ও সমস্ত রাজগুবর্গকে যুধিষ্ঠিরের বশে আনয়ন করিলেন। তাঁহারা রাজ্যে প্রত্যাবর্তন করিয়া জয়লর অগাধ ধনসম্পত্তি ঐ বিরাট যজ্ঞের ব্যয়নির্বাহের জন্ম যুধিষ্ঠিরের নিকট অর্পন

এইরপে পাওবগণ কর্তৃক পরান্ধিত এবং জ্বাসম্বের কারাগার হইতে মৃক্ত রাজগণ রাজস্থ যজে আদিয়া রাজা যুধিষ্টিবকে সম্রাট্ বলিয়া স্থীকার করিয়া তাঁহার যথোচিত সম্মান করিলেন। রাজা ধৃতরাষ্ট্র এবং তংপুত্রগণও এই যজ্ঞে যোগদান করিবায় জন্য নিমন্ত্রিত হইয়াছিলেন। যজ্ঞাবদানে য়ৄঀিষ্টির সমাটের মৃক্ট পরিধান করিলেন এবং 'রাজ্যক্রবর্তী' বলিয়া ঘোষিত হইলেন। এই সময় হইতেই কৌরব ও পাগুবগণের মধ্যে ন্তন বিরোধের বীজ্ব উপ্ত হইল। পাগুবগণের রাজ্য ঐশর্য সমৃদ্ধি দুর্যোধনের অদক্ষ মনে হইল, স্কতরাং তিনি য়ৄধিষ্টিরের প্রতি প্রবল ঈর্ষার ভাব লইয়া রাজস্থ্ম যজ্ঞ হইতে ফিরিলেন। এইরূপে ঈর্বাপরবশ হইয়া তিনি মন্ত্রণা করিতে লাগিলেন কিরূপে ছলে ও কৌশলে পাগুবগণের সর্বনাশ সাধন করিতে পারেন। কারণ, তিনি জানিতেন বলপূর্বক পাগুবগণকে পরাভূত করা তাঁহার সাধ্যাতীত। রাজা মুধিষ্টির দ্যুতক্রীড়ায় আসক্ত ছিলেন। অতি অভ্তক্ষণে তিনি চতুর অক্ষবিদ্ ও দুর্যোধনের কুমন্ত্রণাদাতা শক্নির দহিত দ্যুতক্রীড়া করিতে আহুত হইলেন।

প্রাচীন ভারতে এইরপ নিয়ম ছিল যে, কোন ক্ষত্রিয় যুদ্ধের জন্ম আহুত হইলে সর্ববিধ ক্ষতি স্বীকার করিয়াও নিজ মানরক্ষার জন্ম তাঁহাকে যুদ্ধ করিতে হইত; এইরূপে দ্যুতক্রীড়ার জন্ম আহুত হইয়া ক্রীড়া করিলেই মানরকা হইত, আর ক্রীড়ায় অসমত হইলে তাহা অতি অযশস্কর বলিয়া পরিগণিত হইত। মহাভারত বলেন, রাজা য্থিষ্টির সর্ববিধ ধর্মের মৃতিমান বিগ্রহ ছিলেন, কিন্তু পূর্বোক্ত কারণে সেই রা**ন্ত**র্ষিকেও দূতিক্রীড়ায় সম্মত হইতে হইয়াছিল। শকুনি ও তাহার অহচরবর্গ কপট পাশা প্রস্তুত করিয়া-ছিল। তাহাতেই যুধিষ্ঠির যতবার পণ রাখিতে লাগিলেন, ততবারই হারিতে লাগিলেন। বার বার এইরূপে পরান্ধিত হওয়াতে তিনি অস্তরে অতিশব্ধ কুর হইয়া জয়লাভের আশায় একে একে তাঁহার যাহা কিছু ছিল সমুদয় পণ রাখিতে লাগিলেন এবং একে একে সকলই হারাইলেন। তাঁহার বাদ্যা, ঐশর্য সর্বন্ধ এইরূপে নষ্ট হইল। অবশেষে যথন তাঁহার রাদ্যা ঐশর্য কৌরবগণকর্তৃক বিঞ্চিত হইল, অথচ তিনি বার বার দাতক্রীড়ার षग्र আহুত হুইতে লাগিলেন, তথন দেখিলেন নিম্ম ভ্রাতৃগণ, নিম্মে স্বয়ং এবং স্থন্দরী দ্রোপদী ব্যতীত পণ রাখিবার তাঁহার আর কিছুই নাই। এইগুলিও তিনি একে একে পণ বাথিলেন এবং একে একে সমস্তই হারাইলেন। এইরূপে পাশুবগণ সম্পূর্ণরূপে কোরবগণের বনীভূত হইলেন। কৌরবগণ তাঁহাদিগকে অবমাননা করিতে আর কিছুই বাকি রাথিল না; বিশেষতঃ তাহারা ভ্রোপদীকে যেরপ অবমানিতা করিল, মামুষের প্রতি মামুষ

কথনও সেরপ ব্যবহার করিতে পারে না। অবশেষে অন্ধ রাজা ধৃতরাষ্ট্রের রূপায় পাগুবগন কোরবদের দাসত হইতে মুক্ত হইয়া স্বাধীনতা লাভ করিলেন। রাজা ধৃতরাষ্ট্র তাঁহাদিগকে নিজ রাজধানীতে প্রভাবর্তন করিয়া রাজ্যশাসনের অহুমতি দিলেন। হুর্যোধন দেখিল বড় বিপদ, তাহার সব কোশল বুঝি ব্যর্থ হয়; স্কতরাং সে পিতাকে আর একবার মাত্র অক্ষত্রীড়ার অহুমতি দিবার জন্ম সনির্বন্ধ অহুরোধ করিতে লাগিল। অবশেষে ধৃতরাষ্ট্র সম্মত হইলেন। এবার পন রহিল—যে-পক্ষ হারিবে, সে-পক্ষকে ঘাদশ বর্ব বনবাস ও এক বর্ষ অজ্ঞাতবাস করিতে হইবে। কিন্তু যদি এই অজ্ঞাতবাসের সমন্ন জন্মী পক্ষ অজ্ঞাতবাসকারীদের কোন স্থান পায়, তবে পুনরার ঐরপ ঘাদশ বর্ষ বনবাস ও এক বৎসর অজ্ঞাতবাস করিতে হইবে। কিন্তু বিদ্যিত পক্ষ যদি অজ্ঞাতবাসের সমন্ত্র কাল অজ্ঞাতবাস করিতে হইবে। কিন্তু বিদ্যিত পক্ষ যদি অজ্ঞাতবাসের সম্পূর্ণ কাল অজ্ঞাতভাবে যাপন করিতে পারে, তবে তাহারা আবার রাজ্য পাইবে।

এই শেষ খেলাতেও যুধিষ্টিরের হার হইল; তথন পঞ্চণাণ্ডব দ্রোপদীর সহিত নির্বাদিত গৃহহীনদেব ন্থার বনে গমন করিলেন। তাঁহারা অরণ্যে ও পর্বতে কোনরূপে ঘাদশ বর্ধ যাপন করিলেন। এই সময়ে তাঁহারা ধার্মিক ও বীরপুরুষোচিত অনেক কঠিন কঠিন কার্য অহুষ্ঠান করেন, মধ্যে মধ্যে দীর্ঘকাল তীর্থল্রমণ করিয়া বহু প্রাচীন ও পরিত্র স্মৃতি-উদ্দীপক স্থানসমূহ দর্শন করেন। মহাভারতের এই বনপর্বটি বড়ই মনোরম ও শিক্ষাপ্রদ, ইহা নানাবিধ উপাথ্যান ও আখ্যায়িকায় পূর্ণ। ইহাতে প্রাচীন ভারতের ধর্ম ও দর্শন সময়ে অনেক মনোহর অপূর্ব উপাথ্যান আছে। এই নির্বাদনের সময় মহর্ষিগণ পাণ্ডবগণকে দর্শন করিতে আসিতেন এবং তাঁহারা যাহাতে নির্বাদন-তৃঃথ অক্লেশে সহিতে পারেন, সেজন্ম তাঁহাদিগকে প্রাচীন ভারতের অনেক মনোহর উপাথ্যান শুনাইতেন। তন্মধ্যে একটি উপাথ্যান আমি আপনাদিগকে বলিব।

অধপতি নামে এক রাজা ছিলেন, দাবিত্রী নামে তাঁহার এক পরমা স্থল্দরী গুণবতী কলা ছিল। হিন্দুদের এক অতি পবিত্র মন্ত্রের নাম 'দাবিত্রী'। এই কলার এত গুণ ও রূপ ছিল যে, তাঁহারও দাবিত্রী নাম রাথা হইয়াছিল। দাবিত্রী বয়ঃপ্রাপ্তা হইলে পিতা তাঁহাকে স্থামী মনোনীত করিতে বলিলেন।

আপনারা দেখিতেছেন, ভারতে প্রাচীন রাজক্সাগণের যথেষ্ট স্বাধীনতা ছিল। অনেক সময়েই তাঁহারা পাণিগ্রহণার্থী রাজকুমারগণের মধ্য হইতে নিজেরাই পতি নির্বাচন করিতেন।

সাবিত্রী পিতৃরাক্যে সমতা হইরা স্বর্গ-রথে আরোহণ করিয়া পিতৃরাচ্চা হইতে অতি দ্রবর্তী স্থানসমূহে ভ্রমণ করিতে লাগিলেন। পিতা কয়েকজনরক্ষী ও বৃদ্ধ সভাসদূকে তাঁহার সঙ্গে দিয়াছিলেন। তিনি তাহাদের সঙ্গে আনেক রাজসভায় যাইয়া রাজকুমারগণকে দেখিলেন, কিন্তু কেহই তাঁহার চিত্ত জয় করিতে পারিল না। অবশেষে তিনি বনের মধ্যে এক পবিত্র তপোবনে উপনীত হইলেন। প্রাচীনকালে এই-সকল অরণ্যে পভগণ নির্ভয়ে বিচরণ করিত। স্থোনে কোন জীবকে হত্যা করিতে দেখা যাইত না; এইজ্লভ্রমণনে পশুগণ মাহ্মকে ভয় করিত না। এমন কি—সরোবরের মংক্তকুল পর্যন্ত মাহ্মকের হাত হইতে নির্ভয়ে খাত্ত লইয়া যাইত। সহন্ত সহন্ত বর্ধ ধরিয়া এই-সকল অরণ্যে কেহ কোন জীবহত্যা করে নাই। মূনি ও বৃদ্ধাণ সেখানে মুগ ও পক্ষীদের মধ্যে আনন্দে বাস করিতেন। এমন কি—কোন গুরুতর অপরাধীও এই-সকল স্থানে যাইলে তাহার উপর কোন অত্যাচার করিবার লাধ্য কাহারও ছিল না। গাহ্মজ্লীবনে যথন আর স্থ্য পাইত না, তথন লোকে এই-সকল অরণ্যে গিয়া বাস করিত; সেথানে মূনিগণের সঙ্গে ধর্মপ্রসঙ্গে ও তত্বচিন্তায় জীবনের অবশিষ্ট কাল অতিবাহিত করিত।

ত্যমংদেন নামক জনৈক রাজা পূর্বোক্ত তপোবনে বাস করিতেন। তিনি জরাগ্রস্ত ও দৃষ্টিশক্তিহীন হইলে শক্রগণ তাঁহার রাজ্য আক্রমণপূর্বক তাঁহাকে পরাভূত করিয়া তাঁহার রাজ্য অধিকার করিল। এই বৃদ্ধ অসহায় অন্ধ রাজা তাঁহার মহিনী ও পুত্রের সহিত এই তপোবনে আশ্রয় নইয়াছিলেন। সেথানে অতি কঠোর তপস্থায় তিনি জীবন অতিবাহিত করিতেন। তাঁহার পুত্রের নাম সত্যবান্।

সাবিত্রী অনেক রাজসভা দর্শন করিয়া অবশেষে এই পবিত্র আশ্রমে উপনীত হইলেন। প্রাচীনকালে এই তপোবনবাসী ঋষি-তপম্বিগণের উপর সকলেই এত শ্রদ্ধান্ডক্তির ভাব পোষণ করিতেন যে, সম্রাট্ও এই সমস্ত ভপোবন বা আশ্রমের নিকট দিয়া যাইবার সময় ঋষি-মৃনিগণকে পূজা করিবার জক্ত আশ্রমে প্রবেশ না করিয়া থাকিতে পারিভেন না। এখনও ভারতে

এই ঋষি-মৃনিগণের প্রতি লোকের এতদ্র শ্রদার ভাব আছে যে, ভারতের একজন শ্রেষ্ঠ সমাট্ও অরণ্যবাসী ফলমূলভোজী চীরপরিহিত কোন ঋষির বংশধর বলিয়া আপনার পরিচয় দিতে বিন্দুমাত্র দিধা না করিয়া বরং পরম গৌরব ও আনন্দ অন্থভব করিবেন। আমরা সকলেই ঋষির বংশধর। এই-রূপেই ভারতে ধর্মের প্রতি অভিশয় সন্মান ও শ্রদাভক্তি প্রদর্শিত হইয়া থাকে; অতএব রাজগণ যে তপোবনের নিকট দিয়া যাইবার সময় উহার ভিতর প্রবেশ করিয়া সেই তপোবনবাসী ঋষিগণকে পূজা করিয়া আপনাদিগকে গৌরবান্বিত বোধ করিবেন, ইহা আর বিচিত্র কি! যদি তাঁহারা অত্যারোহণে আসিয়া থাকেন, তবে আশ্রমের বাহিরে অত্য হইতে অবতরণ করিয়া পদরক্ষে আশ্রমে প্রবেশ করিবেন। আর যদি তাঁহারা রথারোহণে আসিয়া থাকেন, তবে রথ ও বর্মাদি বাহিরে রাথিয়া আশ্রমে প্রবেশ করিতে হইবে। বিনীত শমগুণসম্পন্ন ধর্মপরায়ণ ব্যক্তির জায় না যাইলে কোন যোজারই আশ্রমে প্রবেশাধিকার ছিল না।

এইরপে সাবিত্রী বাজকন্তা হইয়াও এই আশ্রমে আসিয়া উপস্থিত হইলেন এবং সেথানে রাজতপস্থী ত্যমংসেনের পুত্র সভাবান্কে দর্শন করিলেন। সভাবান্কে দর্শন করিয়াই সাবিত্রী মনে মনে তাঁহাকে হৃদয় সমর্পণ করিলেন। সাবিত্রী কভ রাজপ্রাসাদে, কভ রাজসভায় গিয়াছিলেন, কিন্তু কোন স্থানে কোন রাজকুমার তাঁহার চিন্ত হরণ করিতে পারেন নাই। এখানে অরণ্যাবাদে রাজা ত্যমংসেনের পুত্র সভ্যবান্ তাঁহার হৃদয় হরণ করিলেন।

দাবিত্রী পিতৃগৃহে ফিরিয়া আদিলে পিতা তাঁহাকে জিজ্ঞানা করিলেন, 'বংদে দাবিত্রী, তৃমি তো নানাস্থানে ভ্রমণ করিয়া আদিলে; বলো দেখি, তৃমি কোথাও এমন কাহাকেও দেখিয়াছ কি, যাহার দহিত তৃমি পরিণয়স্ত্রে আবদ্ধ হইতে ইচ্ছা কর? বলো মা, কিছুমাত্র গোপন না করিয়া হৃদয়ের কথা খুলিয়া বলো।' তথন দাবিত্রী লজ্জানস্ত্রবদনে মৃত্ত্বরে বলিলেন, 'হাঁ, পিতা, দেখিয়াছি।' পিতা কহিলেন, 'বংদে, যে রাজকুমার তোমার চিত্ত হরণ করিয়াছে, তাহার নাম কি?' তথন দাবিত্রী বলিলেন, 'তাঁহাকে ঠিক রাজকুমার বলিতে পারা যায় না, কারণ তাঁহার পিতা ত্যমংদেন রাজা ছিলেন বটে, কিন্তু এক্ষণে শক্রগণ তাঁহার রাজ্য অপহরণ করিয়াছে। অতএব তিনি

রাজকুমার হইলেও রাজ্যের অধিকারী নহেন, তিনি তপস্থিভাবে জীবনযাপন করিতেছেন, বনজাত ফলমূল সংগ্রহ করিয়া কুটিরবাসী বৃদ্ধ জনকজননীর সেবায় নিরত রহিয়াছেন।

সেই সময়ে দেবর্ষি নারদ সেই স্থানে উপস্থিত ছিলেন। রাজা অস্থপতি তাঁহাকে সাবিত্রীর পতি-নির্বাচন বুতাস্ত বলিয়া তৎসম্বন্ধে তাঁহার মতামত षिखामा कवित्न । नावम वित्नन, 'এই निर्वाठन वष्टरे चल्छ इटेब्राइड ।' কথাগুলি শুনিয়া বাজা তাঁহাকে এইরূপ বলিবার কারণ স্পর্টরূপে নির্দেশ করিবার জন্য অমুরোধ করিলে তিনি বলিলেন, 'অছা হইতে ছাদশ মাস পরে সভ্যবান নিজ কর্মামুসারে দেহভাগে করিবে।' নারদের এই কথা শুনিয়া ভয়বিহ্বল চিত্তে রাজা কল্যাকে বলিলেন, 'দাবিত্রি, শুনিলে তো, অছ হইডে ঘাদশ মাস পরে সত্যবান দেহত্যাগ করিবে; অতএব তুমি তাহাকে বিবাহ क्रिंग पञ्च तम्राम्हे विश्वा हहेर्द, এक्वाब এই कथा विन जान क्रिक्न ভাবিয়া দেখ। বংসে, তুমি সত্যবানের বিষয় আর হৃদয়ে স্থান দিও না, এরপ অল্লায়ু আসমমূত্য বরের সহিত তোমার কোনমতে বিবাহ হইতে পারে না।' সাবিত্রী কহিলেন, 'পিতঃ, সভ্যবান অল্লায়ুই হউক বা আসমযুত্যই ইউক, তাহাতে আমার কোন কৃতি নাই। আমার রদর সত্যবানের প্রতি অমুরাগী, আমি মনে মনে সেই দাধুচরিত্র বীর সভ্যবানকেই পভিছে বরণ করিয়াছি। অতএব ভাপনি অন্ত বাক্তিকে পতিরূপে বরণ করিতে আমাকে विनिद्यंत ना, जादा हहेत्न चामि बिरुपिनी हहेव। क्रूमादीव পिजिनवीहत्त একবার মাত্র অধিকার আছে। একবার সে ঘাহাকে মনে মনে পতিরূপে বরণ করিয়াছে, ভাহাকে ছাড়া স্বার কাহাকেও ভাহার মনে কথন স্থান দেওয়া উচিত নছে।' বাজা যথন দেখিলেন, সাৰিত্ৰী সত্যবানকে পতিত্বে বরণ করিতে দুচনিশ্চয়, তথন তিনি এই বিবাহ অমুমোদন করিলেন। সাবিত্রী সত্যবানের শহিত যথাবিধানে বিবাহিতা হইয়া তাঁহার মনোনীত পতির সহিত বাস ক্রিবার জন্ত ও খন্তর-শান্তভীর দেবার জন্ত পিতার রাজপ্রাসাদ হইতে অরণ্য-মধ্যে তাঁহামের আশ্রমে গমন করিলেন।

নারদের মুখ হইতে শুনিয়া সাবিত্রী সত্যবানের ঠিক কোন্ দিন দেহত্যাগ হইবে তাহা অবগত হইয়াছিলেন বটে, কিন্তু তিনি উহা সত্যবানের নিকট গোপন রাথিয়াছিলেন। সত্যবান্ প্রতিদিন গভীব অরণ্যে গিয়া কার্চ এবং ফলমূল সংগ্রহ করিয়া পুনরায় কৃটিরে ফিরিয়া আসিতেন। সাবিত্রী রন্ধনাদি গৃহকার্য করিয়া বৃদ্ধ শশুর ও শাশুড়ীর সেবা করিতেন। এইরূপে তাঁহাদের জীবন স্থথে তৃ:থে অতিবাহিত হইতে লাগিল, অবশেষে সত্যবানের দেহত্যাগের দিন অতি নিকটবর্তী হইল। তিন দিন মাত্র অবশিষ্ট থাকিতে সাবিত্রী এক কঠোর বত গ্রহণ করিলেন। উপবাসে থাকিয়া রাত্রিজ্ঞাগরণ করিয়া তিনি ব্যাকুলভাবে প্রার্থনা করিতে লাগিলেন। এই তিন রাত্রি তিনি পতির আসম মৃত্যু চিস্তা করিয়া কত গভীর তৃ:থে কাটাইয়াছিলেন, অপরের অজ্ঞাতসারে কত অঞ্চ মোচন করিয়াছিলেন, দেবতার নিকট পতির ভত্তকামনায় কাতরভাবে কত প্রার্থনা করিয়াছিলেন, কে তাহার ইয়ন্তা করিবে গ

অবশেষে দেই কালদিবদের প্রভাত উপস্থিত হইল। দেদিন আর সাবিত্রীর —পতিকে এক মৃহূর্তের জন্তও নয়নের অস্তরাল করিতে দাহদ হইল না। অতএব সত্যবানের অরণ্যে কার্চ্ন ও ফলমূল সংগ্রহ করিতে যাইবার সময় সাবিত্রী সেদিন পতির দক্ষে যাইতে খণ্ডর ও শান্তড়ীর অহুমতি প্রার্থনা করিলেন এবং অহমতি লাভ করিয়া সত্যবানের সঙ্গে অরণ্যে গেলেন। হঠাৎ সত্যবান্ বাষ্ণক্ষকণ্ঠে পত্নীকে বলিলেন, 'প্রিয়ে দাবিত্রি, আমার মাণা ঘুরিতেছে, আমার ইন্দ্রিয়সকল অবসন্ন বোধ হইতেছে, আমার সর্বশরীর যেন নিদ্রাভারাক্রান্ত হইতেছে, আমি কিছুকাল তোমার পার্যে বিশ্রাম করিব।' সাবিত্রী ভয়বিদ্বড়িত ও কম্পিত স্বরে উত্তর দিলেন, 'প্রভো, আপনি আমার অবদেশে মন্তক স্থাপন করিয়া বিশ্রাম করুন।' তথন সত্যবান্ নি**জ** উত্ত**প্ত** মস্তক সাবিত্রীর অহদেশে স্থাপন করিলেন। কিছুক্ষণ পরেই তাঁহার শাস উপস্থিত হইল, তিনি দেহত্যাগ করিলেন। সাবিত্রী গলদশ্রলোচনে পতিকে আলিক্সন করিয়া সেই জনশৃত্ত অরণ্যে বসিয়া রহিলেন। কিছুক্ষণ পরে ষমদৃতগণ সত্যবানের সৃদ্ধ দেহ গ্রহণ করিবার জন্ম তথায় উপস্থিত হইল। কিন্তু দাবিত্রী যেথানে পতির মন্তক ক্রোড়ে লইরা উপবিষ্ট ছিলেন, তাহারা তাহার নিকটেই আসিতে পারিল না। তাহারা দেখিল দাবিত্রীর চতুম্পার্ষে অগ্নির গণ্ডি রহিয়াছে, যমদ্তগণের মধ্যে কেহই তাহা অতিক্রম করিতে পারিল না, সাবিত্রীর সামিধ্য হইতে পলাইয়া গিয়া ভাহার। যমরা**ভে**র নিকট উপস্থিত হইল এবং সত্যবানের আত্মাকে আনিতে না পারার কারণ निर्दारन कदिल।

তথন মৃত ব্যক্তিগণের বিচারক মৃত্যুদেবতা যমবাজ স্বয়ং আদিয়া উপস্থিত रुरेलन। लाटकर विशाम—পृथिवीए अथम मान्न यिनि मदान, जिनिहे স্থৃত্যদেবতা অর্থাৎ তৎপরবর্তী মৃত ব্যক্তিগণের অধিপতি হইন্নাছেন। মৃত্যুর পর কাহাকে পুরস্কার অথবা কাহাকে শান্তি দিতে হইবে, তিনিই তাহা বিচার করেন। সেই যমরাজ এখন স্বয়ং আদিলেন। অবশ্য ষমরাজ দেবতা. অতএব সাবিত্রীর চতুম্পার্যস্থ সেই অগ্নির ভিতর অনায়াসে প্রবেশ করিবার অধিকার তাঁহার ছিল। তিনি দাবিত্রীর নিকট উপস্থিত হইয়া কহিলেন. ⁴মা, তুমি এই শবদেহ পরিত্যাগ কর। কারণ, জানিও মর্ত্যমাত্রকেই দেহত্যাগ করিতে হয়, ইহাই বিধির বিধান। মর্তাগণের মধ্যে আমিই প্রথম মরিয়াছি, তারপর হইতে সকলকেই মরিতে হয়। মৃত্যুই মানবের নিম্নতি। যমরাজ এই কথা বলিলে সাবিত্রী সত্যবানের শবদেহ ত্যাগ করিয়া কিছ দূরে সরিয়া গেলেন, তথন যম সত্যবানের দেহ হইতে তাঁহার জীবাত্মাকে বাহির করিয়া লইলেন। যম এইরূপে সেই যুবকের জীবাত্মাকে লইয়া স্বীয় পুরী অভিমুখে প্রস্থান করিলেন। কিন্তু কিয়দ্দূর যাইতে না যাইতে তিনি ন্তনিলেন তাঁহার পশ্চাতে শুষ্ক পত্রের উপর কাহার পদশন্দ হইতেছে। শুনিয়া তিনি ফিবিয়া দেখেন—সাবিত্রী। তথন তিনি সাবিত্রীকে সম্বোধন কবিয়া কহিলেন. ⁴মা সাবিত্রি, বুথা কেন আমার পশ্চাৎ পশ্চাৎ আসিতেছ ? সকল মর্ত্য**জ**নেরই অদৃষ্টে মৃত্যু ঘটিয়া থাকে।' সাবিত্রী বলিলেন, 'পিডঃ, আমি আপনার অহুসরণ করিতেছি না। কিন্তু আপনি যেমন বলিলেন, মর্ত্যগণের পক্ষে মৃত্যুই বিধির বিধান, সেইরূপ বিধির বিধানেই নারীও তাহার প্রিয় পতির অহুসরণ ক্রিয়া থাকে, আর বিধির সনাতন বিধানেই পতিব্রতা ভার্যাকে কথনও তাহার প্রিয় পতি হইতে বিচ্ছিন্ন করা যাইতে পারে না।' তথন যমরাজ বলিলেন, 'বৎদে, তোমার বাক্য-শ্রবণে পরম প্রীত হইয়াছি, অতএব তুমি তোমার পতির পুনর্জীবন ব্যতীত আমার নিকট হইতে যাহা ইচ্ছা বর প্রার্থনা কর।' তথন সাবিত্রী বলিলেন, 'হে প্রভু যমরাজ, যদি আপনি আমার উপর প্রসন্ধ ইইয়া থাকেন, তবে আমায় এই বর দিন যে, আমার শশুর যেন পুনরায় তীহার চকু লাভ করেন ও স্থী হইতে পারেন।' যম বলিলেন, 'প্রিয় বৎদে, আমি ধর্মজ, তোমার এই ধর্মসঙ্গত বাসনা পূর্ণ হউক।' এই বলিয়া যমরাজ শত্যবানের জীবাত্মাকে লইয়া আবার নিজ গন্তব্য পথে অগ্রসর হইতে

লাগিলেন। কিছুদ্র যাইতে না যাইতে তিনি পূর্ববং আবার পশ্চাতে পদশব্দ ন্তনিতে পাইয়া ফিরিয়া আবার সাবিত্রীকে দেখিলেন। তথন তিনি তাঁহাকে বলিলেন, 'বৎসে সাবিত্রি, তুমি এথনও আমার পশ্চাৎ পশ্চাৎ আসিতেছ ?' সাবিত্রী উত্তর দিলেন, 'হাঁ পিতঃ, আমি আপনার পশ্চাৎ পশ্চাৎ আসিতেছি বটে। আমি যে না আদিয়া থাকিতে পারিতেছি না, কে যেন আমায় টানিয়া লইয়া যাইতেছে। আমি ফিরিবার জ্বন্ত বারবার চেটা করিতেছি, কিন্ত আমার মনপ্রাণ যে আমার স্বামীর নিকট পড়িয়া আছে, স্থতরাং যেথানে আমার স্বামীকে লইয়া যাইতেছেন, দেথানে আমার দেহও যাইতেছে। আমার আত্মা তো পূর্বেই গিয়াছে—কারণ, আমার আত্মা আমার স্বামীর আত্মাতেই অবস্থিত। স্থতরাং আপনি যথন আমার আত্মাকেই লইয়া যাইড়েছেন, তথন আমার দেহ যাইবেই। উহা না গিয়া কি করিয়া থাকিবে?' ষম কহিলেন, 'দাবিত্রি, আমি তোমার বাক্যশ্রবণে পরম প্রীত হইলাম। আমার নিকট হইতে তোমার স্বামীর জীবন ব্যতীত আর একটি বর প্রার্থনা কর।' সাবিত্রী কহিলেন, 'দেব, আপনি যদি আমার উপর প্রদন্ন হইয়া থাকেন, তবে আপনার নিকট এই বর প্রার্থনা করি যে, আমার শন্তর যেন তাঁহার নষ্ট রাজ্য ও ঐশর্য ফিরিয়া পান।' যম কহিলেন, 'প্রিয় বৎদে, ভোমায় এই বরও দান করিলাম। কিন্তু এখন তুমি গৃহে ফিবিয়া যাও, কারণ জীবিত মাহ্য কথন যমরাজের সহিত ঘাইতে পারে না।' এই বলিয়া যম আবার চলিতে লাগিলেন। ব্য যদিও বারংবার শাবিত্রীকে ফিরিতে বলিলেন, তথাপি দেই নম্রস্বভাবা পতিপরায়ণা দাবিত্রী তাঁহার মৃত স্বামীর অমুসরণ করিতে লাগিলেন। যম জাবার ফিরিয়া দাবিত্রীকে দেখিতে পাইয়া বলিলেন, 'হে দাবিত্রি, হে মহান্থভবে, তৃমি এরপ তীত্র শোকে বিহ্বল হইয়া পাগলের মতো স্বামীর অহুসরণ করিও না।' সাবিত্রী কহিলেন, 'আমার মনের উপর আমার কোন কর্তৃত্ব নাই, আপনি আমার প্রিয়তম স্বামীকে যেথানে লইয়া ঘাইবেন, আমি সেথানেই তাঁহার অন্ন্সরণ করিব।' যম বলিলেন, 'আচ্ছা, সাবিত্রী, মনে কর তোমার স্বামী ইহলোকে অনেক পাপ করিয়াছে, তাহার ফলে তাহাকে নরকে যাইতে হইবে ; তাহা হইলেও কি তুমি ভোমার প্রিয়তম পতির দহিত যাইতে প্রস্তত ?' পতির প্রতি পরম অন্থরাগিণী সাবিত্রী কহিলেন, 'আমার পতি

যেখানে যাইবেন—জীবনই হউক, মৃত্যুই হউক, শর্গই হউক, নরকই হউক—
আমি পরমানলে সেখানে যাইব।' ষম কহিলেন, 'বংসে ভোমার কথাগুলি
আতি মনোহর ও ধর্মসঙ্গত, আমি তোমার উপর পরম প্রীত হইয়াছি; তৃমি
আরও একটি বর প্রার্থনা কর, কিন্তু জানিও মৃত ব্যক্তি কথনও আবার
জীবিত হয় না'। সাবিত্রী কহিলেন, 'বদি আমার উপর আপনি এতদ্র
প্রসন্ন হইয়া থাকেন, তবে আমার এই বর দান করুন, যেন আমার শশুরের
রাজবংশের লোপ না হয়, যেন সত্যবানের পূত্রগণ তাঁহার রাজ্য লাভ করে।'
তথন যমরাজ ঈষৎ হাস্ত করিয়া বলিলেন, 'বংসে, তোমার মনস্কামনা সফল
হউক, এই তোমার পতির জীবাত্মাকে পরিত্যাগ করিলাম। ভোমার পতি
আবার জীবিত হইবে। সত্যবানের ঔরসে ভোমার শনেক পূত্র জায়িবে,
কালে তাহারা রাজপদ লাভ করিবে। এক্ষণে গৃহে ফিরিয়া যাও; প্রেম
মৃত্যুকেও জয় করিল। পূর্বে কোন নারী পতিকে এমন ভালবাসে নাই,
আর আমি—সাক্ষাৎ মৃত্যুদেবতাও অকপট অব্যভিচারী প্রেমের শক্তির
নিকট পরাজিত হইলাম।'

সাবিত্রী-উপাথাান সংক্ষেপে কথিত হইল। ভারতে প্রত্যেক বালিকাকে সাবিত্রীর ন্তায় সতী হইতে শিক্ষা দেওয়া হয়—মৃত্যুও যে সাবিত্রীর প্রেমের নিকট পরাভূত হইয়াছিল, যে সাবিত্রী ঐকাস্তিক প্রেমবলে যমরাজের নিকট হইতেও স্বীয় স্বামীর আত্মাকে ফিরাইয়া লইতে সমর্থ হইয়াছিলেন।

মহাভারত এই সাবিত্তীর উপাথাানের মতো শত শত মনোহর উপাধ্যানে পূর্ণ। আমি আপনাদিগকে প্রথমেই বলিয়াছি, জগতের মধ্যে মহাভারত একথানি বিরাট গ্রন্থ। ইহা অষ্টাদশ পর্বে বিভক্ত এবং প্রায় লক্ষলোকে পূর্ণ।

যাহা হউক, এক্ষণে মৃল আখ্যানের হত্ত আবার ধরা যাউক। পাওবগণ রাজ্য হইতে নির্বাদিত হইয়া বনে বাদ করিতেছেন, এই অবস্থায় আমরা পাওবদিগকে ফেলিয়া আদিয়াছি। দেখানেও তাঁহারা হুর্যোধনের কুমন্ত্রণা-প্রহুত নানাবিধ অত্যাচার হইতে একেবারে মৃক্ত হন নাই, কিন্তু অনেক চেষ্টা করিয়াও হুর্যোধন কথনই তাঁহাদের বিশেষ অনিষ্ট্রসাধনে কৃতকার্য ইয় নাই। অবণ্যে বাসকালে পাগুবগণের একদিনের ঘটনা আমি আপনাদের নিকট বলিব। একদিন তাঁহারা বড়ই তৃষ্ণার্ত হইলেন। যৃথিপ্রির কনিপ্র লাতা সহদেবকে জল অরেষণ করিয়া আনিতে আদেশ দিলেন। তিনি ক্রতপদে যাইয়া অনেক অয়েষণের পর একস্থানে একটি অতি নির্মলসলিল সরোবর দেখিতে পাইলেন। তিনি যেমন জলপানের জন্ম সরোবরে অবতরণ করিবেন, জনলেন—কে যেন তাঁহাকে সম্বোধন করিয়া বলিতেছে, 'বংস, জল পান করিও না। অগ্রে আমার প্রশাগুলির উত্তর দাও, পরে যথেচ্ছা এই জল পান করিও।' কিন্তু সহদেব অতিশয় তৃষ্ণার্ত থাকাতে এই বাক্য গ্রাহ্ম না করিয়া ইচ্ছামত জল পান করিলেন, জল পান করিবামাত্র তিনি দেহত্যাগ করিলেন। সহদেবকে অনেকক্ষণ ফিরিতে না দেখিয়া রাজা য্থিপ্রির নকুলকে তাহার সন্ধানেও জল আনয়নের জন্ম পাঠাইলেন।

নকুল ইতস্ততঃ অন্বেষণ করিতে করিতে উক্ত সরোবর সমীপে যাইয়া প্রতা সহদেবকে মৃত অবস্থায় নিশ্চেষ্টভাবে পড়িয়া থাকিতে দেখিলেন। নকুল তৃষ্ণার্ত থাকার জলের দিকে যেমন অগ্রসর হইলেন, অমনি তিনিও সহদেবের মতো ভনিলেন, 'বংস, অত্যে আমার প্রশাগুলির উত্তর দাও, পশ্চাৎ জল পান করিও।' ভিনিও ঐ বাক্য অমান্য করিয়া জল পান করিলেন ও জল পান করিয়াই সহদেবের মতো মানবলীলা সংবরণ করিলেন। পরে অর্জুন ও ভীম ঐরপে ভাতৃগণের অবেষণে ও জল আনিবার জন্ম প্রেরিত হইলেন, কিন্তু তাঁহারাও কেহ ফিরিলেন না। তাঁহাদেরও নকুল সহদেবের মতো অবস্থা হইল। তাঁহারাও জল পান কবিয়া প্রাণত্যাগ কবিলেন। অবশেষে যুধিষ্ঠির স্বয়ং উঠিয়া ভ্রাভূচতৃষ্টয়ের অন্বেষণে গমন কবিলেন। অনেকক্ষণ ইতন্ততঃ ভ্রমণের পর পরিশেষে সেই মনোহর সরোবরের সমীপে উপস্থিত হইয়া তিনি প্রাত্চত্ইয়কে মৃত অবস্থায় ভূতলে শয়ান দেখিলেন। এই দৃশ্য দেখিয়া তাঁহার অস্তঃকরণ শোকভারাক্রাস্ত হইল, তিনি ল্রাত্গণের জন্ম বিলাপ করিতে লাগিলেন; সেই সময় হঠাৎ শুনিলেন, কে যেন তাঁহাকে বলিতেছে, 'বৎস, তৃ:সাহস কবিও না। আমি একজন যক্ষ—বকরণে কৃত্র কৃত্র মৎস্থ থাইয়া জীবনধারণ করি এবং এই সরোবরে বাস করি; এই সরোবর আমার অধিকত। আমার দ্বারাই তোমার ভ্রাতারা প্রেতলোকে নীত হইয়াছে। হে রাজন্, যদি তুমিও তোমার ভাতাদের মতো আমার প্রশ্নগুলির উত্তর

না দিয়া জল পান কর, তবে লাভূচতৃষ্টয়ের পার্ষে পঞ্চম শবরূপে তোমাকেও শয়ন করিতে হইবে। হে কুরুনন্দন, প্রথমে আমার প্রশ্নগুলির উত্তর দিয়া স্বয়ং যথেচছা জল পান কর ও অক্সত্র লইয়া যাও।' যুধিষ্টির বলিলেন, 'আমি আপনার প্রশ্নগুলির যথায়থ উত্তর দিতে চেট্রা করিব। আপনি আমাকে যথাভিক্বচি প্রশ্ন করুন।' তথন যক্ষ তাঁহাকে একে একে অনেকগুলি প্রশ্ন জিজ্ঞানা করিলেন, যুধিষ্টিরও প্রশ্নগুলির সম্ভব প্রদান করিলেন। তমধ্যে ছইটি প্রশ্ন ও যুধিষ্টিরপ্রক্ত উত্তর আপনাদের নিকট বলিতেছি। যক্ষ জিজ্ঞানা করিলেন, 'কিমাশ্চর্যমৃ ?'—জগতে স্বাপেক্ষা আশ্চর্য ব্যাপার কি ? যুধিষ্টির তত্তরে বলিলেন:

প্রতিমূহুর্তে আমরা দেখিতেছি, আমাদের চারিদিকে প্রাণিগণ মৃত্যুম্থে পতিত হইতেছে, কিন্তু যাহারা এখনও মরে নাই তাহারা ভাবিতেছে যে, তাহারা কখনও মরিবে না। জগতের মধ্যে ইহাই স্বাপেক্ষা আশ্চর্য ব্যাপার —মৃত্যু অহরহঃ সমৃথে থাকিলেও কেহ বিশাস করে না যে, সে মরিবে।

যক্ষের আর এক প্রশ্ন ছিল, 'কঃ পদ্ধাঃ ?' —কোন্ পথ অমুসরণ করিলে
মানবের যথার্থ শ্রেয়োলাভ হয় ? যুধিষ্টির ঐ প্রশ্নের এই উত্তর প্রদান
করেন ঃ

তর্কের দ্বারা কিছুই নিশ্চর হইতে পারে না। কারণ, জগতে নানা মত-মতাস্তর রহিয়াছে। বেদও নানাবিধ—উহার এক ভাগ ঘাহা বলিতেছে, অপর ভাগ তাহারই প্রতিবাদ করিতেছে। এমন ছইলন মৃনি বাহির করিতে পারা ঘার না, যাহাদের পরম্পর মতন্ডেদ নাই। ধর্মের রহস্ত যেন গুহায় নিহিত রহিয়াছে। অতএব মহাপুক্ষগণ যে পথে চলিয়াছেন, সেই পথই অফুসরণীয়।

যক্ষ ধৃধিষ্ঠিরের সমৃদয় উত্তর শ্রবণ করিয়া অবশেষে বলিলেন, 'হে রাজন্, আমি তোমার উপর বড়ই সস্তুট হইয়াছি। আমি বকরূপী ধর্ম। আমি তোমায় পরীক্ষা করিবার জন্মই এইরূপ করিয়াছি। তোমার প্রাতৃগণের

অবস্থাহনি ভূতানি গছন্তি বমমন্দিরম্।
শেবাঃ ছিরত্বমিচ্ছন্তি কিমান্দর্বনতঃপরম্।

২ তকোঁ প্রতিষ্ঠা: প্রতরো বিভিন্না:। নাসে মুনির্বস্ত মতং ন ভিন্নস্।
ধর্মস্ত তত্ত্বং নিহিতং গুহারাম্। মহাজনো বেন গতঃ স পদা:।

মধ্যে কেহই মরে নাই। আমার মায়াবলেই তাহারা মৃত প্রতীয়মান হইতেছে।
হে ভরতর্বভ, তুমি যথন ধনলাভ ও সম্ভোগ অপেক্ষা অনুশংসতাকে মহত্তর
বিবেচনা করিয়াছ, তখন তোমার ভাতৃবর্গ জীবিত হউক।' এই কথা বলিবামাত্র ভীমাদি পাণ্ডবচতৃষ্টর জীবিত হইয়া উঠিলেন।

এই উপাথান হইতে বাজা যুধিষ্টিরের প্রকৃতির অনেকটা আভাস পাওয়া যায়। যক্ষের প্রশ্নগুলির উত্তর হইতে আমরা দেখিতে পাই, রাজার ভাব অপেক্ষা তত্ত্ত্ত ও যোগীর ভাবই তাঁহার মধ্যে অধিক ছিল।

এদিকে পাণ্ডবদিগের দ্বাদশ বর্ষ বনবাসের কাল শেষ হইয়া অজ্ঞাতবাস করিবার ব্রয়োদশ বর্ষ নিকটবর্তী হইতেছিল। এই কারণে যক্ষ তাঁহাদিগকে বিরাটের রাজ্যে গমন করিয়া ভথায় যাহার যেরূপ অভিরুচি, সেইরূপ ছ্লুবেশে থাকিবার উপদেশ দিলেন।

এইরপে ঘাদশ বর্ষ বনবাসের পর তাঁহারা বিভিন্ন ছদ্মবেশে অজ্ঞাতবাসের এক বংসর কাটাইবার জন্ম বিরাটরাজ্যে গমন করিলেন এবং সেধানে রাজার অধীনে সামান্ত সামান্ত কার্যে নিযুক্ত হইলেন। যুধিষ্ঠির বিরাট রাজার দ্যুতজ্ঞ সভাসদ্ হইলেন। ভীম পাচকের কাজে নিযুক্ত হইলেন। অজুন নপুংসকবেশে রাজকত্তা উত্তরার নৃত্য ও সঙ্গীতশিক্ষার শিক্ষক হইয়া রাজার অভঃপুরে বাস করিতে লাগিলেন। নকুল রাজার অখশালার অধ্যক্ষ হইলেন এবং সহদেব গোশালার তত্ত্বাবধানকার্যে নিযুক্ত হইলেন। জৌপদী সৈত্তিজ্ঞীবিশে রাজীর অন্তঃপুরে পরিচারিকার্মপে গৃহীতা হইলেন। এইরূপে ছদ্মবেশে পাওবজাত্গণ এক বংসর নিরাপদে অজ্ঞাতবাসের কাল অভিবাহিত করিলেন। তুর্যোধন তাঁহাদের অনেক অত্মন্ধান করিল, কিন্তু কোনমতে রুতকার্য হইতে পারিল না। বর্ষ পূর্ণ হইবার ঠিক পরেই কোরবগণ তাঁহাদের সন্ধান পাইল।

এইবার যুখিষ্ঠির গুতরান্ট্রের নিকট এক দ্ত পাঠাইলেন। দ্ত গুতরাষ্ট্রসমীপে যাইয়া যুধিষ্ঠিরের এই বাকা তাঁহার নিকট নিবেদন করিলেন যে, তাঁহারা ধর্মতঃ ও স্থায়তঃ অর্ধরাজ্যের অধিকারী; অতএব তাঁহাদিগকে যেন এক্ষণে অর্ধরাজ্য প্রদান করা হয়। কিন্তু তুর্যোধন পাগুবগণের প্রতি অতিশয় দ্বেষ পোষ্য করিত, স্তরাং সে কিছুতেই পাগুবগণের এই স্থায়সঙ্গত প্রার্থনায় সন্মত হইল না। পাগুবেরা রাজ্যের অতি অল্লাংশ একটি প্রদেশ, এমন কি

পাঁচখানি গ্রাম পাইলেই সস্কুষ্ট হইবেন, বলিলেন। কিন্তু উদ্ধতস্থভাব ছর্ষোধন বলিল যে, বিনা মুদ্ধে স্ফাণ্ডাপরিমিত ভূমিও পাগুবগণকে দেওয়া হইবে না। ধতরাষ্ট্র সন্ধি করিবার জন্ম তর্ষোধনকে অনেক বৃঝাইলেন। কৃষ্ণও কৌরবসভায় গিয়া এই আসন্ন মৃদ্ধ ও জ্ঞাতিক্ষয় যাহাতে না হয়, তাহার জন্ম বিশেষ চেষ্টা করিলেন। ভীমা, স্রোণ, বিহুরাদি কৌরবরাজসভার বৃদ্ধগণ হুর্যোধনকে অনেক বৃঝাইলেন। কিন্তু সন্ধির চেষ্টা সম্পূর্ণ বার্থ হইল। স্বতরাং উভয়ধিকেই মুদ্ধের উল্যোগ চলিতে লাগিল এবং ভারতের সকল ক্ষত্রিয়ই এই মুদ্ধে যোগদান করিলেন।

এই যুদ্ধ ক্ষত্তিয়গণের প্রাচীন প্রধা ও নিয়ম অমুসারে পরিচালিত হইয়াছিল। একদিকে যুধিষ্ঠির, অপরদিকে হুর্যোধন—উভয়েই নিজ নিজ পক্ষে য়োগ দিবার জন্ত অহুরোধ করিয়া ভারতের সকল রাজগণের নিকট দ্ত পাঠাইতে লাগিলেন। ক্ষত্রিয়গণের মধ্যে এই বীতি প্রচলিত ছিল যে, গাঁহার অমুরোধ প্রথমে পৌছিবে ধার্মিক ক্ষত্তিয়কে তাঁহারই পক্ষ অবলম্বন করিয়া যুদ্ধ করিতে ইইবে। এইরূপে বিভিন্ন রাজা ও যোদ্ধবর্গ অনুরোধের পৌর্বাপর্য অনুসারে পাণ্ডব ও কৌরবগণের পক্ষ অবলম্বন করিবার অন্ত সমবেত হইতে লাগিলেন। পিতা এক পক্ষে, পুত্র হয়তো অপর পক্ষে ষোগ দিলেন। এক ভ্রাতা এক পক্ষে, অপর ভাতা হয়তো অপর পক্ষে যোগ দিলেন। তথনকার সমরনীতি विष्ठे अष्ट्र हिल। मार्वाहिन युष्क्र श्रद मक्ता श्रहेल यथन युक्ष *(* सर श्रहेण তথন উভয় পক্ষের মধ্যে তার শক্রভাব থাকিত না, এমন কি এক পক্ষ ষ্মপর পক্ষের শিবিরে পর্যস্ত যাতায়াত করিত। প্রাতঃকাল হইলেই কিন্ত তাহারা আবার পরস্পার যুদ্ধ করিত। মুসলমানগণের ভারত-আক্রমণের সময় পর্যস্ত হিন্দুগণ নিজেদের এই চরিত্রগত বিশেষত্বকা করিয়া আসিয়াছিলেন। শাবার সেই প্রাচীনকালে এইরূপ নিয়ম ছিল বে, অশ্বারোহী পদাতিককে আঘাত করিতে পারিবে না, বিষাক্ত অঞ্জের ধারা কেহ কথনও যুদ্ধ করিতে পারিবে না, নিজের যে স্থবিধাগুলি আছে, শুক্ররও ঠিক দেইগুলি না থাকিলে তাহাকে কখন পরাজিত করিতে পারিবে না, কোন প্রকার ছল প্রয়োগ করিতে পারিবে না। মোট কথা কোন প্রকারে শক্রুর কোন ছিত্র থাকিলে তাহার অবৈধ স্থযোগ লইয়া তাহাকে বশীভূত করিতে পারিবে না, ইত্যাদি। यদি কেহ এই-সকল যুদ্ধনীতি উল্লক্ষ্যন করিতেন, তবে তিনি ঘোর অপ্যশের ভাগী হইতেন, তাঁহার সজ্জন-সমাজে মৃথ দেখাইবার জো থাকিত না। তথনকার ক্ষত্রিয়গণ এইরূপ শিক্ষা পাইতেন। যথন মধ্য-এশিয়া হইতে ভারতের উপর বহিরাক্রমণের তরঙ্গ আদিল, তথনও হিন্দুরা তাঁহাদের আক্রমণকারীদের প্রতি সেই শিক্ষান্থযায়ী ব্যবহার করিয়াছিলেন। হিন্দুরা তাঁহাদিগকে বারবার পরাজিত করিয়াছিলেন এবং প্রতিবারই পরাজ্যের পর উপহারাদি দিয়া তাঁহাদিগকে সম্মানের দহিত গৃহে পাঠাইয়া দিয়াছিলেন। তাঁহাদের শাস্ত্রের বিধিই ছিল যে, অপরের দেশ কথন বলপূর্বক অধিকার করিবে না, আর কেহ পরাস্ত হইলে তাঁহার পদমর্যাদা অন্থায়ী সম্মান প্রদর্শন করিয়া তাঁহাকে দেশে পাঠাইয়া দিতে হইবে। মৃদল্মানবিজেত্গণ কিন্ত হিন্দুরাজগণের উপর অক্ত প্রকার ব্যবহার করিয়াছিলেন। তাঁহারা একবার তাঁহাদিগকে হাতে পাইলে বিনা বিচারে তাঁহাদের প্রাণনাশ করিতেন।

এই যুদ্ধপ্রসঙ্গে আর একটি বিষয় আপনাদিগকে শ্বরণ রাখিতে হইবে। মহাভারত বলিতেছেন, যে-সময়ে এই যুদ্ধব্যাপার সংঘটিত হয়, তথন কেবল যে সাধারণ ধহুর্বাণ লইয়া যুদ্ধ হইত, তাহা নহে; তথন দৈবান্তের ব্যবহারও ছিল। এই দৈবান্ত প্রয়োগ করিতে হইলে মন্ত্রশক্তি চিত্তের একাগ্রতা প্রভৃতির বিশেষ প্রয়োজন হইত। এইরূপ দৈবান্ত প্রয়োগ করিয়া এক ব্যক্তিই দশলক্ষ বাক্তির দহিত যুদ্ধ করিতে ও ইচ্ছাশক্তি প্রয়োগ করিয়া তাহাদিগকে দগ্ধ করিতে পারিতেন। এই মন্ত্রশক্তির প্রয়োগ করিয়া এক বাণ নিক্ষেপ করিলে তাহা হইতে দহন্র দহন্র বাণবৃষ্টি হইবে—এই মন্ত্রশক্তিবলে, দৈবশক্তিবলে চারিদিকে বজ্রপাত হইবে, যে-কোন জিনিস দগ্ধ করিতে পারা ঘাইবে, নানা অদ্ভূত ইন্দ্রন্ধালের সৃষ্টি হইবে। রামায়ণ ও মহাভারত—উভয় মহাকাব্যের মধ্যে একটি বিশেষ বিষয় দেখিয়া আশ্চর্য হইতে হয়, এই-দব অস্ত্রের দঙ্গে সঙ্গে আমরা কামানের ব্যবহারও দেখিতে পাই। কামান খুব প্রাচীন জিনিদ। চীনা ও হিন্দুরা উভয়ে উহার ব্যবহার করিতেন। তাঁহাদের নগরসমূহের প্রাঠীরে লোহনিমিঁড় শৃ্তাগর্ভ নলনিমিঁত শত শত অভূত অস্ত থাকিত। লোকে বিশ্বাস করিত, চীনারা ইন্দ্রজালবিভাদ্বারা শয়তানকে এক শূক্তগর্ভ লোহনালীর ভিতর প্রবেশ করাইত; আর একটি গর্তে একটু অগ্নি-সংযোগ করিলেই শয়তান ভয়ত্বর শব্দে উহা হইতে বাহির হইয়া অসংখ্য লোকের বিনাশ সাধন করিছে।

যাহা হউক, পূর্বোক্ত প্রকারে দৈবাস্ত প্রয়োগ করিয়া এক জনের যেমন লক্ষ লক্ষ বাক্তির সহিত যুদ্ধ করিবার কথা পাঠ করা যায়, সেইরূপ তাহাদের যুদ্ধের জন্ম নানাবিধ কোশল-অবলম্বন, বাহ-রচনা, বিভিন্ন প্রকার দৈন্যবিভাগ প্রভাবে বিষয়ও পাঠ করা যায়। চারিপ্রকার যোদ্ধার কথা মহাভারতাদিতে প্রভাবে বিষয়ও পাঠ করা যায়। চারিপ্রকার যোদ্ধার কথা মহাভারতাদিতে বর্ণিত আছে—পদাতিক, অত্থারোহী, হস্তী ও রও। ইহার মধ্যে আধুনিক বর্ণিত আছে—পদাতিক, অত্থারোহী, হস্তী ও রও। ইহার মধ্যে আধুনিক বর্ণিত আছে—পদাতিক, অত্থারোহী, হস্তী ও রও। ইহার মধ্যে আধুনিক বর্ণিত আছে—পদাতিক, অত্থারোহী, হস্তী ও রও। ইহার মধ্যে আধুনিক শত্ত দেব প্রচলন ছিল। বৃদ্ধে শেষ হুইটির ব্যবহার নাই। কিন্তু দে-সময়ে উহাদের বিশেষ প্রচলন ছিল। শত্ত সংক্র উপর রক্ষিত হইয়া সৈন্যপ্রশীরূপে গঠিত হইত—এই হস্তিনৈক্সকে শত্ত সৈত্তের উপর রক্ষিত হইয়া সৈন্যপ্রশীরূপে গঠিত হইত—এই হস্তিনৈক্সকে শত্ত সৈত্তের উপর রক্ষিত হয়া সৈন্যপ্রশীরূপে গঠিত হইত—এই হস্তিনৈক্সকে শত্ত সৈত্তের উপর রক্ষিত হইয়া সৈন্যপ্রশীরূপে গঠিত হইত—এই হস্তিনৈক্সকে শত্ত সৈত্তের উপর রক্ষিত হইয়া সৈন্যপ্রশীরূপে গঠিত হইত—এই হস্তিনৈক্সকে শত্ত সৈত্তের উপর রক্ষিত হইয়া সৈন্যপ্রশীরূপে গঠিত হইত—এই হস্তিনৈক্সকে শত্ত সৈন্য সাম্বর্ণ প্রচলন ছিল। আপনারা হাড়িয়া দেওয়া হইত। তারপর অবশ্য রথের থ্ব প্রচলন ছিল। আপনারা হাড়িয়া দেওয়া হইত। তারপর ছবি দেথিয়াছেন। সকল দেশেই প্রাচীনকালে এই বণের বাবহার ছিল।

কৌরব-পাগুব উভয় পক্ষই, কৃষ্ণ যাহাতে তাহাদের পক্ষে আসিয়া যোগ দেন, তাহার চেষ্টা করিতে লাগিলেন। কিন্তু কৃষ্ণ স্বয়ং এই মৃদ্ধে অস্ত্রধারণ করিতে সম্মত হইলেন না। তবে তিনি অর্জুনের সার্থা স্থীকার করিলেন এবং মৃদ্ধকালে পাগুবগণকে প্রামর্শ দিতে রাজী হইলেন, আর ত্র্ধোধনকে নিজ অজের নারায়ণী সেনা প্রদান করিলেন।

এইবার কুরুক্ষেত্রের স্ববৃহৎ ভূভাগে অষ্টাদশ-দিবসবাপী মহাযুদ্ধ হইল।
এই যুদ্ধে ভীশ্ব, জ্রোণ, কর্ণ, তূর্যোধনের প্রাভূগণ, উভয় পক্ষেরই আত্মীয়-স্বজনগণ
এবং অন্যান্ত সহস্র বার নিহত হইলেন। এমন কি, উভয় পক্ষের মিলিত
এবং অন্যান্ত সহস্র বার নিহত হইলেন। এমন কি, উভয় পক্ষের মিলিত
যে অষ্টাদশ অক্ষোহিণী সৈন্ত ছিল, যুদ্ধাবসানে তাহার অতি অল্লই অবশিষ্ট
বিহল। তূর্যোধনের মৃত্যুর পর যুদ্ধের অবসান হইল; পাণ্ডবরা জয়লাভ
বহিল। তূর্যোধনের মৃত্যুর পর যুদ্ধের অবসান হইল; পাণ্ডবরা জয়লাভ
বহিল। ধৃতরাষ্ট্র-মহিনী গান্ধারী এবং অন্যান্ত নান্থীগণ পতিপুত্রাদির
করিলেন। গান্ত হইলে মৃত বীরগণের ঘণোচিত অন্ত্যেষ্টিক্রিয়া সম্পক্ষ
হিলা।

এই যুদ্ধের প্রধানতম ঘটনা অর্জুনের প্রতি কৃষ্ণের উপদেশ, যাহা 'ভগবদ-গীড়া' নামক অপূর্ব ও অমর কাব্যরূপে জগতে পরিচিত। ভারতে ইহাই সর্বজনপরিচিত ও সর্বজনপ্রিয় শাস্ত্র, আর ইহাতে যে উপদেশ আছে, তাহা শেষ্ঠ উপদেশ। কৃকুক্ষেত্র-যুদ্ধের অব্যবহিত পূর্বে কৃষ্ণার্জুনের যে কথোপকধন হয়, তাহাই 'ভগবদ্গীতা' নামে পরিচিত। আপনাদের মধ্যে যাঁহারা ঐ গ্রন্থ পড়েন নাই, তাঁহাদিগকে আমি উহা পড়িতে পরামর্শ দিই। ঐ গ্রন্থ আপনাদের দেশের উপরও কি প্রভাব বিস্তার করিয়াছে, তাহা যদি আপনারা জানিতেন, তবে এতদিন উহা না পড়িয়া থাকিতে পারিতেন না। এমার্শন যে উচ্চ তত্ত্বের প্রচার করিয়া গিয়াছেন, তাহার ফুল যদি জানতে চান, তবে শুরুন—তাহা এই গীতা। তিনি একবার ইংলওে কার্লাইলের সহিত দাক্ষাৎ করিতে যান, কার্লাইল তাঁহাকে একথানি গীতা উপহার দেন—কংকর্ডে যে উদার দার্শনিক তবের আন্দোলন আরম্ভ হয়, এই ক্ষুদ্র গ্রন্থথানিই তাহার মূল। আমেরিকায় উদার ভাবের যত প্রকার আন্দোলন দেখিতে পাওয়া যায়, কোন না কোনরূপে দেগুলি ঐ কংকর্ড-আন্দোলনের নিকট ঋণী।

গীতার মূল বক্তা কৃষ্ণ। আপনারা যেমন স্থান্ধারেথবাদী মীশুকে ঈশ্বরের অবতার বলিয়া উপাদনা করেন, হিন্দুরা তেমনি ঈশ্বের অনেক অবতারের পূজা করিয়া থাকেন। জগতের প্রস্নোজন অমুদারে ধর্মের রক্ষা ও অধর্মের বিনাশের জন্ম বিভিন্ন দময়ে অবতীর্ণ বহু অবতারে তাঁহারা বিশাদ করিয়া থাকেন। ভারতের প্রভাক ধর্ম-দম্প্রদায় এক এক অবতারের উপাদক। ক্রমের উপাদক একটি সম্প্রদায়ও আছে। অ্যান্থ অবতারের উপাদক অপেক্ষা বোধ হয় ভারতে ক্রম্বোপাদকের সংখ্যাই দর্বাপেক্ষা অধিক। ক্রম্বভক্তগণ বলেন, ক্রম্বই অবতারগণের মধ্যে শ্রেষ্ঠ। কারণ জিজ্ঞাদা করিলে তাঁহারা বলেন, বৃদ্ধ ও অন্যান্থ অবতারের কথা ভাবিয়া দেখ: তাঁহারা দ্যাদী ছিলেন, স্বতরাং গৃহীদের স্বথে তৃংথে তাঁহাদের দহাত্ত্তি ছিল না; কি করিয়াই বা থাকিবে? কিন্তু ক্রমের বিষয় আলোচনা করিয়া দেখ: তিনি কি পুত্ররূপে, কি পিতারূপে, কি রাজারূপে দর্ব অবস্থাতেই আদর্শ চরিত্র দেখাইয়াছেন, আর তিনি যে অপূর্ব উপদেশ প্রচার করিয়া গিয়াছেন, সমগ্র জীবনে নিজে তাহা আচরণ করিয়া জীবকে শিক্ষা দিয়া গিয়াছেন। তিনি বলিয়াছেন:

১ Concord—আমেরিকার যুক্তরাষ্ট্রের (U.S.A) প্রাঞ্লে একটি শহর। এপানেই এমার্সন ভীহার জীবনের শেষ ৪৮ বংসর অভিবাচিত কলেছ।

যিনি প্রবল কর্মশীল্ডার মধ্যে থাকিয়াও মধুর শাস্তি লাভ করেন, আবার গভীর নিস্তন্ধতার মধ্যেও মহাকর্মশীল, তিনিই জীবনের যথার্থ রহস্ত বুঝিয়াছেন।

ইহার উপায় অনাসক্তি। সব কাল কর, কিন্তু কোন কিছুর সহিত নিজেকে অচ্ছেতভাবে জড়িত করিও না। তুমি সর্বদাই শুদ্ধ বৃদ্ধ মৃক্ত সাক্ষিত্বরূপ আত্মা। কর্ম আমাদের তৃঃথের কারণ নহে, আসক্তিই তৃঃথের কারণ। দৃষ্টান্তত্বরূপ অর্থা। কর্ম আমাদের তৃঃথের কারণ নহে, আসক্তিই তৃঃথের কারণ। দৃষ্টান্তত্বরূপ অর্থের কথা ধরুন, ধনবান্ হওয়া খ্ব ভাল কথা। ক্বফের উপদেশ এই—অর্থ উপার্জন কর, টাকার জন্ম প্রাণপণে চেষ্টা কর, কিন্তু উহার প্রতি আসক্ত হইও না। পতিপত্মী, প্রক্তা, আত্মীয়ত্বজন, মান্যশ সকলের সহদ্ধেই এই কথা। ইহাদিগকে ত্যাগ করিবার প্রয়োজন নাই, কেবল এইটুকু লক্ষ্য রাথিবেন যে, ইহাদের প্রতি যেন আসক্ত হইয়া না পড়েন। আসক্তি বা অনুরাগের পাত্র কেবল একজন—স্বন্ধং প্রভু ভগবান্, আর কেহ নহে। আত্মীয়ত্বজনদের জন্ম কার্য করুন, তাহাদিগকে ভালবান্থন, তাহাদের ভাল করুন, যদি প্রয়োজন হয় তাহাদের জন্ম শত শত জীবন উৎসর্গ করুন, কিন্তু কথনও তাহাদের প্রতি আসক্ত হইবেন না। শ্রীক্ষকের নিজের জীবন উক্ত উপদেশের ঘণার্থ উদাহরণস্বরূপ ছিল।

শ্রণ রাথিবেন—যে গ্রন্থে প্রীক্ষণের জীবনচরিত বর্ণিত আছে, তাহা বছ সহস্র বংসরের প্রাচীন, আর তাঁহার জীবনের কতক অংশ প্রায় স্থাজারেথবাসী যীশুর মতো। ক্বফ রাজবংশে জন্মগ্রহণ করিয়াছিলেন। কংস নামে একজন অত্যাচারী রাজা ছিল। আর কংস দৈববাণী-শ্রবণে অবগত হইয়াছিল যে, শীঘ্রই তাহার নিধনকর্তা জন্মগ্রহণ করিবেন। উহা ভানিয়া সে নিজ অম্চরবর্গকে সকল প্রুম-শিশু হত্যা করিবার আদেশ দিল। ক্বফের পিতামাতাও কংস্কৃত্ক কারাগারে নিক্ষিপ্ত হইলেন—সেই কারাগারেই পিতামাতাও কংস্কৃত্ক কারাগারে নিক্ষিপ্ত হইলেন—সেই কারাগারেই ক্ষেত্রের জন্মগ্রহণমাত্র সমৃদ্র কারাগার জ্যোতিতে উদ্ভাদিত হইয়া উঠিল। নবজাত শিশু বলিয়া উঠিল, 'আমিই সমগ্র জীব-জগতের জ্যোতিঃ স্বরূপ, জগতের কল্যাণের জন্ম জন্মগ্রহণ করিয়াছি।' আবার কৃষ্ণকে

কর্মণাকর্ম বং পজেদকর্মণি চ কর্ম বং।

স বৃদ্ধিনান্ সমূজের স বৃক্তঃ কৃৎপ্রকর্মকৃৎ। গীতা, ৪।১৮

রূপকচ্ছলে ব্রন্ধগোপাল বলা হইয়াছে, তাঁহার একটি নাম 'রাথালরাজ'। সাক্ষাৎ ভগবান্ নরকলেবর পরিগ্রহ করিয়াছেন জানিতে পারিয়া ঋষিরা তাঁহার পূজার জন্য উপস্থিত হইলেন। উভয়ের জীবনলীলার অন্যান্ত অংশে আর কোন সাদৃশ্য নাই।

যাহা হউক, শ্রীকৃষ্ণ এই অত্যাচারী কংসকে পরাভূত করিলেন বটে, কিন্তু তিনি কথনও স্বয়ং সিংহাসনে আরোহণ করিবার কল্পনাও করেন নাই। তিনি কর্তব্য বলিয়াই ঐ কার্য সম্পাদন করিয়াছিলেন; উহার ফলাফল লইয়া বা উহাতে নিজের কি স্বার্থসিদ্ধি হইতে পারে—এই বিষয়ে তাঁহার মনে কোন চিন্তা উঠে নাই।

কুক্লজেত্র-যুদ্ধের অবসানে মহারথী বৃদ্ধ পিতামহ ভীন্ম—যিনি আঠার দিনের মধ্যে দশ দিন যুদ্ধ করিয়া মৃত্যুর অপেক্ষায় শরানায় শরান ছিলেন— যুধিষ্ঠিরকে রাজধর্ম, বর্ণাশ্রমধর্ম, দানধর্ম, বিবাহবিধি প্রভৃতি বিষয়গুলি প্রাচীন অবিগণের উপদেশ অবলম্বন করিয়া বৃষাইতে লাগিলেন। তিনি যুধিষ্ঠিরের নিকট সাংখ্য ও যোগতত্ব এবং ঋষি দেবতা ও প্রাচীন রাজগণ সম্বন্ধে অনেক আখ্যায়িকা ও কিংবদস্তী বিবৃত করিলেন। মহাভারতের প্রায় এক-চতুর্থাংশ ভীন্মের এই উপদেশে পূর্ণ; ইহা হিন্দুগণের ধর্মসম্বন্ধীয় বিবিধ বিধান, নীতিতত্ব প্রভৃতির অক্ষয় ভাণ্ডারম্বরূপ। ইতোমধ্যে যুধিষ্ঠিরের রাজপদে অভিষেক-ক্রিয়া সমাপ্ত হইল। কিন্তু কুক্লজেত্র-যুদ্ধের ভয়ঙ্কর রক্তপাতে এবং আত্মীয়ম্বন্ধন ও কুলবৃদ্ধগণের নিধনে তাঁহার হাদর গভীর শোকে আচ্ছন্ন হইল। এক্ষণে ব্যাদের উপদেশাহ্নসারে তিনি অশ্বমেধ যুক্ত সম্পন্ন করিলেন।

যুদ্ধাবদানে পঞ্চদশ বর্ষ যাবৎ যুধিষ্ঠির ও তদীয় ভ্রাতৃগণ কর্তৃক পূজিত হইয়া ধৃতরাষ্ট্র দদমানে নিরুদ্ধেগে অতিবাহিত করিলেন। পরে দেই বৃদ্ধ ভূপতি যুধিষ্ঠিরকে রাজ্যের দম্দয় ভার অর্পণ করিয়া নিজ্ঞ পতিব্রতা মহিষী ও পাণ্ডবগণের যাতা কুন্তার দহিত শেষ জীবনে তপস্থার জন্ম অরণ্যে প্রস্থান করিলেন।

সিংহাসনে আরোহণের পর ছত্রিশ বংসর অতিবাহিত হইলে একদিন সংবাদ আসিল—পাণ্ডবদের পরম স্বহং, পরম আত্মীয়, আচার্য, পরামর্শদাতা, উপদেষ্টা শ্রীকৃঞ এই মর্ত্যধাম পরিত্যাগ করিয়াছেন। অর্জুন অনতিবিলম্বে ঘারকায় গমন ও তথা হইতে প্রত্যাবর্তন করিয়া প্রক্রণত শোকসংবাদই সমর্থন করিলেন। তথু কৃষ্ণ কেন, ষাদবগণের প্রায় কেহই জীবিত ছিলেন না। তখন রাজা যুধিষ্ঠির ও অক্যাক্ত প্রাত্তগণ শোকে মৃহমান হইয়া ভাবিলেন, আর কেন—আমাদেরও ঘাইবার সময় উপস্থিত হইয়াছে। এই ভাবিয়া তাঁহারা রাজকার্য পরিত্যাগ করিয়া অর্জুনের পৌত্র পরীক্ষিৎকে সিংহাসনে বসাইয়া মহাপ্রস্থানের জক্ত হিমালেয়ে গমন করিলেন। মহাপ্রস্থান এক প্রকার সম্মাসবিশেষ। প্রাচীনকালে ভারতে রাজগণও অক্তাক্ত সকলের ক্যায় বৃদ্ধ বয়নে সম্মানী হইতেন। জীবনের সকল মায়া কাটাইয়া পানাহারবর্জিত অবস্থায় যে পর্যন্ত না দেহপাত হয়, সে পর্যন্ত কেবল ঈশ্বচন্তা করিতে করিতে হিমালয়ের দিকে চলিতে হয়; এইরূপে চলিতে চলিতে দেহত্যাগ হইয়া থাকে।

তারপর দেবগণ ও ঋষিগণ আদিয়া বাজা যুধিষ্টিরকে বলিলেন যে, তাঁহাকে
সশবীরে স্বর্গে যাইতে হইবে। স্বর্গে ধাইতে হইলে হিমালয়ের উচ্চতম চূড়াসমৃহ পার হইয়া যাইতে হয়। হিমালয়ের পরপারে স্থমেক পর্বত। স্থমেক
পর্বতের চূড়ায় স্বর্গলোক। সেথানে দেবগণ বাস করেন। কেহ কথনও
সশবীরে স্বর্গে যাইতে পারেন নাই। দেবগণ যুধিষ্টিরকে এই স্বর্গে যাইবার জন্ত
আমন্ত্রণ করিলেন।

স্তরাং পঞ্চপাণ্ডব ও তাঁহাদের সহধর্মিণী স্ত্রোপদী স্বর্গগমনে ক্তসম্বল্ল হইয়া বন্ধল পরিধান করিয়া যাত্রা করিলেন। পথে একটি কুকুর তাঁহাদের পশ্চাৎ পশ্চাৎ যাইতে লাগিল। ক্রমে উত্তরাভিম্থে চলিতে চলিতে তাঁহারা হিমালয়ে উপনীত হইলেন ও ক্লান্তপদে হিমালয়ের চূড়ার পর চূড়া লহ্মন করিতে উপনীত হইলেন ও ক্লান্তপদে হিমালয়ের চূড়ার পর চূড়া লহ্মন করিতে করিতে অবশেষে সম্মুথে স্থবিশাল স্থমেক গিরি দেখিতে পাইলেন। তাঁহারা করিতে অবশেষে উপর দিয়া চলিতেছেন, এমন সময়ে জৌপদী হঠাৎ অবসরদেহে পড়িয়া গেলেন, আর উঠিলেন না। সকলের অগ্রগামী মুধিষ্টিরকে অবসরদেহে পড়িয়া গেলেন, আর উঠিলেন না। সকলের অগ্রগামী মুধিষ্টিরকে ভীম বলিলেন, 'রাজন, দেখুন দেখুন—রাজ্ঞী জৌপদী ভূমিতলে পতিতা ভীম বলিলেন, 'রাজন, দেখুন দেখুন—রাজ্ঞী জৌপদী ভূমিতলে পতিতা হইরাছেন।' মুধিষ্টিরের চক্ষ্ দিয়া শোকাশ্র ঝিরিল, কিন্তু তিনি ফিরিল্লা হেইরাছেন।' মুধিষ্টিরের চক্ষ্ দিয়া শোকাশ্র ঝিরিল, কিন্তু তিনি ফিরিল্লা কেবল বলিলেন, 'আমরা ক্ষেত্র সহিত সাক্ষাৎ করিতে যাইতেছি, এখন আর পশ্চাতে ফিরিয়া দেখিবার সময় নাই। চল অগ্রসর হন্ত।' কিয়ৎক্ষণ পরে ভীম আবার বলিয়া উঠিলেন, 'দেখুন, দেখুন আমাদের প্রাতা সহদেব

পড়িল।' রাজার শোকাশ্রু ঋরিল, কিন্তু তিনি ধামিলেন না। কেবল বলিলেন, 'চল চল, অগ্রসর হও।'

সহদেবের পতনের পর এই অতিরিক্ত শীত ও হিমানীতে নকুল, অর্জুন ও ভীম একে একে পড়িলেন, কিন্তু রাজা যুধির্ষ্টির তথন একাকী হইলেও অবিচলিতভাবে অগ্রসর হইতে লাগিলেন। পশ্চাতে একবার ফিরিয়া দেখিলেন, যে কুকুরটি তাঁহাদের সঙ্গ লইয়াছিল, সে তথনও তাঁহার পশ্চাৎ পশ্চাৎ আমিতেছে। তথন রাজা যুধির্ষ্টির ঐ কুকুরের সহিত হিমানীস্থূপের মধ্য দিয়া অনেক পর্বত উপত্যকা অতিক্রম করিয়া ক্রমশঃ উচ্চে আরোহণ করিতে লাগিলেন এবং এইরূপে অবশেষে স্থমেরু পর্বতে উপনীত হইলেন। তথন স্বর্গের তুন্দুভিধ্বনি শ্রুত হইতে লাগিল, দেবগণ এই ধার্মিক রাজার উপর পূল্পর্বিষ্ট করিতে লাগিলেন। এইবার ইন্দ্র দেবরথে আরোহণ করিয়া সেখানে অবতীর্ণ হইলেন এবং রাজা যুধির্টিরকে সম্বোধন করিয়া কহিলেন; 'হে রাজন, তুমি মর্তাগণের মধ্যে শ্রেষ্ঠ, কারণ একমাত্র তোমাকেই সশরীরে স্বর্গারোহণের অধিকার দেওয়া হইয়াছে।' কিন্তু যুধির্টির ইন্দ্রকে বলিলেন, 'আমি আমার একান্ত অন্থগত লাত্চত্ত্রয় ও দ্রোপদীকে না লইয়া স্বর্ণে গমন করিতে প্রস্তুত নহি।' তথন ইন্দ্র তাঁহাকে বলিলেন, তাঁহারা পূর্বেই স্বর্গে গিয়াছেন।'

এখন যুধিষ্ঠির তাঁহার পশ্চাতে ফিরিয়া তাঁহার অফুসরণকারী সেই
কুকুরটিকে সম্বোধন করিয়া বলিলেন, 'বৎস, এস, রথে আরোহণ কর।' ইন্দ্র
এই কথা শুনিয়া চমকিত হইয়া কহিলেন, 'রাজন, আপনি এ কি বলিতেছেন!
কুকুর রথে আরোহণ করিবে! এই অশুচি কুকুরটাকে আপনি ত্যাগ করুন।
কুকুর কথনও স্বর্গে যায় না। আপনার মনের ভাব কি ? আপনি কি পাগল
হইয়াছেন ? ময়য়ৢগণের মধ্যে আপনি ধার্মিকশ্রেষ্ঠ, আপনিই কেবল সশরীরে
স্বর্গগমনের অধিকারী।' তথন রাজা যুধিষ্ঠির বলিলেন, 'হে ইন্দ্র, হে দেবরাজ,
আপনি যাহা বলিতেছেন, তাহা সকলই সত্য; কিন্তু এই কুকুরটি হিমানীস্তৃপল্লতানের সময় প্রভুভক্ত ভূত্যের মতো বরাবর আমার সঙ্গে আদিয়াছে,
একবারও আমার সঙ্গ তাাগ করে নাই। আমার লাতৃগন একে একে
দেহতাাগ করিল, মহিষীরও প্রাণ গেল—সকলেই একে একে আমায়
ত্যাগ করিল, কেবল এই কুকুরটিই আমায় ত্যাগ করে নাই। আমি এখন

উহাকে কিরূপে ত্যাগ করিতে পারি?' ইন্দ্র বলিলেন, 'কুকুর-সঙ্গী মাহ্মবের স্বর্গনাকে স্থান নাই। অতএব কুকুরটিকে পরিত্যাগ করিতেই হইবে, ইহাতে আপনার কোন অধর্ম হইবে না।' যুধিষ্ঠির বলিলেন, 'কুকুরটি আমার দকে যাইতে না পাইলে আমি স্বর্গে থাইতে চাহি না। যতক্ষণ দেহে জীবন থাকিবে, ততক্ষণ আমি শরণাগতকে কখনও পরিত্যাগ করিতে পারিব না। আমি জীবন থাকিতে স্বর্গন্থ-সম্ভোগের জন্ম অথবা দেবতার অহ্বরোধেও ধর্মপথ কথনও পরিত্যাগ করিব না।' তখন ইন্দ্র বলিলেন, 'রাজন, আপনার শরণাগত কুকুরটি স্বর্গে গমন করে, ইহাই যদি আপনার একান্ধ অভিপ্রেত হয়, তবে আপনি এক কাল্ক করুন। আপনি মর্তাগণের মধ্যে শ্রেষ্ঠ ধার্মিক, আর ওই কুকুর অভচি—প্রাণিহত্যাকারী, জীবমাংসভোজী, হিংসার্ভিপরায়ণ ; কুকুরটা পাপী, আপনি প্ণ্যাত্মা। আপনি প্ণাবলে যে স্বর্গলোক অর্জন করিয়াছেন, তাহা এই কুকুরের সহিত বিনিময় করিতে পারেন।' রাজা যুধিষ্ঠির বলিলেন, 'আমি ইহাতে সন্মত আছি। কুকুর আমার সমৃদয় পূণ্য লইয়া স্বর্গে গমন করুক।'

যুধিষ্ঠির এই বাক্য বলিবামাত্র যেন পট-পরিবর্তন হইল। যুধিষ্ঠির দেখিলেন, দেখানে কুকুর নাই, তাহার ছানে সাক্ষাৎ ধর্মরাজ যম বর্তমান। তিনি রাজা যুধিষ্ঠিরকে সম্বোধন করিয়া বলিলেন, 'রাজন, আমি সাক্ষাৎ ধর্মরাজ, আপনার ধর্ম পরীক্ষার জন্ত কুকুররূপ পরিগ্রহ করিয়াছিলাম। আপনি পরীক্ষার উত্তীর্ণ হইয়াছেন। একটা সামাত্ত কুকুরেক নিজের প্রণাজিত অর্গ প্রদান করিয়া পরং তাহার জন্ত নরকে গমন করিতে প্রস্তুহ ইয়াছিলেন, আপনার মতো নিংমার্থ ব্যক্তি এ পর্যন্ত ভূমণ্ডলে জন্মগ্রহণ করে নাই। হে মহারাজ, আপনার জন্ম বারা পৃথিবী ধন্ত হইয়াছে। সর্বপ্রণীর প্রতি আপনার গভীর অমুকম্পা—এইমাত্র তাইার প্রকৃষ্ট পরিচয় পাইলাম। অভএব আপনি অক্ষম স্থকর লোকসমূহ লাভ করন। হে রাজন, আপনি নিজধর্মবলে ঐ-সকল লোক অর্জন করিয়াছেন, আপনার দিব্য প্রমণ্ট লাভ হইবে।'

তখন যুধিষ্টির স্বর্গীয় বিমানে আবোহণ করিয়া ইন্দ্র ধর্ম ও অস্তান্ত দেবগণের সঙ্গে স্বর্গে গমন করিলেন। সেখানে আবার প্রথমে তাঁহার আরও কিছু পরীকা হইল, পরে স্বর্গন্থ মন্দাকিনীতে অবগাহন করিয়া তিনি দিবাদেহ লাভ করিলেন। অবশেষে অমর দেবদেহপ্রাপ্ত ভ্রাতৃগণের সহিত তাঁহার সাক্ষাৎ হইল। তথন সকল তৃঃথের অবসান হইল, তাঁহারা সকলে আনন্দের পরাকাগ্র্যা লাভ করিলেন।

এইরূপে মহাভারত উচ্চভাব্যোতক কবিতায় 'ধর্মের জয় ও অধর্মের পরাজয়' বর্ণনা কবিয়া এইখানেই পরিসমাপ্ত হইয়াছে।

উপসংহাবে বলি, আপনাদের নিকট মহাভারতের মোটাগৃটি সংক্ষিপ্ত বিবরণমাত্র দিলাম। কিন্ত মহাপ্রতিভাবান্ও মনীযাসম্পন্ন মহর্ষি বেদ্বাস ইহাতে যে অসংখ্য মহাপুক্ষের উন্নত ও মহিমময় চরিত্রের সমাধেশ করিয়াছেন, তাহার সামান্ত পরিচয়ও দিতে পারিলাম না। ধর্মভীক্র অথচ তুর্বলচিত্ত বৃদ্ধ অন্ধ রাজা ধৃতরাষ্ট্রের মনে একদিকে ধর্ম ও ক্যায়, অপরদিকে পুত্রবাৎসল্যের অন্তর্ব, পিতামহ ভীলের মহৎ চরিত্র, রাজা যুধিষ্টিরের মহান্ ধর্মভাব, অপর চারি পাওবের উন্নত চরিত্র, যাহাতে একদিকে মহাশোর্ঘবীর্য-অপর দিকে দর্বাবন্থায় জ্যেষ্ঠলাতা রাজা যুধিষ্ঠিরের প্রতি অগাধ ভক্তি ও অপূর্ব আজ্ঞাবহতার সমাবেশ; মানবীয় অনুভূতির পরাকাষ্ঠা শ্রীক্তফের অতুলনীয় চরিত্ত, এবং তপস্থিনী রাজ্ঞী গান্ধারী, পাণ্ডবগণের স্বেহ্মরী জননী কুন্তী, সদা ভক্তিপরায়ণা ও সহিষ্কৃতার প্রতিমৃতি দ্রোপদী প্রভৃতি নারীদের চরিত্র— যাহা পুরুষগণের চরিত্রের তুলনায় কোন অংশে কম উজ্জ্বল নহে-এই কাব্যের এই-সকল এবং অন্তান্ত শত শত চরিত্র এবং রামায়ণের চরিত্রসমূহ বিগত দহস্র বর্ষ ধরিয়া দমগ্র হিন্দুজগতের দয়তে রক্ষিত জাতীয় দম্পত্তি, এবং ভাঁহাদের ভাবধারা ও চরিত্রনীতির ভিত্তিরূপে বর্তমান রহিয়াছে। বাস্তবিক এই রামায়ণ ও মহাভারত প্রাচীন আর্ঘগণের জীবনচরিত ও জ্ঞানরাশির স্ববৃহৎ বিশ্বকোষ। ইহাতে সভ্যতার যে আদর্শ চিত্রিত হইয়াছে, ভাহা লাভ করিবার জন্ম সমগ্র মানব-জাতিকে এখনও বহুকাল ধরিয়া চেট্টা করিতে হইবে।

জড়ভরতের উপাধ্যান (ক্যালিকোর্নিয়ার প্রদত্ত বক্তৃতা)

প্রাচীনকালে ভবত নামে এক প্রবলপ্রতাপ সমাট্ ভারতবর্ধে বাজ্ব করিতেন। বৈদেশিকগণ বাহাকে 'ইণ্ডিয়া' নামে অভিহিত করেন, তাহা ঐ দেশের অধিবাসিগণের নিকট 'ভারতবর্ধ' নামে পরিচিত। শাস্ত্রের অফুশাসন অফুসারে বৃদ্ধ হইলে সকল আর্যসন্তানকেই সে-মুগে সংসার ছাড়িয়া, নিম্ন পুত্রের উপর সংসারের সমস্ত ভার ঐশর্য ধন সম্পত্তি সমর্পণ করিয়া বানপ্রসাম্মর অবলম্বন করিতে হইত। সেখানে তাঁহাকে তাঁহার যথার্থ স্বরুপ—আত্মার চিন্তায় কালক্ষেপ করিতে হইত; এইরূপে তিনি সংসারের বন্ধন ছেদন করিতেন। রাজাই হউন, পুরোহিতই হউন, ক্রমকই হউন, ভৃত্যই হউন, পুরুষই হউন বা নারীই হউন, এই কর্তব্য হইতে কেহই অব্যাহতি পাইতেন না। কারণ—পিতা-মাতা, ল্রাতা-ভয়ী, স্বামী-স্বী, পুত্ত-কল্পা, প্রভৃতি রূপে গৃহস্থের অমুঠেয় কর্তব্যগুলি সেই এক চরম অবস্থায় পৌছিবার সোপান মাত্র, যে-অবস্থায় মামুবের জ্ডবন্ধন চিরদিনের জন্ত ছির হইয়া যায়।

রাজা ভরত বৃদ্ধ হইলে পুত্রকে সিংহাসনে বসাইয়া বনে গমন করিলেন।
এক সময়ে যিনি লক্ষ লক্ষ প্রজার দণ্ডমূণ্ডের বিধাতা ছিলেন, যিনি স্থবর্গরজভর্পচিত
মর্মরপ্রাসাদে বাস করিতেন, যাহার পানপাত্র নানাবিধ-রত্তমণ্ডিত ছিল, তিনি
হিমারণ্যের এক স্রোভিম্বনীতীরে কুশ ও তৃণহারা স্বহস্তে এক কুল কুটার নির্মাণ
করিয়া বন্ধ ফলমূল থাইয়া জীবনধারণ করিতে লাগিলেন। মানবাত্মায় যিনি
অন্তর্থামিরূপে নিত্যবর্তমান, সেই পরমাত্মার অহরহঃ ত্মরণ-মননই তাঁহার
একমাত্র কার্থ হইল।

এইরূপে দিনের পর দিন, মাসের পর মাদ, বৎসরের পর বংসর চলিয়া শেল। একদিন রাজর্ধি নদীতীরে বসিয়া উপাদনা করিতেছেন, এমন সময় এক হরিণী জল পান করিবার জন্ত দেখানে উপস্থিত হইল। ঠিক সেই সময়েই কিছুদ্রে একটি সিংহ প্রবল গর্জন করিয়া উঠিল। হরিণী এত ভীতা হইল যে, শিপাসা দ্র না করিয়াই নদী পার হইবার জন্ত এক উচ্চ লক্ষ্ণ প্রদান করিল। আদর্শপ্রসবা হরিণী এইরূপে হঠাৎ তম্ব পাওয়ায় এবং লক্ষ্প্রদানের অতিরিক্ত **পরিশ্রমে তৎক্ষণাৎ একটি শাব**ক প্রদব করিয়াই প্রাণত্যাগ করিল। হবিণশাবকটি জনিয়াই জলে পড়িয়া গেল; নদীর থর স্রোত তাহাকে জ্রুত একদিকে টানিয়া লইয়া যাইতেছিল, এমন সময় রাজার দৃষ্টি সেইদিকে নিপতিত হইল। রাজা নিজ আসন হইতে উঠিয়া হরিণশাবকটিকে জল হইতে উদ্ধার করিলেন, পরে নিজ কুটীরে লইয়া গিয়া অগ্নিসেকাদি গুশ্রুষা ষারা তাহাকে বাঁচাইয়া তুলিলেন। করুণহদয় রাজর্ষি অতঃপর হরিণশিশুটির **লালনপালনের ভা**র স্বয়ং গ্রহণ করিলেন, প্রত্যহ ভাহার জন্ম স্থকোমল ত্ব ও ফলমূলাদি শ্বয়ং সংগ্রহ করিয়া তাহাকে খাওয়াইতে লাগিলেন। **সংসারত্যানী রান্ধর্বির পিতৃগুলভ যত্নে হরিণশিশুটি দিন দিন বাড়িতে লাগিল। ক্রমে দে একটি স্থলর**কায় হরিণ হইয়া দাঁড়াইল। যে রাজা নিজের মনের বলে পরিবার বাজ্যসম্পদ অতুল বিভব ও ঐশর্যের উপর চিব্ৰ**জীবনের মমতা কা**টাইয়াছিলেন, তিনি এখন নদী হইতে বাঁচানো মৃগ**লিভর উপর আদক্ত হই**য়া পড়িলেন। হরিণের উপর তাঁহার স্নেহ যতই বর্ষিত হইতে লাগিল, ততই তিনি ঈখরে চিত্তসমাধান করিতে অসমর্থ ছইলেন। বনে চরিতে গিয়া যদি হরিণটির ফিরিতে বিলম্ব হইত, তাহা হইলে বান্ধবির মন তাহার জন্ম অতিশয় উদিয় ও ব্যাকৃল হইত। তিনি ভাবিতেন—আহা, বুঝি আমার প্রিয় হরিণটিকে বাঘে আক্রমণ করিয়াছে, হয়তো বা তাহার অন্ত কোনপ্রকার বিপদ হইয়াছে, তাহা না হইলে এত বিলম্ব হইতেছে কেন ?

এইরপে কয়েক বর্ষ কাটিয়া গেল। অবশেষে কালচক্রের পরিবর্তনে বাজর্ষির মৃত্যুকাল আদিয়া উপস্থিত হইল। কিন্তু তাঁহার মন মৃত্যুকালেও আত্মতত্বধ্যানে নিবিষ্ট না হইয়া হরিণটির চিস্তা করিতেছিল। নিজ প্রিয়তম মৃগটির কাতর্ব নয়নের দিকে একদৃষ্টে চাহিয়া থাকিতে থাকিতে তাঁহার জীবাআা দেহত্যাগ করিল। মৃত্যুকালে হরিণ-ভাবনার ফলে পরজন্মে তাঁহার হরিণ-দেহ হইল। কিন্তু কোন কর্মই একেবারে ব্যর্থ হয় না। স্প্তরাং রাজর্ষি ভরত গৃহস্থাশ্রমে রাজারপে এবং বানপ্রস্থাশ্রমে ঋষিরপে যে-দকল মহৎ ও শুভ কার্যের অফুষ্ঠান করিয়াছিলেন, তাহারও ফল ফলিল। যদিও তিনি বাক্শক্তিরহিত হইয়া পশু-শরীরে বাস করিতেছিলেন, তথাপি তিনি জাতিমার হইলেন অর্থাৎ পূর্বজন্মের দকল কথাই তাঁহার শ্বতিপথে উদিত

বহিল। তিন নিজ সদিগণকে পরিত্যাগ করিয়া পূর্বসংস্থারবলে ঋষিগণের আশ্রমের নিকট বিচরণ করিতে যাইতেন; সেখানে প্রত্যন্ত যাগ, হোর ও উপনিবদ্ আলোচনা হইত।

মুগরপী ভবত যথাকালে দেহত্যাগ করিয়া পর ছবে কোন ধনী ব্রাহ্মণের कनिर्ध भूजद्राप जन्मश्रद्ध कविरामन । थे पात्र छिनि पाछित्रदं रहेरामन, মডবাং পূৰ্ববৃত্তাম্ভ দৰ্বদা স্বভিপথে জাগরক থাকায় বাল্যকাল হইভেই তাঁহার এই मृत् मक्त हरेन त्य, जिनि चाद मश्मात्वव छानमत्म चिष्ठि हरेत्वन ना। **শिखद क्राय वरत्रावृद्धि इटेर्ड गांगिन, जिनि दिन विनर्ड ७ वहेशूडे इटेरनन,** কিছু কাহারও সহিত কোন বাক্যালাপ করিতেন না: পাছে সংসাবজালে ষড়িত হইরা পড়েন—এই ভয়ে তিনি ষড় ও উন্মন্তের ফ্লায় ব্যবহার করিতেন। তাঁহার মন সেই অনম্ভত্তরণ পরত্রন্ধে সর্বদা নিমগ্ন থাকিত, প্রারন্ধ কর্ম ভোগদারা কর করিবার দস্তই তিনি দীবনযাপন করিতেন। কাদক্রমে পিতার মৃত্যুর পর পুত্রগণ পিতৃ-সম্পত্তি আপনাদের মধ্যে ভাগ করিয়া লইলেন। তাঁহারা ঐ সর্বকনিষ্ঠভ্রাতাকে অভ্প্রকৃতি ও অকর্মণ্য জ্ঞান করিয়া তাঁহার প্রাণ্য সম্পত্তি হইতে তাঁহাকে ৰঞ্চিত করিয়া নিষ্পেরাই তাহা গ্রহণ করিলেন। তাঁহারা ভ্রাতার প্রতি এইটুকু মাত্র অহুগ্রহ প্রকাশ করিলেন যে, তাঁহাকে দেহধারণের উপযোগী আহারমাত্র দিতেন। ভ্রাভৃজায়াগণ দর্বদাই তাঁহার প্রতি অতি কর্কশ ব্যবহার করিয়া তাঁহাকে গুরুতর শ্রমসাধ্য কার্যে নিযুক্ত করিতেন; স্থার ৰদি তিনি তাঁহাদের ইচ্ছাহ্রণ সকল কার্য করিতে না পারিতেন, তবে তাঁহার। তাঁহার সহিত নিষ্ঠুর ব্যবহার করিতেন। কিন্ত ইহাতেও তাঁহার কিছুমাত্র বিরক্তি বা ভন্ন হইত না, তিনি একটি কথাও বলিতেন না। যথন **অ**ত্যাচাবের মাত্রা বাড়িয়া যাইত, তথন তিনি গৃহ হইতে নিঃশব্দে বাহির হইয়া ষাইতেন এবং তাঁহাদের ক্রোধের উপশ্য না হওয়া পর্যন্ত ফটার পর ঘন্টা বুক্ষমূলে বসিন্না থাকিতেন। তাঁহাদের রাগ পড়িন্না গেলে **আবার শাস্তভা**বে গৃহে ফিব্লিভেন।

একদিন জড়ভরতের প্রান্থবধ্গণ তাঁহাকে অতিরিক্ত তাড়না করিলে তিনি গৃহের বাহিরে গিয়া এক বৃক্ষছায়ায় বসিয়া বিশ্রাম করিতে লাগিলেন। সেই সময়ে সেই দেশের রাজা শিবিকারোহণে সেই পথ দিয়া যাইতেছিলেন। হঠাৎ একজন শিবিকা-বাহক অসুস্থ হইয়া পড়িলে রাজার অস্চরবর্গ তাহার স্থানে শিবিকাবহন-কার্যের জন্ম আর একজন লোক অন্নেষণ করিতে লাগিল; অমুসন্ধান করিতে করিতে জড়ভরতকে বৃক্ষতলে উপবিষ্ট দেখিতে পাইল। তাঁহাকে স্বল ঘ্ৰাপুক্ৰ দেখিয়া তাহারা তাঁহাকে জ্ঞিলা কবিল, 'রাজার এক শিবিকাবাহকের পীড়া হইয়াছে; তুমি তাহার পরিবর্তে রাজার শিবিকা বহন করিতে রাজী আছ ?' ভরত তাহাদের প্রশ্নের কোন উত্তর দিলেন না। রাজার অমূচরগণ দেখিল এ ব্যক্তি বেশ হাইপুট, অভএব তাহারা তাঁহাকে বনপূর্বক ধরিয়া নইয়া শিবিকাবাহনে নিযুক্ত করিন। ভরতও নীরবে শিবিকা বহন করিতে লাগিলেন। কিছুক্ষণ পরে রাজা দেখিলেন, শিবিকা বিষমভাবে চলিতেছে। শিবিকার বহির্দেশে দৃষ্টিপাত করিয়া তিনি নৃতন বাহককে দেখিয়া বলিয়া উঠিলেন, 'মূর্থ, কিয়ৎক্ষণ বিশ্রাম কর্, যদি তোর স্কৰ্ষে বেদনাবোধ হইয়া থাকে, তবে কিছুক্ষণ বিশ্রাম করু।' তথন ভরত স্কন্ধ হইতে শিবিকা নামাইয়া জীবনে এই প্রথম মৌনভঙ্গ করিয়া রাজাকে সংখাধন করিয়া কহিতে লাগিলেন: হে রাজন্, কাহাকে আপনি মূর্থ বলিতেছেন? কাহাকে আপনি শিবিকা নামাইতে বলিতেছেন? কে ক্লান্ত হইয়াছে, বলিভেছেন ? কাহাকে 'তুই' বলিয়া সম্বোধন করিভেছেন ? হে বাজন, 'তুই' শব্দের দারা যদি আপনি এই মাংদপিও—দেহটাকে লক্ষ্য করিয়া থাকেন, তবে দেখুন, আপনার দেহও যেমন পঞ্চুতনির্মিত, এই দেহও তেমনি। আর দেহটা তো অচেতন, জড়; ইহার কি কোন প্রকার ক্লান্তি বা কট্ট থাকিতে পারে ? যদি 'মন' আপনার লক্ষ্য হয়, ভবে আপনার মন যেরপ, আমারও তো তাহাই—উহা তো দর্বব্যাপী। আর যদি 'তুই' শব্দে দেহমনেরও অভীত বম্বকে লক্ষ্য করিয়া থাকেন, ডাহা হইলে তো ইহা সেই আত্মা—আমার যথার্থ স্বরূপ ব্যতীত আর কিছুই নহে, তাহা আপনাতে যেমন, আমাতে তেমনি; জগতের মধ্যে ইহা দেই 'একমেবাদ্বিভীয়ম্' তব। বাজন্, আপনি কি বলিতে চাহেন, আত্মা কথনও ক্লান্ত হইতে পারেন? আপনি কি বলিতে চাহেন, আত্মা কখনও আহত হইতে পারেন? হে রাম্বন, অদহায় পথদঞ্চারী কীটগুলিকে পদদলিত করিবার ইচ্ছা অ'মার এই দেহটার ছিল না, তাই যাহাতে তাহারা পদদলিত না হয়, সেতুভ এইভাবে সাবধান হইয়া চলাতেই শিবিকার গতি বিষম হইয়াছিল। কিন্তু আত্মা তো কথনও ক্লান্তি অমুভব করে না, চুর্বলতা বোধ করে না; কারণ আত্মা দর্ববাদী ও দ্র্বশক্তিমান্।—এইরপে ডিনি আত্মার বরুপ, পরাবিভা প্রভৃতি বিষয়-সম্বন্ধ ওঞ্চবিনী ভাষায় অনেক উপদেশ দিলেন।

বাজা পূর্বে বিভা ও জানের জন্ত গবিত ছিলেন, তাঁহার অভিযান চূর্ণ হইল। তিনি শিবিকা হইতে অবতরণ করিয়া, ভরতের চরণে পতিত হইয়া বলিতে লাগিলেন, 'হে সহাভাগ, আপনি যে একজন মহাপুরুষ, তাহা না জানিয়াই আপনাকে শিবিকাবহন-কার্যে নিম্কু করিয়াছিলাম, সেজন্ত আমি আপনার নিকট ক্ষমা ভিকা করিতেছি।' ভরত তাঁহাকে আশীর্বাদ করিয়া অখানে প্রস্থান করিলেন এবং পূর্ববং নিজের ভাবে নীয়বে জীবন্যাপন করিতে লাগিলেন। যথন ভরতের দেহপাত হইল, তিনি চিরদিনের জন্ত জনম্ভার বজন হইতে মৃক্ত হইলেন।

প্রহ্লাদ-চরিত্র

(ক্যালিকোর্নিয়ায় প্রদন্ত বক্তৃতা)

হিরণ্যকশিপু দৈত্যগণের রাজা ছিলেন। দেব ও দৈত্য উভয়েই এক পিতা হইতে উৎপন্ন হইলেও সর্বদাই পরস্পর যুদ্ধ করিতেন। সচরাচর মানব-প্রদন্ত যজ্জভাগে অথবা পৃথিবীর শাসন ও পরিচালন-ব্যাপারে দৈত্যগণের অধিকার ছিল না। কিন্তু কথন কথন তাঁহারা প্রবল হইয়া দেবগণকে স্বর্গ হইতে বিতাড়িত করিয়া তাঁহাদের সিংহাসন অধিকার করিতেন এবং কিছুকালের জন্ম পৃথিবী শাসন করিতেন। তথন দেবগণ সমগ্র জগতের প্রভু সর্বব্যাপী বিষ্ণুর নিকট প্রার্থনা করিতেন, তিনিও তাঁহাদিগকে উক্ত বিপদ হইতে উদ্ধার করিতেন। দৈত্যগণ পরাস্ত ও বিতাড়িত হইলে দেবগণ আবার স্বর্গরাজ্য অধিকার করিতেন।

পূর্বোক্ত দৈত্যরাজ হিরণ্যকশিপু এইরপে তাঁহার জ্ঞাতি দেবগণকে জয় করিয়া স্বর্গের সিংহাসনে আরোহণ করিয়া ত্রিভুবন অর্থাৎ মান্ন্রর ও অন্যান্ত জীবজস্কাণের বাসস্থান মর্তালোক, দেব ও দেবতুল্য ব্যক্তিগণের দারা অধ্যবিত স্বর্গলোক এবং দৈত্যগণের বাসস্থান পাতাল শাসন করিতে সমর্থ হুইয়াছিলেন। হিরণ্যকশিপু নিজেকেই সমগ্র জগতের অধীশ্বর বলিয়া ঘোষণা করিলেন। তিনি ইহাও ঘোষণা করিলেন যে, তিনি ছাড়া আর কেহ ঈশ্বর নাই, আর চারিদিকে আদেশ প্রচার করিলেন যে, কোন স্থানে কেহ যেন বিষ্ণুর উপাসনা না করে, এখন হুইতে সমুদ্র পৃদ্ধা একমাত্র তাঁহারই প্রাপ্য।

হিরণ্যকশিপুর প্রহলাদ নামে এক পুত্র ছিলেন। তিনি শৈশবাবস্থা হইতে স্বভাবতই ভগবান বিষ্ণুর প্রতি অহুরক্ত। অতি শৈশবেই প্রহলাদের বিষ্ণুভক্তির লক্ষণ দেখিয়া তাঁহার পিতা হিরণ্যকশিপু ভাবিলেন, আমি সমগ্র জগৎ হইতে বিষ্ণুর উপাসনা যাহাতে উঠিয়া যায় তাহার চেষ্টা করিতেছি, কিন্তু আমার নিজগৃহেই যদি সেই উপাসনা প্রবেশ করে, তবে তো সর্বনাশ, অতএব প্রথম হইতেই সাবধান হওয়া কর্তব্য। এই ভাবিয়া তিনি তাঁহার পুত্র প্রহলাদকে বত্ত ও অমর্ক নামক তৃইজন কঠোরশাসনক্ষম শিক্ষকের হস্তে সমর্পণ করিয়া তাঁহাদিগকে আদেশ দিলেন যে, প্রহলাদ যেন বিষ্ণুর নাম

পর্যন্ত কথন শুনিতে না পার। শিক্ষকত্বর সেই রাজপুত্রকে নিম্ন গৃহে লইরা পিয়া তাঁহার সমবয়য় অয়ায় বালকগণের সহিত রাখিয়া শিক্ষা দিতে লাগিলেন। কিন্তু শিক্ত প্রহলাদ তাঁহাদের প্রদত্ত শিক্ষাগ্রহণে মনোযোগী না হইয়া সর্বদা অপর বালকগণকে বিষ্ণুর উপাসনাপ্রণালী শিখাইতে নিষ্কু বহিলেন। শিক্ষকণণ এই ব্যাপার জানিতে পারিয়া অভিশয় ভীত হইলেন। কারণ, তাঁহারা প্রবলপ্রতাপ রাজা হিরণ্যকশিপুকে অভিশয় ভয় করিতেন; অতএব তাঁহারা প্রহলাদকে এয়প শিক্ষা হইতে নির্ব্ত করিবার জয়্র যতদ্ব সাধ্য চেষ্টা করিলেন। কিন্তু বিষ্ণু-উপাসনা ও তহিবয়ক উপদেশ-দান প্রহলাদের নিকট খাস-প্রশাসের স্লায় স্বাভাবিক হইয়া গিয়াছিল, স্বতরাং তিনি কিছুতেই উহা ত্যাগ করিছে পারিলেন না। তাঁহারা তখন নিজেদের দোর-কালনের জয়্র রাজার নিকটে গিয়া এই ভয়য়য়র সমাচার নিবেদন করিলেন যে, তাঁহার পুত্র যে কেবল নিজেই বিষ্ণুর উপাসনা করিতেছে তাহা নহে, অপর বালকগণকেও বিষ্ণুর উপাসনা শিক্ষা দিয়া নই করিয়া ফেলিতেছে।

বাদা যণ্ড ও অমর্কের নিকট পুত্র সহছে এই-সকল কথা শ্রাবণ করিয়া অতিশয় ক্রুদ্ধ হইলেন এবং তাহাকে নিজসমীপে আহ্বান করিলেন। প্রথমতঃ তিনি প্রহ্লাদকে মিট্ট বাক্যে বৃন্ধাইরা বিষ্ণুর উপাসনা হইতে নিবৃত্ত করিবার চেট্টা করিতে লাগিলেন। তিনি বৃন্ধাইবার চেট্টা করিলেন, 'আমি দৈত্যরাদ্ধ, আমিই এখন ত্রিভূবনের অধীশর, অতএব আমিই একমাত্র উপাশ্রু'; কিন্তু এই উপদেশে কোন ফল হইল না। বালক বার বার বলিতে লাগিলেন, 'দমগ্র দগতের অধীশর সর্বব্যাপী বিষ্ণুই একমাত্র উপাশ্রু; আপনার রাদ্ধ্যপ্রাপ্তিও বিষ্ণুর ইচ্ছাধীন; আর হতদিন বিষ্ণুর ইচ্ছা থাকিবে, তওদিনই আপনার রাদ্দ্র।' প্রহ্লাদের বাক্য ভনিয়া হিবণ্যকশিপু ক্রোধে উন্মন্ত হইয়া তৎক্ষণাৎ পুত্রকে বধ করিবার জন্ম নিন্ধ অম্ভের্বর্গকে আদেশ করিলেন। আদেশ পাইয়াই দৈত্যগণ স্থতীক্ষ শল্পের ঘারা তাহাকে প্রহার করিল, কিন্তু প্রহ্লাদের মন বিষ্ণুতে এতদ্র নিবিষ্ট ছিল যে, তিনি শল্পাঘাতদ্বনিত বেদনা কিছুমাত্র অম্ভুত্ত করিতে পারিলেন না।

প্রথনাদের পিতা দৈত্যরাজ হিরণ্যকশিপু যথন দেখিলেন যে, শস্ত্রাঘাতেও প্রহ্লাদের কিছু হইল না, তথন তিনি ভীত হইলেন। কিছু আবার দৈত্য-জনোচিত অসং প্রবৃত্তির বশীভূত হইয়া বালককে বিনাশ করিবার নানাবিধ পৈশাচিক উপায় উদ্ভাবন করিতে লাগিলেন। তিনি প্রথমে তাহাকে হস্তিপদতলে ফেলিয়া দিতে আদেশ করিলেন। উদ্দেশ—হস্তী তাহাকে পদতলে পিষিয়া বিনাশ করিয়া ফেলিবে। কিন্তু যেমন লোহপিওকে পিষিয়া ফেলা হস্তীর অসাধ্য, প্রফ্লাদের দেইও সেইরূপ হস্তিপদতলে পিষ্ট হইল না। স্থতরাং প্রফ্লাদকে বিনাশ করিবার এই উপায় বিফল হইল।

পরে রাজা প্রহ্লাদকে এক উচ্চ গিরিশৃঙ্গ ইইতে ভূতলে কেলিয়া দিতে আদেশ করিলেন, তাঁহার এই আদেশও যথাযথ প্রতিপালিত হইল। কিন্তু প্রহ্লাদের হৃদয়ে বিষ্ণু বাস করিতেন, স্বতরাং পূপ্প যেমন ধীরে ধীরে তুণের উপর পতিও হয়, প্রহ্লাদও তদ্ধণ অক্ষতদেহে ভূতলে পতিত হইলেন। প্রহ্লাদকে বিনাশ করিবার জন্ম অতঃপর বিষপ্রয়োগ, অগ্নিসংযোগ, অনশনে রাথা, কূপে কেলিয়া দেওয়া, অভিচার ও অন্যান্ম নানাবিধ উপায়—একটির পর একটি অবলম্বিত হইল; কিন্তু সকলই ব্যর্থ হইল। প্রহ্লাদের হৃদ্দে বিষ্ণু বাস করিতেন, স্বতরাং কিছুই তাঁহার কোন অনিষ্ট করিতে পারিল না।

অবশেষে রাজা আদেশ করিলেন, পাতাল হইতে নাগগণকে আহ্বান করিয়া দেই নাগপাশে প্রহ্লাদকে বন্ধ করিয়া সমৃদ্রের নীচে ফেলিয়া দেওয়া হউক এবং তাহার উপর বড় বড় পাহাড় স্থূপাকার করিয়া দেওয়া হউক। এই অবস্থায় তাহাকে রাথা হউক, তাহা হইলে এখনই না হয় কিছুকাল পরে সে মরিয়া যাইবে। কিন্তু পিতার আদেশে এই অবস্থায় পতিত হইয়াও প্রহ্লাদ হৈ বিষ্ণো, হে জগৎপতে, হে সৌন্দর্যনিধে ইত্যাদি বলিয়া সম্বোধন করিয়া তাহার প্রিয়তম বিষ্ণুর স্তব করিতে লাগিলেন। এইরূপে বিষ্ণুর চিন্তা ও তাহার ধ্যান করিতে করিতে তিনি ক্রমে অস্ক্তব করিলেন, বিষ্ণু তাঁহার আত্র নিকটে রহিয়াছেন; আরও চিন্তা করিতে করিতে অস্ত্রত করিলেন, বিষ্ণু তাঁহার অন্তর্থামী। অবশেষে তাঁহার অন্তর হইল যে, তিনিই বিষ্ণু, তিনিই সকল বন্তু এবং তিনিই সর্বত্ত।

যেমন প্রজ্ঞাদের এইরূপ অমুভূতি হইল, অমনি তাঁহার নাগপাশ খুলিয়া গেল, তাঁহার উপর যে পর্বতরাশি চাপাইয়া দেওয়া হইয়াছিল তাহা শুঁড়াইয়া গেল, তখন সমুদ্র ফীত হইয়া উঠিল ও তিনি ধীরে ধীরে তরঙ্গরাজির উপর উথিত হইয়া নিয়াপদে সমুদ্রকলে নীত হইলেন। তিনি যে একজন দৈতা, তাঁহার যে একটা মর্ত্যদেহ আছে, প্রহ্লাদ তখন এ-কথা একেবারে ভুলিয়া গিয়াছিলেন; তিনি উপলব্ধি করিতেছিলেন যে, তিনি সমগ্র ব্রহ্মাণ্ডম্বরপ—
ব্রহ্মাণ্ডের সমৃদয় শক্তি তাঁহা হইতে নির্গত হইতেছে। জগতে এমন কিছ্
নাই—যাহা তাঁহার কোন জনিষ্ট করিতে পারে, তিনিই সমগ্র জগতের—
সমগ্র প্রকৃতির শাস্তাম্বরূপ। এই উপলব্ধি-বলে প্রহ্লাদ সমাধিজনিত অবিচ্ছির
পরমানন্দে নিমগ্র রহিলেন। বহুকাল পরে তাঁহার দেহজ্ঞান ধীরে ধীরে
ফিরিয়া আসিল, তিনি নিজেকে প্রহ্লাদ বলিয়া বৃথিতে পারিলেন। দেহ
সম্বন্ধে আবার সচেতন ইইয়াই তিনি দেখিতে লাগিলেন, ভগবান জন্তরে
বাহিরে সর্বত্র রহিয়াছেন। তথন জগতের সকল বস্তুই তাঁহার বিষ্ণু বলিয়া
বেধি হইতে লাগিল।

যথন দৈতারান্ধ হিবণাকশিপু দেখিলেন যে, তাঁহার শক্র তগবান বিষ্ণুর পরমভক্ত নিজ পুত্র প্রহলাদের বিনাশের জন্ত অবলম্বিত সকল উপায়ই বিফল হইল, তথন তিনি অত্যন্ত ভীত ও কিংকর্তব্যবিষ্ট হইয়া পড়িলেন। তথন দৈতারাজ পুনরায় পুত্রকে নিজ সন্নিধানে আনয়ন করাইলেন এবং নানাপ্রকায় মিষ্টবাক্য বলিয়া তাঁহাকে আবার বুঝাইবার চেষ্টা করিলেন। কিন্তু প্রহলাদ পূর্বে পিতার নিকট যেরূপ উত্তর দিতেন, এখন সেই একই উত্তর তাঁহার ম্থ দিয়া নির্গত হইল। হিবণাকশিপু ভাবিলেন, শিক্ষা ও বয়োর্ছির সঙ্গে সংক্র ইহার শিশুজনোচিত এ-সব খেয়াল চলিয়া ঘাইবে। এইরূপ ভাবিয়া তিনি পুনরায় প্রহলাদকে ষণ্ড ও অমর্কের হস্তে অর্পন করিয়া তাঁহাকে রাজধর্ম শিক্ষা দিতে অমুমতি করিলেন। ষণ্ড এবং অমর্ক তদমুসারে প্রহলাদকে বাজধর্মসম্বন্ধে উপদেশ দিতে লাগিলেন, কিন্তু সেই উপদেশ প্রহলাদের ভাল লাগিত না; তিনি স্বযোগ পাইলেই সহপাঠী বালকগণকে বিষ্ণুভক্তি শিক্ষা দিয়া কাল কাটাইতে লাগিলেন।

যথন হিরণাকশিপুর নিকট এই সংবাদ পৌছিল যে, প্রহ্লাদ নিজ
সহপাঠী দৈতাবালকগণকেও বিষ্ণৃভক্তি শিথাইতেছেন, তথন তিনি আবার
কোধে উন্মন্ত হইয়া উঠিলেন এবং নিজ সমীপে ডাকাইয়া আনিয়া প্রহলাদকে
ফারিয়া ফেলিবার ভয় দেখাইলেন এবং বিষ্ণুকে অকথা ভাষায় নিন্দা
করিতে লাগিলেন। প্রহ্লাদ তথনও দৃঢ়তার সহিত বলিতে লাগিলেন,
'বিষ্ণু সমগ্র জগতের অধীশব, তিনি অনাদি, অনস্ক, স্বশক্তিমান্ ও স্ব্ব্যাপী,
এবং তিনিই একমাত্র উপাস্থা।' এই কথা ভনিয়া হিরণাকশিপু ক্রোধে

তর্জন গর্জন করিয়া বলিতে লাগিলেন, 'রে তৃষ্ট, যদি তোর বিষ্ণু সর্বব্যাপী হন, তবে তিনি এই স্বস্তু নাই কেন?' প্রহলাদ বিনীতভাবে বলিলেন, 'হাঁ, জবশুই তিনি এই স্বস্তুে আছেন।' তথন হিরণ্যকশিপু বলিলেন, 'আছা, তাই যদি হয়, তবে আমি এই তোকে তরবারি দ্বারা আঘাত করিতেছি, তোর বিষ্ণু ভোকে রক্ষা করুক।' এই বলিয়া দৈত্যরাম্ভ তরবারি-হস্তে প্রহলাদের দিকে বেগে জগ্রসর হইলেন এবং স্বস্তের উপর প্রচণ্ড আঘাত করিলেন। তৎক্ষণাৎ দেখানে বজ্বনির্ঘোষ শ্রুত হইল, নৃসিংহমূর্তি ধারণ করিয়া স্কন্তমধ্য হইতে বিষ্ণু নির্গত হইলেন। সহসা এই ভীষণ মূর্তি দর্শনে চকিত ও ভীত হইয়া দৈত্যগণ ইতন্তত্তঃ পলায়ন করিতে লাগিল। হিরণ্যকশিপু তাঁহার সহিত বহুক্ষণ ধরিয়া প্রাণপণে যুদ্ধ করিলেন, কিত্ত জ্বনেশ্বে ভগবান নৃসিংহ কর্তৃক পরাভূত ও নিহত হইলেন।

তথন স্বৰ্গ হইতে দেবগণ আদিয়া বিষ্ণুর স্তব করিতে লাগিলেন।
প্রহলাদও ভগবান নৃদিংহদেবের চরণে নিপতিত হইয়া পরম মনোহর স্তব
করিলেন। তথন ভগবান প্রসন্ন হইয়া প্রহলাদকে বলিলেন, 'বংস প্রহলাদ,
তুমি আমার নিকট যাহা ইচ্ছা বর প্রার্থনা কর। তুমি আমার অত্যস্ত
প্রিয়পাত্ত। অতএব তোমার যাহা ইচ্ছা হয়, তাহাই আমার নিকট
প্রার্থনা কর।' প্রহলাদ ভিন্তিগদ্গদস্বরে বলিলেন, 'প্রভা, আমি আপনাকে
দর্শন করিলাম, এক্ষণে আমার আর কি প্রার্থনা থাকিতে পারে? আপনি
আর আমাকে প্রহিক বা পারত্রিক কোনরূপ প্রমর্থের প্রলোভন দেখাইবেন
না।' ভগবান পুনরায় বলিলেন, 'প্রহলাদ, ভোমার নিকাম ভক্তি দেখিয়া
পরম প্রীত হইলাম। তথাপি আমার দর্শন বুথা হয় না। অতএব আমার
নিকট যে-কোন একটি বর প্রার্থনা কর।' তথন প্রহলাদ বলিলেন:

অজ্ঞানী ব্যক্তির ভোগ্য বিষয়ে যেরূপ তীব্র আদক্তি থাকে, তোমাকে শ্বরণ করিবার সময় যেন সেইরূপ গভীর অফুরাগ আমার হৃদয়ে থাকে, হৃদয় হইতে উহা যেন অপস্ত না হয়।

তথন ভগবান বলিলেন, 'বৎস, প্রহলাদ, যদিও আমার পরম ভক্তগণ ইহলোক বা পরলোকের কোনরূপ কাম্যবম্ব আকাজ্ঞা করেন না, তথাপি

বা প্রীতিরবিবেকানাং বিষয়েয়নপায়িনী।
 ছামমুত্মরতঃ দা মে ফ্রয়য়া৯প্সর্পতু। বিয়য়পুরাণ, ১।২০।১৯

ত্মি আমার আছেশে সর্বদা আমাতে মন রাথিয়া কল্লান্ত পর্যন্ত পৃথিবী ভোগ কর ও পৃণ্যকর্ম অফুষ্ঠান কর। যথাসময়ে কল্লান্ত দেহপাত হইলে আমাকে লাভ করিবে।' এইরপে প্রহলাদকে বর দিয়া ভগবান বিষ্ণু অন্তর্হিত হইলেন। তথন ব্রহ্মাপ্রমুখ দেবগণ প্রহলাদকে দৈত্যদের সিংহাসনে অভিবিক্ত করিয়া স্ব-ন্দ্র লোকে প্রস্থান করিলেন।

জগতের মহত্তম আচার্যগণ

(১৯০০ খ্রী: ৩রা ফেব্রুআরি প্যাসাডেন; নেম্নপীয়র ক্লাবে প্রদন্ত বকৃতা)

হিন্দুদের মতাহুসারে এই জগৎ তরসায়িত চক্রাকারে চলিতেছে। তরস একবার উঠিল, সর্বোচ্চ শিথরে পৌছিল, তারপর পড়িল, কিছুকালের জন্য যেন গহৰৱে পড়িয়া বহিল, আবার প্রবল তরঙ্গাকার ধারণ করিয়া উঠিবে। এইরূপে তরঙ্গের উথানের পর উথান ও পতনের পর পতন চলিতে থাকিবে। সমগ্র ক্রাণ্ড বা সমষ্টি-সম্বন্ধে যাহা সভা, উহার প্রত্যেক অংশ বা ব্যষ্টি-মৃদক্ষেও ভাহা স্ত্য। মৃহয়দ্মাজের স্কল্ ব্যাপার এইরূপে তরঙ্গাতিতেই চলিতে থাকে, বিভিন্ন জাতির ইতিহাসও এই সভ্যেরই সাক্ষ্য দিয়া থাকে। বিভিন্ন জাতিসমূহ উঠিতেছে আবার পড়িতেছে, উথানের পর পতন হইতেছে; ঐ পতনের পর আবার পূর্বাপেক্ষা অধিকতর শক্তিতে পুনকখান হইয়া থাকে। এইরপ তরঙ্গতি দর্বদা চলিতেছে। ধর্মজগতেও এইরূপ গতি দেখিতে পাওয়া যায়। প্রত্যেক জাতির আধ্যাস্থিক জীবনে এইরূপ উত্থান-প্তন ঘটিয়া থাকে। জাতিবিশেষের অধঃপ্তন হইল, বোধ হইল যেন উহার জীবনীশক্তি একেবারে নষ্ট হইয়া গেল। কিন্তু ঐ অবস্থায় ঐ জাতি ধীরে ধীরে শক্তি দঞ্চয় করিতে থাকে, ক্রমে নববলে বলীয়ান্ হইয়া আবার প্রবল বেগে জাগিয়া উঠে, তথন এক মহাতরক্ষের আবির্ভাব হয়। সময়ে সময়ে উহা মহাবল্লার আকার ধারণ করিয়া আসে, আর দর্বদাই দেখা যায়—এ তরক্ষের শীর্ষে ঈখরের একজন বার্তাবহ স্বীয় জ্যোতিত্বে চতুর্দিক উদ্ভাদিত করিয়া বিরাজ কবিতেছেন। একদিকে তাঁহারই শক্তিতে দেই তরঙ্গের—সেই জাতির অভ্যুথান, অপর দিকে আবার যে-সকল শক্তি হইতে ঐ তরঙ্গের উদ্ভব, তিনি দেগুলিরই ফলম্বরূপ; উভয়েই যেন পরম্পর, পরস্পরের উপর ক্রিয়া-প্রতিক্রিয়া করিতেছে। স্বতরাং তাঁহাকে এক হিদাবে শ্রষ্টা বা জনক, অন্ত হিদাবে স্ট বা জন্ম বলা যাইতে পারে। তিনি দমাজের উপর তাঁহার প্রবল শক্তি প্রয়োগ করেন, আবার তাঁহার এরণ হওয়ার কারণই হইল সমাজ। ইহারাই জগতের চিন্তানায়ক, প্রেরিতপুরুষ, জীবনের বার্তাবহ, ঈশ্বরাবতার।

মাহুবের ধারণা, জগতে ধর্য একটিমাত্র হওরাই সম্ভব, ধর্যাচার্য বা ঈশরাবতার একজনমাত্রই হইতে পারেন, কিন্তু এ ধারণা ঠিক নহে। মহাপুক্ষগণের জীবন আলোচনা করিলে দেখা যার, প্রত্যেকেই যেন একটি—কেবল একটি ভূমিকা অভিনয় করিবার জন্ত বিধাতা কর্তৃক নির্দিষ্ট; স্থরগুলির সমন্ব্রেই ঐকতানের স্বাষ্টি—কেবল একটি স্থরে নহে। বিভিন্ন জাতির জীবন আলোচনা করিলেও দেখা যার, কোন জাতিই কথন সমগ্র জগৎ ভোগ করিবার অধিকারী হইয়া জন্মগ্রহণ করে নাই। কোন জাতিই সাহস করিয়া বলিতে পারে না যে, আমরাই কেবল সমগ্র জগতের—সমগ্র ভোগের অধিকারী হইয়া জন্মগ্রাই কেবল সমগ্র জগতের—সমগ্র ভোগের অধিকারী হইয়া জন্মগ্রাছি। প্রকৃতপক্ষে বিধাত্নির্দিষ্ট এই জাতিসমূহের ঐকতানে প্রত্যেক জাতিই নিজ নিজ ভূমিকা অভিনয় করিতে আসিয়াছে। প্রত্যেক জাতিকেই তাহার ব্রন্ত উদ্যাপন করিতে হয়, কর্তব্য পালন করিতে হয়। এই সম্দরের সমষ্টিই মহাসমন্বয়—মহা ঐকতানসক্ষপ।

জাতিসম্বন্ধে যাহা বলা হইল, এই-সকল মহাপুক্ষ সম্বন্ধেও সেই কথা খাটে। ইহাদের মধ্যে কেহই চিরকালের জন্ত সমগ্র জগতে আধিপতা বিস্তার করিতে আসেন নাই। এ পর্যস্ত কেহই কৃতকার্য হন নাই, ভবিন্ততেও হইবেন না। মানবজাতির সমগ্র শিক্ষার প্রত্যেকেবই দান একটি অংশ মাত্র। স্তরাং ইহা সত্য যে, কালে প্রত্যেক মহাপুক্ষ জগতের ভাগ্যবিধাতা হইবেন।

আমাদের মধ্যে অধিকাংশই আজন্ম ব্যক্তিনির্ভন্ন ধর্মে (personal religion) বিধাসী। আমরা ক্ষতত্ত্ব ও নানা মতামত সম্বন্ধ আনক কথা বলিয়া থাকি বটে, কিন্তু আমাদের প্রত্যেক চিন্তা, প্রত্যেক আচরণ, প্রত্যেক কার্যই দেখাইয়া দের যে, ব্যক্তিবিশেবের চরিত্রে প্রকৃতিত হইলেই আমরা তত্ত্বিশেষ ধারণা করিতে সমর্থ হই। আমরা তথনই ভাববিশেবের ধারণার সমর্থ হই, যথন উহা আমাদের স্থুল দৃষ্টিতে প্রতিভাত আদর্শ পুক্ষ বিশেবের চরিত্রের মধ্য দিয়া রূপায়িত হয়। আমরা কেবল দৃষ্টান্তমহায়েই উপদেশ বুরিতে পারি। ঈশরেচ্ছায় যদি আমরা সকলেই এতদ্র উরত ইতাম যে, তত্ত্বিশেবের ধারণা করিতে আমাদের দৃষ্টান্ত বা আদর্শ ব্যক্তিবিশেবের প্রয়োজন হইত না, তবে অবশ্য খুব ভালই হইত, মন্দেহ নাই; কিন্তু বাল্ডবিক আমরা তত্ত্বে উরত নহি। স্তর্যাং স্বভাবতই অধিকাংশ মানব এই অসাধারণ পুক্ষধগণের, এই ঈশরাবভারগণের—প্রীষ্টান

বৌদ্ধ ও হিন্দুগণ দারা পৃঞ্জিত এই অবভারগণের চরণে আত্মসমর্পণ করিয়া আদিয়াছে। মুদলমানরা গোড়া হইতেই এইরূপ উপাদনার বিরুদ্ধে দাঁড়াইয়া-ছেন, তাঁহারা কোন প্রফেট বা ঈশ্বদৃত বা অবতারের উপাসনার বা তাঁহাকে কোন বিশেষ সম্মান প্রদর্শনের একেবারে বিরোধী। কিন্তু কার্যক্ষেত্রে দেখিতে পাওয়া যায় যে, একজন প্রফেট বা অবতারের পরিবর্তে তাঁহার সহস্র সহস্র সাধু-মহাপুরুষের পূজা করিতেছেন। প্রত্যক্ষ ঘটনা অস্বীকার করিয়া তো আর কাজ করা চলে না। প্রকৃত কথা এই, আমরা ব্যক্তিবিশেষকে উপাসনা না করিয়া থাকিতে পারি না, আর এরূপ উপাসনা আমাদের পক্ষে হিতকর। ভোমাদের অবতার যীশুঞ্জীষ্টকে যথন লোকে বলিয়াছিল, 'প্রভু, আমাদিগকে দেই পরম পিতা প্রমেশ্রকে দেখান', তিনি তথন উত্তর দিয়াছিলেন, 'যে আমাকে দেখিয়াছে, দে-ই পিতাকে দেথিরাছে।' তাঁহার এই কথাটি তোমরা স্মরণ করিও। আমাদের মধ্যে এমন কে আছে, যে তাঁহাকে মানব ব্যতীত অন্তভাবে কল্পনা করিতে পারে? আমরা তাঁহাকে কেবল মানবীয় ভাবের মধ্য দিয়াই দেখিতে সমর্থ। এই গৃহের দর্বত্রই তো আলোক-তরঙ্গ ম্পন্দিত হইতেছে, তবে আমরা উহা দেখিতেছি না কেন ? কেবল প্রদীপেই উহা দেখিতে পাওয়া যায়। এইরূপ ঈশ্বর সর্বব্যাপী নিগুল নিরাকার তত্ত্বিশেষ হইলেও আমাদের মনের বর্তমান গঠন এরপ যে, কেবল নররপধারী অবতাবের মধ্যেই আমরা তাঁহাকে উপলব্ধি করিতে—দর্শন করিতে পারি। যথনই এই মহাজ্যোতিঙগণের আবির্ভাব হয়, তখনই মানব ঈশবকে উপলব্ধি কবিয়া থাকে। আমরা জগতে যেভাবে আসিয়া থাকি, তাঁহারা সেভাবে আদেন না। আমরা আসি ভিথারীর মতো, তাঁহারা আদেন সম্রাটের মতো। আমরা এই জগতে পিতৃমাতৃহীন অনাধ বালকের মতো আনিয়া গাকি, যেন আমরা পথ হারাইয়া ফেলিয়াছি—কোনমডে পথ খুঁজিয়া পাইতেছি না। আমরা এখানে কিংকর্তব্যবিষ্ট হইয়া ঘ্রিভেছি; স্মামাদের জীবনের উদ্দেশ্য কি, তাহা উপলব্ধি করিতে আমরা জানি না, বুঝিতে পারি না। স্থামরা আজ একরূপ কাজ করিতেছি, কাল আবার অগ্ররূপ করিতেছি। আমরা বেন ক্ষুত্র ক্ষুত্র তৃণখণ্ডের মতো স্রোতে ইতস্ততঃ ভাসিয়া বেড়াইতেছি, বাজ্যামূথে ছোট ছোট পালকের মতো ইতন্ততঃ বিক্ষিপ্ত হইতেছি।

কিন্তু মানবজাভির ইতিহাস পড়িলে দেখিতে পাওয়া যায়-এই সকল বার্তাবহ আসিয়া থাকেন; দেখিতে পাওয়া যায়, তাঁহাদের জীবনব্রত যেন আজন নির্দিষ্ট হইয়া থাকে, জন্ম হইতেই তাঁহার' মেন বুঝিয়াছেন ও স্থির করিয়াছেন, জীবনে কি করিতে হইবে। তাঁহাদের জীবনে কি কি করিতে হুইবে, ভাহা যেন তাঁহাদের সমুখে স্থানির্দিষ্ট রহিরাছে; আর লক্ষা করিয়া দেখিও, তাঁহারা সেই নির্দিষ্ট কার্যপ্রণালী হইতে কখনও বিনুমাত্র বিচ্যুত হন না। ইহার কারণ এই, তাঁহারা নির্দিষ্ট কোন কার্য করিবার জন্মই আসিয়া থাকেন, তাঁহারা জগৎকে কিছু দিবার জন্ত জগতের নিকট কোন এক বিশেষ বার্তা বহন করিবার জন্ত আসিয়া থাকেন। তাঁহারা কথনও যুক্তি বা তর্ক করেন না। তোমবা কি কখনও এই-সকল মহাপুকুষ বা শ্রেষ্ঠ আচার্যকে তাঁহাদের শিক্ষা-সম্বন্ধে কোন যুক্তিতর্ক করিতে শুনিয়াচ বা এরপ পড়িয়াছ? তাঁহাদের মধ্যে কেহ কথনও যুক্তিতর্ক করেন নাই। যাহা সভা, তাহাই তাঁহারা সোজামুদ্ধি বলিয়াছেন। কেন তাঁহারা ভর্ক করিতে ষাইবেন ? তাঁহারা যে সত্য দর্শন করিতেছেন। তাঁহারা কেবল নিজেরাই দর্শন করেন না, অপরকেও দেখাইয়া থাকেন। যদি ভোমরা আমার জিল্<mark>ঞানা</mark> কর, ঈশ্বর আছেন কি না, আর আমি যদি উত্তরে বলি—'হাঁ', তবে তথনই তোমরা জিজাসা করিবে, 'আপনার ঐরপ বলিবার কি যুক্তি আছে ?'—আর ভোমাদিগকে উহার খপকে কিছু যুক্তি দিবার জন্ম বেচারা আমাকে সমুদ্য শক্তি প্রয়োগ করিতে হইবে। কিন্তু যদি ডোমরা যীন্তর নিকট গিরা ভিজ্ঞাসা করিতে, 'ঈশ্বর বলিদ্ধা কেহ আছেন কি?' তিনিও উত্তর দিতেন, 'হা, আছেন' বইকি।' তারপর 'তাঁহার অন্তিম্বের কিছু প্রমাণ আছে কি १'--এই প্রশ্ন জিজ্ঞাসা করিলে তিনি নিশ্চরই বলিতেন, 'এই যে প্রভূ সম্মুথেই বহিশ্বাচেন--তাঁহাকে দর্শন কর i' অতএব তোমরা দেখিতেছ, ঈশর-সংক্ষ এই-সকল মহাপুকবের যে ধারণা, তাহা সাক্ষাৎ উপলব্ধির ফল, উহা যুক্তি-বিচারলভ্ধ নহে। তাঁহারা আর অভকারে পথ হাডড়ান না, তাঁহারা প্রভাকদর্শন-দ্বনিভ বলে বলীয়ান্। আমি সমৃধন্থ এই টেবিলটি দেখিভেছি, তুমি শত শত ঘৃক্তি ঘারা প্রমাণ করিতে চেষ্টা কর যে, টেবিলটি নাই. তুমি কথনই ইহার অভিত সহতে আমার বিশাস নষ্ট করিতে পারিবে না। কারণ আমি যে উহা প্রত্যক্ষ দেখিতেছি। আমার এই বিশাস যেরপ দচ

অচল অটল, তাঁহাদের বিখাদও—তাঁহাদের আদর্শের উপর, তাঁহাদের নিজ জীবনব্রতের উপর, দর্বোপরি তাঁহাদের নিজেদের উপর বিশ্বাস্ও ভদ্রুপ দৃঢ় ও ম্মান্ত এই মহাপুরুষগণ যেরূপ প্রবল আত্মবিশ্বাস-সম্পন্ন, অপর কাহাকেও সেরপ দেখিতে পাওয়া যায় না। লোকে জিজ্ঞানা করে, 'তুমি কি ঈখরে বিশাসী ? তুমি কি পরলোক মানো ? তুমি কি এই মত অথবা ঐ শাস্ত্রবাক্য বিশ্বাস কর ?' কিন্তু মূলভিত্তিম্বরূপ সেই আত্মবিশ্বাসই যে নাই। যে নিজের উপর বিখাস করিতে পারে না, সে আবার অন্ত কিছুতে বিশাস করিবে, লোকে ইহা আশা করে কিরুপে ? আমি নিজের অস্তিত্ব-নম্বন্ধে নি:সংশয় নহি। এই একবার ভাবিতেছি—আমি নিতাম্বরূপ, কিছুতে স্মামাকে বিনষ্ট করিতে পারে না, আবার পরক্ষণেই আমি মৃত্যুভয়ে কাঁপিতেছি। এই ভাবিতেছি—আমি অজর অমর, পরক্ষণেই হয়তো একটা ভূত দেখিয়া ভয়ে এমন কিংকর্তব্যবিমৃত হইয়া পড়িলাম যে, আমি কে, কোথায় বহিয়াছি, আমি মৃত কি জীবিত—সব ভুলিয়া গেলাম। এই ভাবিতেছি—আমি থুব ধার্মিক, আমি খুব চরিত্রবান্; পরমূহুর্তেই এমন এক ধাকা থাইলাম যে, একেবারে চিৎপাত হইয়া পড়িয়া গেলাম। ইহার কারণ কি ?—কারণ আর কিছুই নহে, আমি নিজের উপর বিশাস হারাইয়াছি, 'আমার চরিত্রবলরপ মেরুদণ্ড ভগ্ন।

কিন্তু এই-সকল মহত্তম আচার্যের চরিত্র আলোচনা করিতে গেলে তাঁহাদের সকলের ভিতর এই একটি সাধারণ লক্ষণ দেখিতে পাইবে যে, তাঁহারা সকলেই নিজের উপর অগাধ বিশ্বাস-সম্পন্ন; এরপ বিশ্বাস অসাধারণ, স্বতরাং আমরা উহা বুঝিতে পারি না। আর সেই কারণেই এই মহাপুক্ষগণ নিজেদের সমত্ত্বে যাহা বলিয়া গিয়াছেন, তাহা আমরা নানা উপায়ে ব্যাথা করিয়া উড়াইয়া দিবার চেষ্টা করি, আর তাঁহারা নিজেদের অপরোক্ষান্তভূতি সমত্ত্বে যাহা বলিয়া গিয়াছেন, তাহা ব্যাথ্যা করিবার জন্ত বিশ সহত্র বিভিন্ন মতবাদ করনা করিয়া থাকি। আমরা নিজেদের সম্বন্ধে এরপ ভাবিতে পারি না, কাজেকাজেই আমরা যে তাঁহাদিগকে বুঝিতে পারি না, ইহা স্বাভাবিক।

স্থাবার তাঁহাদের এরপ শক্তি যে, যথন তাঁহাদের মুখ হইতে কোন বাণী উচ্চারিও হয়, তথন জগৎ উহা শুনিতে বাধ্য হয়। যথন তাঁহারা কিছু বলেন, প্রত্যেক শন্ধটি সোজা সরল ভাবে গিয়া লোকের স্থায়ে প্রবেশ করে, বোমার মতো ফাটিয়া সমুথে যাহা কিছু থাকে, তাহারই উপর নিজ
অসীম প্রভাব বিস্তার করে। যদি কথার পশ্চাতে শক্তি না থাকে, শুধু কথায়
কি আছে? তুমি কোন্ ভাষায় কথা বলিতেছ, কিরুপেই বা তোমার ভাষার
শব্দবিদ্যাস করিতেছ, তাহাতে কি আসে যায়? তুমি ব্যাকরণশুদ্ধ বা
নাধারণের হদয়প্রাহী ভাষা বলিতেছ কি না, তাহাতে কি আসে যায়?
তোমার ভাষা আলকারিক কি না, তাহাতেই বা কি আসে যায়? প্রশ্ন
এই—মাহাযকে তোমার দিবার কিছু আছে কি? ইহা কেবল কথা শোনা নয়,
ইহা দেওয়া-নেওয়ার ব্যাপার। প্রথম প্রশ্ন এই—তোমার কিছু দিবার আছে
কি? যদি থাকে, তবে দাও। শব্দগুলি তো শুধু ঐ দেওয়ার কাল্ল করে মাত্র,
ইহারা শুধু কিছু দিবার বিবিধ উপায়গুলির অন্তেম। অনেক সময় কোন
প্রকার কথাবার্তা না কহিয়াই এক ব্যক্তি হইতে অপর ব্যক্তিতে ভাব সঞ্চারিত
হইয়া থাকে। দক্ষিণামৃতিস্তোত্রে আছে:

চিত্রং বটতরোমূলে বৃদ্ধাঃ শিষ্যা গুরুমূরা। গুরোস্ত মৌনং ব্যাথ্যানং শিষ্যান্ত ছিল্লসংশয়াঃ ॥

কি আশ্চর্য! দেখ ঐ বটবৃক্ষের মূলে বৃদ্ধ শিশুগণদহ যুবা গুরু বিদিয়া রহিয়াছেন। মৌনই গুরুর শাস্ত্রব্যাখ্যান এবং তাহাতেই শিশুগণের দংশয় ছিন্ন হইরা ঘাইতেছে!

স্থতবাং দেখা যাইতেছে, কখন কখন এমনও হয় যে, তাঁহারা আদৌ বাক্য উচ্চারণই করেন না, তথাপি তাঁহারা অপরের মনে সতা সঞ্চারিত করেন। তাঁহারা ঈশরের শক্তিপ্রাপ্ত—তাঁহারা চাপরাস পাইয়াছেন, তাঁহারা দৃত হইয়া আসিয়াছেন, স্থতরাং তাঁহারা অপরকে অনায়াসে হকুম করিয়া থাকেন; তোমাদিগকে সেই আদেশ শিরে ধারণ করিয়া প্রতিপালনের জক্ত প্রস্তুত হইতে হইবে। তোমাদের শাস্তে যীশুগ্রীষ্ট যেরূপ স্নোরের সহিত অধিকারপ্রাপ্ত পুরুষের ক্যায় উপদেশ দিতেছেন, তাহা কি ভোমাদের অবণ হইতেছে না? তিনি বলিতেছেন—'অতএব তোমরা যাও—গিহা জগতের সকল জাতিকে শিক্ষা দাও, আমি তোমাদিগকে যে-সকল বিষয় আদেশ করিয়াছি, তাহাদিগকে সেই-সকল নিয়ম প্রতিপালন করিতে শিক্ষা দাও।' তাঁহার সকল উল্ভির তিতরই তাঁহার নিজের যে জগৎকে শিক্ষা দিবার বিশেষ কিছু আছে, তাহার উপর প্রবল বিশ্বাস দেখা যায়। জগতের লোকে যাহাদিগকে প্রকেট বা

অবতার বলিয়া উপাদনা করে, দেই-দকল মহাপুরুষের মধ্যেই এই ভাব দেখিতে পাওরা যার।

এই মহন্তম আচার্যগণ এই পৃথিবীতে জীবন্ত ঈশ্ববন্ধরণ। আমরা জপর আর কাহার উপাসনা করিব? আমি মনে মনে ঈখরের ধারণা করিবার চেষ্টা করিলাম, কিন্তু বহু চেষ্টা করিয়া দেখিলাম—কি এক মিধ্যা কুম বন্ধর ধারণা কবিয়া বসিয়াছি। এরপ ঈশ্বরকে উপাসনা করিলে তো পাপই হইবে। কিন্তু চকু মেলিলে দেখিতে পাই—এই মহাপুরুষগণের বাস্তব দ্দীবন ঈশব-সম্বন্ধে আমাদের যে-কোন ধারণা অপেকা উচ্চতর। আমার মতো লোক দয়ার ধারণা আর কতদূর করিবে? কোন লোক যদি আমাৰ নিকট হইতে কোন বস্ত চুবি কবে, আমি তো অমনি তাহাৰ পশ্চাৎ পশ্চাৎ গিয়া ভাহাকে জেলে দিবার জন্ত প্রস্তুত হই। আমার আর ক্ষমার উচ্চতম ধারণা কতদূর হইবে? আমার নিচ্ছের যতটুকু গুণ ষ্মাছে, তাহার চেয়ে অধিক গুণের ধারণা আমার হইতেই পারে না। তোমাদের মধ্যে এমন কে আছ, যে নিচ্ছে দেহের বাহিরে লাফাইয়া পড়িতে পারো? তোমাদের মধ্যে এমন কে আছ, যে নিজ মনের বাহিরে লাফাইয়া যাইতে পারো? কেহই নাই। তোমরা ভগবৎ-প্রেমের ধারণা আর কি করিবে ? বাস্তব জীবনে তোমবা নিজেবা যেরূপ পরস্পরকে ভালবাসিয়া থাকো, ভদপেক্ষা ভালবাসার উচ্চতর ধারণা কিরূপে করিবে? নিজের যাহা কথনও উপলব্ধি করি নাই, সে সম্বন্ধে আমরা কোন ধারণাই করিতে পারি না। স্বতরাং ঈশ্বর সহস্কে আমার সকল ধারণাই প্রতিপদে বিফল হইবে। কিন্তু এই মহাপুরুষগণের জীবনরূপ প্রভাক্ষ বাাপার আমাদের শমুথে পড়িয়া রহিয়াছে, উহা কল্পনা করিয়া আমাদের ধারণা করিতে হন্ন না। তাঁহাদের জীবন আলোচনা করিয়া আমরা প্রেম, দয়া, পৰিত্রতা এরপ প্রতাক দৃষ্টাস্ত দেথিতে পাই, যাহা আমরা কখনই করনা করিতেও পারিতাম না। অতএব আমরা এই-সকল নরদেবের চরণে পতিত হইয়া তাঁহাদিগকে ঈশ্বর বলিয়া পূজা করিব, ইহাতে বিশ্বয়ের কি আছে? আর মান্ন্য ইহা ছাড়া আর কি করিতে পারে? আমি এমন লোক দেখিতে চাই, যে মৃথে নিরাকার-ভত্ত্বের কথা ষভই বলুক না কেন, কার্যভঃ পূর্বোজভাবে সাকার-উপাসনা ব্যতীত অন্ত কিছু করিতে সমর্থ। মৃথে বলা আর কা**লে**

করার মধ্যে অনেক প্রভেদ। নিরাকার ঈশর, নির্ন্তণতত্ব প্রাভৃতির সহত্বে মৃথে আলোচনা কর—বেশ কথা, কিন্তু প্রকৃতপক্ষে এই-সকল নরদেবই হইলেন সকল জাতির উপাস্থ যথার্থ ঈশর। এই-সকল দেবমানবই চিরদিন অগতে পূজিত হইরা আদিয়াছেন, আর যতদিন মাস্থ মাস্থ থাকিবে, ততদিন তাহারা পূজিত হইবেন। তাঁহাদিগকে দেখিয়াই আমাদের বিখাস হয়, য়থার্থ ঈশর আছেন, য়থার্থ ধর্মজীবন আছে; আমাদের আশা হয় আমরাও ঈশরলাভ—ধর্মজীবনলাত করিতে পারিব। কেবল অশ্বাই গৃঢ় তত্ব লইয়া কি ফল হয় ?

তোমাদের নিকট আমি বাহা বলিতে চাহিতেছি, তাহার সার মর্ম এই যে, আমার জীবনে উক্ত সকল অবতারকেই পূজা করা সম্ভবপর হইয়াছে এবং ভবিশ্বতে যে-সকল অবতার আদিবেন, তাঁহাদিগকেও পূজা করিবার জন্ম আমি প্রস্তুত হইয়া বহিয়াছি। সস্তান যে-কোন বেশে তাহার মাতার নিকট উপস্থিত হউক না, মাতা ডাহাকে অবশ্রই চিনিতে পারেন। যদি না পারেন, আমি নিশ্চন্নই বলিতে পারি, তিনি কখনই তাহার মাতা নহেন। তোমাদের মধ্যে যাহারা মনে কর, কোন একটি বিশেষ অবতারেই ষধার্থ সত্য ও ঈশবের অভিব্যক্তি দেখিতেছ, অপবের মধ্যে তাহা দেখিতে পাইতেছ না, তোমাদের সম্বন্ধে সম্ভবত: এই সিদ্ধাস্তই আমার মনে উদিত হয় যে, তোমরা কাহারও দেবত্ব ঠিক ঠিক বুঝিতে পার নাই, কেবল কতকগুলি শব্দ গলাধঃকরণ করিয়াছ মাত্র। যেমন লোকে কোন রান্ধনৈতিকদলভুক্ত হইয়া সেই দলের যে মত, তাহাই নিজের মত বলিয়া প্রচার করে, তোমরাও তেমনি ধর্ম-সম্প্রদায়বিশেষে যোগদান করিয়া সেই সম্প্রদায়ের মতগুলি নিজেদের বলিয়া প্রকাশ করিতেছ। কিন্তু ইহা তো প্রকৃত ধর্ম নহে। জগতে এমন নির্বোধও অনেক আছে, যাহারা নিকটে উৎকৃষ্ট স্থমিষ্ট জল ধাকা সত্ত্বেও পূর্বপুরুষগণের থনিত বলিয়া লবণাক্ত কৃপের জলই পান কবিয়া ধাকে। যাহা হউক, আ**ষা**র দীবনে যতটুকু অভিজ্ঞতা দঞ্চন্ন করিয়াছি, তাহা হইতে এই শিথিয়াছি ষে, লোকে যে-সকল শয়তানির জন্ত ধর্মকে নিন্দা করে, ধর্ম দে দোষে মোটেই দোষী নম্ন। কোন ধর্মই কথনও মাহুষের উপর অত্যাচার করে নাই, কোন ধর্মই ভাইনী অপবাদ দিয়া নাবীকে পুড়াইয়া মাবে নাই, কোন ধৰ্মই কথনও এই ধরনের অক্তায় কার্যের সমর্থন করে নাই। তবে মাহ্ন্যকে এ-সকল কার্যে উত্তেম্বিত করিল কিসে ? রাম্বনীতিই মাম্বকে এই-সকল অক্সার কার্য করিডে প্ররোচিত করিয়াছে, ধর্ম নয়। আর যদি এরপ রাজনীতি ধর্মের নাম ধারণ করে, তবে তাহাতে কাহার দোষ ?

এইরূপ যখনই কোন ব্যক্তি উঠিয়া বলে, আমার ধর্মই সভ্য ধর্ম, আমার <mark>অবতারই একমাত্র সত্য অবতার, সে ব্যক্তির কথা কথনই ঠিক নহে,</mark> দে ধর্মের গোড়ার কথা জানে না। ধর্ম কেবল কথার কথা বা মডামত নহে, অপবা অপরের সিদ্ধান্তে কেবল বুদ্ধির সায় দেওয়া নহে। ধর্মের অর্থ— প্রাণে প্রাণে সত্য উপলব্ধি করা; ধর্মের অর্থ ঈশ্বরকে সাক্ষাৎভাবে স্পর্শ করা, প্রাণে অহতের করা, উপলব্ধি করা যে, আমি আত্ম-স্বরূপ আর সেই অনস্ভ পরমাত্মা এবং তাঁহার সকল অবতারের সহিত আমার একটা অচ্ছেম্ব সংস্ক রহিয়াছে। যদি তুমি বাস্তবিকই সেই পরমপিতার গৃহে প্রবেশ করিয়া থাকো, তুমি অবশুই তাঁহার সম্ভানগণকেও দেখিয়াছ, তবে তাঁহাদিগকে চিনিতে পারিতেছ না কেন? যদি চিনিতে না পারো, তবে নিক্যই তুমি সেই পরমপিতার গৃহে প্রবেশ কর নাই। সস্তান যে-কোন বেশে মাতার সম্মুথে স্বাস্ক, মাতা তাহাকে অবভা চিনিতে পারেন। সম্ভানের যতই ছন্মবেশ পাকুক, মাতার নিকট সস্তান কখনই আপনাকে লুকাইয়া রাখিতে পারে না। তোমরা সকল ছেশের, সকল যুগের ধর্মপ্রাণ মহান্ নরনারীগণকে চিনিতে শেখো এবং লক্ষ্য করিও, বাস্তবিক তাঁহাদের পরম্পরের মধ্যে কোন পার্থক্য নাই। যেখানেই প্রকৃত ধর্মের বিকাশ হইয়াছে, যেখানে ঈশরের সাক্ষাৎ স্পূৰ্শ ঘটিয়াছে, ঈশবের দূর্শন হইয়াছে, আত্মা দাক্ষাৎভাবে প্রমাত্মাকে উপপ্রক্ করিয়াছে, সেখানেই মনের ঔদার্য ও প্রসার-বশতঃ মাহুষ দর্বত্র ঈশবের জ্যোতি: দেখিতে সমর্থ হইয়াছে।

এমন সময় ছিল, যখন ম্দলমানগণ এই বিষয়ে দ্বাপেক্ষা অপরিণত ও
সাম্প্রদায়িক-ভাবাপর ছিলেন। তাঁহাদের ম্লমন্ত্র: আল্লাহ এক ও অধিতীয়,
মহম্মনই একমাত্র রহল। যাহা কিছু তাঁহাদের উপাদনা-পদ্ধতির বহিন্ত্ ত,
দো-দমন্তই ধ্বংদ করিতে হইবে এবং যে-কোন গ্রন্থে অক্তরূপ মত প্রচারিত
হইরাছে, দেগুলি পুড়াইয়া ফেলিতে হইবে। তথাপি দেই যুগেও যে-দকল
ম্দলমান দার্শনিক ছিলেন, তাঁহারা এরপ ধর্মান্ধতার বিরুদ্ধে প্রতিবাদ
করিয়াছিলেন, এবং ইহা দ্বারা প্রতিপন্ন করিলেন যে, তাঁহারা সত্যের সংস্পর্দে
আদিয়াছিলেন এবং চিত্তের উদারতা লাভ করিয়াছিলেন।…

আজকাল ক্রমবিকাশবাদের কথা ভনা যায়, পাশাপাশি আর একটি মতবাদ মহুক্সদমা**চ্ছে** আধিপত্য বিস্তার করিতেছে, উহার নাম ক্রমাবনতি বা পূর্বাবস্থায় পুনরাবর্তন (Atavism)। ধর্মবিষয়েও দেখা যায়, আমবা অনেক সময় উদারতার ভাবে কিছুদ্র অগ্রসর হইয়া আবার প্রাচীন সম্বীর্ণ মতের দিকে ফিরিয়া আদি। কিন্তু প্রাচীন একঘেয়ে ভাব আশ্রয় না করিয়া আমাদের ন্তন কিছু চিস্তা করিবার চেষ্টা করা উচিত, তাহাতে ভুল থাকে থাকুক। নিশ্চেট জড়ের ন্যায় থাকা অপেক্ষা ইহা ঢের ভাল। লক্ষ্যভেদের চেষ্টা ভোমরা কেন করিবে না? বিফলতার মধা দিয়াই তো আমরা জ্ঞানের সোপানে আরোহণ করিয়া থাকি। অনস্ত সময় পড়িয়া রহিয়াছে, স্বতরাং ব্যস্ত হইবার প্রয়োজন কি? এই দেয়ালটাকে দেখ দেখি। ইহাকে কি কখনও মিথা। কথা বলিতে ভনিয়াছ? কিন্তু উহা যে দেয়াল সেই দেয়ালই বহিয়াছে, কিছুমাত্র উন্নতি লাভ করে নাই। মাহুষ মিথ্যা কথা বলিয়া থাকে, আবার দেই মাহুৰই দেবতা হইয়া থাকে। কিছু করা চাই—হউক উহা অন্তায়, কিছু না করা অপেক্ষা তো উহা ভাল। গৰুতে কখনই মিধ্যা বলে না, কিন্তু চিব্নকাল সেই গৰুই বহিয়াছে। যাহাই হউক কিছু একটা কর। মাথা খাটাইয়া কিছু ভাবিতে শেখো; ভুল হউক, ঠিক হউক—কতি নাই, কিন্তু একটা কিছু চিস্তা কর দেখি। আমার পূর্বপুরুষেরা এইভাবে চিস্তা করেন নাই বলিয়া কি আমাকে চুপ করিয়া বদিয়া থাকিয়া ধীরে ধীরে অহুভবশক্ষি ও চিস্তাশক্তি সমৃদয় হারাইয়া ফেলিতে হইবে ? তাহা অপেক্ষা তো মরাই ভাল! আর যদি ধর্ম সম্বন্ধে আমাদের একটা জীবস্ত ধারণা, একটা নিচ্ছের ভাব কিছু না ধাকে, তবে আর বাঁচিয়া লাভ কি ? নান্তিকদের বরং কিছু হইবার আশা আছে, কারণ যদিও তাহারা অন্ত সকল মাত্র্য হইতে ভিন্ন-মতাবলম্বী, তথাপি তাহারা নিজে চিস্তা করিয়া থাকে। যে-সকল ব্যক্তি নিজে কখনও চিন্তা করে না, তাহারা এখনও ধর্মরাজ্যে পদার্পন করে নাই। তাহারা তো শুধু মেরুদণ্ডহীন জেলী-মাছের (Jellyfish) মতো কোনরূপে নামমাত্র জীবনধারণ করিতেছে। তাহারা কথনও চিন্তা করিবে না, প্রকৃতপকে ভাহারা ধর্মের জন্ত ব্যস্ত নহে। কিন্তু যে অবিখাদী নাস্তিক, সে ধর্মের জন্ম ব্যক্ত, সে উহার জন্ম প্রাণপণ চেষ্টা করিতেছে। অতএব ভাবিতে শেথো, প্রাণপণ ঈশ্বরাভিমূথে অগ্রসর হও। বিফলতাম্ব কি আসে যার? বরণ চিন্তা করিতে গিয়া যদি কোন অভ্ত মত আশ্রম করিতে হয়, তাহাতেই বা কি? লোকে তোমায় কিন্তুতকিমাকার বলিবে বলিয়া যদি তোমার ভয় হয়, তবে উক্ত মতামত নিজ মনের ভিতরেই আবদ্ধ করিয়া রাখো, অপরের নিকট উহা প্রচার করিবার প্রয়োজন নাই। কিন্তু যাহাই হউক একটা কিছু কয়। ভগবানের দিকে প্রাণপণ অগ্রসর হও, অবশ্রই আলোক আদিবে। যদি কোন ব্যক্তি সারাজীবন আমার ম্থে গ্রাস তুলিয়া দেয়, কালে আমি নিজের হাতের ব্যবহার ভূলিয়া যাইব। গড়ালিকা-প্রবাহের মতো একজন যেদিকে যাইতেছে, সকলেই সেইদিকে ঝুঁকিয়া পড়িলে তো আধ্যাত্মিক মৃত্য়। নিশ্চেইতার কল তো মৃত্য়। ক্রিয়াশীল হও। আর যেখানে ক্রিয়াশীলতা, সেখানে বৈচিত্রা অবশ্রই থাকিবে। বিভিন্নতা আছে বলিয়াই তো জীবন এত উপভোগ্য, বিভিন্নতাই জগতে সব কিছুর সৌন্দর্য ও কলাকোলল; বিভিন্নতাই জগতে সব্দ্য বন্ধকে স্কল্য করিয়াছে। এই বৈচিত্রাই জীবনের মূল, জীবনের চিহ্ন; স্বতরাং আম্রা উহাতে ভয় পাইব কেন ?

এইবার আমরা দশরপ্রেরিত পুক্ষগণকে (Prophet) কতকটা বুরিবার পথে অগ্রসর হইতেছি। ইতিহাসের সাক্ষ্য এই যে, পূর্বোক্তভাবে ধর্ম আশ্রম করিয়াও যাহারা নিশ্চেষ্ট জীবন যাপন করেন, তাঁহাদের মতো না হইয়া যেথানেই লোকে ধর্মতত্ব লইয়া চিন্তা করিয়াছেন, যেথানেই ঈশরের প্রতি ষণার্থ প্রেমের উদর হইয়াছে, সেথানেই আত্মা ঈশরাভিম্থে অগ্রসর হইয়া তন্তাবে ভাবিত হইয়াছে এবং মাঝে মাঝে—জীবনে অন্ততঃ এক মূহুর্তের জন্মও, একবারও—সেই পরম বন্ধর আভাসমাত্র পাইয়াছে, সাক্ষাং অমূভৃতি লাভ করিয়াছে। তৎক্ষণাৎ হৃদরের বন্ধন কাটিয়া যায়, সকল সংশয় ছির হয় এবং কর্মের কন্ধ হয়; কারণ, তিনি তথন সেই পরমপুক্রষকে দেখিয়াছেন, যিনি দ্র হইতেও অতি দ্রে এবং নিকট হইতেও অতি নিকটে। ইহাই ধর্ম, ইহাই ধর্মের সার। আর বাদবাকী কেবল মতমতান্তর এবং প্রত্যক্ষ উপলন্ধির অবস্থায় পৌছিবার বিভিন্ন উপায়মাত্র। আমরা এখন ঝুড়িটা লইয়া টানাটানি করিতেছি মাত্র, ফল সব নরদ্মায় পড়িয়া গিয়াছে।

ভিততে কলরগ্রন্থিভিছততে সর্বসংশরা:।
কীরতে চাস্ত কর্মানি তামিন্ দৃষ্টে পরাকরে।
—স্ক্রেণানিবং, ২া২াদ

যদি হই ব্যক্তি ধর্ম লইয়া বিবাদ করে, তাহাদিগকে এই প্রশ্ন জিজ্ঞাসা কর: তোমরা কি ঈশরকে দেখিয়াছ, তোমরা কি অতীক্রিয় বন্ধ অঞ্ভব করিয়াছ? একজন বলিতেছে, যীভঞ্জীইই একমাত্র অবতার; আচ্ছা, সে কি যীভঞ্জীইকে দেখিয়াছে? সে অবশ্য বলিবে, 'আমি দেখি নাই।' 'আচ্ছা বাপু, তোমার পিতা কি তাঁহাকে দেখিয়াছেন ?'—'না, মহাশয়।' 'তোমার পিতামহ কি দেখিয়াছেন ?'—'না, মহাশয়।' 'তুমি কি তাঁহাকে দেখিয়াছ?'—'না, মহাশয়।' 'তবে কি লইয়া বৃধা বিবাদ করিতেছ? ফলগুলি সব নরদমায় পড়িয়া গিয়াছে, এখন ঝুড়ি লইয়া টানাটানি করিতেছ!' বাঁহাদের এতটুকু কাওজ্ঞান আছে, এমন নরনারীর এইরূপে বিবাদ করিতে লক্ষাবোধ করা উচিত।

এই মহাপুরুষ ও অবতারগণ সকলেই মহান্ ও সকলেই সতা। কেন ? কারণ, প্রত্যেকেই এক একটি মহান্ ভাব প্রচার করিতে আদিয়াছিলেন। দৃষ্টাস্তত্বরূপ ভারতীয় অবতাবগণের কথা ধর। তাঁহারাই প্রাচীনতম ধর্ম-সংস্থাপক; প্রথমে শ্রীকৃষ্ণের কথা ধরা ষাউক। তোমরা সকলেই গীতা পড়িয়াছ, স্বতরাং তোমরা দেখিবে দমগ্র গ্রন্থের মূল কথা—অনাসজি। সর্বদা অনাসক্ত হও। ধদয়ের ভালবাদায় কেবল একজনের মাত্র অধিকার। কাহার অধিকার ?—তাঁহারই অধিকার, যাঁহার কথনও কোন পরিণাম নাই। কে তিনি ? ঈশর। ভ্রান্তিবশতঃ কোন পরিণামশীল বস্তু বা ব্যক্তির প্রতি হাদর অর্পণ করিও না; কারণ ভাহা হইতেই হু:থের উদ্ভব। তুমি একজনকে হাদয় দিতে পারো, কিন্তু যদি সে সরিয়া যায়, তবে তোমার ত্ংথ হইবে। তুমি বন্ধুবিশেষকে একপে হৃদয় অর্পণ করিতে পারো, কিন্তু আগামী কালই সে তোমার শত্রু হইয়া দাঁড়াইতে পারে। তুমি তোমার স্বামীকে হাদয় অর্পণ করিতে পারো, কিন্তু কাল তিনি হয়তো তোমার সহিত বিবাদ করিয়া বদিবেন। তুমি জীকে হৃদর সমর্পণ করিতে পারো, কিন্তু সে হয়তো कानवारः পরত মরিয়া যাইবে। এইরূপেই জগৎ চলিতেছে। এইজন্তই শ্রীকৃষ্ণ গ্নীতায় বলিতেছেন, ভগবান্ই একমাত্র অপরিণামী। তাঁহার ভালবাসার কথনই অভাব হয় না। আমরা যেথানেই থাকি এবং যাহাই করি না কেন, তিনি দর্বদাই আমাদের প্রতি দমভাবে দয়াময়, তাঁহার ধ্বদয় সর্বদাই আমাদের প্রতি সমভাবে প্রেমপূর্ব। তাঁহার কখনই কোনরূপ

পরিণাম নাই। আমরা যাহা কিছু করি না কেন, তিনি কখনই রাগ করেন না। ঈশর আমাদের উপর রাগ করিবেন কিরুপে? তোমার শিশুদস্তান নানাপ্রকার ছুষ্টামি করিয়া থাকে, কিন্তু তুমি কি তাহার উপর রাগ কর? আমরা ভবিশ্বতে কি হইব, তাহা কি ঈশর জানেন না? তিনি নিশ্চরই জানেন, শীদ্র বা বিলম্বে আমরা সকলেই পূর্ণত্ব লাভ করিব। স্বতরাং আমাদের শত দোষ থাকিলেও তিনি ধৈর্য ধরিয়া থাকেন, তাহার ধৈর্য অসীম। আমাদের তাহাকে ভালবাসিতে হইবে, আর জগতের যত প্রাণী আছে, তাহাদিগকে কেবল তাহার প্রকাশ বলিয়া ভালবাসিতে হইবে। ইহাই মূলমন্ত্র করিয়া জীবনপথে অগ্রসর হইতে হইবে। স্ত্রীকে অবশ্রুই ভালবাসিতে হইবে, কিন্তু স্ত্রী বলিয়া নহে। উপনিষদ্ বলেন, স্বামীকে যে স্ত্রী ভালবাসে, তাহা স্বামী বলিয়া নহে, কিন্তু তাহার মধ্যে সেই আত্মা আছেন বলিয়া, ভগবান্ আছেন বলিয়া পতি প্রিয় হইয়া থাকেন।

বেদান্তদর্শন বলেন: দাম্পত্য প্রেমে যদিও পত্নী ভাবেন, তিনি স্বামীকেই ভালবাসিতেছেন, অথবা প্রবাৎসল্যে জননী মনে করেন, তিনি প্রকেই ভালবাসিতেছেন, কিন্তু প্রকৃতপক্ষে ঈশর ঐ পতির ভিতর বা পুরের ভিতর অবস্থান করিয়া পত্নীকে ও জননীকে তাঁহার দিকে আকর্ষণ করিতেছেন। তিনিই একমাত্র আকর্ষণের বস্তু, তিনি ব্যতীত আকর্ষণের অন্ত কিছু নাই, তবে অধিকাংশ ক্ষেত্রে পত্নী ইহা জানেন না. কিন্তু অজ্ঞাতসারে তিনিও ঠিক পথে চলিয়াছেন অর্থাৎ ঈশরকেই ভালবাসিতেছেন। তবে অজ্ঞাতসারে কাল অস্কৃত্তিও হইলে উয় হইতে তৃঃথকষ্টের উদ্ভব হয়, জ্ঞাতসারে অস্কৃতিও হইলে হয় মৃক্তি। আমাদের শাস্ত্র ইহাই বলিয়া থাকেন। যেথানে প্রেম—যেথানেই একবিন্দু আনন্দ দেখিতে পাওয়া যায়, দেখানেই বৃঝিতে হইবে ঈশর বহিয়াছেন; কারণ ঈশর বসম্বরূপ, প্রেমম্বরূপ, আনন্দম্বরূপ। যেথানে তিনি নাই, সেথানে প্রেম থাকিতে পারে না।

শ্রীক্ষের উপদেশগুলি এই ভাবের। তিনি সমগ্র ভারতে সমগ্র হিন্দুজাতির ভিতর এই ভাব প্রবেশ করাইয়া দিয়া গিয়াছেন। স্থতবাং

> 'ন বা অরে পড়াঃ কামার পতিঃ প্রিরো ভবতাাল্পনন্ত কামার পতিঃ প্রিরো ভবতি।
—বৃহদারণ্যক উপনিবং, ৪।৫

হিন্দুরা কান্ধ করিবার সময়, এমন কি জল পান করিবার সময়ও বলে, যদি কার্যের কোন শুভ ফল থাকে, তাহা ঈখরে সমর্পণ করিলাম। বৌদ্ধাণ কোন সংকর্ম করিবার সময় বলিয়া থাকে, এই সংকর্মের ফল সমগ্র জগৎ প্রাপ্ত হউক, আর জগতের সমৃদয় ছংথকট আমাতে আফ্বন। হিন্দুরা বলে, আমরা ঈখরে বিশ্বামী, আর ঈখর সর্বব্যাপী ও সর্বশক্তিমান্, সকল আত্মার অন্তরাত্মা, স্মতরাং যদি আমরা সকল সংকর্মের কল তাঁহাকে সমর্পণ করি, তাহাই সর্বশ্রেষ্ঠ স্বার্থত্যাগ, আর ঐ ফল নিশ্চয়ই সমগ্র জগৎ পাইবে।

ইহা শ্রীক্তফের শিক্ষার একটি দিক। তাঁহার অন্ত শিক্ষা কি ? সংসারের মধ্যে বাস করিয়া যিনি কর্ম করেন, অবচ সমৃদয় কর্মফল ঈশ্বরে সমর্পন করেন, তিনি কথনও বিষয়ে লিপ্ত হন না। থেমন পদ্মপত্র জলে লিপ্ত হয় না, সেই ব্যক্তিও তেমনি পাপে লিপ্ত হন না।

প্রবল্ কর্মনীলতা শ্রীক্তফের উপদেশের আর একটি দিক। গীতা বলিতেছেন, দিবারাত্র কর্ম কর, কর্ম কর, কর্ম কর। তোমরা বলিতে পারো—তবে শান্তি কোথায় ? যদি সারাজীবন ছেক্রা গাড়ির বোড়ার মতো কাজ করিয়া যাইতে হয়, ঐরূপে গাড়িতে জোতা অবস্থায় মরিতে হয়, তবে আর জীবনে শান্তিলাভ হইল কোথায়? শ্রীকৃষ্ণ বলিতেছেন, 'হাঁ, তুমি শাস্তিলাভ করিবে, কিন্তু কার্যক্ষেত্র হইতে পলায়ন শাস্তির পথ নহে।' যদি পাবে। সকল কর্তব্য কর্ম ছাড়িয়া পর্বতচ্ড়ায় বসিয়া থাকো দেখি। সেখানে গিয়াও দেখিবে, মন অস্থির নহে, ক্রমাগত এদিক ওদিক ঘ্রিতেছে। জনৈক ব্যক্তি একঙ্কন সন্ন্যাসীকে জিজ্ঞাসা করিয়াছিল, 'আপনি কি একাস্ত নিৰুপদ্ৰব মনোরম স্থান পাইয়াছেন? আপনি হিমালয়ে কত বৎসর ধরিয়া ভ্রমণ করিতেছেন ?' সন্মাসী উত্তরে বলিলেন, 'চল্লিশ বৎসর ৷' তথন সেই ব্যক্তি জিজ্ঞাসা করিল, 'কেন, হিমালয়ে তো অনেক হুন্দর স্থুন্দর স্থান বহিয়াছে, আপনি উহাদের মধ্যে একটি নির্বাচন করিয়া অনায়াদে থাকিতে পারিতেন। আপনি তাহা করিলেন না কেন?' সন্ন্যাসী উত্তর দিলেন, 'এই চলিশ বৎসর ধরিয়া আমার মন আমাকে উহা করিতে দেয় নাই।' আমরা সকলেই বলিয়া থাকি বটে থে, আমরা শাস্তিতে থাকিব, কিন্তু মন আমাদিগকে শান্তিতে থাকিতে দিবে না।

ভোমরা সকলেই সেই 'ভাভার-ধরা' সৈনিক পুরুষের গল্প ভনিয়াছ। জনৈক দৈনিক পুরুষ নগরের বহির্দেশে গিয়াছিল। সে ফিরিয়া দেনাবাদের নিকট উপস্থিত হইয়া চাঁৎকার করিয়া বলিয়া উঠিল, 'আমি একজন তাতারকে ধরে ফেলেছি।' ভিতর হইতে একজন বলিল, 'তাকে ভিতরে নিয়ে এ**স**।' দৈনিক বলিল, 'সে আসছে না, মশায়।' 'তবে ভূমি একাই ভিতবে চ**লে** এস।'—'সে যেতে দিচ্ছে না, মশায়।' আমাদের মনের ভিতরেও ঠিক এই ব্যাপার ঘটিরাছে। আমরা সকলেই 'তাতার ধরি**রাছি'। আমরাও উহাকে** থামাইতে পারিতেছি না, উহাও আমাদিগকে শাস্ত হইতে দিতেছে না। আমরা সকলেই যে পূর্বোক্ত সৈনিক পুরুষের ন্যায় 'তাতার ধরিয়াছি'! আমরা সকলেই বলিয়া থাকি-শাস্ত ভাব অবলম্বন কর, স্থির শাস্ত হইয়া থাকো, ইত্যাদি। এ কথা ভো প্রত্যেক শিশুই বলিতে পারে, আর মনে করে, সে ইহা কার্যে পরিণত করিতে শমর্থ। কিন্তু প্রকৃতপক্ষে ইহা করা বড় কঠিন। আমি এ বিষয়ে চেষ্টা করিয়াছি। স্থামি সব কর্তব্য ফেলিয়া দিয়া পর্বতশিথরে পলাইয়াছিলাম, গভীর অরণ্যে ও পর্বতগুহায় বাদ করিয়াছি, কিছ তাহাতে কোন ফল হয় নাই ; কারণ আমিও 'তাতার ধরিয়াছিলাম', সংসার আমার **শঙ্গে গঙ্গে** বরাবর চলিরাছিল। আমার মনের মধ্যে ঐ 'ভাভার' রহিয়াছে, অতএব বাহিত্তে কাহারও উপর দোষ চাপানো ঠিক নছে। আমরা বলিয়া থাকি, বাহিরের এই অবস্থাচক্র আমার অন্তুক্**ল, ঐ অবস্থাচক্র আমার** প্রতিকৃ**ল**, কিন্ত প্রকৃতপক্ষে দকল গোলযোগের মূল ঐ 'তাতার' আমার ভিতরেই বহিষাছে। উহাকে ঠাণ্ডা করিতে পারিলে দব ঠিক হইয়া যাইবে।

এইজগুই শ্রীকৃষ্ণ আমাদিগকে উপদেশ দিতেছেন: 'কর্তব্য কর্মে অবহেলা করিও না, মাহুবের মতো উহাদের সাধনে অগ্রসর হও; উহাদের ফলাফল কি হইবে, তাহা ভাবিও না।' ভূত্যের প্রশ্ন করিবার কিছুমাত্র অধিকার নাই, সৈনিক পুরুষের বিচার করিবার অধিকার নাই। কর্তব্য পালন করিয়া অগ্রসর হইতে থাকো, ভোমাকে যে কাজ করিতে হইতেছে, তাহা বড় কি ছোট, সেদিকে বিশেষ লক্ষ্য করিও না। কেবল স্বনকে জিজ্ঞাসা কর, মন নিঃস্বার্থভাবে কাজ করিতেছে কি না। যদি তুমি নিঃস্বার্থ হও, তর্বে

> তুলনীর হিন্দি প্রবাদ : 'হাম তো ক্ষ্লী ছোড় দিয়া, কম্লী হাম্কো ছোড়তা নহী', ভাসমান ব্যক্তি বাহাকে ক্বল মনে করিয়া ধরিতে গিয়াছিল, গুর্ভাগ্যবশতঃ সেটি একটি ভালুক।

কিছুতেই কিছু আদিয়া যাইবে না, কিছুই তোমার উন্নতির প্রতিবন্ধক হইতে পারিবে না। কান্ধে ডুবিয়া যাও, হাতের দামনে যে কর্তব্য বহিয়াছে, তাহাই করিয়া যাও। এইরূপ করিলে তুমি ক্রমে সভ্য উপলব্ধি করিবে; 'যিনি প্রবল কর্মনীলতার মধ্যে গভীর শান্তি লাভ করেন, আবার পরম নিস্তব্ধতা ও শান্তভাবের ভিতর প্রবল কর্মনীলতা দেখেন, তিনিই যোগী, তিনিই মহাপুরুষ, তিনিই পূর্ণতা লাভ করিয়াছেন, সিদ্ধ হইয়াছেন।'

এক্ষণে তোমরা দেখিতেছ যে, খ্রীক্লফের পূর্বোক্ত উপদেশের ফলে জগতের সমৃদ্য কর্তব্যই পবিত্র হইয়া দাঁড়াইতেছে। জগতের এমন কোন কর্তব্য নাই, যাহাকে 'ছোট কাজ' বলিয়া ঘুণা করিবার অধিকার আমাদের আছে। স্থতরাং সিংহাসনে উপবিষ্ট রাজাধিরাজের রাজ্যশাসনরূপ কর্তব্যের সহিত সাধারণ ব্যক্তির কর্তব্যের কোন প্রতেদ নাই।

এক্ষণে ভোমরা বৃদ্ধদেবের উপদেশ মনোযোগের সহিত শোন—তিনি জগতে মহতী বার্তা ঘোষণা করিতে আসিয়াছিলেন; তাঁহার বাণী আমাদের হৃদয়ের একদেশ অধিকার করিয়া থাকে। বৃদ্ধ বলিতেছেন, স্বার্থপরতা এবং যাহা কিছু তোমাকে স্বার্থপর করিয়া ফেলে, তাহাই একেবারে উন্মূলিত কর। জী-পুত্র-পরিবার লইয়া (স্বার্থপর) সংসারী হইও না, সম্পূর্ণ স্বার্থপ্র হও। সংসারী লোক মনে করে, আমি নিঃস্বার্থ হইব, কিন্তু যথনই সে জীর ম্থের দিকে তাকায়, অমনি সে স্বার্থপর হইয়া পড়ে। মা মনে করেন, আমি সম্পূর্ণ নিঃস্বার্থ হইব, কিন্তু শিশুর ম্থের দিকে তাকাইলেই তাঁহার স্বার্থপরতা আসিয়া পড়ে। এই জগতের সকল বিষয় সম্বন্ধই এইরূপ। যথনই হৃদয়ে স্বার্থপর বাসনার উদয় হয়, যথনই লোকে কোন স্বার্থপর কার্য করে, তথনই ভাহার মহয়ন্ত—যাহা লইয়া সে মাহ্রব—তাহা চলিয়া যায়; সে তথন পশুতুল্য হইয়া যায়, দাসবং হইয়া যায়; সে লিল প্রতিবেশিগণকে, তাহার ভ্রাতৃত্বরূপ মানবন্ধাতিকে ভূলিয়া যায়। তথন সে আর বলে না, 'আগে ভোমাদের হউক, পরে আমার হইবে'; বরং বলে, 'আগে আমার ইউক, ভারপর বাকি সকলে নিজে নিজে দেখিয়া লইবে।'

কর্মণাকর্ম বং পঞ্জেদকর্মণি চ কর্ম বং ।
 স বৃদ্ধিমান্ মমুজেব্ সং শুক্তঃ কৃৎস্নকর্মকৃৎ ।—শীতা, ৪।১৮

আমরা পূর্বে দেখিয়াছি, শ্রীকৃষ্ণের উপদেশের জন্য আমাদের হৃদয়ের একদেশ উন্মৃক্ত রাখিতে হইবে। তাঁহার উপদেশ হৃদয়ে ধারণ না করিলে আমরা কখনই শাস্ত ও অকপটভাবে এবং সানন্দে কোন কর্তব্য কর্মে হস্তক্ষেপ করিতে পারি না। শ্রীকৃষ্ণ বলিতেছেন, যে কর্ম তোমাকে করিতে হইতেছে, তাহাতে যদি কোন দোষ থাকে, তবুও ভয় পাইও না; কারণ এমন কোন কাজই নাই, যাহাতে কিছু না কিছু দোষ নাই। 'স্মৃদ্য় কর্ম ঈশ্বরে অর্পন কর, আর উহার ফলাফলের দিকে লক্ষ্য করিও না।'

অপর দিকে আবার ভগবান বৃদ্ধদেবের অমৃতময়ী বাণী আদিয়া আমাদের হৃদয়ের একদেশ অধিকার করিতেছে। সেই বাণী বলিতেছে: সময় চলিয়া যায়, এই জগৎ কণস্থায়ী ও হৃ:খপূর্ণ। হে মোহনিদ্রাভিভূত নরনারীগণ, তোমরা পরম মনোহর হর্মাতলে বিদয়া বিচিত্র বসনভূষণে বিভূষিত হইয়া পরম উপাদের চর্ব-চ্য়া-লেহ্-পেয় বার। রসনার ভৃপ্তিসাধন করিতেছ; এদিকে যে লক্ষ লক্ষ লোক অনশনে প্রাণত্যাগ করিতেছে, তাহাদের কথা কি কথন ভ্রমেও তোমাদের মানসপটে উদিত হয়? ভাবিয়া দেখ, জগতের মধ্যে মহাসত্য এই: সর্বং তৃ:খমনিতামগ্রুবম্—হৃ:থ আর হৃ:খ, অনিত্য জগৎ হৃ:থপূর্ণ। শিশু যথন মাত্রগর্ভ হইতে ভূমিষ্ঠ হয়, তথন সে পৃথিবীতে প্রথম আদিয়াই কাঁদিয়া থাকে। শিশুর ক্রন্দন—ইহাই মহা সত্য ঘটনা। ইহা হইতেই প্রমাণিত হয় যে, এ জগৎ কাঁদিবারই স্থান। স্থতরাং আমরা যদি ভগবান বৃদ্ধদেবের বাণী হদমে স্থান দিই, আমাদের কথনও আর্থপর হওয়া উচিত নয়।

আবার, দেই দশদ্ত গাজারেথবাদী দশার দিকে দৃষ্টিপাত কর। তাঁহার উপদেশ: 'প্রস্তুত হও, কারণ স্বর্গরাজ্য অতি নিকটবর্তী।' আমি শ্রীকৃষ্ণের বাণী মনে মনে গভীরভাবে আলোচনা করিয়া অনাদক্ত হইয়া কার্য করিবার চেষ্টা করিতেছি, কিন্তু কথনও কথনও তাঁহার উপদেশ ভূলিয়া গিয়া সংসারে আদক্ত হইয়া পড়ি। আমি হঠাৎ ভগবান বৃদ্ধদেবের বাণী হৃদয়ের ভিতর শুনিতে পাই—'সাবধান, জগতের দম্দয় পদার্থই ক্ষণস্থায়ী, এ জীবন

সহজং কর্ম কোঁন্তের সদোষমণি ন ভাজেং।
 সর্বারস্তা হি লোবেণ ধ্যেনাগ্রিরবার্তাঃ —গ্রীতা, ১৮।৪৮

সততই হংখময়।' ঐ বাণী শুনিবামাত্র মন এই সংশয়দোলায় ছলিতে থাকে—কাহার কথা শুনিব, শ্রীক্রফের কথা না শ্রীবৃদ্ধের কথা ? তথনই বজ্রবেগে ভগবান ঈশার বাণী আসিয়া উপস্থিত হয়, 'প্রস্তুত হও, কারণ স্বর্গাজ্য অতি নিকটে।' এক মূহুর্তও বিলম্ব করিও না, কলা হইবে বলিয়া কিছু ফেলিয়া রাথিও না। সেই চরম অবস্থার জন্ম সদা প্রস্তুত হইয়া থাকো, উহা তোমার নিকট এখনই উপস্থিত হইতে পারে। স্বতরাং ভগবান ঈশার উপদেশের জন্মও আমাদের হাদয়ে স্থান রহিয়াছে, আমরা সাদরে তাঁহার ঐ উপদেশ গ্রহণ করিয়া থাকি, আমরা এই ঈশান্তকে—সেই জীবস্ত ঈশ্বকে প্রণাম করিয়া থাকি।

তারণর আমাদের দৃষ্টি সেই মহাপুরুষ মহম্মদের দিকে নিপতিত হয়,

যিনি জগতে সাম্যভাবের বার্তা বহন করিয়া আনিয়াছেন। তোমরা জিজ্ঞাসা
করিতে পারো: 'মহম্মদের ধর্মে আবার ভাল কি থাকিতে পারে?' তাঁহার
ধর্মে নিশ্চয়ই কিছু ভাল আছে—যদি না থাকিত, তবে উহা এতদিন বাঁচিয়া
রহিয়াছে কিরপে? যাহা ভাল, তাহাই য়য়ী হয়, অন্ত সম্দদের বিনাশ
হইলেও উহার বিনাশ হয় না। যাহা কিছু ভাল, তাহাই সবল ও দৃঢ়,
স্থতরাং তাহা স্থামী হয়। এই পৃথিবীতেই বা অপবিত্র ব্যক্তির জীবন
কতদিন? পবিত্রতিত্ত সাধ্র প্রভাব কি তাহা অপেক্ষা বেনী নয়? নিশ্চয়ই;
কারণ পবিত্রতাই বল, সাধ্তাই বল। স্থতরাং মহম্মদের ধর্মে যদি কিছুই
ভাল না থাকিত, তবে উহা এতদিন বাঁচিয়া আছে কিরপে? ম্সলমান-ধর্মে
যথেষ্ট ভাল জিনিস আছে। মহম্মদ সাম্যবাদের আচার্য; তিনি মানবজাতির
ভাত্তাব—সকল ম্সলমানের ভাত্তাবের প্রচারক, ঈশ্বপ্রেবিত পুরুষ।

স্তরাং আমরা দেখিতেছি, জগতের প্রত্যেক অবতার, প্রত্যেক ঈশর-প্রেরিত পুরুষ, প্রত্যেক ঈশদ্ভই জগতে বিশেষ বিশেষ সত্যের বার্তা বহন করিয়া আনিয়াছেন। যদি তোমরা প্রথম সেই বাণী শ্রবণ কর এবং পরে আচার্যের জীবনের দিকে দৃষ্টিপাত কর, দেখিবে সত্যের আলোকে তাঁহার সমগ্র জীবনটি ব্যাখ্যাত হইতেছে। অজ্ঞ মূর্থেরা নানাবিধ মতমতান্তর কল্পনা করিয়া থাকে, আর নিজ নিজ মান্দিক উন্নতি-অনুযায়ী, নিজ নিজ ভাবান্থযায়ী ব্যাখ্যা আবিন্ধার করিয়া এই-সকল মহাপুরুষে তাহা আরোপ করিয়া থাকে। তাঁহাদের উপদেশসমূহ লইয়া তাহারা নিজেদের মতান্থযায়ী লাস্ত ব্যাখ্যা করিয়া থাকে, কিন্তু প্রত্যেক মহান্ আচার্যের জীবনই তাঁহার বাণীর একমাত্র ভায়। তাঁহাদের প্রত্যেকের জীবন আলোচনা করিয়া দেখ, তিনি নিজে যাহা কিছু করিয়াছেন, তাহা তাঁহার উপদেশের সহিত ঠিক মিলিবে। গীতা পাঠ করিয়া দেখ, দেখিবে গীতার উপদেষ্টা প্রীক্তকের জীবনের সহিত গীতার বাণীর কি হুন্দর সামঞ্জ রহিয়াছে।

মহমদ নিজ জীবনের দৃষ্টান্ত ঘারা দেখাইয়া গেলেন যে, ম্দলমানদের মধ্যে সম্পূর্ণ দাম্য ও প্রাভ্তাব থাকা উচিত। উহার মধ্যে বিভিন্ন জাতি, মতামত, বর্ণ বা লিঙ্গ-ভেদ কিছু থাকিবে না। ত্রক্তের ফলতান আফ্রিকার বাজার হইতে একজন নিগ্রোকে কিনিয়া তাহাকে শৃদ্ধলাবদ্ধ করিয়া ত্রক্তে আনিতে পারেন; কিন্ত সে বদি ম্দলমান হয়, আর যদি তাহার উপযুক্ত গুণ থাকে, তবে সে ফলতানের কন্তাকেও বিবাহ করিতে পারে। ম্দলমানদের এই উদার ভাবের সহিত এদেশে (আমেরিকায়) নিগ্রো ও বেড, ইণ্ডিয়ানদের প্রতি কিরপ বাবহার করা হয়, তুলনা করিয়া দেখ। আর হিন্দুরা কি করিয়া থাকে? যদি তোমাদের একজন মিশনরী হঠাৎ কোন গোঁড়া হিন্দুর থাতা ছুঁইয়া ফেলে, সে তৎক্ষণাৎ উহা ফেলিয়া দিবে। আমাদের এত উচ্চ দর্শনশান্ত থাকা সত্ত্বেও কার্যের সময়, আচর্রণের সময় আমরা কিরপ ছর্বলতার পরিচয় দিয়া থাকি, তাহা লক্ষ্য করিও। কিন্তু অন্যান্ত ধর্যাবলম্বীর তুলনায় এইথানে ম্দলমানদের মহত্ব—জাতি বা বর্ণ বিচার না করিয়া দকলের প্রতি দামাভাব প্রদর্শন করা।

পূর্বে যে-দকল মহাপুরুষ ও অবভারের বিষয় কবিত হইল, জাঁহারা ছাড়া অন্ত মহত্তর অবভার কি জগতে আদিবেন? অবশ্রই আদিবেন। কিন্তু তাঁহারা আদিবেন বলিয়া বদিয়া থাকিও না। আমি বরং চাই, ভোমাদের প্রত্যেকেই দম্দর প্রাচীন সংহিভার সমষ্টিমন্ত্রণ এই যথার্থ নব সংহিভার আচার্য হও, প্রবক্তা হও। প্রাচীনকালে বিভিন্ন আচার্যগণ যে-দকল উপদেশ দিয়া গিয়াছেন, দেগুলি গ্রহণ কর, নিজ নিজ অমুভূতির দহিত মিলাইয়া উহাদের সম্পূর্ণ কর এবং দিব্য প্রেরণা লাভ করিয়া অপরের

নিকট ঐ সত্য ঘোষণা কর; পূর্ববর্তী সকল আচার্যই মহান্ ছিলেন, প্রত্যেকেই আমাদের জন্ম কিছু সত্য রাখিয়া গিয়াছেন, তাঁহারাই আমাদের পক্ষে ঈশ্বর-স্বরূপ। আমরা তাঁহাদিগকে নমস্কার করি, আমরা তাঁহাদের দাস। কিছু সেই সঙ্গে সঙ্গে আমরা নিজেদেরও নমস্কার করিব; কারণ তাঁহারা ঘেমন প্রফেট, ঈশ্বরতনর বা অবতার, আমরাও তাহাই। তাঁহারা পূর্বতা লাভ করিয়াছিলেন, সিদ্ধ হইয়াছিলেন, আমরাও এখনই…ইহ-জীবনেই সিদ্ধ অবস্থা প্রাপ্ত হইব। বীভানীটের সেই বাণী স্মরণ রাখিও—'স্বর্গরাল্যা অতি নিকটে।' এখনই, এই মৃহুর্ডেই, এস আমরা প্রত্যেকে এই দৃচ্ প্রতিজ্ঞা করি—'আমি ঈশ্বরপ্রেরিত পুক্র হইব, আমি সেই জ্যোতিঃ-স্বরূপ ভগবানের বার্তাবহ হইব, আমি ঈশ্বরতনর—ভগ্ন তাহাই নহে, স্বয়ং ঈশ্বর্গরূপ হইব।'

কৃষ্ণ ও তাঁহার শিক্ষা

িএই বক্তাটি ১৯০০ গ্রীঃ ১লা এপ্রিল আমেরিকা যুক্তরাষ্ট্রের স্থান ফ্র্যানসিম্মে অঞ্চল প্রান্ত আন্তর্গালর আকলে । আইডা আন্সেল (Ida Ansell) নারী জনৈকা শ্রোত্রী তাঁহার ব্যক্তিগত অমুধ্যানের জন্ম ইহার সাক্ষেতিক লিপি গ্রহণ করিরাছিলেন। মৃত্যুর কিছুকাল পূর্বে ১৯৫৬ গ্রীঃ Vedanta and the West পত্রিকার প্রকাশের জন্ম তিনি ইহার সাক্ষেতিক লিপি উদ্ধার করেন। বেধানে লিপিকার আমীজীর ভাষণের কথাগুলি ট্রিক্সত ধরিতে পারেন নাই, সেধানে তিহ্ন দেওরা আছে। প্রথম বন্ধনীর () মধ্যকার অংশ আমীজীর ভাষ-পরিক্ষৃটনের জন্ম লিপিকার কর্তৃক সন্নিবেশিত।

যে কারণ-পরস্পরার ফলে ভারতবর্ষে বৌদ্ধর্মের অভ্যুথান, প্রায় সেইরূপ শারিপার্থিক অবস্থার মধ্যেই শ্রীক্লফের আবির্ভাব হইয়াছিল। শুধু তাহাই নয়, দে-যুগের অহুরূপ ঘটনাবলী আমরা এ-যুগেও ঘটিতে দেখি।

যদি এই জগৎ আমাদের অক্তম অপরিহার্য শিক্ষালয় হয়, যদি অনস্ত জীবন শাখত নিয়ম অমুসারেই গাঁঠিত, রূপায়িত এবং পরিচালিত করিতে হয়, আর শাখত নিয়মে স্থয়োগ যদি প্রত্যেকেই লাভ করে, তাহা হইলে তো আমাদের তাড়াহুড়া করিবার কোন প্রয়োজন নাই। সমবেদনা জানাইবার, চারিদিকে চাহিবার এবং ত্র্বলের সাহায্যে হন্ত প্রসারণ করিয়া তাহাদিগকে প্রতিপালন করিবার প্রচুর সময় আমাদের আছে।

বৌদ্ধর্ম সম্পর্কে সংস্কৃতে আমরা হুইটি শব্দ পাই: একটি 'ধর্ম', অপরটি---'সংঘ'। ইহা খুবই বিশায়কর যে, প্রীক্রফের শিষ্ক্র ও বংশধর-গণের অবলম্বিত ধর্মের কোন নাম নাই, (যদিও) বিদেশীরা ইহাকে হিন্দুধর্ম বা ব্রাহ্মণ্যধর্ম বলিয়া অভিহিত করেন। 'ধর্ম' এক, তবে 'সম্প্রদায়' অনেক। যে মুহূর্তে তুমি ধর্মের একটি নাম দিতে যাও, ইহাকে স্বাভম্ব্য দিয়া অক্তান্ত ধর্ম হইতে পথক করিয়া ফেলো, তথনই ইহা একটি সম্প্রদায়ে পরিণত হয়, তথন আর উহা 'ধর্ম' থাকে না ; সম্প্রদায় ভধু নিজের মতটিই (প্রচার করে). ঘোষণা করিতে ছাড়ে না যে, ইহাই একমাত্র সত্য, অন্ত কোথাও আর সতা নাই। পক্ষান্তবে 'ধর্ম' বিখাস করে যে, জগতে একটিমাত্র ধর্মই চলিয়া আসিতেছে এবং এথনও আছে। ছুইটি ধর্ম কথনও ছিল না। একই ধর্ম বিভিন্ন স্থানে উহার বিভিন্ন দিক্ (উপস্থাপিত করিতেছে)। মানবন্ধাতির লক্ষ্য এবং সম্ভাবনা সম্বন্ধে যথায়থ ধারণা করাই আমাদের কর্তব্য। আমাদের দৃষ্টিকে স্বচ্ছ করিয়া উধ্বে এবং সম্মুথে আগুয়ান মানবজাতিকে উদার দৃষ্টিতে দেখিতে শেখানোই শ্রীকৃষ্ণের মহতী কীর্তি। তাঁহার বিশাল হাদয়ই সর্বপ্রথম সকল মডের মধ্যে সভ্যকে দেখিতে পাইয়াছিল, জাঁহার শ্রীমূথ হইতেই প্রত্যেক মাহুষের জন্ম স্থলর স্থলর কথা প্রথম নিঃস্ত হইয়াছিল।

এই কৃষ্ণ বুদ্ধের কয়েক হাজার বৎসরের পূর্ববর্তী। এমন বছ লোক আছেন, যাহারা বিশ্বাস করেন না যে, কৃষ্ণ কথনও ছিলেন। কাহারও কাহারও বিশ্বাস—প্রাচীন স্থোপাসনা হইতেই কৃষ্ণের পূজা উদ্ভূত হইরাছে। সন্তবতঃ কৃষ্ণ নামে বছ ব্যক্তি ছিলেন। উপনিষদে এক কৃষ্ণের উল্লেখ আছে, এক কৃষ্ণ ছিলেন রাজা, আর একজন ছিলেন সেনাপতি। সবগুলি এক কৃষ্ণে সমিলিত হইয়া গিয়াছে। ইহাতে আমাদের কিছুই আসিয়া যায় না। ব্যাপার এই যে, যথন আধ্যাত্মিকভার অমুপম এমন একজন আবিভূতি হন, তথন তাঁহাকে বিরিয়া নানাপ্রকার পৌরাণিক কাহিনী রচিত হয়। কিন্তু বাইবেল প্রভৃতি যে-সকল ধর্মগ্রন্থ এবং উপাখ্যান এইরপ এক ব্যক্তির উপর আরোপিত হয়, সেগুলিকে তাঁহার চরিত্রের (ছাচে) নৃতন করিয়া ঢালা প্রয়োজন। বাইবেলের নিউ টেস্টামেন্টের গল্পগুলি প্রীষ্টের স্বজনগ্রাহ্ জীবন (এবং) চরিত্রের আলোকেই রূপায়িত করা উচিত।

বুদ্ধ সম্বন্ধ ভারতীয় সমস্ত কাহিনীতেই 'পরার্ধে আত্মত্যাগ'দ্ধপ তাঁহার সমগ্র জীবনের প্রধান স্থরটি বজার রাখা হইরাছে।…

ক্তম্বের মধ্যে আমরা পাই...তাঁহার বাণীর তুইটি প্রধান ভাব: প্রথম—
বিভিন্ন ভাবের দমন্বর; দিতীর—অনাসক্তি। মাহ্য রাজসিংহাদনে বসিয়া,
সেনাবাহিনী পরিচালনা করিয়া, জাতিসমূহের জন্ত বড় বড় পরিকল্পনা কার্যে
পরিণত করিয়াও চরম লক্ষ্য—পূর্ণতার পৌছিতে পারে। ফলতঃ ক্তম্বের
মহাবাণী যুদ্ধকেত্রেই প্রচারিত হইরাছিল।

প্রাচীন পুরোহিতকুলের চংচাং, আড়ম্বর ও ক্রিয়াকলাপাদির অসারতা ক্ষম্পের শ্বচ্ছ দৃষ্টিতে ধরা পড়িয়াছিল, তথাপি এই সমস্তের মধ্যে তিনি কিছু ভালও দেখিয়াছিলেন।

যদি তৃমি শক্তিধর হও, উত্তম। কিন্তু তাই বলিয়া যে তোমার মডো বলবান্ নয়, তাহাকে অভিশাপ দিও না। তেতিকেই বলিয়া থাকে, 'হতভাগ্য তোমরা!' কে আর বলে, 'আহা, আমি কী হতভাগ্য যে, তোমাদিগকে শাহায়া করিতে পারিতেছি না!' মাহ্ম নিজ নিজ দামর্থ্য, সঙ্গতি ও জ্ঞান অফ্যায়ী যতদ্ব করিবার করিতেছে, কিন্তু কী তৃঃথের কথা, আমি তো তাহাদিগকে আমার পর্যায়ে টানিয়া তুলিতে পারিতেছি না!

তাই কৃষ্ণ বলিতেছেন, আচার-অন্থান, দেবার্চনা, পুরাণকথা সবই
ঠিক। তেন ? কারণ এগুলি একই লক্ষ্যে পৌছাইয়া দেয়। ক্রিয়া-কলাপ, শাষ্ক, প্রতীক—এ সবই এক শৃদ্ধলের এক-একটি শিকলি। শক্ত করিয়া ধর। ইহাই একমাত্র কর্তব্য। যদি তুমি অকপট হও, আর যদি দীর্ঘ শৃদ্ধলের একটি শিকলিও ধরিতে পারিয়া থাকো, তবে ছাড়িয়া দিও না, বাকী অংশটুকু তোমার কাছে আসিতে বাধ্য। (কিন্তু মাহ্নুষ) ধরিতে চায় না। তাহারা কেবল ঝগড়া-বিবাদে এবং কোন্টি ধরিব এই বিচারেই সময় কাটায়, ফলে কোন কিছুই ধরিয়া থাকে না। আমরা সর্বদা সত্যকে 'পুঁজিয়াই' বেড়াই কিন্তু উহা 'লাভ' করিতে কথনও চাই না। আমরা চাই ভ্রু তুরিয়া বেড়ানো ও (চাওয়ার) মজা। আমাদের প্রচুব শক্তি এইভাবেই ব্যায়ত হইতেছে। সেইজন্ত কৃষ্ণ বলিতেছেনঃ মূল কেন্দ্র হইতে প্রদারিত শৃদ্ধলগুলির যে-কোন একটি ধরিয়া ফেলো। কোন একটি সোপান অপরটি হইতে বড় নয়। যেতক্ষণ আস্তরিকতা থাকে, ততক্ষণ কোন ধর্মসতকে নিন্দা করিও না। যেতক্ষণ আস্তরিকতা থাকে, ততক্ষণ কোন ধর্মসতকে নিন্দা করিও না। যেত্ব

কোন একটি শিকলি জোর করিরা ধর, তাহা হইলে ইহা ভোষাকে কেন্দ্রে টানিয়া লইয়া যাইবে ।···বাকী যাহা কিছু সব ভোষার বৃদ্ধই শিখাইয়া দিবে। ভিতরে গুরুই সকল মত, সমস্ত দুর্শন শিকা দিবেন।···

শ্বীষ্টের মতো রুফও নিঞ্চেকেই ঈশর বলিয়াছেন! নিজের মধ্যে তিনি দেবতাকে দর্শন করিয়াছিলেন। তিনি বলিয়াছেন, 'একদিনের জন্তও আমার পথের বাহিরে যাইবার সাধ্য কাহারও নাই। সকলকেই জামার কাছে আসিতে হইবে। যে জামাকে যে-ভাবেই উপাসনা করুক না কেন, আমি তাহাকে সে-ভাবেই অর্থাৎ সেই ফলপ্রদানের ছারাই অনুগৃহীত করি এবং ঐ ভাবের মধ্য দিয়াই তাহার নিকট উপস্থিত হই।…'' ক্লফের হুদ্র সকলের জন্ত উন্মুক্ত ছিল।

ক্বঞ্চ নিজের স্বাতন্ত্র্যে দ্বাড়াইয়া আছেন। সেই নির্ভীক ব্যক্তিত্বে আমরা তর পাই। আমরা তো দব কিছুর উপর নির্ভর করি করেন না, এমন কি উপর, অবস্থার উপর। যখন আত্মা কিছুরই উপর নির্ভর করেন না, এমন কি জীবনের উপরও নয়—তাহাই তত্ত্ত্তানের পরাকার্চা, মহন্তবের চূড়ান্ত। উপাসনাও এই একই লক্ষ্যে লইয়া যায়। উপাসনার উপর ক্বঞ্চ খ্ব জোর দিয়াছেন। (দ্বীর্থরের উপাসনা কর।)

আমরা জগতে নানাপ্রকার উপাসনা দেখিতে পাই। আর্ড ভগবান্কে খুব ডাকে। স্থাবার ধনসম্পত্তি নই হইয়াছে, সেও ধনলাভের আশায় খুব প্রার্থনা করে। ঈশ্বরের জন্তই যিনি ঈশ্বরকে ভালবাসেন, তাঁহার উপাসনাই শ্রেষ্ঠ উপাসনা। (প্রশ্ন হইতে পারে): 'যদি ঈশ্বর আছেন, তবে এত ত্বংশক্ট কেন ?' ভক্ত বলেন, 'সজগতে ত্বংশ আছে; (কিন্তু) তাই বলিয়া আমি ভগবান্কে ভালবাসিতে ছাড়িব না। আমার (ত্বংশ) দ্ব করিবার জন্ত আমি তাঁহার উপাসনা করি না। তাঁহাকে আমি ভালবাসি, কেন না তিনি প্রেমশ্বরূপ।' অন্ত প্রকারের) উপাসনাশুলি অপেকারুত নিম্নন্তরের; কিন্তু কৃষ্ণ কোন উপাসনাবই নিন্দা করেন নাই। চুপ করিয়া দাঁড়াইয়া থাকা অপেকা কিছু করা ভাল। যে ব্যক্তি ঈশ্বরের উপাসনা করিতে আরম্ভ করিয়াছে, সে ক্রমে উন্নত হইবে এবং তাঁহাকে নিক্ষাভাবে ভালবাসিতে পারিবে। স

১ শীতা, ৪।১১

এই জীবন যাপন করিয়া কিরপে পবিত্রতা লাভ করিব? আমাদের নকলকে কি অর্বান-গুহার যাইতে হইবে?…না, তাহাতে লাভ কিছু নাই। মন যদি বন্দীভূত না হয়, তবে গুহার বাস করিলেও কোন ফল হইবে না, কারণ এই একই মন সেথানেও নানা বিদ্ন স্থাই করিবে, আমরা গুহাতেও বিশটি শরতান (দেখিতে পাইব), কেন-না যত সব শরতান তো মনেই। মন বশে থাকিলে আমরা যেখানেই বাস করি না কেন, উহা গুহার সমান।

আমবা বে-জগৎ দেখিতেছি, আমাদের নিজেদের মানর্সিক দংঝারই তাহা কাষ্টি করে। আমাদেরই চিন্তাধারা বন্ধনিচয়কে স্থলের বা কুৎসিত করে। সমস্ত সংসারটাই আমাদের মনের মধ্যে। ঠিক দৃষ্টিতে সব কিছু দেখিতে শেখো। প্রথমতঃ এইটি বিশাস কর যে, জগতে প্রত্যেক জিনিসেরই একটি অর্থ আছে। জগতের প্রতিটি দ্রব্যই সৎ, পবিত্র ও স্থলের। যদি তোমার চোখে কোন কিছু মন্দ ঠেকে, তবে মনে করিও যে যথার্থভাবে তাহা বুঝিতেছ না। সব বোঝা নিজেদের উপর লও। অথনই আমরা বলিতে প্রলুক্ক হই যে, জগৎ অধঃপাতে যাইতেছে, তথনই আমাদের আত্মবিশ্লেষণ করা উচিত; তাহা হইলে আমরা ব্রিতে পারিব যে, সংসারের সব কিছু ঠিকভাবে দেখিবার শক্তি আমরা হারাইয়াছি।

দিবারাত্র কান্ধ কর। 'দেখ, আমি জগতের ঈশব, আমার কোন কর্তব্য নাই। প্রত্যেক কর্তব্যই বন্ধন। কিন্তু আমি কর্মের জন্মই কর্ম করি। যদি কণমাত্রও আমি কর্ম হইতে বিরত হই, (সব কিছু বিশৃঙ্খল হইবে)।'' অতএব কেবল কান্ধ করিয়া যাও, কিন্তু কর্তব্যবোধে নয়।…

এই সংসার যেন একটি থেলা। তোমরা তাঁহার (ভগবানের) থেলার সাখী। কোন হৃঃথ, কোন হুর্গতির কথা না ভাবিয়া কাজ করিয়া যাও। কদর্য বস্তিতে এবং সুসজ্জিত বৈঠকখানায় ভগবানেরই লীলা দেখ। লোককে উমত করিবার জন্ম কাজ কর। (ভাহারা যে পাপী বা হীন, তাহা নয়; ক্ষণ্ড এরপ বলেন না।)

সংকাষ্ণ এত কম হয় কেন জানো ? কোন ভত্তমহিলা একটি বস্তিতে গেলেন ৷…তিনি কয়েকটি টাকা দিয়া বলিলেন, 'আহা, গরীব বেচারীরা!

১ গীতা, ভাবর-২৩

ইহা লইয়া স্থী হও '--- আবার কোন স্বন্দরী হয়তো রাস্তা দিয়া ঘাইডে যাইতে একজন দ্বিদ্রকে দেখিলেন এবং কয়েকটি পয়দা তাহার সমূধে ছুঁড়িয়া দিলেন। ভাবো দেখি, ইহা কিরুপ নিন্দনীর! আমরা ধক্ত যে, এই বিষয়ে তোমাদের বাইবেলে ভগবান্ আমাদিগকে উপদেশ দিয়াছেন। ষীভ বলিতেছেন, 'ভোমরা আমার এই লাভ্গণের মধ্যে দীনতক ব্যক্তির অস্ত ইহা করিয়াছ বলিয়া ইহা আমারই জন্ত করা হইয়াছে। তুমি কাহাকেও সাহায্য করিতে পারো, এইরূপ চিম্বা করাও অধর্ম। প্রথমতঃ সাহায্য করার ভাবটি মন হইতে উৎপাটিত কর, তারপর উপাসনা করিতে যাও। ঈশবের সম্ভানসম্ভতি যে তোমার প্রভুরই সম্ভান। (স্বার সম্ভান তো পিতারই ভিন্ন ভিন্ন মূর্তি।) তুমি তো তাঁহার দেবক। •••জীবস্ত ঈশবের সেবা কর! ঈশব তোমার নিকটে অন্ধ, ধঞ্চ, দরিজ, তুর্বল বা পাপীর মূর্তিতে আদেন। তোমার জন্ম উপাসনার কী চমংকার স্থযোগ। ষে-মৃহুর্তে চিন্তা কর যে, তুমি 'দাহায্য' করিতেছ, তথনই সমস্ত আদর্শটি নষ্ট কবিয়া নিজেকে অবনত কবিয়া ফেলিয়াছ। এইটি জানিয়া কাজ কর। প্রশ্ন করিবে, 'তার পর ?' তোমাকে আর হান্যভেদী ভয়ানক ছ্:থে পড়িতে হইবে ना।... उथन कर्य जाद वहन रहेर्दा ना। कर्य थिना रहेन्ना घारेर्दा, जानस्क পবিণত হইবে। কর্ম কর। অনাসক্ত হও। ইহাই সম্পূর্ণ কর্মবহক্ষ। বিদ আসক্ত হও, দুঃথ আসিবে।…

জীবনে আমরা যাহাই করিতে যাই, তাহার সঙ্গে নিজেদের এক করিরা কেলি। এই লোকটি কটু কথা বলিল, আমার মনে ক্রোধের সঞ্চার হইল। করেক সেকেণ্ডের মধ্যে ক্রোধের সঙ্গে আমি এক হইয়া গেলাম—তারপরই আসে তৃঃথ। নিজেকে ভগবানের সঙ্গে যুক্ত কর, আর কিছুর সঙ্গে নয়; কারণ আর সব কিছুই অসত্য। অনিত্য অসত্যের প্রতি আসজিই তৃঃথ আনে। একমাত্র সংস্করপই সত্য; তিনিই একমাত্র জীবন, তাঁহাতে বিষয়-বিষয়ী (object and subject)-বোধ নাই।

কিন্তু নিজাম ভালবাসায় ভোমাকে আঘাত পাইতে হইবে না। যাহা কিছু কর, ক্ষতি নাই। বিবাহ করিতে পারো, সন্তানের জনক হইতে পারো •••তোমার যাহা খুশি তাহা করিতে পারো—কিছুই তোমাকে হৃ:থ দিবে না; 'অহং'-বৃদ্ধিতে কিছু করিও না। কর্তব্যের জন্মই কর্তব্য কর; কর্মের জন্মই কর্ম কর। তাহাতে তোষার কি? তৃষি নির্ণিগুভাবে পাশে দাঁড়াইরা থাকো।

যখন আমরা এরপ অনাসজি লাভ করি, তখনই বিশ্বব্দ্ধাণ্ডের অভুত রহস্ত আমাদের হৃদরক্ষম হয়। তখনই বৃথিতে পারি—একই নঙ্গে কি তীব্র কর্মচাঞ্চল্য ও চরম শান্তি। প্রতিক্ষণে কি কর্ম, আবার কি বিশ্রাম। ইহাই সংসারের রহস্ত—একই সন্তায় অকর্ত্ব ও কর্তৃত্ব, একই আধারে অনন্ত এবং সান্ত। তখনই আমরা রহস্তাটি আবিষ্কার করিব। 'যিনি তীব্র কর্মব্যস্তাতার মধ্যে অপার শান্তি এবং অসীম শান্তির মধ্যে চরম কর্মচাঞ্চল্য লাভ করেন, তিনি যোগী হইয়াছেন।' কেবল তিনিই প্রকৃত কর্মী, আর কেহই নন। আমরা একটু কাজ করিয়াই ভাত্তিয়া পড়ি। ইহার কারণ কি পু যেহেতৃ আমরা কাজের সঙ্গে নিজেদের জড়াইরা ফেলি। যদি আমরা আসক্ত না হই, তাহা হইলে কাজের সঙ্গে সঙ্গে আমরা পূর্ণ বিশ্রাম লাভ করিতে পারি।…

এইরপ অনাসজিতে পৌছানো কত কঠিন! সেইজন্ত রক্ষ আমাদিগকে অপেকারত সহজ পথ ও উপায়গুলির নির্দেশ দিতেছেন। (পুরুষ বা নারী) প্রত্যেকের পক্ষে সহজ্ঞতম রাস্তা হইতেছে ফলের আকাজ্ঞার উদ্বিয় না হইরা কর্ম করা। বাসনাই বন্ধন সৃষ্টি করে। আমরা যদি কর্মের ফল চাই, তবে ভঙ্তই হউক আর অভঙ্ট হউক, উহার ফল ভোগ করিতে হইবেই। কিন্তু যদি আমরা আমাদের নিজেদের জন্ম কর্ম না করিয়া ঈশবের মহিমার জন্মই করি, তাহা হইলে ফল নিজের ভাবনা নিজেই ভাবিবে। 'কর্মেই তোমার অধিকার, ফলে নহে।'ই সৈনিক ফলের আশা না করিয়া যুদ্ধ করে। সে তাহার কর্তব্য সম্পাদন করিয়া যার। যদি পরাজ্মর হয়—তাহা সেনাপতির, সৈনিকের নয়। প্রীতির জন্মই আমরা কর্তব্য করিব—সেনাপতির প্রীতির জন্ম।…

যদি শক্তি থাকে, বেদাস্তদর্শনের ভাব গ্রহণ কর এবং স্বাধীন হও। যদি তাহা না পারো ভো ঈশবের ভজনা কর। তাহাও যদি না পারো, কোন প্রতীকের উপাসনায় ব্রতী হও। ইহাও যদি না পারো-ফলের আকাজ্ঞানা করিয়া দং কাজ কর। তোমার যাহা কিছু আছে, ভগবানের সেবায়

১ গীতা, ৪।১৮

২ গীতা, ২া৪৭

উৎসর্গ কর। যুদ্ধ করিতে থাকো। 'যে-কেহ ভক্তিভরে আমার উদ্দেশ্তে পত্র পূস্প ফল ও জল অর্পন করে, আমি তাহা প্রীতির সহিত গ্রহণ করি।'' যদি তুমি কিছুই করিতে না পারো, একটি সং কাজও যদি তোমার দারা অম্পষ্টিত না হয়, তবে প্রভুব শরণ লও। 'ঈশব সর্বভূতের হদয়ে অধিষ্টিত থাকিয়া তাহাদিগকে যন্ত্রারুঢ়ের মতো চালাইতেছেন। তুমি সর্বান্তঃকরণে তাঁহারই শরণাগত হও…।'

কৃষ্ণ (গীতায়) ভক্তির আদর্শ সম্বন্ধ সাধারণভাবে যে আলোচনা করিয়াছেন, এগুলি তাহারই কয়েকটি। বৃদ্ধ ও থীশুর ভক্তিবিষয়ক উপদেশ আরপ্ত অন্যান্ত বড় বড় গ্রন্থে আছে।…

ক্ষেত্র জীবন সহছে আরও কয়েকটি কথা বলিতেছি। যীন্ত ও ক্ষেত্র জীবনে প্রচুর সাদৃশ্য আছে। কোন্ চরিত্রটিকে অপরটি হইতে ধার করা হইয়াছে—এ সহজে আলোচনা চলিতেছে। উভয় ক্ষেত্রেই একজন অত্যাচারী রাজা ছিল। উভয়েরই জয় হইয়াছিল অনেকটা এক অবস্থায়। ছইজনেরই মাতাপিতাকে বন্দী করিয়া রাখা হয়। ছইজনকেই দেবদ্তেরা রক্ষা করিয়াছিলেন। উভয়ক্ষেত্রেই তাঁহাদের জয়বৎসরে যে শিতগুলি ভূমিষ্ঠ হয়, তাহাদিগকে হত্যা করা হইয়াছিল। শৈশবাবস্থাও একই প্রকার।… আবার পরিণামে উভয়েই নিহত হন। রফ নিহত হন একটি আকম্মিক ছ্র্টিনায়; তিনি তাঁহার হত্যাকারীকে মর্গে লইয়া যান। প্রীষ্টকে হত্যা করা হয়; তিনি দত্মার মঙ্গল কামনা করেন এবং তাহাকে স্থর্গে লইয়া যান।

নিউ টেস্টামেণ্ট এবং গীতার উপদেশগুলিতে অনেক মিল আছে।
মামুবের চিস্তাধারা একই পথে অগ্রসর হয়। ক্রেফর নিজের কথায় আমি
তোমাদিগকে ইহার উত্তর দিতেছি: 'যখনই ধর্মের মানি ও অধর্মের প্রাতৃতাব
হয়, তখনই আমি অবতীর্ণ হই। বাব বাব আমি আসি। অতএব যখনই
দেখিবে কোন মহাত্মা মানবজাতির উদ্ধাবের জন্ত সচেই, জানিবে আমার
ভাবিতাব হইরাছে এবং তাঁহার পূজা করিবে। '''

১ গীতা, মা২৬

২ গীতা, ১৮/৬১

৩ গীড়া ৪৮৮,১১।৪১

তিনিই যদি বুদ্ধ বা যীশুরূপে অবতীর্ণ হন, তবে ধর্মে ধর্মে কেন এত भाषाचार के प्राप्त विभाग विषय भागनीय। हिन्सू छक विशयनः সমং ঈস্বর কৃষ্ণ, বুদ্ধ, প্রীষ্ট এবং স্বস্তান্ত স্মাচার্য (লোকগুরু)-রূপে স্ববতীর্ণ हरेब्राह्म। हिन्दू मार्निक विलियन, हैहावा महाशूक्य এवः निष्णम्खः। সমস্ত জগৎ কট্ট পাইতেছে বলিয়া ইহারা মৃক্ত হইয়াও নিজেদের মৃক্তি গ্রহণ করেন না। বার বার তাঁহার। আসেন, নরশরীর ধারণ করেন এবং মানবন্ধাতির হিভসাধন করেন, আশৈশব জানেন-তাঁহারা কে এবং কি উদ্দেশ্যে অবতীর্ণ হইয়াছেন…। আমাদের মতো বন্ধনের মধ্য দির। তাঁহাদিগকে দেহধারণ করিতে হয় ना। --- निष्क्रामत साथीन हैण्डा छ्डे তাঁহারা আসেন। বিপুল আধ্যাত্মিক শক্তি স্বতই তাঁহাদিগের ভিতর সঞ্চিত থাকে। আমরা ঐ শক্তির প্রতিরোধ করিতে পারি না। সেই আধ্যাত্মিকতার ঘূর্ণাবর্ড অগণিত নরনারীকে টানিয়া আনে এবং ইহার গতি চলিতেই থাকে, কেন না এই মহাপুরুষদেরই একজন না একজন পিছন হইতে শক্তি সঞ্চার করিতেছেন। তাই যতদিন সমগ্র মানবন্ধাতির মৃক্তি না হয় এবং এই পৃথিবীর খেলা পরিসমাগু না হয়, ততদিন ইহা চলিতে থাকে।

যাঁহাদের জীবন আমরা অন্ধ্যান করিতেছি, সেই মহাপুক্ষগণের নাম মহিমানিত হউক। তাঁহারাই তো জগতের জীবন্ত ঈশর। তাঁহারাই তো আমাদের উপাশু। ভগবান্ যদি মানবীয় রূপ পরিগ্রহ করিয়া আমাদের নিকট উপস্থিত হন, কেবল তখনই আমরা তাঁহাকে চিনিতে পারি। তিনি তো সর্বত্র বিরাজ্মান, কিন্তু আমরা কি তাঁহাকে দেখিতে পাইতেছি? মানবদেহে সীমাবদ্ধ হইলেই আমাদের পকে তাঁহাকে দেখা সম্ভব। । যদি মাহ্ম ও...জীবসকলকে ঈশরেরই বিভিন্ন প্রকাশ বলিয়া মানি, তবে এই আচার্যগণই মানবজ্ঞাতির নেতা ও গুরু। অতএব, হে দেববন্দিত্বন মহাপুক্ষগণ, তোমাদিগকে প্রণাম! হে মহালুজাতির পথপ্রদর্শকগণ, তোমাদিগকে প্রণাম! হে মহালুজিব, তোমাদের প্রণাম। হে প্রহান আচার্যগণ, তোমাদের প্রণাম। হে পথিরুৎগণ, তোমাদের উদ্দেশ্যে আমাদের চির প্রণতি।

ভগবান্ বুদ্ধ

(আমেরিকা যুক্তরাষ্ট্রের ভেট্ররেটে প্রদন্ত বক্তৃতা)

এক এক ধর্মে আমরা এক এক প্রকার দাধনার বিশেষ বিকাশ দেখিতে পাই। বৌদ্ধর্মে নিষ্কাম কর্মের ভাবটাই বেশী প্রবল। আপনারা বৌদ্ধর্ম ও বাহ্মণ্যধর্মের সম্বন্ধ-বিষয়ে ভূল বুঝিবেন না, এদেশে অনেকেই ঐরপ করিয়া পাকে। তাহারা মনে করে, বৌদ্ধর্ম সনাতনধর্মের সহিত সংযোগহীন সম্পূর্ণ স্বতন্ত্র ধর্ম ; কিন্তু প্রকৃতপক্ষে তাহা নহে, ইহা আমাদের সনাতনধর্মেরই সম্প্রদায়বিশেষ। গোতম নামক মহাপুরুষ কর্তৃক বৌদ্ধর্য প্রতিষ্ঠিত। ডাৎকালিক অবিরত দার্শনিক বিচার, জটিল অমুষ্ঠানপদ্ধতি, বিশেষতঃ ষ্ণাতিভেদের উপর তিনি অতিশয় বিরক্ত ছিলেন। কেহ কেহ বলেন, 'আমরা এক বিশেষ কুলে জন্মিয়াছি; যাহারা এরূপ বংশে জন্মে নাই, তাহাদের অপেক্ষা আমরা শ্রেষ্ঠ।' ভগবান্ বৃদ্ধ জাতিভেদের এইরূপ ব্যাখ্যার বিরোধী ছিলেন। তিনি পুরোহিত-ব্যবসামীদের অপকৌশলেরও ঘোর বিরোধী ছিলেন। তিনি এমন এক ধর্ম প্রচার করিলেন, যাহাতে সকাম ভাবের লেশমাত্র ছিল না, আর তিনি দর্শন ও ঈশব সম্বন্ধে নানাবিধ মতবাদ আলোচনা করিতে চাহিতেন না; ঐ বিষয়ে সম্পূর্ণ অজ্ঞেয়বাদী ছিলেন। অনেকে অনেক সময় তাঁহাকে ঈশ্বর আছেন কি না জিজ্ঞাসা করিলে তিনি উত্তর দিতেন, 'ও-সব আমি কিছু জানি না।' মানবের প্রকৃত কর্তব্য সম্বন্ধে জিজ্ঞাসা করিলে তিনি বলিতেন, 'নিজে ভাল কান্ধ কর এবং ভাল হও।'

একবার তাঁহার নিকট পাঁচজন বান্ধণ আদিয়া তাঁহাকে তাঁহানের তর্কের
মীমাংসা করিয়া দিতে বলিলেন। একজন বলিলেন, 'ভগবন্, আমার শাস্ত্রে
দিখরের স্বরূপ ও তাঁহাকে লাভ করিবার উপায় সম্বন্ধে এই এই কথা আছে।'
অপরে বলিলেন, 'না, না, ও-কথা ভূল; কারণ আমার শাস্ত্র দিখরের স্বরূপ
ও তাঁহাকে লাভ করিবার সাধন অন্ত প্রকার বলিয়াছে।' এইরূপে অপরেও
দিখরের স্বরূপ ও তৎপ্রাপ্তির উপায় সম্বন্ধে নিজ নিজ শাস্ত্রের দোহাই দিয়া ভির
ভিন্ন অভিপ্রায় প্রকাশ করিতে লাগিলেন। তিনি প্রত্যেকের কথা বেশ
মনোযোগ দিয়া ভনিয়া প্রত্যেককে এক এক করিয়া জিজাসা করিলেন,

'আচ্ছা, আপনাদের কাহারও শান্তে কি এ কথা বলে যে, ঈশর ক্রোধী, হিংসাপরায়ণ বা অপবিত্র ?'

বান্ধণেরা সকলেই বলিলেন, 'না, ভগবন্, সকল শাস্ত্রেই বলে ঈশ্বর শুদ্ধ ও কল্যাণময়।' ভগবান্ বৃদ্ধ বলিলেন, 'বন্ধুগণ, ভবে আপনারা কেন প্রথমে শুদ্ধ, পবিত্র ও কল্যাণকারী হইবার চেষ্টা করুন না, যাহাতে আপনারা ঈশ্বর কি বস্তু জানিতে পারেন ?'

মবশ্য আমি তাঁহার সকল মত সমর্থন করি না। আমার নিধের জন্তই আমি দার্শনিক বিচারের যথেষ্ট আবশুক্তা বোধ করি। অনেক বিষয়ে তাঁহার সহিত আমার সম্পূর্ণ মতভেদ আছে, কিন্তু মতভেদ আছে বলিয়াই যে আমি তাঁহার চরিত্রের, তাঁহার ভাবের সোল্র্য দেথিব না, ইহার কি কোন অর্থ আছে? জগতের আচার্যগণের মধ্যে একমাত্র তাঁহারই কার্যে কোনরণ বাহিরের অভিসন্ধি ছিল না। অন্তান্ত মহাপুরুষগণ সকলেই নিজদিগকে ঈশরাবভার বলিয়া ঘোষণা করিয়া গিয়াছেন, আর ইহাও বলিয়া গিয়াছেন, 'সামাকে যাহারা বিখাস করিবে, তাহারা স্বর্গে যাইবে।' কিন্তু ভগবান্ বুছ শেষ নিঃখাদের সহিত কি বলিয়াছিলেন ? তিনি বলিয়াছিলেন, 'কেহই ভোমাকে মৃক্ত হইতে সাহায্য করিতে পারে না, নিজের সাহায্য নিজে কর, নিজের চেষ্টা খারা নিজের মৃক্তিশাধন কর।' নিজের সহজে তিনি বলিয়াছেন, 'বু্জ-শন্দের অর্থ আকাশের ভায় অনস্তজানসম্পন্ন। গোতম, সেই অবস্থা লাভ কৰিয়াছি; ভোমরাও যদি উহার জন্ম প্রাণপণে চেষ্টা কর, তোমরাও উহা লাভ করিবে।' তিনি সর্ববিধ কামনা ও **অভিসদ্ধি**-বর্জিড ছিলেন, স্থতরাং ডিনি অর্গগমনের বা ঐশর্যের আকাজ্ঞা করিজেন না। ডিনি রাজনিংহাসনের আশা ও সর্ববিধ স্থ জলাঞ্চলি দিয়া ভারতের পথে পথে ভ্রমণ করিয়া ভিকাবৃত্তি ঘারা উদবপুরণ করিতেন এবং সমৃক্রের মতো বিশাল হৃদয় লইয়া নরনারী ও অক্তান্ত জীবজন্তুর কল্যাণ যাহাতে হয়, ভাহাই প্রচার করিতেন। জগতের মধ্যে ভিনিই একমাত্র মহাপুরুব, যিনি ষজ্ঞে পশুহত্যা-নিবারণের উদ্দেশ্যে পশুগণের পরিবর্তে নিজ জীবন বিসর্জনের ষয় সর্বদা প্রস্তুত ছিলেন। তিনি একবার জনৈক রাজাকে বলিয়াছিলেন, 'যদি যজ্ঞে ছাগশিশু হত্যা করিলে আপনার অর্গগমনের দহায়তা হয়, তবে নরহত্যা করিলে তাহাতে তো আরও অধিক উপকার হইবে, অতএব যজ্ঞহলে

আমার বধ করুন।' বাজা এই কথা শুনিরা বিশ্বিত হইরাছিলেন। অওচ এই মহাপুরুষ সর্ববিধ-অভিসন্ধিবজিত ছিলেন। তিনি কর্মাগীর আদর্শ; আর তিনি যে উচ্চাবস্থার আবোহণ করিয়াছিলেন, তাহাতেই বেশ বুঝা যার, কর্ম ধারা আমরাও আধ্যাত্মিকতার চরম শিথরে আরোহণ করিতে পারি।

জনেকের পক্ষে একজন ঈশবে বিশাস করিতে পারিলে সাধনপথ খুব সহজ হইয়া থাকে। কিন্তু বুদ্ধের জীবনালোচনায় স্পষ্ট প্রভীত হয় যে, যদি কোন ব্যক্তি আদৌ ঈশবে বিশাসী না হয়, তাহার যদি কোন দার্শনিক মতে বিশ্বাস না থাকে, সে যদি কোন সম্প্রদায়ভূক না হয়, অথবা কোন মন্দিরাদিতেও না যায়, এমন কি প্রকাশ্তে নান্তিক বা জড়বাদীও হয়, তথাপি সে সেই চরমাবস্থা লাভ করিতে দমর্থ। তাঁহার মতামত বা কার্যকলাণ বিচার করিবার অধিকার আমাদের কিছুমাত্র নাই। আমি যদি বুদ্ধের অপূর্ব হুদ্যবত্তার লক্ষভাগের একভাগেরও অধিকারী হইতাম, তবে আমি নিজেকে ধক্ত মনে করিতাম। হইতে পারে বৃদ্ধ ঈশবে বিশাদ করিতেন, অধবা হয়তো বিখাস করিতেন না, তাহা আমার চিস্তনীয় বিষয় নয়। কিন্তু, অপরে ভক্তি, যোগ বা জ্ঞানের বারা যে পূর্ণ অবস্থা লাভ করে, তিনিও তাহাই লাভ করিয়াছিলেন। কেবল ইছাতে উহাতে বিখাস করিলেই দিছিলাভ হয় না। কেবল মূখে ধর্মের কথা, দ্বীরের কথা আওড়াইলেই কিছু হয় না। ভোতা পাৰীকেও যাহা শিখাইরা দেওয়া যার, তাহাই সে আবৃত্তি করিতে পারে। নিহামভাবে কর্ম করিতে পারিলেই তাহা বারা শিদ্ধিলাভ হইয়া থাকে।

বৃদ্ধের বাণী

(১৯০০ খ্রী: ১৮ই মার্চ স্থান ফ্র্যান্সিক্ষোতে প্রদন্ত জাবণ)

ঐতিহাদিকের দৃষ্টিতে বৌদ্ধর্ম এক বিশেষ গুরুত্বপূর্ণ ধর্ম—দার্শনিক দৃষ্টিতে
নয়; কারণ পৃথিবীর ইতিহাসে এই ধর্মান্দোলন সর্বাধিক প্রবল আকারে
দেখা দিয়েছিল, মানবদমাজের ওপর এই আন্দোলন সবচেয়ে শক্তিশালী
আধ্যাত্মিক তরঙ্গে ফেটে পড়েছিল; এমন কোন সভ্যতা নেই, যার ওপর
কোন-না-কোন ভাবে এর প্রভাব অন্তভূত হয়নি।

বুদ্ধের অন্থগামীরা খুব উত্থমী ও প্রচারশীল ছিলেন। বিভিন্ন ধর্ম-সম্প্রদারের মধ্যে এঁরাই সর্বপ্রথম নিজ ধর্মের দীমাবদ্ধ পরিধির মধ্যে দস্তুষ্ট না থেকে দ্রান্তরে ছড়িয়ে পড়েছিলেন। পূর্ব-পশ্চিমে, উত্তর-দক্ষিণে তাঁরা অমণ করেছেন। তমসাচ্ছর তিকতে তাঁরা প্রবেশ করেছেন; পারশু, এশিয়া-মাইনরে তাঁরা গিয়েছিলেন; কশ, পোল্যাও এবং এমন আরও অনেক পাশ্চাত্য ভূথওেও তাঁরা গেছেন। চীন, কোরিয়া, জাপানে তাঁরা গিয়েছিলেন; ব্রহ্ম, শ্রাম, পূর্বভারতীয় খীপপুঞ্জ এবং আরও বিভূত ভূথওে তাঁরা ধর্মপ্রচার করেছিলেন। সামরিক জয়যাত্রার ফলে মহাবীর আলেকজাভার যথন সমগ্র ভূমধ্য-অঞ্চল ও ভারতের মধ্যে যোগাযোগ স্থাপন করলেন, ভারতের মনীবাও তথন এশিয়া ও ইওরোপের বিশাল দেশগুলির মধ্যে বিস্তৃতির পথ খুঁজে পেয়েছিল। বৌদ্ধ উত্তরা দেশে দেশে গিয়ে ধর্মপ্রচার করেন, আর তাঁদের শিক্ষার ফলে স্থোদ্যে কুয়াশার মতো কুসংস্কার এবং পুরোহিতদের অপকৌশলগুলি বিদ্বিত হতে লাগলো।

এই আন্দোলনকে ঠিক ঠিক বৃষতে গেলে, বৃদ্ধের আবির্ভাব-কালে ভারতে যে-অবস্থা ছিল, তা জানা দরকার—যেমন প্রীষ্টধর্মকে বৃষতে হ'লে প্রীষ্টের সমকালীন ইছদী সমাজের অবস্থাটি উপলব্ধি করা আবশ্রক। প্রীষ্ট-জন্মের ছয়শত বৎসর পূর্বে যথন ভারতীয় সভ্যতার চরম বিকাশ হয়েছিল, সেই ভারতীয় সমাজ সম্বন্ধে আপনাদের কিছু ধারণা থাকা বাহুনীয়।

ভারতীয় সভ্যতা পর্যালোচনা করলে দেখা যায়, অনেকবারই তার পতন ও অভ্যুদয় হয়েছে—এটাই তার বৈশিষ্ট্য। বছ জাতিরই একবার উত্থানের পর পতন হয় চিবতরে। ছ-বকম জাতি আছে: এক হচ্ছে ক্রমবর্ধমান, আর এক আছে যাদের উন্নতির অবসান হয়েছে। শাস্তিপ্রিয় ভারত ও চীনের পতন হয়, কিন্তু আবার উত্থানও হয়; কিন্তু অক্যাক্ত জাতিগুলি একবার তলিয়ে গেলে আর ওঠে না—তাদের হয় মৃত্যু। শাস্তিকামীরাই ধক্ত, কারণ শেষ পর্যস্ত ভারাই পৃথিবী ভোগ করে।

যে-যুগে বৃদ্ধের জন্ম দে-যুগে ভারতবর্ষে একজন মহান্ ধর্মনেতার—আচার্যের প্রয়োজন হয়েছিল। পুরোহিতকুল ইতোমধ্যেই খুব শক্তিশালী হয়ে উঠেছিল। ইন্থদীদের ইতিহাস শ্বরণ করলেই বেশ বোঝা যায়, তাদের ছ-রকম ধর্মনেতা ছিলেন—পুরোহিত এবং ধর্মগুরুই; পুরোহিতরা জনসাধারণকে শুধু অন্ধকারেই ফেলে রাখত, আর তাদের মনে যত কুসংস্কারের বোঝা চাপাত। পুরোহিতদের অন্মমোদিত উপাসনা-পদ্ধতিগুলি ছিল মান্থবের উপর আধিপত্য কায়েম রাখবার অপকৌশল মাত্র। সমগ্র 'ওল্ড টেন্টামেন্টে' (Old Testament) দেখা যায় ধর্মগুরুরা পুরোহিতদের কুসংস্কারগুলির বিরোধিতা করছেন। আর এই বিরোধের পরিণতি হ'ল ধর্মগুরুদের জয় এবং পুরোহিতদের

পুরোহিতরা বিখাস ক'রত—ঈশ্বর একজন আছেন বটে, কিন্তু এই ঈশ্বরকে জানতে হ'লে একমাত্র তাদের সাহাযোই জানতে হবে; পুরোহিতদের কাছ থেকে ছাড়পত্র পেলেই মামুষ পবিত্র বেদীর কাছে যেতে পারবে! পুরোহিতদের প্রণামী দিতে হবে, পূজা করতে হবে এবং তাঁদেরই হাতে যথাসর্বন্থ অর্পন করতে হবে। পৃথিবীর ইতিহাসে বারবার এই পুরোহিত-প্রাধাত্যের অভ্যুথান হয়েছে; এই মারাত্মক ক্ষমতালিজা, এই ব্যাদ্র-মূলভ ভৃষ্ণা সম্ভবতঃ মামুবের একটি আদিম বৃত্তি। পুরোহিতরাই সর্ববিষয়ে কর্তৃত্ব করবে, সহম্ম রকম বিধিনিষেধ জারি করবে, সরল সত্যকে নানা জটিল আকারে ব্যাথা। করবে, তাদের প্রেচ্ছ-প্রতিপাদক অনেক কাহিনীও শোনাবে। যদি এই জয়েই প্রতিষ্ঠা চাও অথবা মৃত্যুর পরে স্বর্গে যেতে চাও তো তাদের মধ্য দিয়ে যেতে হবে। যত রকম আচার-জমুর্গান আছে, সব করতে হবে। এগুলি জীবনকে এতই জটিল এবং বৃদ্ধিকে এতই বিভ্রান্ত করে যে, আমি সোজাম্বজিভাবে কোন কথা বললেও আপনারা অতৃপ্ত হয়ে ফিরে যাবেন। ধর্মাচার্যেরা পুরোহিতদের

> Priests and Prophets

বিরুদ্ধে এবং তাঁদের কুসংস্কার ও মতলব সম্বন্ধে বার বার সতর্ক ক'রে দিয়েছেন, কিন্তু জনসাধারণ এথনও সে-সব সতর্কবাণী শুনতে শেখেনি—এথনও তাদের অনেক কিছু শিক্ষা করতে হবে।

মাত্র্যকে শিক্ষাগ্রহণ করতেই হবে। আঞ্চকাল গণতন্ত্র এবং শাম্যের কণাদকলেই ব'লে থাকে, কিন্তু একজন যে আর একজনের সমান—এ-কথা দে
জানবে কি ক'রে? এজন্য তার থাকা চাই—সবল মন্তিক এবং নিরর্থক ভাবসূক্ত
পরিকার মন; সমস্ত অসার সংস্কাররাশিকে ভেদ ক'রে অন্তরের গভীরে যে শুদ্ধ
সত্য আছে, তাতেই তার মনকে ভরিয়ে দিতে হবে। তথনই সে জানবে যে,
পূর্ণতা ও সমগ্র শক্তি তার মধ্যে আগে থেকেই রয়েছে—অপর কেউ এগুলি
তাকে দিতে পারে না। যথনই সে এইটি বোধ করে, সেই মৃহুর্তেই সে মৃক্ত
ছয়ে যায়, সে সাম্যে প্রতিষ্ঠিত হয়। সে তথন অম্বভব করে, প্রভাকেই তারই
মতো পূর্ণ এবং অন্ত ভাইয়ের উপর কোন রকম দৈহিক মানসিক বা নৈতিক
ক্ষমতা জাহির করবার কিছুই আর তার থাকে না। তার চেয়ে ছোট কেউ
থাকতে পারে—এই ভারটি সে একেবারে ত্যাগ করে। তথনই সে সাম্যের
কথা বলতে পারে, তার পূর্বে নয়।

যাক, যা বলছিলাম, ইছদীদের মধ্যে পুরোহিত আর ধর্মগুরুদের বিরোধ অবিরাম চলছিল, এবং দব রকম শক্তি ও বিভাকে পুরোহিতরা একচেটিয়া অধিকারে রাথতে সচেষ্ট ছিল্ল, যতদিন না তারা নিজেরাই সেই শক্তি ও বিভা হারাতে আরম্ভ করেছিল; যে শৃত্ধল তারা সাধারণ মাহুষের পায়ে পরিয়ে দেয়, তা তাদের নিজেদেরই পায়ে পরতে হয়েছিল। প্রভুরাই শেষ পর্যন্ত দাস হয়ে দাঁড়ায়। এই বিরোধের পরিণতিই হ'ল ভাজারেথবাসী যীশুয় বিজয়—এই জয়লাভই হচ্ছে ঝীয়ধর্মের ইতিহাস। ঝীয় অবশেষে রাশীয়ত শয়তানি সম্পূর্ণভাবে পরাস্ত করতে পেরেছিলেন। এই মহাপুরুষ পোরোহিত্যারূপ দানবীয় স্বার্থপরতাকে নিধন করেন এবং তার কবল থেকে সত্যরম্ব উদ্ধার ক'বে বিশেব সকলকেই তা দিয়েছিলেন, যাতে যে-কেউ সেই সত্য লাভ করতে চায়, স্বাধীনভাবেই দে তা পেতে পারে। এ জন্ম কোন পুরোহিতের মর্জির অপেকায় তাকে থাকতে হবে না।

ইছদীবা কোনকালেই তেমন দার্শনিক জাতি নয়; ভারতীয়দের মতো কুন্দ বৃদ্ধি তাদের ছিল না বা:ভারতীয় মননশীলতাও তারা লাভ করেনি। ভারতবর্ষীয় রাহ্মণ-পুরোহিতেরা কিন্তু অসাধারণ বৃদ্ধিমান্ এবং আত্মিক শক্তিসম্পন্ন ছিলেন। ভারতবর্ষে আধ্যাত্মিক উন্নতির প্রবর্তক তো তাঁরাই, আর সত্যই তাঁরা বিশ্বয়কর সব কাঞ্চও করেছিলেন। কিন্তু কালক্রমে বাহ্মণদের সেই উদার মনোভাবটি লুগু হয়ে গেল। তাঁরা নিজেদের ক্ষমতা ও অধিকার নিয়ে ঔদ্ধতা দেখাতে শুক করলেন। কোন বাহ্মণ যদি কাউকে খুনও করতেন, তবুও তাঁর কোন শান্তি হ'ত না। বাহ্মণ তাঁর জন্মগত অধিকারবলেই বিশ্বের অধীশব। এমন কি অতি মুশ্রিজ বাহ্মণকেও সম্মান দেখাতে হবে।

কিন্তু পুরোহিতের। যথন বেশ জাঁকিয়ে উঠেছেন, তথন 'সন্ন্যানী' নামে তত্ত্বজ্ঞ ধ্যাচার্যেরাও ছিলেন। প্রত্যেক হিন্দু, তা তিনি যে বর্ণেরই হোন না কেন, আধ্যাত্মিক জ্ঞানার্জনের জন্ত দব কর্ম পরিত্যাগ ক'রে মৃত্যুরও সম্মুখীন হয়ে থাকেন। এ সংসার যাদের কোনমতেই ভাল লাগে না, তাঁরা গৃহত্যাগ ক'রে সন্ন্যানী হন। পুরোহিতদের উদ্ভাবিত এরপ ছ-হাজার আচার-অমুষ্ঠান নিয়ে সন্মানীরা মোটেই মাধা ঘামান না; যথাঃ কতকগুলি শব্দ উচ্চারণ কর— দশ অক্ষর, ঘাদশ অক্ষর ইত্যাদি ইত্যাদি; এগুলি বাজে জিনিস।

প্রাচীন ভারতের তবৃদ্দী ঋষিরা পুরোহিতদের নির্দেশকে অস্বীকার ক'রে তদ্ধ দত্য প্রচার করেছিলেন। পুরোহিতদের শক্তিকে তাঁরা বিনষ্ট করতে চেষ্টা করেছিলেন এবং কিছু করেওছিলেন। কিন্তু ছই পুরুষ যেতে না যেতেই তাঁদের শিশ্বেরা ঐ পুরোহিতদেরই কুসংস্কারাচ্ছন্ন কুটিল পথের অন্থর্বন করতে লাগলেন—ক্রমে তাঁরাও পুরোহিত হয়ে দাঁড়ালেন ও বললেন, 'আমাদের দাহাযোই সত্যকে জানতে পারবে।' এইভাবে সভ্য বন্ধ আবার কঠিন ক্টিকাকার ধারণ ক'রল; সেই শক্ত আবরণ ভেঙে সভ্যকে মুক্ত করবার জন্ম ঋষিগণ বার বার এসেছেন। হাা, সাধারণ মাহ্রষ ও সভ্যক্তী ঋষি—ছই-ই সর্বদা থাকবে, নত্বা মহন্মজ্ঞাতি বিল্প্ত হয়ে যাবে।

তোমরা অবাক্ হচ্ছ যে, পুরোহিতদের এত সব জটিল নিয়ম-কান্থন কেন ? তোমরা সোজান্থজি সত্যের কাছে আসতে পারো না কেন? তোমরা কি সত্যকে প্রচার করতে লজ্জিত হচ্ছ, নতুবা এত সব হ্বোধ্য আচার-বিচারের আড়ালে সত্যকে ল্কিয়ে রাখবার চেষ্টা কেন? জগতের সমূথে সভ্যকে স্বীকার করতে পারছ না ব'লে তোমরা কি ঈশ্বরের কাছে লজ্জিত নও? এই কি ভোমাদের ধর্ম বা আধ্যাত্মিকতা? পুরোহিতরাই সত্য-প্রচারের যোগ্য পুরুষ! সাধারণ মাহুষ সভ্যের যোগ্য নয়? সভ্যকে সহজ্জবোধ্য করতে হবে, কিছুটা তরল করতে হবে।

মীশুর শৈলোপদেশ (Sermon on the Mount) এবং গীতাই ধরা ধাক—অতি সহজ সরল দে-সব কথা। একজন রাস্তার লোকও তা বুমতে পারে। কী চমৎকার! সত্য অত্যন্ত খচ্ছ ও সরলভাবেই এখানে প্রকাশিত। কিন্তু না, ঐ পুরোহিতরা এত সহজেই সত্যকে ধরে ফেলাটা পছদ্দ করবে না। তারা ছ-হাজার অর্গ আর ছ-হাজার নরকের কথা শোনাবেই। লোকে যদি তাদের বিধান মেনে চলে, তবে অর্গে গতি হবে; আর তাদের অঞ্গাসন না মানলে লোকে নরকে যাবে।

কিন্তু সভাকে মাহ্মর ঠিকই জানবে। কেউ কেউ ভয় পান যে, যদি পূর্ণসভ্য সাধারণকে ব'লে ফেলা হয়, ভবে ভাদের অনিষ্টই হবে। এঁরা বলেন—
নির্বিশেষ সভ্য লোককে জানানো উচিত নয়। কিন্তু সভ্যের সঙ্গে আপ্রের
ভাবে চলেও জগতের এমন কিছু একটা মঙ্গল হয়নি। এ পর্যন্ত যা হয়েছে,
ভাব চেয়ে খারাণ আর কী হবে? সভ্যকেই ব্যক্ত কর। যদি ভা যথার্থ হয়,
ভবে অবশ্রই ভাতে মঙ্গল হবে। লোকে যদি ভাতে প্রভিবাদ করে বা অন্ত
কোন প্রস্তাব নিয়ে আদে, ভা হ'লে শয়ভানির পক্ষই সমর্থন করা হবে।

বুদ্ধের আমলে ভারতবর্ধ এই-সব ভাবে ভরে গিয়েছিল। নিরীহ জনসাধারণকে তথন দর্বপ্রকার শিক্ষা থেকে বঞ্চিত ক'রে রাথা হয়েছিল। বেদের একটিমাত্র শব্ধও কোন বেচারার কানে প্রবেশ করলে তাকে দারুণ শান্তি ভোগ করতে হ'ত। প্রাচীন হিন্দুদের দারা দৃষ্ট বা অমুভূত সত্যরাশি বেদকে পুরোহিতরা গুপ্ত সম্পত্তিতে পরিণত করেছিল।

অবশেষে একজন আর সহা করতে পারছিলেন না। তাঁর ছিল বৃদ্ধি, শক্তিও হাদয়—উন্মৃক্ত আকাশের মতো অনস্ত হাদয়। তিনি দেখলেন জনসাধারণ কেমন ক'রে পুরোহিতদের ঘারা চালিত হচ্ছে, আর পুরোহিতরাও কিভাবে শক্তিমন্ত হয়ে উঠেছে। এর একটা বিহিত করতেও তিনি উচ্চোগী হলেন। কারও ওপর কোন আধিপত্য বিস্তার করতে তিনি চাননি। মাহবের মানসিক বা আধ্যাত্মিক সব রক্ষ বন্ধনকে চুর্ণ করতে উন্তত

হয়েছিলেন তিনি। তাঁর হৃদয়ও ছিল বিশাল। প্রশক্ত হৃদয়—আমাদের মধ্যে আরও অনেকেরই আছে এবং সকলকে সহায়তা করতে আমরাও চাই। কিছ আমাদের সকলেরই বৃদ্ধিমন্তা নেই; কি উপারে কিভাবে সাহায্য করা যায়, তা জানা নেই। মানবাত্মার মৃক্তির পথ উদ্ভাবন করার মতো যথেষ্ট বৃদ্ধি এই মাহ্রষটির ছিল। লোকের কেন এত হৃঃখ—তা তিনি জেনেছিলেন, আর এই হৃঃখ-নির্ত্তির উপায়ও তিনি আবিদ্ধার করেছিলেন। সর্বন্তণান্ধিত মাহ্রষ ছিলেন তিনি, সব কিছুর সমাধান করেছিলেন তিনি। তিনি নির্বিচারে সকলকেই উপদেশ দিয়ে বোধিলর শান্ধি উপলব্ধি করতে তাদের সাহায্য করেছিলেন। ইনিই মহামানব বৃদ্ধ।

তোমরা আর্নলড-এর 'এশিরার আলো' (The Light of Asia)' কাব্যে পড়েছ: বুদ্ধ একজন রাজপুত্র ছিলেন এবং জগতের তৃঃথ তাঁকে কড গভীরভাবে ব্যথিত করেছিল; ঐশর্ষের ক্রোড়ে লালিত হলেও নিজের ব্যক্তিগত স্থথ ও নিরাপত্তা তাঁকে মোটেই শাস্তি দিতে পারেনি; পত্নী এবং নবজাত শিষ্ত-শস্তানকৈ রেখে কীভাবে তিনি সংসার ত্যাগ করেন; সত্যাহসন্থানের উদ্দেশ্যে শাধ্-মহাত্মাদের ভারে ছারে তিনি কতই ঘুরেছিলেন এবং অবশেষে কেমন ক'রে বোধিলাভ করলেন। তাঁর বিশাল ধর্মান্দোলন, শিক্তমণ্ডলী এবং ধর্ম-সজ্যের কথাও আপনারা জানেন। এ-সবই জানা কথা।

ভারতে পুরোহিত ও ধর্মাচার্যদের মধ্যে যে বিরোধ চলছিল, বৃদ্ধ তার মৃতিমান্ বিজয়রূপে দেখা দিলেন। ভারতবর্ষীয় পুরোহিতদের সম্পর্কে একটি কথা কিন্তু ব'লে রাখা দরকার—তাঁরা কোনদিনই ধর্মের ব্যাপারে অসহিষ্ণ্ ছিলেন না; ধর্মদ্রোহিতাও তাঁরা করেননি কথনও। যে-কেউ তাঁদের বিক্ষে অবাধে প্রচার করতে পারত। তাঁদের ধর্মবৃদ্ধি এ-রকম ছিল যে, কোন ধর্মনতের জন্ম তাঁরা কোনকালে কাউকে নির্যাতিত করেননি। কিন্তু পুরোহিত-কুলের অভ্যুত দ্বন্তা তাঁদের পেরে বদেছিল; তাঁরাও ক্ষমতালোভী হলেন, নানা আইন-কাহন বিধি-বিধান তৈরি ক'রে ধর্মকে অনাবশুকভাবে জটিল ক'রে তুলছিলেন, আর এইভাবেই তাঁদের ধর্মের যারা অহুগামী, তাদের শক্তিকে থব্ ক'রে দিয়েছিলেন।

Light of Asia -Edwin Arnold

ধর্মের এই-দব বাড়াবাড়ির ম্লোচ্ছেদ করলেন বৃদ্ধ। অভিশয় প্রাষ্ট্র দত্যকে তিনি প্রচার করেছিলেন। নির্বিচারে সকলের মধ্যে তিনি বেদের সারমর্ম প্রচার করেছিলেন; বৃহত্তর জগৎকেও তিনি এই শিক্ষা দেন, কারণ তাঁর সমগ্র উপদেশাবলীর মধ্যে মানব-মৈত্রী অন্যতম। মামুষ সকলেই সমান, বিশেষ অধিকার কারও নেই। বৃদ্ধ ছিলেন সাম্যের আচার্য। প্রত্যেক নর-নারীর আধ্যাত্মিক জ্ঞানার্জনে সমান অধিকার—এই ছিল তাঁর শিক্ষা। পুরোহিত ও অপরাপর বর্ণের মধ্যে র্ভেদ তিনি দ্র করেন। নিরুষ্টতম ব্যক্তিও উচ্চতম আধ্যাত্মিক রাজ্যের যোগ্য হ'তে পেরেছিল; নির্বাণের উদার পথ তিনি সকলের জন্মই উন্মুক্ত ক'রে দিয়েছিলেন। ভারতবর্যের মতো দেশেও তাঁর বাণী সতাই খুব বলিষ্ঠ। যতপ্রকার ধর্মই প্রচার করা হোক, কোন ভারতীয়ই তাতে ব্যথিত হয় না। কিন্তু বৃদ্ধের উপদেশ হজম করতে ভারতকে একটু বেগ পেতে ছয়েছিল। আপনাদের কাছে তা আরও

তার বাণী ছিল এই: আমাদের জীবনে এত হৃংথ কেন? কারণ আমরা অতাস্ত স্বার্থপর। আমরা শুধু নিজেদেরই জন্ত দব কিছু বাদনা করি—তাই তো এত হৃংথ। এ থেকে নিদ্ধৃতি লাভের উপায় কী? আত্মবিদর্জন। 'অহং' ব'লে কিছু নেই—ইন্সিগ্রাহ্থ এই ক্রিয়াশীল জগং-মাত্র আছে। জীবন-মৃত্যুর গভাগতির নূলে 'আত্মা' ব'লে কিছুই নেই। আছে শুধু চিন্তাপ্রবাহ, একটির পর আর একটি সম্বন্ধ। দম্বন্ধের একটি ফুট উঠল, আবার বিলীন হয়ে গেল সেই মৃহুর্তেই—এইমাত্র। এই চিন্তা বা দম্বন্ধের কর্তা কেউ নেই—কোন জ্ঞাতাও নেই। দেহ অহক্ষণ পরিবর্তিত হচ্ছে—মন এবং বৃদ্ধিও পরিবর্তিত হচ্ছে। হতবাং 'অহং' নিহক ল্রান্তি। যত স্বার্থপরতা, তা এই 'অহং'—মিথাা 'অহং'কে নিরেই। যদি জানি যে 'আমি' ব'লে কিছু নেই, তা হলেই আমরা নিজেরা শান্তিতে থাকর এবং অপরকেও স্থ্যী করতে পারব।

এই ছিল ব্দের শিক্ষা। তিনি শুধু উপদেশ দিয়েই ক্ষাস্ত হননি; জগতের জন্ম নিজের জীবন পর্যন্ত উৎসর্গ করতে তিনি প্রশ্নত ছিলেন। তিনি বলেছিলেন, 'পশুবলি যদি কল্যাণের হয়, তবে তো মহান্তবলি অধিকতর কল্যাণের'—
এবং নিজেকেই তিনি যুপকাঠে বলি দিতে চেয়েছিলেন। তিনি বলতেন,

'পশুবলি হচ্ছে অন্ততম কুশংস্কার। ঈশর আর আরা—এ ঘৃটিও কুশংস্কার।
ঈশর হচ্ছেন পুরোহিতদের উদ্ভাবিত এক কুশংস্কার মাত্র। পুরোহিতদের
কথা মতো যদি সভাই কোন একজন ঈশর থাকেন, তবে জগতে এত
ছংখ কেন? তিনি তো দেখছি আমারই মতো কার্য-কারণের অধীন।
যদি তিনি কার্য-কারণের অতীত, তা হ'লে স্পষ্ট করেন কিসের জন্ত? এ-রকম
ঈশর মোটেই বিশ্বাসযোগ্য নয়। স্বর্গে বসে একজন শাসক তাঁর আপন
মজি অন্ত্যায়ী ত্নিয়াকে শাসন করছেন, এবং আমাদের এখানে ফেলে রেখে
দিয়েছেন শুধু জলে-পুড়ে মরবার জন্ত—আমাদের দিকে কঙ্কণার ফিরে
তাকাবার মতো এক মূহর্ত অবসরও তাঁর নেই! সমগ্র জীবনটাই
নিরবচ্ছির ছংথের; কিন্তু তাও যথেষ্ট শান্তি নয়—মৃত্যুর পরেও আবার
নানা স্থানে যুরতে হবে এবং আরও অন্তান্ত শান্তি ভোগ করতে হবে।
তথাপি এই বিশ্বশ্রটাকে খুনী করবার জন্ত আমবা কতই না যাগ-যজ্ঞ ক্রিয়া-কাণ্ড
ক'রে চলেছি!

বৃদ্ধ বলেছেন: এ-সব আচার-অম্প্রচান—সবই ভূল। জগতে আদর্শ
মাত্র একটিই। সব মোহকে বিনষ্ট কর; যা সত্য তাই তথু থাকবে। মেঘ
সবে গেলেই স্থালোক ফুটে উঠবে। 'অহং'-এর বিনাশ কিভাবে হবে ? সম্পূর্ণ
নিঃম্বার্থ হও; একটি সামাত্র পিগীলিকার জন্তও প্রাণ দিতে প্রস্তুত থাকো।
কোন কুসংস্কাবের বশবর্তী হয়ে কর্ম করবে না, কোন ভগবানকে খুনী করবার
জন্তও নয় বা কোন পুরস্কাবের লোভেও নয়—কারণ তথু 'অহং'কে বিনাশ ক'রে
তুমি নিজের নির্বাণ চাইছ। পূজা-উপাসনা এ-সব নিতান্ত অর্থহীন। তোমরা
সবাই বলো 'ভগবানকে ধন্তবাদ'—কিন্ত কোথায় তিনি ? কেউই জানো না,
অথচ 'ভগবান, ভগবান' ক'রে সবাই মেতে-উঠেছ।

হিন্দুরা তাদের ঈশব ছাড়া আর সব-কিছুই ত্যাগ করতে পারে।
ঈশবকে অস্বীকার করার মানে ভক্তির মূল উৎপাটন করা। ভক্তি ও
ঈশবকে হিন্দুরা আঁকড়ে থাকবেই। তারা কথনই এ-তৃটি পরিত্যাগ করতে
পারে না। আর বৃদ্ধের শিক্ষায় দেখ—ঈশব ব'লে কেউ নেই, আত্মা কিছু
নয়, শুধু কর্ম। কিসের জন্ত । 'অহং'-এর জন্ত নয়, কেন না তাও এক
লাস্কি। এই ল্রাস্তি দ্র হলেই আমরা আমাদের নিজ স্বরূপে প্রতিষ্ঠিত হবো।

জগতে এমন লোক সত্যই মৃষ্টিমেয়, য়ারা এতথানি উচ্তে উঠতে পারে এবং নিছক কর্মের জন্মই কর্ম করে।

তথাপি এই বৃদ্ধের ধর্ম ক্রত প্রসার লাভ করেছে। এর একমাত্র কারণ বিশ্বয়কর ভালবাসা, যা মানব-ইতিহাসে দর্বপ্রথম একটি মহৎ হাদ্যকে বিগলিত করেছিল—শুধু মাস্থবের সেবায় নয়, দর্ব প্রাণীর দেবায় যা নিবেদিত হয়েছিল, যে ভালবাদা সাধারণের ত্রংধমোচন ভিন্ন অপর কোন কিছুরই অপেকা রাথে না।

মান্ত্র ভগবানকে ভালবাসছিল, কিন্তু মহন্ত-ভ্রাতাদের কণা ভূলেই গিয়েছিল। ঈশরের জন্ত মান্ত্র নিজের জীবন পর্যন্ত বলি দিতে পারে, আবার ব্রে দাঁড়িয়ে ঈশরের নামে দে নরহত্যাও করতে পারে। এই ছিল জগতের অবস্থা। ভগবানের মহিমার জন্ত তারা পুত্র বিসর্জন দিত, দেশ লৃঠন ক'রত, সহস্র সহস্র জীবহত্যা ক'রত, এই ধরিত্রীকে রক্তন্রোতে প্লাবিত ক'রত ভগবানেরই জয় দিয়ে। এই সর্বপ্রথম তারা দিরে তাকালো ঈশরের অপর মূর্তি মান্ত্রের দিকে। মান্ত্রকেই ভালবাসতে হবে। এই হ'ল সর্বশ্রেণীর মান্ত্রের জন্ত গভীর প্রেমের প্রথম প্রবাহ—সত্য ও বিশুদ্ধ জ্ঞানের প্রথম তরঙ্গ, যা ভারতবর্ধ থেকে উবিত হয়ে ক্রমশঃ উত্তর-দক্ষিণ পূর্ব-পশ্চিমের নানা দেশকে প্লাবিত করেছে।

সভা যেন সভোরই মতো ভাষর থাকে, এটিই ছিল এই আচার্যের ইচ্ছা। কোন বকম নতি বা আপসের বালাই নেই; কোন পুরোহিত, কোন ক্ষমতাপন্ন লোক, কোন রাজার ভোষামাদ করবারও আবশুক নেই। কোন কুমংস্কারমূলক আচারের কাছে—ভা যত প্রাচীনই হোক না কেন, কারও মাথা নোমাবার প্রয়োজন নেই; স্থদ্ব অভীতকাল থেকে চলে আসছে ব'লেই কোন অফুচান বা পুঁথিকে মেনে নিলে চলবে না। সমস্ত শাস্তগ্রন্থ এবং ধর্মীয় ভন্ত্র-মন্ত্র ভিনি অসীকার করেছেন। এমন কি যে সংস্কৃত ভাষার বরাবর ভারতবর্ষে ধর্মশিকা চলে আসছিল, ভাও ভিনি বর্জন করেছিলেন, যাতে ভার অহুগামীরা ঐ ভাষার সঙ্গে সংযুক্ত সংস্কারগুলি কোনরূপে গ্রহণ করতে না পারে।

যে-তথটি এতক্ষণ আমরা আলোচনা কর্বছিলাম, তাকে অন্ত দৃষ্টিভঙ্গি দিয়ে দেখা যায়—হিন্দুর দৃষ্টিভঙ্গি দিয়ে। আমরা বলি, বুদ্ধের এই আত্মত্যাগের শিক্ষাকে আমাদের দৃষ্টিতে বিচার করলে আরও ভাল ক'রে বুৰতে পারা ষাবে। উপনিষদে আত্মা ও ত্রন্ধ সম্বন্ধে গভীর তত্ত্বের কথা আছে। আত্মা আর পরবন্ধ অভিন্ন। যা-কিছু দবই আত্মা—একমাত্র আত্মাই দৎ-বল্ক। মান্নাতে আমরা আত্মাকে বহু দেখি। আত্মা কিন্তু এক, বহু নয়। সেই এক আত্মাই নানারপে প্রতিভাত হয়। মাহুষ মাহুষের ভাই, কারণ দব মাহুষই এক। বেদ বলেন: মানুষ ভাধু আমার ভাই নয়, সে আমার বরুপ। বিবের কোন ষংশকে আঘাত ক'রে আমি নিজেকেই আঘাত করি। আমিই বিশদগৎ। ষামি যে ভাবি, আমি অমৃক—ইহাই মায়া। প্রকৃত স্বরূপের দিকে যতই অগ্রেসর হবে, এই মান্নাও ডত দ্বে যাবে। বিভিন্নত্ব ও ভেদবৃদ্ধি যতই লোপ পাবে, ততই বোধ করবে যে দবই এক পরমাত্মা। ঈশর আছেন, কিন্তু দূর আকাশে অবস্থান করছেন—এমন একজন কেউ নন তিনি। তিনি ওদ্ধ আত্মা। কোধায় তাঁর অধিষ্ঠান ? তোমার অন্তরের অন্তন্তলেই তিনি বয়েছেন; তিনিই হচ্ছেন অস্তবাত্মা। তোমার নিচ্ছের থেকে বিচ্ছিন্ন বা পৃথক্ ক'বে কিভাবে তাঁকে ধাবণা করবে? যথন ভূমি তাঁকে তোসা থেকে স্বতম্ব ব'লে ভাবছ, তথন তাঁকে জানতে পার না; 'তুমিই তিনি' —এটিই ভারতীয় ঋষিদের বাণী i

তুমি অমৃককে দেখছ—এবং জগতের দবই তোমা থেকে পৃথক, এ-রকম ভাব নিছক বার্থপরতা। তুমি মনে কর, তুমি জার জামি ভিন্ন। আমার কথা তুমি একট্ও ভাবো না। তুমি ঘরে গিয়ে খেয়ে দেয়ে ভয়ে পড়লে। আমি মরে গেলেও তোমার ভোজন পান ও আনন্দ ঠিকই থাকে। কিছ শংসারের বাকী লোক যথন কট্ট পায়, তখন তুমি হুখ ভোগ করতে পার না। শংসারের বাকী লোক যথন কট্ট পায়, তখন তুমি হুখ ভোগ করতে পার না। আমরা দকলেই এক। বৈষম্যের ভ্রমই যত তৃঃথের মৃল। আআ ছাড়া আর কিছু নেই—কিছুই নেই!

বুজের শিকা হ'ল— ঈশর ব'লে কিছু নেই, মান্ন্নই সব। ঈশর সম্বন্ধ প্রচলিত যাবতীয় মনোভাবকে তিনি অশীকার করেছিলেন। তিনি দেখেপ্রচলিত যাবতীয় মনোভাব কিছু কিলেন, এই মনোভাব মান্ন্যকে তুর্বল এবং কুসংস্থারাচ্ছয় করে! সব-কিছুর
ছিলেন, এই মনোভাব মান্ন্যকে তুর্বল এবং কুসংস্থারাচ্ছয় করে! সব-কিছুর
ছাত্ত হাছি ঈশরের কাছেই প্রার্থনা করেবে, তা হ'লে কে আর কর্ম করতে
বেরোচ্ছে, বলো? যারা কর্ম করে, ঈশর তাজেরই কাছে আসেন। যারা
নিজেদের সাহায্য করে, ভগবান তাজেরই সাহায্য করেন। ঈশর সম্বন্ধে অভ

ধারণা আমাদের স্নায়্মণ্ডলীকে শিথিল ও পেশীগুলোকে তুর্বল ক'রে দের, আর আমাদের পরনির্ভরশীল ক'বে তোলে। যেথানে স্বাধীনতা, দেইথানেই শাস্তি; যথনই পরাধীনতা, তথনই তৃঃখ। মানুষের নিজের মধ্যে অনস্ত শক্তি, এবং সে তা বোধ করতে পারে—সে উপলব্ধি করতে পারে যে, সে-ও অনস্ত আ্যা। নিশ্চয়ই তা সম্ভব, কিন্তু ডোমবা তো বিশ্বাস কর না। তোমবা ভগবানের কাছে প্রার্থনা ক'বছ, আবার সর্বদা নিজেদের বারুদ্ধ তাজা রাখছ।

ৰুদ্ধের শিক্ষা ঠিক বিপরীত। মানুষকে আর কাঁদতে দিও না। পূজা-প্রার্থনার কোন দরকার নেই। ভগবান তো আর দোকান থুলে বদেননি? প্রতি শ্বাস-প্রশাসে তুমি ভগবানেরই উপাসনা ক'রছ। আমি যে কথা বলছি, এও এক উপাসনা; আর তোমরা যে শুনছ, সেও এক রকম পূজা। তোমাদের কি এমন কোন মানসিক বা শারীরিক ক্রিয়া আছে, যার ধারা তোমরা সেই অনস্ত শক্তিমান্ ঈশবের ভজনা ক'রছ না? সব ক্রিয়াই তাঁর নিরস্তর উপাসনা। যদি ভেবে থাকো, কতকগুলি শব্দই হচ্ছে পূজা, তা হ'লে সে পূজা নিতান্তই বাহা। এমন পূজা-প্রার্থনা মোটেই ভাল নয়, তাতে কথন কোন প্রকৃত ফল পাওয়া যায় না।

প্রথিনা মানে কি কোন যাত্মত্র, কোন বকম পরিশ্রম না ক'রে শুধু তা উচ্চারণ করলেই তৃমি আশ্চর্য ফল লাভ করবে? কখনই না। দকলকেই পরিশ্রম করতে হবে; অনস্ত শক্তির গভীরে দকলকেই তৃব দিতে হবে। ধনী-দরিদ্র দবারই ভিতরে দেই একই অনস্ত শক্তি। একজন কঠোর শ্রম করবে, আর একজন কয়েকটি কথা বার বার ব'লে ফল লাভ করবে—এ মোটেই সত্যা নয়। এ বিশ্বজ্ঞাৎও একটি নিরস্তর প্রার্থনা। যদি এই অর্থে প্রার্থনাকে ব্রুতে চেষ্টা করো, ভবেই ভোমাদের সঙ্গে আমি একমত। কথার প্রয়োজন নেই; নীরব পূজা বরং ভাল।

এই মতবাদের যথার্থ মর্য কিন্তু অধিকাংশ মাহ্নুষ্ট বোঝে না। ভারতবর্ষে আআ দম্বন্ধ কোন-রক্ষ আপদের অর্থ পুরোহিত-মণ্ডলীর হাতে দ্ব ক্ষমতা তুলে দেওয়া, এবং আচার্যদের দমস্ত শিক্ষা ভুলে যাওয়া। বুদ্ধ এ-কথা জানতেন; তাই তিনি পুরোহিত-অন্থাদিত দর্বপ্রকার আচার-অন্থান বর্জন করেছিলেন এবং মান্ন্যুষকে তার নিজের পায়ে দাঁড়াতে শিথিয়েছিলেন। জ্বন্সাধারণের অভ্যন্ত রীতি-নীতির বিক্দ্বে তার দাঁড়াবার প্রয়োজন হয়ে

পড়েছিল; অনেক বৈপ্লবিক পরিবর্তন তাঁকে আনতে হয়েছিল। ফলে এই যাগ-যজ্ঞমূলক ধর্ম ভারত থেকে চিরতরে লুগু হয়ে যায়, কোনকালেই তার পুনরভূদেয় হ'ল না।

বৌদ্ধর্ম আপাতদৃষ্টিতে ভারতবর্ষ থেকে নির্বাদিত হয়েছে, কিন্তু প্রকৃত পক্ষে হয়ন। বুদ্ধের শিক্ষার মধ্যে একটি বিপদের বীজ ছিল—বৌদ্ধর্ম ছিল সংস্কারমূলক। ধর্ম-বিপ্লব আনবার জক্ত তাঁকে অনেক নান্তিবাচক শিক্ষাও দিতে হয়েছিল। কিন্তু কোন ধর্ম যদি নান্তি-ভাবের দিকেই বেশী জোর দেয়, তার সম্ভাব্য বিল্প্তির আশক্ষাও থাকবে সেথানেই। ভগুমাত্র সংশোধনের ঘারাই কোন সংস্কারমূলক সম্প্রদায় টিকে থাকতে পারে না;—সংগঠনী উপাদানই হচ্ছে যথার্থ প্রেরণা—যা তার মূল প্রেরণা। সংস্কারের কাজগুলি সম্পন্ন হবার পরই অন্তি-ভাবমূলক কাজের দিকে জোর দেওয়া উচিত; বাড়ি তৈরী হয়ে গেলেই ভারা খুলে ফেলতে হয়।

ভারতবর্ষে এমন হয়েছিল যে, কালক্রমে বুদ্ধের অনুগামীরা তাঁর নাস্তিভাবমূলক উপদেশগুলির প্রতি বেশীমাত্রায় আকৃষ্ট হয়, ফলে তাদের ধর্মের
অধােগতি অবশুস্তাবী হয়েছিল। নাস্তি-ভাবের প্রকােপে সত্যের অস্তি-ভাবমূলক দিকটা চাপা পড়ে যায় এবং এই কারণেই বুদ্ধের নামে যে-সব
বিনাশমূলক মনােভাব আবিভূতি হয়েছিল, ভারতবর্ষ সেগুলি প্রত্যাথাান
কয়ে। ভারতের জাতীয় ভাবধারার অনুশাসনই এই।

ঈশর ব'লে কেউ নেই এবং আত্মাও নেই—বৌদ্ধর্মের এই-সব নাস্তি-ভাব নিশ্চিক্ত হয়ে গেছে। আমি বলি—একমাত্র ঈশরই আছেন; এটা সন্দেহাতীত দৃঢ় উক্তি। তিনিই একমাত্র সদ্বস্ত। বৃদ্ধ যেমন বলেন, আত্মা ব'লে কিছু নেই, আমিও বলি, 'মামুষ তৃমি বিশ্বের সহিত ওতপ্রোত হয়ে আছ; তৃমিই সব।' কত বাস্তব! সংস্কারের উপাদান নই হয়ে গেছে, কিন্তু সংগঠনী বীজ সব।' কত বাস্তব! সংস্কারের উপাদান নই হয়ে গেছে, কিন্তু সংগঠনী বীজ চিরকালের জন্ম সজীব আছে। বৃদ্ধ নিয়জাতীয় প্রাণীদের প্রতিও করুণা চিরকালের জন্ম সজীব আছে। বৃদ্ধ নিয়জাতীয় প্রাণীদের প্রতিও করুণা শিথিয়ে গেছেন, তার পর থেকে ভারতে এমন কোন সম্প্রদায়ই নেই, যারা সর্বজীবে, এমন কি পশুপক্ষীদের প্রতিও করুণা করতে শেথায়নি। এই দয়া, কয়ণাই হ'ল বৃদ্ধের শিক্ষার মধ্যে শ্রেষ্ঠ জিনিস।

বুদ্ধ-জীবনের একটা বিশেষ আবেদন আছে। আমি সারা জীবন বুদ্ধের অত্যস্ত অমুরাগী, তবে তাঁর মতবাদের নই। অন্ত সব চরিত্রের চেয়ে এঁর চরিত্রের প্রতি আমার শ্রদ্ধা অধিক। আহা, দেই সাহদিকতা, দেই নিভীকতা, দেই গভীর প্রেম! মামুষের কল্যাণের জন্মই তাঁর জন্ম! সবাই নিজের জন্ত দ্বির্বকে খুঁজছে, কত লোকই সভ্যান্ত্রনদ্ধান করছে; তিনি কিন্তু নিজের জন্ত সভ্যানাভের চেট্টা করেননি। তিনি সত্যের সন্ধান করেছেন মামুষের ছংখে কাতর হয়ে। কেমন ক'রে মানুষকে সাহায্য করবেন, এই ছিল তাঁর একমাত্র চিস্তা। সারা জীবন তিনি কখনও নিজের ভাবনা ভাবেননি। এত বড় মহৎ জীবনের ধারণা আমাদের মতো অজ্ঞ স্বার্থান্ধ সন্ধীর্ণচিত্ত মানুষ কি ক'রে করতে পারে?

তারপর তাঁর আশ্র্য বৃদ্ধির কণাও ভেবে দেখ। কোন রকম ভাবাবেগ নেই। সেই বিশাল মন্তিচ্চে কুসংস্কারের লেশও ছিল না। প্রাচীন পুঁথিতে লেখা আছে, পিতৃপুক্ষদের কাছ থেকে উত্তরাধিকারসত্ত্রে পাওয়া গেছে, অথবা বন্ধুরা বিশাস করতে বলছে—এই-সব কারণেই বিশাস ক'রো না; তৃমি নিজেই বিচার ক'রে দেখ, নিজেই সভ্যাহ্মসন্ধান কর; নিজেই অহুভব কর। ভারপর যদি তৃমি তা অন্তের বা বহুর পক্ষে কল্যাণপ্রদ মনে কর, তথন ভা মাহ্মবের মধ্যে বিতরণ কর। কোমলমন্তিন্ধ ক্ষীণমতি তুর্বলচিত্ত কাপুরুষেরা কথনও সভ্যকে জানতে পারে না। আকাশের মতো উদার ও মৃক্ত হওয়া চাই। চিন্ত হবে নির্মল স্বচ্ছ, তবেই ভাতে সভ্য প্রতিভাত হবে। কী কুসংস্কাররাশিতে পরিপূর্ণ আমরা স্বাই? ভোমাদের দেশেও, যেখানে ভোমরা নিজেদের খ্বই শিক্ষিত ব'লে ভাবো, কী সন্ধীণ্ডা আর কুসংস্কারে আছেম ভোমরা! ভেবে দেখ, ভোমাদের এত সভ্যতার গর্ব সত্ত্বেও আমি নিভান্ত হিন্দু বলেই কোন এক অনুষ্ঠানে আমাকে বসতে আসন দেওয়া হয়নি।

প্রীষ্টের জন্মের ছ-শ বছর আগে, বৃদ্ধ যখন জীবিত ছিলেন, ভারতবাদীরা অবশ্রষ্ট আশ্চর্যরকম শিক্ষিত ছিল; নিশ্চর্যই তারা অত্যস্ত উদার ছিল। বিশাল জনতা বৃদ্ধের অহুগামী হয়েছিল, নূপতিরা সিংহাসন ত্যোগ করেছিলেন, বানীরা সিংহাসন ছেড়ে দিয়ে এসেছিলেন। এত বিপ্লবাত্মক এবং যুগ যুগ ধরে প্রচারিত পুরোহিতদের শিক্ষার চেয়ে এত ভিন্ন তাঁর শিক্ষা ও উপদেশগুলিকে জনসাধারণ সহজেই সমাদর ও গ্রহণ করতে পেরোছল। অবশ্য তাদের মনও ছিল উন্মৃক্ত ও প্রশন্ত, যা সচরাচর দেখা যান্ত্র না।

এইবার তাঁর পরিনির্বাণের কথা চিন্তা কর। তাঁর জীবন যেমন মহৎ,
মৃত্যুও ছিল তেমনি মহৎ। তোমাদের আমেরিকার আদিম অধিবাসীদের
মতোই কোন জাতের একটি লোকের দেওয়া থাত তিনি গ্রহণ করেছিলেন।
হিন্দুরা এই জাতের লোকদের স্পর্শ করে না, কারণ তারা নির্বিচারে সবকিছুই থায়। তিনি শিশুদের বলেছিলেন, 'তোমরা এ-থাত থেও না, কিন্তু আমি
তা প্রত্যাথান করতে পারি না। লোকটির কাছে গিয়ে বলো, আমার
জীবনে এক মহৎ কর্তব্য সে পালন করেছে—সে আমাকে দেহ-মৃক্ত ক'রে
দিয়েছে।' এক বৃদ্ধ বৃদ্ধকে দর্শন করবার আশায় কয়েক কোশ পথ পায়ে
হেঁটে এসে কাছে বসেছিল। বৃদ্ধ তাকে উপদেশ দিছিলেন। জনৈক শিশুকে
কাদতে দেখে, তিনি ভিরস্কার ক'রে বললেন, 'এ কী? আমার এত
উপদেশের এই ফল? কোন মিধাা বন্ধনে তোমরা জড়িও না, আমার ওপর
কিছুমাত্র নির্ভর ক'রো না, এই নর্খর শরীরটার জন্ত বুধা গৌরবের প্রয়োজন
কিছুমাত্র নির্ভর ক'রো না, এই নর্খর শরীরটার জন্ত বুধা গৌরবের প্রয়োজন
নেই। বৃদ্ধ কোন ব্যক্তি নন, তিনি উপলন্ধি-সর্ধপ। নিজেরাই নিজেদের
নির্বাণ লাভ কর।'

এমন কি অন্তিমকালেও তিনি নিজের জন্ত কোন প্রতিষ্ঠা দাবি করেননি।
এই কারণেই আমি তাঁকে শ্রন্ধা করি। বৃদ্ধ ও প্রীষ্ট হচ্ছেন উপলব্ধির এক
একটি অবস্থার নামমাত্র। লোকশিক্ষকদের মধ্যে বৃদ্ধই আমাদের আত্যবিশাসী হ'তে সবচেয়ে বেশী ক'রে শিক্ষা দিয়েছেন; শুধু মিথাা 'জহং'-এর
বন্ধন থেকে আমাদের মুক্ত করেননি, অদৃশ্য ঈশ্বর বা দেবতাদের উপর নির্ভরতা
বন্ধন থেকে আমাদের মুক্ত করেননি, অদৃশ্য ঈশ্বর বা দেবতাদের উপর নির্ভরতা
বেকেও মুক্ত করেছেন। মুক্তির সেই অবস্থা—যাকে তিনি নির্বাণ বলতেন,
তা লাভ করবার জন্য প্রত্যেককেই আহ্বান করেছিলেন। একদিন সেতা লাভ করবার জন্য প্রত্যেককেই বির্বাণে উপনীত হওয়াই হচ্ছে
মন্থ্য-শ্লীবনের চর্ম দার্থকতা।

ঈশদূত যীশুগ্রীষ্ট

(১৯০০ খ্রী: ক্যালিফোনিয়ার অন্তর্গন্ত লম এপ্লেলেনে প্রদন্ত বকৃতা)

সমূদ্রে তরঙ্গ উঠিল এবং একটি শৃক্ত গহরর স্বষ্ট হইল। আবার আর এক তর্দ উঠিল-হয়তো উহা প্রাপেকা বৃহত্তর; উহারও পতন হইল, আবার একটি উঠিল। এইরূপে তরঙ্গের পর তরঙ্গ অগ্রসর হইয়া চলিয়াছে। সংসারের ঘটনাপ্রবাহের মধ্যেও আমরা এইরূপ উত্থান-পতন দেথিয়া থাকি, আর সাধারণত: উথানের দিকেই আমাদের দৃষ্টি আরুষ্ট হয়, পতনের দিকে নয়। কিন্তু সংসারে এই উভয়েরই সার্থকতা আছে, কোনটিরই মূল্য কম নহে। বিশ্বজগ্তের ইহাই প্রকৃতি। কি চিস্তাদ্ধগতে, কি পারিবারিক জগতে, কি সমাজে, কি আধ্যাত্মিক ব্যাপারে—সর্বত্ত এই ক্রমিক গতি, সর্বত্রই উত্থান-পত্তন চলিয়াছে। এই কারণে ঘটনাপ্রবাহের মধ্যে প্রধান ব্যাপারগুলি—উদার আদর্শসমূহ—সময়ে সময়ে সমাঞ্জের তরঙ্গাকার ধারণ করিয়া উত্থিত হয় ও সাধারণের দৃষ্টি আকর্ষণ করে, ভারপর অতীত অবস্থার ভাবগুলিকে পরিপাক করিবার জন্ত, উহাদিগকে বোমস্থন ক্রিবার জন্ম কিছুকালের মতো ইহা অদৃশ্য হয়, যেন ঐ ভাবগুলিকে সমগ্র সমাজে থাপ থাওয়াইবার জন্ত, উহাদিগকে সমাজের ভিতর ধরিয়া বাথিবার জন্ম, পুনরায় উঠিবার—পূর্বাপেক্ষা প্রবলতর বেগে উঠিবার বল সঞ্চয়ের জন্ম কিছুকাল ইহা কোথায় ডুবিয়া যায়।

বিভিন্ন জাতির ইতিহাস আলোচনা করিলে এইরপ উথান-পতনেরই পরিচয় পাওয়া যায়। যে মহাত্মার—যে ঈশদ্তের জীবনচরিত আমরা আজ অপরাত্রে আলোচনা করিতে প্রবৃত্ত হইয়াছি, তিনিও স্বজাতির ইতিহাসের এমন এক সময়ে আবিভূতি হইয়াছিলেন, য়াহাকে আমরা নিশ্চয়ই মহাপতনের য়্গ বলিয়া নির্দেশ করিতে পারি। তাঁহার উপদেশ ও কার্যকলাপের যে বিশ্চিপ্ত সামাল্য বিবরণ লিপিবদ্ধ আছে, তাহা হইতে আয়য়া স্থানে স্থানে অল্পমাত্র আভাস পাই। বিশিপ্ত সামাল্য বিবরণ বলিলাম, কারণ তাঁহার সহদ্ধে এ কথা সম্পূর্ণ সত্য যে, তাঁহার সমৃদয় উক্তি ও কার্যকলাপের বিবরণ লিপিবদ্ধ করিতে পারিলে তাহা সমগ্র জ্বাৎ পরিবাাপ্ত

করিয়া ফেলিত। আর তাঁহার তিনবর্ধব্যাপী ধর্মপ্রচারের মধ্যে যেন কত যুগের ঘটনা, কত যুগের ব্যাপার একজ সংঘটিত হইয়াছে—সেগুলিকে উদ্ঘাটিত করিতে এই উনিশ শত বৎসর লাগিয়াছে। কে জানে সেগুলি সম্পূর্ণরূপে ব্যক্ত হইতে আরও কতদিন লাগিবে? আপনার আমার মতো ক্ষুম্র মাত্র্য অতি ক্ষুম্র শক্তির আধার। কয়েক মূহুর্ত, কয়েক ঘণ্টা, বড় জোর কয়েক বর্ধ আমাদের সম্দর্ম শক্তি-বিকাশের পক্ষে—উহার সম্পূর্ণ প্রসারের পক্ষে যথেই। তারপর আর কিছু শক্তি অবশিষ্ট থাকে না। কিন্তু আমাদের আলোচ্য মহাশক্তিধর এই প্রুষ্বের কথা একবার ভাবিয়া দেখুন। শত শত শতান্দী, শত শত যুগ চলিয়া গেল, কিন্তু তিনি জগতে যে শক্তি সঞ্চার করিয়া গেলেন, এখনও তাহার প্রদার-কার্যের বিরাম নাই, এখনও তাহা নিংশেষিত হয় নাই। যতই যুগের পর যুগ প্রবাহ চলিয়াছে, ততই তাহাও নব বলে বলীয়ান হইতেছে।

যীশুঞ্জীষ্টের জীবনে আপনাবা যাহা দেখিতে পান, তাহা তাঁহার পূর্ববর্তী সমৃদয় প্রাচীন ভাবের সমষ্টিরপ। ধরিতে গেলে একভাবে দকল ব্যক্তির জীবন—সকল ব্যক্তির চরিত্রই অতীত ভাবসমূহের ফলম্বরূপ। প্রত্যেক ব্যক্তির ভিতর সমগ্র জাতীয় জীবনের এই অতীত ভাবসমূহ আসিয়া থাকে বংশাকৃক্তমিক সঞ্চারণ, পারিপার্শ্বিক অবস্থাসমূহ, শিক্ষা এবং নিজের পূর্ব পূর্ব জন্মের সংস্কার হইতে। স্বতরাং একভাবে প্রত্যেক জীবাত্মার ভিতরই সমগ্র পৃথিবীর, সমগ্র ব্রহ্মাণ্ডের সম্দন্ধ অতীত সম্পত্তি বহিয়াছে বলিতে হইবে। বর্তমানের আমরা সেই অনস্ত ব্যতীতে ক্বত কার্যের ফল ব্যতীত আর কি ? অনস্ত ঘটনাপ্রবাহে ভাসমান, অনিবার্থরূপে পুরোভাগে অগ্রসর ও স্থির থাকিতে অসমর্থ কৃত্র কৃত্র তবঙ্গনিচয় ব্যতীত আমবা আব কি? প্রভেদ এই-—আপনি আমি অতি কৃত বৃষ্দ। কিন্ত জাগতিক ঘটনাপ্রবাহরপ মহাসমূত্রে কতকগুলি প্রবল তবঙ্গ থাকিবেই। আপনাতে জামাতে জাতীয় জাবনের অতীত ভাব অতি অল্পমাত্রই পরিক্ট হইয়াছে; কিন্তু এমন অনেক শক্তিমান্ পুরুষ আছেন, যাঁহারা প্রায় সমগ্র অতীতের সাকার বিগ্রহম্বরূপ এবং ভবিশ্বতের দিকেও তাঁহাদের হস্ত প্রসারিত। সমগ্র মানবজাতি ঘে অনস্ত উন্নতিপথে অগ্রসর হইয়া চলিয়াছে, ইহারা যেন সেই পথের নির্দেশক স্তম্ভম্বরণ। বাস্তবিক ইহারা এত বড় যে, ইহাদের ছায়া যেন সমগ্র ব্রহ্মাণ্ডকে ঢাকিয়া ফেলে, আর ইহারা অনাদি অনস্তকাল অবিনশ্বর থাকেন। এই মহাপুরুষ যে বলিয়াছেন, 'ঈশ্বর-তনয়ের ভিতর দিয়া দেখা ব্যতীত অগ্র উপায়ে কেহ কথন ঈশ্বরকে দর্শন করে নাই'—এই কথা অতি সত্য। ঈশ্বর-তনয়ের মধ্য দিয়া না দেখিলে ঈশ্বরকে আমরা আর কোথায় দেখিব ? ইহা খুব সত্য যে, আপনাতে আমাতে—আমাদের মধ্যে অতি দীন হীন বাক্তিতে পর্যন্ত ঈশ্বর বিভ্যমান, ঈশ্বরের প্রতিবিশ্ব আমাদের সকলের মধ্যেই রহিয়াছে। কিন্তু যেমন আলোকের পরমাণ্সকল সর্বরাপী, সর্বত্র শালনশীল হইলেও ইহাদিগকে আমাদের দৃষ্টিগোচর করিতে হইলে প্রদিপ জালিবার প্রয়োজন হয়, সেইয়প জগতের বিরাট আলোকস্বরূপ এই-সকল প্রত্যাদিষ্ট পৃক্ষরে, এই-সকল দেবমানবে, ঈশ্বরের মূর্তিমান্ বিগ্রহ্মপ এই-সকল প্রত্যাদিষ্ট পৃক্ষরে, এই-সকল দেবমানবে, ঈশ্বরের মূর্তিমান্ বিগ্রহ্মপ এই-সকল প্রত্যাদিষ্ট পৃক্ষরে, এইত্যানিষ্ট না হইলে সমগ্র জগতের সর্বব্যাপী ঈশ্বর আমাদের দৃষ্টিগোচর হইতে পারেন না।

আমরা সকলেই বিশাস করি, ঈশর আছেন, কিন্তু আমরা তাঁহাকে দেখিতে পাই না, আমরা তাঁহার ভাব ধারণা করিতে পারি না। কিন্তু জ্ঞানালোকের এই মহান্ বার্তাবহগণের কোন একজনের চরিত্রের সহিত আপনার ঈশর-সম্বন্ধীয় উচ্চতম ধারণার তুলনা করুন। দেখিবেন, আপনার কল্লিত ঈশর এই আদর্শ হইতে নিম্নে পড়িয়া আছে এবং অবভাবের—ঈশরাদিট পুরুষের চরিত্র আপনার ধারণা হইতে বহু উদ্বেশ অবস্থিত। আদর্শের প্রতিম্তিশ্বরূপ এই-সকল মহাপুরুষ ঈশরকে সাক্ষাৎ উপলব্ধি করিয়া তাঁহাদের মহৎ জীবনের যে দৃষ্টান্তু আমাদের সমক্ষে ধরিয়াছেন, ঈশর সম্বন্ধ তাহা অপেক্ষা উচ্চতর ধারণা করিতে আপনারা কথনই সমর্থ হইবেন না। তাহাই যদি সত্য হয়, তবে জিল্ফাদা করি, এই-সকল মহাপুরুষকে ঈশর বলিয়া উপাসনা করা কি অস্তায় ? এই দেবমানবগণের চরণে লৃন্তিত হইয়া তাঁহাদিগকে এ পৃথিবীতে একমাত্র দেবতারূপে উপাসনা করা কি পাণ ? যদি তাঁহারা প্রকৃতপক্ষে আমাদের সর্ববিধ ঈশর-সম্বন্ধীয় ধারণা বা কল্পনা হইতে উচ্চতর হন, তবে তাঁহাদিগকে উপাসনা করিতে দোষ কি ? ইহাতে যে তথু দোষ নাই তাহা নহে, ঈশরের সাক্ষাৎ উপাসনা কেবল এইভাবেই সম্ভব।

আপনারা যতই চেষ্টা করুন, পুনঃপুনঃ অভ্যাদের দ্বারাই চেষ্টা করুন, বা সুল হইতে ক্রমশঃ স্ক্ষতর বিষয়ে মন দিয়াই চেষ্টা করুন, যতদিন আপনারা মবজগতে মানবদেহে অবস্থিত, ততদিন আপনাদের উপলব্ধ সমগ্র জগৎই মানবভাবাপন্ন, আপনাদের ধর্মও মানবভাবে ভাবিত এবং আপনাদের ঈশবও মানবভাবাপন্ন হইবেন। অবশুই এরপ হইবে। এমন লোক কে আছে, যে সাক্ষাৎ উপলব্ধ বস্তুকে গ্রহণ করিবে না, এবং যাহা কেবল কল্পনাগ্রাহ্ম ভাববিশেষ, যাহাকে ধরিতে ছুইতে পারা যায় না এবং খুল অবলম্বনের সহায়তা ব্যতীত যাহার নিকট অগ্রসর হওয়াই ছরহ, তাহাকে ত্যাগ করিবে না ? দেইজন্ম এই ঈশবাবতারগণ সকল যুগে সকল দেশেই পৃজিত হইয়াছেন।

আমরা এখন য়াহুদীদিগের অবতার ঞ্জীষ্টের জীবনচরিতের একটু আধটু আলোচনা করিব। একটি তরঙ্গের উত্থানের পর ও দ্বিতীয় তরঙ্গের উত্থানের পূর্বে তরঙ্গের যে পতনের বিষয় উল্লেখ করিয়াছি, এটির জন্মকালে য়াছদীগণ দেই অবস্থায় ছিল। ইহাকে বক্ষণশীলভার অবস্থা বলিতে পারা যায়। এ অবস্থায় মাহুষের মন যেন সন্মুখে চলিতে চলিতে কিছু-কালের জন্ম কান্ত হইয়া পড়ে এবং এতদিন ধরিয়া যতদ্র অগ্রসর হইয়াছে, তাহা বক্ষা করিতেই যত্নবান্ হয়। এ অবস্থায় জীবনের দার্বভৌম ও মহান্ সমস্তাসমূহের দিকে নিবিষ্ট না হইয়া মন খুঁটিনাটির দিকেই অধিক আরুষ্ট হয়। এ অবস্থায় তরণী যেন অগ্রসর না হইয়া নিশ্চল থাকে, ইহাতে নিজম্ব চেষ্টা অপেক্ষা অদৃষ্টের উপর সম্পূর্ণ নির্ভর কবিয়া সম্ভ কবিবার ভাবই অধিক বিভ্যান। এটি লক্ষ্য করিবেন, আমি এই অবস্থার নিন্দা করিতেছি না, ইহার সমালোচনা করিবার কিছুমাত্র অধিকার আমাদের নাই। কারণ, যদি এই পতন না হইড, তবে ক্লাজারেথবাসী যীশুতে যে পরবর্তী উত্থান মূর্তি পরিগ্রহ করিয়াছিল, তাহা সম্ভব হইত না। ফারিসি ও সাদিউসিগণ হয়তো কপট ছিলেন; হয়তো তাঁহারা এমন সব কাল করিতেন, যাহা তাঁহাদের করা উচিত ছিল না; হইতে পারে তাঁহারা খোর ধর্মধলী ও ভণ্ড ছিলেন, কিন্তু তাঁহারা যেরপই থাকুন না কেন, ঈশদ্ত যাল্ডর আবির্ভাবরূপ

> Pharisee যীশুরীটের সমসাময়িক এক ইহণী ধর্মসম্প্রদায় , ইহারা ধর্মের যথার্থ তত্ত্ব অপেক্ষা বাহ্ বিধি ও অনুষ্ঠানাধির পালনেই অধিক আগ্রহ দেখাইতেছেন। Sadducee—ঐ সময়ের আর এক ইছণী সম্প্রদায় , ইহারা অভিজাতবংশীয় এবং সন্দেহবাদী ছিলেন।

কার্য বা ফলের বীজ বা কারণ তাঁহারাই। যে শক্তিবেগ একদিকে ফারিদি ও সাদিউদিদের মধ্যে আত্মপ্রকাশ করিয়াছিল, তাহাই অপরদিকে মহামনীয়ী ন্যাঞ্চারেথবাসী যীন্তরূপে আবিভূতি হয়।

অনেক সময় আমরা বাহ্য ক্রিয়াকলাপাদির উপর—ধর্মের অত থুঁটিনাটির উপর অমুরাগকে হানিয়া উড়াইয়া দিই বটে, কিন্তু উহাদের মধ্যেই ধর্মজীবনের শক্তি নিহিত। অনেক সময় আমরা অত্যধিক অগ্রসর হইতে গিয়া ধর্ম-জীবনের শক্তি হারাইয়া ফেলি। দেখাও যায়, সাধারণতঃ উদার পুরুষগণ অপেক্ষা গোঁডাদের মনের তেজ বেশী। স্থতরাং গোঁড়াদের ভিতরও একটা মহৎ গুণ আছে, তাহাদের ভিতর যেন প্রবল শক্তিরাশি সংগৃহীত ও দঞ্চিত থাকে। ব্যক্তিবিশেষ সম্বন্ধে যেমন, সমগ্র জাতি সম্বন্ধেও সেইরূপ। জাতির ভিতরেও ঐরপ শক্তি সংগৃহীত ও সঞ্চিত থাকে। চতুর্দিকে বাহুশক্র দারা পরিবেষ্টিত, রোমক-শাসনে তাড়িত হইয়া এক কেন্দ্রে সন্নিবন্ধ, চিস্তা-জগতে গ্রীক প্রবণতা দারা এবং পারস্ত ভারত ও আলেকজান্দ্রিয়া হইতে আগত - ভাবতরঙ্গরাজি খারা এক নির্দিষ্ট গণ্ডিতে কেন্দ্রীভূত হইয়া চতুর্দিকে দৈহিক মানসিক নৈতিক দর্ববিধ শক্তিদমূহের দারা পরিবেষ্টিত এই মাহুদীঙ্গাতি এক সহজাত রক্ষণশীল প্রবল শক্তিরূপে দণ্ডায়মান ছিল; ইহাদের বংশধরগণ আজও দে শক্তি হারায় নাই। আর উক্ত জাতি তাহার সমগ্র শক্তি জেকজালেম ও য়াহদীধর্মের উপর কেন্দ্রীভূত করিতে বাধ্য হইয়াছিল। সার যেমন--- দকল শক্তিই একবার দঞ্চিত হইলে অধিকক্ষণ এক স্থানে থাকিতে পারে না, চতুর্দিকে প্রদারিত হইয়া নিজেকে নিঃশেষিত করে, মাহদীদের সম্বন্ধেও সেইরূপ ঘটিয়াছিল। পৃথিবীতে এমন কোন শক্তি নাই, যাহাকে দীর্ঘকাল দল্পীর্ণ গণ্ডির মধ্যে আবদ্ধ করিয়া রাখা ঘাইতে পারে। স্বৃদ্ব ভবিগ্ৰতে প্ৰদাবিত হইবে বলিয়া ইহাকে দীৰ্ঘকাল এক স্থানে সঙ্গুচিত কবিয়া রাখিতে পারা যায় না।

য়াহদীন্দাতির ভিতরে এই কেন্দ্রীভূত শক্তি পরবর্তী যুগে প্রীষ্টধর্মের ব্যাল্যাদরে আত্মপ্রকাশ করিয়াছিল। ক্ষ ক্ষ্ম ব্যোত মিলিত হইয়া একটি শ্রোতস্বতী স্বষ্টি করিল। এইরূপে ক্রমশঃ বহু ক্ষ্ম স্রোতস্বতীর সন্মিলনে এক উবেল ভরঙ্গসঙ্গুল নদী উৎপন্ন হইল। তাহার শীর্ষদেশে ক্যান্ধারেথবাদী যীত সমাদীন। এইরূপে প্রতাক মহাপুক্রবই তাঁহার দমদাময়িক অবস্থার ও

তাঁহার নিজ জাতির অতীতের ফলস্বরূপ; তিনি আবার স্বয়ং ভবিশ্বতের প্রষ্টা।
অতীত কারণসমষ্টির ফলস্বরূপ কার্যাবলী আবার ভাবী কার্যের কারণস্বরূপ হয়।
আমাদের আলোচ্য মহাপুরুষ সম্বন্ধেও এ কথা থাটে। তাঁহার নিজ জাতির
মধ্যে যাহা কিছু শ্রেষ্ঠ ও মহন্তম, ঐ জাতি যে উদ্দেশ্য-সিদ্ধির জন্ম যুগ ধরিয়া
চেষ্টা করিয়া আসিয়াছে, তাহাই তাঁহার মধ্যে মূর্তি পরিগ্রহ করিয়াছিল।
আর তিনি স্বয়ং ভবিশ্বতের জন্ম মহাশক্তির আধারশ্বরূপ; শুধু তাঁহার নিজ
আতির জন্ম নহে, জগতের অন্যান্ত অসংথ্য জাতির জন্মও তাঁহার জীবন
মহাশক্তি সঞ্চার করিয়াছে।

আর একটি বিষয় আমাদিগকে মনে রাখিতে হইবে যে, ঐ গ্রাক্ষারেধবাসী মহাপুক্ষের বর্ণনা আমি প্রাচ্য দৃষ্টিকোণ হইতেই করিব। আপনারা অনেক সময় ভূলিয়া যান যে, তিনি একজন প্রাচ্যদেশীয় ছিলেন। আপনারা তাঁহাকে নীল নয়ন ও পীত কেশ বারা চিত্রিত করিতে যতই চেষ্টা করুন না কেন, তিনি একজন থাটি প্রাচ্যদেশীয় ছিলেন। বাইবেল গ্রন্থে যে-সকল উপমা ও রূপকের প্রয়োগ আছে, তাহাতে যে-সকল দৃশ্য ও স্থানের বর্ণনা আছে, তাহার কবিত্ব, তাহাতে অন্ধিত চিত্রসমূহের ভারতঙ্গি ও সরিবেশ এবং তাহাতে বর্ণিত প্রতীক ও অমুষ্ঠানপদ্ধতি—এ-সকল প্রাচ্যভাবেরই সাক্ষা দিতেছে। তাহাতে উজ্জল আকাশ, প্রথব ক্র্য্, তৃষ্ণার্ত নরনারী ও জীবকুলের বর্ণনা, মেষণাল ক্রমককুল ও ক্রিকার্যের বর্ণনা, পন্চাক্তি ঘটীযন্ত্র তৎসংলগ্ন জলাধার ও ঘরটের (পিরিবার জাতা) বর্ণনা প্রভৃতি—এ সকলই এখনও এশিরাতে দেখিতে পাওয়া যায়।

এশিয়ার বাণী চিরদিনই ধর্মের বাণী, আর ইওরোপের বাণী রাজনীতির।
নিজ নিজ কার্যক্ষেত্রে প্রত্যেকেই নিজ নিজ মহত্ত দেখাইয়াছে। ইওরোপের
বাণী আবার প্রাচীন গ্রীসের প্রতিধ্বনিমাত্র। নিজ সমাজই গ্রীকদের সর্বস্ব
ছিল। তদতিরিক্ত অক্যান্ত সর্কল সমাজই তাহাদের চক্ষে বর্বর, তাহাদের মতে
গ্রীক ব্যতীত আর কাহারও জগতে বাদ করিবার অধিকার নাই, গ্রীকরা
যাহা করে তাহাই ঠিক; জগতে আর যাহা কিছু আছে, তাহার কোনটিই
যাহা করে তাহাই ঠিক; জগতে থাকিতে দেওয়া উচিত নহে। গ্রীক মনের
সিহামভৃতি একাস্তই মানবিক, অতএব অত্যন্ত স্বাভাবিক ও কলাকোশলময়।

গ্রীক মন সম্পূর্ণরূপে ইহলোক লইয়াই ব্যাপৃত; এই জগতের বাহিরে কোন বিষয় দে স্বপ্নেও ভাবিতে চায় না। এমন কি, ভাহার কবিতা পর্যন্ত এই ব্যাবহারিক জগৎকে লইয়া। ভাহার দেবদেবীগণের কার্যকলাপ আলোচনা করিলে বােধ হয় যেন তাঁহারা মান্ত্র্য, তাঁহারা সম্পূর্ণরূপে মানব-প্রকৃতিবিশিষ্ট; সাধারণ মান্ত্র্য যেন ক্রেথ ছু:থে হদ্রের নানা আবেগে উত্তেজিত হইয়া পড়ে, তাঁহারাও প্রায় দেইরূপ। গ্রীক সৌন্দর্য ভালবাদে বটে, কিন্তু এটি বিশেষভাবে লক্ষ্য করিবেন যে, ভাহা বাহ্যপ্রকৃতির সৌন্দর্য ছাড়া আর কিছুই নহে, যথা—শৈলমালা, হিমানী ও কুক্সমহাজির সৌন্দর্য, বাহ্য অবয়ব ও আরুতির সৌন্দর্য, নরনারীর ম্থের, বিশেষভঃ আরুতির সৌন্দর্যই গ্রীক মন আরুই হইত। আর এই গ্রীকগণ পরবর্তী যুগের ইওরোপের শিক্ষাগুরু বলিয়া ইওরোপ গ্রীদের বাণীরই প্রতিধ্বনি করিভেছে।

এশিরার আবার অক্ত প্রকৃতির লোকের বাস। উক্ত প্রকাণ্ড মহাদেশের বিষয় চিস্তা করিয়া দেখুন, কোণাও শৈলমালার চূড়াগুলি অভ্রভেদী হইয়া নীল গগনচন্দ্রতিপকে যেন প্রায় স্পর্শ করিতেছে; কোপাও ক্রোশের পর ক্রোশ ব্যাপ্ত বিশাল মকভূমি—যেথানে একবিন্দু জলও পাইবার সম্ভাবনা নাই, একটি তৃণও যেথানে উৎপন্ন হয় না; কোধাও নিবিড় অরণ্য কোশের পর ক্রোশ ধরিয়া চলিয়াছে, যেন শেষ হইবার নাম নাই! আবার কোথাও বা বিপুলকায়া শ্রোভস্বতী প্রবলবেগে সম্দ্রাভিম্থে ধাবমানা। চতুর্দিকে প্রকৃতির এই-দকল মহিমময় দৃখ্যে পরিবেষ্টিত হইয়া প্রাচাদেশবাদীর সৌন্দর্য ও গাম্ভীর্যের প্রতি অহবাগ সম্পূর্ণ এক বিপবীত দিকে বিকাশপ্রাপ্ত হইল। উহা বহিদৃষ্টি ত্যাগ করিয়া অন্তদৃষ্টি-পরায়ণ হইল। দেখানে প্রাকৃতিক সৌন্দর্য-সম্ভোগের অদম্য তৃষ্ণা, প্রকৃতির উপর আধিপত্যলাভের তীত্র পিপাসা বিভয়ান, <u>দেখানেও উন্নতির জন্ম প্রবল আকাজ্ঞা বর্তমান, গ্রীকেরা যেমন অপর</u> জাতিগুলিকে বর্বর বলিয়া ঘুণা করিত, দেখানেও দেই ভেদবৃদ্ধি, দেই ঘুণার ভাব বিশ্বমান। কিন্তু দেখানে জাতীয় ভাবের পরিধি অধিকতর বিস্তৃত। এশিয়ায় আজও জন্ম, বর্ণ বা ভাষা লইয়া জাতি গঠিত হয় না; দেখানে একধর্মাবলম্বী হইলেই এক জাতি হয়। সকল এটান মিলিয়া এক জাতি, সকল মৃদলমান মিলিয়া এক জাতি, সকল বৌদ্ধ মিলিয়া এক জাতি, সকল হিন্দু মিলিয়া এক জাতি। একজন বৌদ্ধ চীনদেশবাসী, অপর একজন

পারক্রদেশবাদী হউক না কেন, যেহেতু উভয়ে একধর্মাবলম্বী, সেইজন্স তাহারা পরস্পরকে ভাই বলিয়া মনে করিয়া থাকে। সেধানে ধর্মই মানবজাতির পরস্পরের বন্ধন, মিলনভূমি। আর ঐ পূর্বোক্ত কারণেই প্রাচ্যদেশীয়গণ কল্পনাপ্রবণ, তাহারা জন্ম হইতেই বাস্তব জগৎ ছাড়িয়া স্বপ্নজগতে থাকিতেই ভালবাসে। জল-প্রপাতের কলধ্বনি, বিহগকুলের কাকলী, স্র্য চন্দ্র তারা— এমন কি সমগ্র জগতের সৌন্দর্য যে পরম মনোরম ও উপভোগা, ভাহাতে সন্দেহ নাই। কিন্তু প্রাচ্য মনের পক্ষে ইহাই পর্যাপ্ত নহে, সে অতীন্দ্রির রাজ্যের ভাবে ভাবুক হইতে চায়। প্রাচ্যবাদী বর্তমানের—ইহঙ্কগতের গণ্ডি ভেদ করিয়া তাহার অতীত প্রদেশে যাইতে চায়। বর্তমান—প্রত্যক্ষ পরিদুশুমান জগৎ তাহার পক্ষে যেন কিছুই নহে। প্রাচ্যদেশ যুগযুগান্ত ধরিয়া যেন সমগ্র মানব-জাতির শৈশবের শিশু-শয়া; দেখানে ভাগাচক্রের দর্ববিধ পরিবর্তন দেখিতে পাওয়া যায়; সেথানে এক বাজ্যের পর অন্ত রাজ্যের, এক সাম্রাজ্য নষ্ট হইয়া অন্ত দাদ্রাজ্যের অভ্যুদ্র হইয়াছে, মানবীয় ঐশ্বর্য বৈভব গোরব শক্তি— **ন**বই এথানে গড়াগড়ি যাইতেছে ; বিছা ঐবর্ষ বৈভব ও সাম্রাজ্যের সমাধিভূমি --ইহাই যেন প্রাচ্যের পরিচয়। স্বতরাং প্রাচ্যদেশীয়গণ যে এই জগতের সকল পদার্থকেই অবজ্ঞার চক্ষে দেখেন এবং স্বভাবতই এমন কোন ব**ন্ত দর্শ**ন কবিতে চান, যাহা অপবিণামী অবিনাশী এবং এই ত্বঃথ- ও মৃত্যুপূর্ণ জগতের মধ্যে নিতা আনন্দময় ও অমব,— ইহাতে বিশ্বন্নের কিছুই নাই। প্রাচ্যদেশীয় মহাপুরুষগণ এই আদর্শের বিষয় ঘোষণা করিতে কথনও ক্লান্তিবোধ করেন না। আর আপনারা শ্বরণ রাথিবেন যে, জগতের অবতার ও মহাপুরুষগণ সকলেই প্রাচ্যদেশীয়, কেহই অক্ত কোন দেশের লোক নহেন।

আমরা আমাদের আলোচ্য মহাপুক্ষের প্রথম মৃলমন্ত্রই শুনিতে পাই:
এ জীবন কিছুই নহে, ইহা হইতে উচ্চতর আবও কিছু আছে। আর
এ অতীন্দ্রির তত্ত্ব জীবনে পরিণত করিয়া তিনি যে যথার্থ প্রাচ্যদেশের সস্তান,
তাহার পরিচয় দিয়াছেন। তোমরা পাশ্চাত্যেরা নিজেদের কার্যক্ষেত্রে
অর্থাৎ সামরিক ব্যাপারে, রাষ্ট্রনৈতিক বিভাগ-পরিচালনায় এবং সেইরপ
অন্তান্ত কর্মে দক্ষ। হয়তো প্রাচ্যদেশীয়গণ ও-সকল বিষয়ে নিজেদেয়
রুতিত্ব দেখাইতে পারেন নাই, কিন্তু তাঁহারা নিজেদের কর্মক্ষেত্রে সফল,
তাঁহারা ধর্মকে নিজেদের জীবনে উপলব্ধি করিয়াছেন—কার্যে পরিণত

করিয়াছেন। যদি কেছ কোন দার্শনিক মত প্রচার করেন, তবে দেখিবেন, কাল শত শত লোক আসিয়া প্রাণপণে নিজেদের জীবনে তাহা উপলব্ধি করিবার চেটা করিবে। যদি কোন ব্যক্তি প্রচার করেন যে, এক পারে দাঁড়াইয়া থাকিলেই মৃক্তি হইবে, তিনি তখনই এমন পাঁচশত লোক পাইবেন, যাহারা এক পায়ে দাঁড়াইয়া থাকিতে প্রস্তত। আপনারা ইহাকে হাস্থাশদ বলিতে পারেন, কিন্তু জানিবেন—ইহার পশ্চাতে তাহাদের দার্শনিক তথা বিভ্যমান: তাহারা যে ধর্মকে কেবল বিচারের বন্ধ না ভাবিয়া জীবনে উপলব্ধি করিবার—কার্যে পরিণত করিবার চেটা করে, ইহাতে তাহার আভাস ও পরিচয় পাওয়া যায়। পাশ্চাতা দেশে মৃক্তির যে-সকল বিবিধ উপায় নির্দিষ্ট হইয়া থাকে, সেগুলি বৃদ্ধির্ভির ব্যায়ামমাত্র, তাহাদিগকে কোনকালে কার্যে পরিণত করিবার চেটা পর্যন্ত করা হয় না। পাশ্চাতা দেশে যে প্রচারক উৎক্টে বক্তৃতা করিতে পারেন, তিনিই সর্বপ্রেচ্চ ধর্মোপদেটারূপে পরিগণিত হইয়া থাকেন।

অতএব আমরা দেখিতেছি, প্রথমতঃ এই ক্যান্সারেথবাসী যীন্ত যথার্থ ই প্রাচ্য ভাবে ভাবিত ছিলেন। এই নখর । গণং ও ইহার ঐশর্যে তাঁহার আদে আন্থা ছিল না। বর্তমান যুগে পাশ্চাত্য অগতে যেরপ শাস্তীয় বাক্য বিক্বত করিয়া ব্যাখ্যা করিবার চেষ্টা দেখা যায়, তাহার কোন প্রয়োজন নাই। এত প্রবলভাবে মোচড়ানো হয় যে, আর টানিয়া বাড়ানো চলে না; শাস্ত-বাক্যগুলি তো আর রবার নহে যে, যত ইচ্ছা টানিয়া বাড়ানো যাইবে, আর তাহারও একটা দীমা আছে। ধর্মকে বর্তমান যুগের ইন্দ্রিয়-দর্বস্বতার সহায়ক করিয়া লওয়া কথনই উচিত নহে। এটি ভাল করিয়া বুঝিবেন যে, আমাদিগকে সরল ও অকণট হইতে হইবে। যদি আমাদের আদর্শ অনুসরণ করিবার শক্তি না থাকে, তবে আমরা যেন আমাদের তুর্বলতা খীকার করিয়া লই, কিন্তু আদর্শকে যেন কথনও খাটো না করি, কেহ যেন আদর্শটিকেই একেবারে ভাঙিয়া চুবিয়া ফেলিবার চেষ্টা না করেন। পাশ্চাত্যন্ধাতিগণ **ঞ্জাই-দ্দীবনের যে** ভিন্ন ভিন্ন বিবরণ দিয়া থাকেন, দেগুলি ভনিলে হৃদয় অবদন হইয়া যায়। তিনি যে কি ছিলেন, আর কি ছিলেন না, কিছুই বোঝা যায় না। কেহ তাঁহাকে একজন মহা রাজনীতিজ্ঞ বলিয়া প্রতিপন্ন করিতে চেষ্টা করিয়াছেন; কেহ বা তাহাকে একজন দেনাপতি, কেহ তাহাকে অদেশহিতৈবী য়াছদী, কেহ বা

তাঁহাকে অন্তর্মণ একটা কিছু প্রতিপন্ন করিতে চেষ্টা করিয়াছেন। কিন্ত বাইবেল-গ্রন্থে কি এমন কোন কথা লেখা আছে, যাহাতে ঐরপ অন্ত্যানগুলির কোন প্রমাণ আছে? একজন মহান্ ধর্মাচার্যের জীবনই তাঁহার জীবনের শ্রেষ্ঠ ভাষ্য। যীন্ত তাঁহার নিজের সম্বন্ধে কি বলিয়াছেন শুমুন: 'শৃগালেরও একটা গর্ভ থাকে, আকাশচারী পাথিদেবও বাদা আছে, কিন্তু মানবপুত্রের (যীভর) মাধা গুঁজিবার এতটুকু স্থান নাই।' যীভঞীট বলিয়াছেন, ইহাই মৃক্তির একমাত্র পথ। তিনি মৃক্তির আর কোন পথ প্রদর্শন করেন নাই। আমরা যেন দত্তে তৃণ লইয়া দীনভাবে স্বীকার করি যে, আমাদের এইরূপ ত্যাগ-বৈরাগ্যের শক্তি নাই, আমাদের এথনও 'আমি ও আমার' প্রতি ঘোর আদক্তি বর্তমান। আমরা ধন ঐশর্য বিষয়—এই সব চাই। আমাদিগকে ধিক্, আমরা যেন আমাদের দুর্বলতা খীকার করি, কিন্তু যীন্তকে অন্তরূপে বর্ণনা করিয়া মানবজাতির এই মহান্ আচার্যকে লোকচক্ষে হীন প্রতিপন্ন না করি। তাঁহার কোন পারিবারিক বন্ধন ছিল না। আপনারা কি মনে করেন, এই ব্যক্তির ভিতর কোন দেহভাব ছিল ? আপনারা কি মনে করেন, জ্ঞানজ্যোতির পরম আধার এই অতিমানৰ স্বয়ং ঈশর জগতে অবতীর্ণ হইয়াছিলেন পশুগণের সমধর্মী হইবার জন্ত ? তথাপি লোকে তাঁহার উপদেশ বলিয়া যা খুশি প্রচার করিয়া থাকে। তাঁহার স্ত্রী-পুক্র--এই ভেদজ্ঞান ছিল না, তিনি নিজেকে আত্মা বলিয়াই জানিতেন। তিনি জানিতেন, তিনি শুদ্ধ আত্মা, কেবল মানবঙ্গাতির কল্যাণের জন্ম দেহকে পরিচালন করিতেছেন—দেহের সঙ্গে তাঁহার শুধু ঐটুকু সম্পর্ক ছিল। আত্মাতে কোনরূপ লিঙ্গভেদ নাই। পাশব ভাবের সহিত বিদেহ আত্মার কোন সম্বন্ধ নাই, দেহের সহিত কোন সম্বন্ধ নাই। অবশ্য এইরূপ ত্যাগের ভাব হইতে আমরা এখনও বহু দূরে থাকিতে পারি, থাকিলামই বা, কিন্তু আদর্শটিকে আমাদের বিশ্বত হওয়া উচিত নয়। আমরা যেন স্পষ্ট স্বীকার করি যে. ত্যাগই আমাদের আদর্শ, কিন্তু আমরা ঐ আদর্শের নিকট গৌছিতে এখনও অক্ষয় ৷

তিনি শুদ্ধ-বৃদ্ধ-মৃক্ত-আত্মাশ্বরূপ—এই তত্ত্বের উপলব্ধি বাতীত তাঁহার জীবনে আর কোন কার্য ছিল না, আর কোন চিস্তা ছিল না। তিনি বাস্তবিকই বিদেহ শুদ্ধ-মৃক্ত-আত্মাশ্বরূপ ছিলেন। স্তধু তাহাই নহে, তিনি তাঁহার **স্বভু**ত দিব্যদৃষ্টিসহায়ে ইহাও বুৰিয়াছিলেন যে, প্ৰত্যেক নৱনাৱী, সে য়াহুদীই হউক বা অন্ত জাতিই হউক, ধনি-দবিত্র, সাধু-অসাধু-সকলেই তাঁহার মতো দেই এক অবিনাদী আত্মা ব্যতীত আর কিছুই নহে। স্বতরাং তাঁহার সমগ্র জীবনে এই একমাজ কার্য দেখিতে পাওয়া যায় যে, তিনি সমগ্র মানব-জাতিকে তাহাদের নিজ নিজ যথার্থ শুষ্কচৈতন্তস্বরূপ উপুনুদ্ধি করিবার জন্ত আহ্বান করিতেছেন। তিনি বলিতেছেন, 'তোমরা এই দীন হীন কুসংস্কারময় স্বপ্ন ছাড়িয়া দাও। মনে করিও না যে, অপরে তোমাদিগকে দাসকং পদদলিত এবং উৎপীড়িত করিতেছে, কারণ তোমাদের মধ্যে এমন এক বস্তু বহিয়াছে, বাহার উপর কোন অত্যাচার করা চলে না, যাহাকে পদদলিত করা যায় না. যাহাকে কোনমতে বিনাশ করিতে বা কোনরূপ কট্ট দিতে পারা যার না।' আপনারা দকলেই ঈশর-তনর, দকলেই অমর আত্মাশ্বরূপ। তিনি এই মহাবাণী জগতে ঘোষণা ক্রিয়াছেনঃ জানিও, স্বর্গরাল্য তোমার **অন্ত**রেই অবস্থিত। আমি ও আমার পিতা অভেদ। ক্যান্ধারেধবাদী যীত এই-সব কথাই বলিয়াছেন। তিনি এই সংসারের কথা বা ইহজীবনের বিষয় কথনও কিছু বলেন নাই। এই জগতের ব্যাপারে তাঁহার কোন দমমুই ছিল না, ভগু মানবন্ধাতি যে অবস্থায় আছে, সে অবস্থা হইতে তাহাকে তিনি সমূথে খানিকটা আগাইয়া দিবেন, আর ক্রমাগত ইহাকে চালাইতে থাকিবেন, যতদিন না সমগ্র জগৎ সেই পরম জ্যোতির্যন্ন পরমেশ্বরের নিকট পৌছিতেছে, যতদিন না প্রত্যেকে নিজ নিজ স্বরূপ উপলব্ধি কবিতেছে, যতদিন না তৃঃধকষ্ট ও মৃত্যু জগৎ হইতে সম্পূর্ণব্নপে নির্বাদিত হইতেছে।

তাঁহার জীবনচরিত সম্বন্ধে ষে-সকল পরম্পরবিরোধী আখ্যান লিখিত হইয়াছে, তাহা আমরা পাঠ করিমাছি। গ্রীষ্টের জীবনচরিতের সমালোচক পণ্ডিতবর্গ ও তাঁহাদের গ্রন্থাবলী এবং 'উচ্চতর সমালোচনা' নামক সাহিত্য-রাশির সহিত আমরা পরিচিত। আর নানাগ্রন্থ-আলোচনা বারা পণ্ডিতেরা যে-সকল সিদ্ধান্তে উপনীত হইয়াছেন, তাহাও আমরা জানি। বাইবেলের

> ইতিহাদ ও দাহিত্যের দিক দিরা বাইবেলের বিভিন্নাংশের রচনা রচনাকাল ও প্রামাণিকতা দথকে বিচারমূলক দাহিত্যরাশি Higher or Historical Criticism নামে অভিহিত। ইহা বাইবেলের লোকাবলী ও শব্দরাশি-সম্বন্ধীর বিচার ও ব্যাখ্যা হইতে পৃথক্ ও উচ্চতর।

নিউ টেস্টামেণ্ট-অংশ কভটা সভ্য, অথবা উহাতে বর্ণিভ ধীন্তপ্রীষ্টের জীবনচরিত কতটা ঐতিহাসিক দত্যের সহিত মিলে—এ-সকল বিষয় বিচার করিবার জন্ম আজ আমবা এথানে উপস্থিত হই নাই। যীশুঝীষ্টের জন্মিবার পাঁচ শত বংস্বের মধ্যে নিউ টেন্টামেণ্ট লিথিত হইয়াছিল কি না, অথবা যীশুঞ্জীষ্টের জীবনচরিতের কওটা অংশ সত্য এ-সকল প্রশ্নেও কিছু আসিয়া যায় না। কিন্তু ঐ জীবনের পশ্চাতে এমন কিছু আছে, যাহা অবশ্য সত্য—এমন কিছু আছে, যাহা আমাদের অমুকরণের যোগ্য। মিগ্যা বলিতে হইলে সভ্যেরই নকল করিতে হয় এবং ঐ সত্যটির বাস্তবিক সত্তা আছে। যাহা কোনকালে ছিল না, তাহার নকল করা চলে না। যাহা কেহ কোনকালে কথনও উপল্ক্তি করে নাই, তাহা কথনই অমুকরণ করা যায় না। স্থতরাং ইহা অনায়ানেই অন্নান করা ঘাইতে পারে হে, বাইবেলের বর্ণনা অতিবঞ্জিত বলিয়া স্বীকার করিলেও ইহাও স্বীকার করিতে হয় যে, ঐ কল্পনারও অবশ্রই কিছু ভিত্তি ছিল, নিশ্চয়ই সেই-সময়ে জগতে এক মহাশক্তির আবির্ভাব হইয়াছিল—আধ্যাত্মিক শক্তির এক অপূর্ব বিকাশ হইয়াছিল এবং দেই মহা আধ্যাত্মিক শক্তি সম্বন্ধেই আজ আমরা কিঞ্চিৎ আলোচনা করিতেছি। ঐ মহাশক্তির অস্তিত্ব সম্বন্ধে যথন আমাদের কিঞ্চিন্মাত্রও দলেহ নাই, তথন আমাদের পণ্ডিতকুলের সমালোচনার ভর পাইবার কোন কারণ নাই। যদি প্রাচ্চেেশীয়দের মতো আমাকে এই ম্বাজারেথবাসী ঘীশুর উপাদনা করিতে হয়, তবে একটিমাত্র ভাবেই আমি তাঁহার উপাসনা করিতে পারি, অর্থাৎ আমায় তাঁহাকে ঈশ্বর বলিয়াই উপাসনা করিতে হইবে, অন্ত কোনরূপে উপাদনা করিবার উপায় নাই। আপনারা কি বলিতে চান, আমাদের ঐরূপে তাঁহাকে উপাদনা করিবার অধিকার নাই ? যদি আমরা তাঁহাকে আমাদের সমান স্তবে টানিয়া আনিয়া একজন মহাপুরুষমাত্র বলিয়া একটু সম্মান দেখাই, তবে আর আমাদের তাঁহাকে উপাদনা করিবার প্রয়োজন কি? আমাদের শাস্ত্র বলেন, 'বাঁহাদের ভিতর দিয়া ব্রহ্ম-জ্যোতিঃ প্রকাশিত হয়, বাঁহারা স্বয়ং সেই জ্যোতিঃস্বরূপ, দেই জ্যোতির তনয়গ্ণ উপাদিত হইলে যেন আমাদের মহিত তাদাত্মভাব প্রাপ্ত হন এবং আমরাও তাঁহাদের মহিত এক হইয়। যাই ।'

কারণ, আপনারা এটি লক্ষ্য করিবেন যে, মানব ত্রিবিধভাবে ঈশ্বরকে উপলব্ধি করিয়া থাকে। প্রথম অবস্থায় অশিক্ষিত মানবের অপরিণত বৃদ্ধিতে বোধ হয় যে, ঈশ্বর বছদূরে—উধ্বে স্বর্গনামক স্থানবিশেষে পাপপুণ্যের মহা-বিচারকরূপে শিংহাসনে সমাসীন। লোকে তাঁহাকে 'মহন্তমং বজ্রমুগতম'-রূপে দর্শন করে। ঈশর-সম্বীয় এরূপ ধারণাও ভাল, ইহাতে মল কিছুই নাই। আপনাদের শারণ বাথা উচিত যে, মানব মিথ্যা বা ভ্রম হইতে সত্যে অগ্রদর হয় না, সত্য হইতে সত্যে আবোহণ করিয়া থাকে। যদি আপনারা ইচ্ছা করেন তো বলিতে পারেন, মাহুষ নিম্নতর সত্য হইতে উচ্চতর সতো আবোহণ করিয়া থাকে; কিন্তু ভ্রম বা মিথ্যা হইতে দত্যে গমন করে, এ-কথা ক্রথনই বলিতে পারেন না। মনে করুন, আপনি এখান হইতে সূর্যাভিমুখে সরলরেথায় অগ্রসর হইতে লাগিলেন; এথান হইতে সুর্যকে অতি কৃত্র **८**मथाय । মনে करून, जापनि এथान हटेए मन नक मार्टेन जार्यमुद हरेलन. দেখানে গিয়া স্থাকে এথানকার অপেক্ষা বৃহৎ দেখিবেন। যতই অগ্রাসর ছইবেন, ততই বৃহত্তবন্ধপে দেখিতে থাকিবেন। মনে ককুন, এইরূপ বিভিন্ন স্থান হইতে স্র্যের বিশ সহস্র আলোকচিত্র গ্রহণ করা গেল, ইহাদের প্রত্যেকটি যে অপরটি হইতে পৃথক্ হইবে, তাহাতে কোন সন্দেহ নাই ; কিন্তু উহাদের সকলগুলিই যে সেই এক স্থেরিই আলোকচিত্র, ইহা কি আপনি অস্বীকার করিতে পারেন? এইরূপ উচ্চতর বা নিম্নতর সর্ববিধ ধর্ম-প্রণালীই সেই অনস্ত জ্যোতির্ময় ঈশবের নিকট পৌছিবার বিভিন্ন সোপান মাত্র। কোন কোন ধর্মে ঈখরের ধারণা নিম্নতর, কোন কোন ধর্মে উচ্চতর —এইমাত্র প্রভেদ। এই কারণেই সমগ্র জগতে গভীর চিস্তায় অসমর্থ জন-সাধারণের ধর্মে ব্রহ্মাণ্ডের বহির্দেশে স্বর্গনামক স্থানবিশেষে অবস্থানকারী জগৎ-শাসক, পুণাবানের পুরস্বাবদাতা ও পাপীর দওদাতা এবং এরূপ অ্যাগ্য গুণসম্পন্ন ঈশবের ধারণা থাকিবেই এবং বরাবরই বহিয়াছে—দেখিতে পাওয়া যায়। মানব অধ্যাত্মরাজ্যে যতই অগ্রসর হয়, ততই সে উপলব্ধি করিতে আরম্ভ করে, যে-ঈশরকে সে এতদিন মর্গনামক স্থানবিশেষে সীমাবদ্ধ মনে করিতেছিল, তিনি প্রকৃতপক্ষে সর্বব্যাপী, সর্বত্র বিছমান ; তিনি দুরে অবস্থিত নহেন, তাহার হৃদয়-মধ্যেই রহিয়াছেন। তিনি শ্পষ্টতই সকল আত্মার অস্তরাত্মা। আমার আত্মা যেমন আমার দেহকে পরিচালনা করিতেছে,

তেমনি ঈশর আমার আত্মারও পরিচারক ও নিয়স্তা; আত্মার মধ্যে অস্তরাত্মা। আবার কতকগুলি ব্যক্তি এতদ্র শুদ্ধচিত্ত ও আধ্যাত্মিকতার উন্নত হইলেন যে, তাঁহারা পূর্বোক্ত ধারণা অতিক্রম করিয়া অবশেষে ঈশরকে লাভ করিলেন। বাইবেলের নিউ টেন্টামেন্টে আছে, 'গাঁহাদের হৃদর পবিত্র, তাঁহারা ধন্ত, কারণ তাঁহারাই ঈশরকে দর্শন করিবেন।' অবশেষে তাঁহারা দেখিলেন, তাঁহারা ও পিতা ঈশর অভিন্ন।

আপনারা দেখিবেন, বাইবেলের নিউ টেস্টামেণ্ট-অংশে এই মহান্ ধর্মাচার্য যীন্ত উক্ত ত্তিবিধ দোপানের উপযোগী শিক্ষা দিয়া গিয়াছেন। তিনি যে দাধারণ প্রার্থনা (Common Prayer) শিক্ষা দিয়াছেন, তাহা লক্ষ্য করুন: 'হে আমাদের স্বর্গস্থ পিতা, তোমার নাম জয়যুক্ত হউক' ইত্যাদি। ইহা সর্ব ভাবের প্রার্থনা, শিশুর প্রার্থনা। লক্ষ্য করিবেন যে, ইহা 'দাধারণ প্রার্থনা'; কারণ, ইহা অশিক্ষিত জনসাধারণের জন্ম বিহিত। অপেকারুত উচ্চতর ব্যক্তিদের জন্ম—ধাঁহারা পূর্বোক্ত অবস্থা হইতে কিঞিৎ অগ্রসর হইয়াছেন, তাঁহাদের জন্ম তিনি উন্নততর সাধনের ব্যবস্থা করিয়াছেন: 'আমি আমার পিতাতে, তোষরা আমাতে এবং আমি তোমাদিগের মধ্যে বর্তমান।' স্মরণ হইতেছে তো? আর যথন য়াহদীরা তাঁহাকে জিজ্ঞাসা করিয়াছিল—আপনি কে ? তিনি স্পষ্টই বলিয়াছিলেন, 'আমি ও আমার পিতা এক।' য়াহুদীরা মনে করিয়াছিল, তিনি ঈশবের সহিত নিজেকে অভিন্ন ঘোষণা করিয়া ঈশবের অমর্যাদা কণ্ণিতেছেন। কিন্তু তিনি এই বাক্য কি উদ্দেশ্যে বলিয়াছিলেন, তাহাও আমাদের প্রাচীন ত্রিকালদর্শী মহাপুরুষগণ বলিয়া গিয়াছেন, 'তোমরা সকলেই দেবতা বা ঈশব—তোমরা সকলেই সেই পরাৎপর পুরুষের সস্তান।' অতএব দেখুন, বাইবেলেও ধর্মের এই ত্রিবিধ সোপান স্পষ্টরূপে উপদিষ্ট হইয়াছে; আর আপনারা ইহাও দেখিবেন যে, আপনাদের পক্ষে প্রথম দোপান হইতে আরম্ভ করিয়া ধীরে ধীরে শেষ **দোপানে পৌ**ছানোই অপেকাকৃত সহজ।

এই ঈশবের দৃত বার্তাবহ যীও সত্যলাভের পথ দেখাইতে আদিয়া-ছিলেন। তিনি দেখাইতে আদিয়াছিলেন যে, নানারপ অস্টান ক্রিয়া-কলাপাদি ঘারা সেই যথার্থ তত্ত—আত্মতত্ত্ব লাভ হয় না, নানাবিধ ক্ট জটিদ দার্শনিক বিচারের ঘারা আত্মতত্ত্ব লাভ হয় না। আপনার যদি

কিছুমাত্র বিষ্ঠা না থাকে, সে বরং আরও ভাল; আপনি সারা জীবনে যদি একথানি পুস্তকও না পড়িয়া থাকেন, সে আরও ভাল কথা। এগুলি আপনার মৃক্তির জন্ম একেবারেই আবহাক নয়; মৃক্তিলাভের জন্ম ঐখর্য বৈভব উচ্চপদ বা প্রভূষের কিছুমাত্র প্রয়োদ্দ নাই—এমন কি, পাণ্ডিত্যেরও কিছু প্রয়োদন নাই; কেবল একটি দিনিসের প্রয়োজন, পবিত্রতা— চিত্তত্ত্বি। 'পবিত্রাত্মা বা ভ্রন্থচিত্ত ব্যক্তিগণ ধন্ম', কারণ জাত্মা স্বয়ং ভদস্বভাব। তাহা অন্তব্ধও অধিৎ অন্তব্ধ কিব্ধপে হইতে পারে ? আত্মা ঈশ্বপ্রপ্রস্ত, ঈশ্বর হইতে ভাহার আবির্ভাব। বাইবেলের ভাষায় আত্মা 'ঈখরের নিংখাদস্বরূপ'; কোরানের ভাষায় তাহা 'ঈখরেরও আত্মাস্বরূপ'। ষ্মাপনার। কি বলিতে চান—এই ঈশ্বরাত্মা কখনও অপবিত্র হইতে পারেন ? কিন্ত হায়, আমাদেরই ভভাগুভ কর্মের ধারা তাহা যেন শত শত শতাকীর ধূলি ও মলিনতায় আবৃত হইয়াছে। নানাবিধ অভায় কর্য, অক্তত কর্ম নেই আয়াকে শত শত শতাকার অজ্ঞানরূপ ধূলি ও মলিনতায় সমাচ্ছন করিয়াছে। কেবল ঐ ধূলি ও মলিনতা দূর করা আবিশুক, ভাহ। হইবেই তংক্ষণাৎ আত্মা নিজের প্রভায় উচ্জ্বলভাবে প্রকাশিত হইবে। 'ক্তদ্ধচিত্ত ব্যক্তিরা ধন্ত, কারণ তাহারা ঈশরকে দর্শন করিবে।' 'স্বর্গরাজ্য ভোমাদের অস্তরে।' লাজারেথবাদী যীত আপনাদিগকে জিজাদা ক্বিতেছেন, 'যথন স্বৰ্গৰাষ্য এথানেই—তোমাদের ভিত্তবেই বহিয়াছে, তথন আবার উহার অন্নেধণের জন্ম কোধায় যাইতেছ? আত্মার উপরিভাগে যে মলিনতা দঞ্চিত হইয়াছে, তাহা পরিদ্ধার করিয়া ফেলো, স্বৰ্ণরাজ্য এথানেই বৰ্তমান, দেখিতে পাইবে। ইহা পূর্ব হইতেই ভোমার সম্পত্তি। যাহা তোমার নহে, তাহা তুমি কি করিয়া পাইবে? ইহা তো তোমার জন্মপ্রাপ্ত অধিকার। তোমরা অমৃতের অধিকারী, সেই নিত্য স্নাত্ন পিতার ভন্র ।¹

ইহাই দেই স্বদমাচার-বাহী যীভঞ্জীটের মহতী শিক্ষা। তাঁহার অপর শিক্ষা—ত্যাগ; ত্যাগই দকল ধর্মের ভিত্তিস্বরূপ। আত্মাকে কি করিয়া বিশুদ্ধ করিবে? ত্যাগের হারা। জনৈক ধনী যুবক যাশুকে জিজ্ঞাদা করিয়াছিল, 'প্রভো, অনম্ভ জীবন লাভ করিবার জন্ম আমাকে কি করিতে হইবে?' যীশু তাঁহাকে বলিলেন, 'তোমার এখনও একটি জিনিদের অভাব

আছে। যাও, বাড়ি যাও; ভোমার যাহা কিছু আছে দব বিক্লব্ন কর. ঐ বিক্রয়লন্ধ অর্থ দবিদ্রগণকে বিতরণ কর, তাহা হইলে স্বর্গে তুমি অক্ষয় সম্পদ দৃঞ্চয় করিবে। তারপর নিজের হুঃথভার (Cross) বহুন করিয়া আমার অনুসর্ব কর।' ধনী যুবকটি যীশুর এই উপদেশে হৃ:খিত হইল এবং বিষয় হইয়া চলিয়া গেল, কারণ তাহার অগাধ সম্পত্তি ছিল। আমরা সকলেই অল্পবিস্তর ঐ ধনী যুবকের মতো। দিবারাত্র আমাদের কর্ণে দেই মহাবাণী ধ্বনিত হইতেছে। আমাদের স্থ্ধ-স্বচ্ছন্দভার মধ্যে, দাংদারিক বিষয়-ভোগের মধ্যে আমরা মনে করি, আমরা জীবনের উচ্চতর লক্ষা দব ভুলিয়া গিয়াছি। কিন্ত ইহার মধ্যেই হঠাৎ এক মৃহূর্তের বিরাম আদিল, দেই মহাবাণী আমাদের কর্ণে ধ্বনিত হইতে লাগিল: 'তোমার যাহা কিছু আছে, দব ত্যাগ করিয়া **আমার** অহুসরণ কর। ' 'যে-কোন ব্যক্তি নিজের জীবনরক্ষার দিকে মনোযোগ দিবে, দে তাহা হারাইবে; আর যে আমার জ্বন্ত নিজের জীবন বিদর্জন দিবে, দে তাহা পাইবে।' কারণ, যে-কোন বাক্তি তাঁহার জন্ম এই জাবন উৎদর্গ করিবে, সে অমৃতত্ত লাভ করিবে। আমাদের সর্ববিধ ত্র্বলতার মধ্যে, সর্ববিধ কার্যকলাপের মধ্যে ক্ষণকালের জন্ম কথন কখন যেন একটু বিরাম আদিয়া উপস্থিত হয়, আর সেই মহাবাণী আমাদের কর্ণে ঘোষণা করিতে থাকে: 'ভোমার যাহা কিছু আছে, দব ত্যাগ করিয়া দরিন্তদিগের মধ্যে বিভরণ কর এবং আমাকে অনুদরণ কর।' তিনি ঐ এক আদর্শ প্রচার করিতেছেন, জগতের সকল শ্রেষ্ঠ ধর্মাচার্যগণও ঐ এক আদর্শ প্রচার করিয়াছেন— তাহা এই ত্যাগ। এই ত্যাগের তাৎপর্য কি ? স্থ-নীতির একটি মাত্র আদর্শ — নিঃস্বার্থপরতা। অহংশৃক্ত হও। পূর্ণ নিঃস্বার্থপরতা বা অহংশৃক্ততাই আমাদের একমাত্র আদর্শ। সম্পূর্ণ নিঃমার্থপরতার দৃষ্টান্ত এই যে, ডান গালে চড় মারিলে বাম গাল ফিরাইয়া দিতে হইবে। যদি কেহ তোমার জামা কাড়িয়া লয়, ভাহাকে ভোমার বহিরাবরণটিও ধুনিয়া দিতে হইবে।

আদর্শকে ছোট না করিয়া যতদ্র পারা যায় উন্তয়রূপে কার্য করিয়া যাইতে হইবে। আর দেই আদর্শ অবস্থা এই : যে- অবস্থায় মাহ্যের 'অহং'-ভাব কিছুই থাকে না, যথন কোন বস্তুতে তাহার কোন অধিকারবাধ থাকে না, যথন 'আমি, আমার' বলিবার কিছু থাকে না, দে যথন সম্পূর্ণরূপে আঅ্ব

ঈশব বিরাজমান। কারণ, তাহার ভিতর হইতে 'অহং'-বোধ একেবারে চলিয়া গিয়াছে, নষ্ট ইইয়াছে, একেবারে নির্মূল হইয়া গিয়াছে। আমরা এখনও গেই আদর্শে পৌছিতে পারিতেছি না, তথাপি আমাদিগকে ঐ আদর্শের উপাদনা করিতে হইবে এবং ধীরে ধীরে ঐ আদর্শে পৌছিবার জন্ম চেষ্টা করিতে হইবে, যদিও আমাদিগকে ইতন্ততঃ পদক্ষেপে অগ্রদর হইতে হয়। কলাই হউক, আর সহস্র বর্ধ পরেই হউক, ঐ আদর্শ অবস্থায় পৌছিতেই হইবে। কারণ, ইহা ভুধু আমাদের লক্ষ্য নহে, ইহা উপায়ও বটে। নিঃস্বার্থপরতা—সম্পূর্ণভাবে অহংশ্রুতাই দাক্ষাৎ মৃক্তিম্বরূপ; কারণ 'মহং'ভাব-ত্যাগ হইলে ভিতরের মান্থ্য-ভাব মরিয়া যায়, একমাত্র ঈশ্বরই অবশিষ্ট থাকেন।

আর এক কথা। দেখিতে পাওয়া যায়, মানবন্ধাতির সকল ধর্মাচার্যই সম্পূর্ণ স্বার্থশৃক্ত। মনে করুন, ন্যাজারেধবাসী যীগু উপদেশ দিতেছেন, কোন বাক্তি আসিয়া তাঁহাকে বলিল, 'আপনি যাহা উপদেশ করিতেছেন, তাহা ভি হন্দর ; আমি বিশাস করি, ইহাই পূর্ণতালাভের উপায়, আর আমি ইহা অমূদরণ করিতে প্রস্তত। কিন্তু আমি আপনাকে ঈশবের একমাত্র পুত্র বলিয়া উপাসনা করিতে পারিব না।' ন্যান্ধারেথবাসী যীন্ত এ-কথায় কি উত্তর দিবেন? তিনি নিশ্চয়ই উত্তর দিবেন, 'বেশ ভাই, তুমি আদর্শ অনুদরণ কর এবং নিজের ভাবে ইহার দিকে অগ্রদর হও। তুমি ঐ উপদেশের জন্ম আমাকে প্রশংদা কর আর নাই কর, তাহা আমি গ্রাহ করি না। আমি তো দোকানদার নই, ধর্ম লইয়া ব্যবসা করিতেছি না। আমি কেবল মত্য শিক্ষা দিয়া থাকি, আর মত্য কোন ব্যক্তিবিশেষের সম্পত্তি নহে। সত্যকে একচেটিয়া করিবার অধিকার কাহারও নাই। সত্য স্বয়ং ঈশ্ব। আগাইয়া চল। কৈন্ত তাঁহার অনুগামীরা আজকাল কি বলেন ? তাঁহারা বলেন, 'তোমরা তাঁহার উপদেশ অনুসরণ কর বা নাই কর, তাহাতে কিছু আসে যার না, উপদেষ্টাকে যথায়থ সম্মান দিতেছ কি ? যদি উপদেষ্টার — আচার্যের সম্মান কর, তবেই ভোমার উদ্ধার হইবে; নতুবা ভোমার মৃক্তি নাই।' এইরূপে আচার্যব**রের সম্দ**য় উপদেশই বিকৃত হইয়াছে। এথন কেবল উপদেষ্টার ব্যক্তিত্ব লইয়া বিবাদ। তাহারা জানে না যে, এইরূপে উপদেশ অক্তদরণ না করিয়া উপদেষ্টার নাম লইয়া টানাটানি করাতে ব্যক্তিকে

সন্মান না করিয়া একভাবে তাঁহাকে অপমানিত করিতেছে। ঐরূপে তাঁহার উপদেশ ভুলিয়া শুধু তাঁহাকে দখান করিতে গেলে তিনি নিজেই লজ্জায় সঙ্গুচিত হইতেন। জগতের কোন ব্যক্তি তাঁহাকে মনে রাখিল বা না বাথিল তাহাতে তাঁহার কি আদে যায়? জগতের নিকট তাঁহার একটি বার্তা ছিল, এবং তিনি তাহা প্রচার করিয়াছেন। বিশ সহস্র জীবন পাইলেও তিনি জগতের দরিদ্রতম ব্যক্তির জন্ম তাহা উৎদর্গ করিতে প্রস্তুত ছিলেন। যদি লক্ষ লক্ষ ঘৃণিত সামাবিয়াবাসীর জন্ম লক্ষ বার তাঁহাকে ক্লেশ সহ করিতে হইত, এবং তাঁহার জীবনবলিই যদি প্রত্যেকের মৃক্তির একমাত্র উপায় হইত, তবে তিনি অনায়াদে তাঁহার জীবন বলি দিতে প্রস্তুত হইতেন। এ সমস্ত কাজই তিনি করিতেন, ইহাতে এক ব্যক্তির নিকটও তাঁহার নিজ নাম জানাইবার ইচ্ছা তাঁহার হইত না। স্বয়ং ভগবান্ যেভাবে কার্য করেন, তিনিও তেমনি ধীরস্থিরভাবে, নীরবে অজ্ঞাতভাবে কার্য করিয়া যাইতেন। তাঁহার অন্থ্যামীরা এক্ষণে কি বলেন ? তাঁহারা বলেন, 'তোমরা দম্পূর্ণ নিঃস্বার্থ ও নির্দোষ হইতে পারো, কিন্তু ভোমরা যদি আমাদের আচার্যকে—আমাদের মহাপুরুষকে যথোপযুক্ত সমান না দাও, তবে তাহাতে কোন ফল হইবে না।' কেন ? এই কুদংস্কার—এই ভ্রমের উৎপত্তি কোণা হইতে ? এই ভ্রমের একমাত্র কারণ এই যে, যীশুঞ্জীষ্টের অন্নগামিগণ মনে করেন, ভগবান্ কেবল একবার মাত্র দেহে আবিভূ′ত হইতে পারেন।

ইশব তোমাদের নিকট মানবরূপেই আবিভূতি হন। সমগ্র প্রকৃতিতে যাহা একবার ঘটিয়াছে, তাহা নিশ্চয়ই অতীতে বহুবার ঘটিয়াছিল এবং ভবিস্তুতেও নিশ্চয়ই ঘটিবে। প্রকৃতিতে এমন কিছু নাই যাহা নিয়মাধীন নহে; আর নিয়মাধীন হওয়ার অর্থ এই যে, যাহা একবার ঘটিয়াছে, তাহা চিরদিনই ঘটিয়া আসিতেছে এবং ভবিশ্বতেও ঘটিতে ধাকিবে।

ভারতে ও এই অবতারবাদ বহিয়াছে। ভারতে মহান্ অবতারগণের অন্তম শ্রীকৃষ্ণ, তাঁহার 'ভগবদগীতা'রূপ অপূর্ব বাণী আপনারা অনেকে পাঠ কর্মিয়া থাকিবেন; তিনি বলিতেছেনঃ

যদিও আমি জন্মবহিত, অক্ষয় এবং প্রাণিজগতের ঈশ্বর, তথাপি নিজ প্রকৃতিকে আশ্রয় করিয়া নিজ মায়ায় জন্মগ্রহণ করি। হে অর্জুন, যথনই ধর্মের গ্লানি ও অধর্মের অভ্যুত্থান হয়, তথনই আমি নিজেকে সৃষ্টি করিয়া থাকি। সাধুগণের পরিত্রাণ, তৃত্বতকারীদের বিনাশ এবং ধর্মসংস্থাপনের জ্বত্ত আমি যুগে যুগে জন্মগ্রহণ করি । ই

যথনই জগতের অবনতি হয়, তথনই ভগবান্ ইহার উন্নতির জন্য আদিয়া থাকেন। এইরূপে তিনি বিভিন্ন স্থানে বিভিন্ন যুগে আবিভূ ত হইয়া থাকেন। গীতায় আর একস্থানে তিনি এই ভাবের কথা বলিয়াছেন: যথনই দেখিবে কোন মহাশক্তিসপান পবিত্রস্থভাব মহাত্মা মানবজাতির উন্নতির জন্য প্রাণপণ চেষ্টা করিতেছেন, জানিও তিনি আমারই তেজসস্থৃত, আমি তাঁহার মধ্য দিয়া কার্য করিতেছি।

অতএব আম্বন, আমরা শুধু ফ্রাঞ্চারেথবাদী যীশুর ভিতর ভগবানকে দর্শন না করিয়া তাঁহার পূর্বে যে-সকল মহাপুক্রর আবিভূতি হইয়াছেন, তাঁহার পরে যাঁহার। আসিয়াছেন এবং ভবিশ্বতেও যাঁহারা আসিবেন, তাঁহাদের সকলের ভিতরই ঈম্বরকে দর্শন করি। আমাদের উপাসনা যেন সীমাবদ্ধ না হয়। সকলেই সেই এক অনম্ভ ঈম্বরেই বিভিন্ন অভিব্যক্তিমাত্র। তাঁহারা সকলেই পরিত্রান্থা ও স্বার্থগন্ধহীন। তাঁহারা সকলেই এই দুর্বল মানবজাতির কল্যাণের জন্ম প্রাণপন চেষ্টা করিয়াছেন এবং জীবন দিয়া গিয়াছেন। তাঁহারা প্রত্যেকেই আমাদের সকলের, এমন কি ভবিশ্বদ্ধশীয়গণের সমস্ভ পাপ নিজেরা গ্রহণ করিয়া প্রায়ন্টিত করিয়া গিয়াছেন।

এক হিসাবে আপনারা সকলেই অবতার—সকলে নিজ নিজ স্বন্ধে জগতের ভার বহন করিতেছেন। আপনারা কি কথনও এমন নরনারী দেখিরাছেন, যাহাকে শাস্তভাবে সহিফুতার সহিত নিজ জীবনভার বহন করিতে না হয়? বড় বড় অবতারগণ অবশু আমাদের তুলনায় অনেক বড় ছিলেন, স্বতরাং তাঁহারা তাঁহাদের স্বন্ধে প্রকাণ্ড জগতের ভার গ্রহণ করিয়াছিলেন। তাঁহাদের তুলনায় আমরা অতি ক্ষু, সন্দেহ নাই; কিন্তু আমরাও সেই একই কর্ম করিতেছি—আমাদের ক্ষুণ্ড পরিধির মধ্যে, আমাদের ক্ষুণ্ড গ্রেমবা আমাদের স্বন্ধ গৃহে আমরা আমাদের স্বন্ধ্বংখরাজি বহন করিয়া চলিয়াছি। এমন মন্দপ্রকৃতি, এমন অপদার্থ কেহ নাই, যাহাকে নিজ নিজ ভার কিছু না কিছু বহন করিতে

১ গীতা—৪।৬-৮

২ গীতা—১∙।৪১

হয়। আমাদের ভুল-ভ্রান্তি যতই থাকুক, আমাদের মন্দ চিন্তা ও মনদ কর্মের পরিমাণ যতই হউক, আমাদের চরিত্রের কোন না কোন স্থানে এমন এক উজ্জ্বল অংশ আছে. কোন না কোন স্থানে এমন এক স্বর্ণস্থত্ত আছে, যাহা ঘারা আমরা সর্বদা সেই ভগবানের সহিত সংযুক্ত। কারণ নিশ্চয়ই জানিবেন, যে মৃহূর্তে ভগবানের সহিত আমাদের এই সংযোগ নই হইবে, সেই মৃহূর্তেই আমাদের বিনাশ অবশুদ্ধাবী। আর যেহেতু কাহারও কথনও সম্পূর্ণ বিনাশ হইতে পারে না, সেহেতু আমরা যতই হীন ও অবনত হই না কেন, আমাদের অন্তরের অন্তন্তরের কোন না কোন নিভ্ত প্রদেশে এমন একটি কৃত্র জ্যোতির্যয় বৃত্ত বহিয়াছে, যাহার সহিত ভগবানের নিত্যযোগ।

বিভিন্নদেশীয় বিভিন্নজাতীয় ও বিভিন্নমতাবলখী যে-সকল অবতাবের জীবন ও শিক্ষা আমরা উত্তরাধিকারস্ত্রে পাইয়াছি, তাঁহাদিগকে প্রণাম; বিভিন্নজাতীয় যে-সকল দেবতুল্য নরনারী মানবঙ্গাতির কল্যাণের জন্ম প্রাণপন চেষ্টা করিতেছেন, তাঁহাদিগকে প্রণাম; জীবস্ত-ঈশ্বরস্বরূপ যাঁহারা আমাদের বংশধরগণের কল্যাণের জন্ম নিংস্বার্থভাবে কার্য করিতে ভবিশ্বতে অবতীর্ণ হুইবেন, তাঁহাদিগকে প্রণাম।

ঈশ্বরের দেহধারণ বা অবতার

(The Divine Incarnation or Avatara : খ্রীষ্ট-বিষয়ক বক্তৃতার সংক্ষিপ্ত অমুর্লিপির অমুবাদ)

যীভঞ্জীষ্ট ভগবান্ ছিলেন--মানবদেহে অবতীর্ণ দণ্ডণ ঈশ্বর। বহু রূপে বছ বার ঈশব নিব্দেকে প্রকাশ করেছেন এবং তোমবা শুধু তাঁর দেই রূপগুলিরই উপাসনা করতে পারো। পরবন্ধ উপাসনার বস্তু নন। ঈশ্বরের নিগুণ ভাবকে উপাদনা করা অর্থহীন। নরদেহে অবতীর্ণ ঘীশুঞ্জীইকেই আমাদের ঈখর ব'লে পূজা করতে হবে। ঈখরের এরপ বিকাশের চেয়ে উচ্চতর কোন কিছুর পূজা কেউ করতে পাবে না। औष्ट থেকে পূথক কোন ভগবানের উপাদনা যত শীঘ্র ত্যাগ করবে, ততই তোমাদের কল্যাণ। তোমাদের ব্লনানির্মিত যিহোবার কথা ধর, আবার স্থন্দর মহান্ প্রীষ্টের কথাও ভেবে দেখ। যখনই খ্রীষ্টের উধের্ব কোন ভগবান্ সৃষ্টি কর, তথনই সব পণ্ড কর। দেবতাই কেবল দেবতার উপাসনা করতে পারে, মাহুষের পক্ষে তা করা সম্ভব নয়, এবং ঈশবের প্রচলিত প্রকাশের উদ্বের্ তাঁকে উপাসনা করার যে-কোন প্রয়াস মাস্থবের পক্ষে বিপচ্জনকই হবে। যদি মৃক্তি চাও তো ঞ্জীষ্টের সমীপবর্তী হও; তোমাদের কল্পিত যে-কোন ঈশবের চেল্লে তিনি অনেক উধেব'। যদি মনে কর এটি একজন মামুষ ছিলেন, তবে তাঁর উপাসনা ক'রো না। কিন্তু যথনই ধারণা করতে পারবে—তিনি ঈশবর, তথনই তাঁর উপাদনা ক'রো। যারা বলে—ভিনি মাছ্য ছিলেন, আবার তাঁকে প্জাও করে, তারা নিতান্ত অশান্ত্রীয়, অধর্মের কাজই করে। মধ্যপন্থা ব'লে কিছু নেই, সমগ্র শক্তিকেই গ্রহণ করতে হবে। 'যে পুত্রকে দেখেছে, সে পিতাকেই দর্শন করেছে,' আর পুত্রকে না দেখে কেউ পিতার দর্শন পাবে না। ওধু বড় বড় কথা, অসার দার্শনিক বিচার আর অপ্র ও কল্পনা! যদি আধ্যাত্মিক জীবনে কিছু উপলব্ধি করতে চাও, তবে ঐতিষ্ট প্রকাশিত ঈশরকে নিবিডভাবে,ধরে ধাকো।

দার্শনিক দিক দিয়ে আঁট বা বৃদ্ধ ব'লে কোন মাত্র্য ছিলেন না, তাঁদের মধ্য দিয়ে আমরা ঈশরকেই দেথেছিলাম। কোরানে মহম্মদ বার বার বলেছেন, খ্রীষ্ট কথনও ক্রুশবিদ্ধ হননি—ও একটা রূপকমাত্র; খ্রীষ্টকে কেউ ক্রুশবিদ্ধ করতে পারে না।

যুক্তিমূলক ধর্মের সর্বনিম্ন স্তর দৈতভাব, আর একের মধ্যে তিনের অবস্থিতিই উচ্চতম। জগৎ ও জীব ঈশরের দারাই অমুস্যত; ঈশর, জগৎ এবং জীব—এই 'একের মধ্যে তিন'-কেই আমরা দেখছি। আবার সঙ্গে সঙ্গে আভাস পাচ্ছি যে, এক থেকেই এই তিনটি হয়েছে। এই দেহটি যেমন জীবাত্মার আবরণ, তেমনি এই জীবাত্মা ঘেন পরমাত্মার আবরণ বা দেহ। 'আমি' যেমন বিশ্বপ্রকৃতির চেতন আত্মা, তেমনি ঈশর আমার আত্মাবও আত্মা—পরমাত্মা। তৃমিই হচ্ছ দেই কেন্দ্র—যার মাধ্যমে তৃমি বিশ্বপ্রকৃতিকে দেখছ, আবার তার মধ্যেই তৃমি রয়েছ। স্বগৎ জীব আর ঈশর, এই নিয়েই একটি সন্তা—নিথিল বিশ্ব। স্কতরাং এগুলি মিলে একটি একক, তথাপি একই-কালে এগুলি আবার পৃথক্প বটে।

আবার আর এক প্রকারের 'ত্রিড্র' (তিনে এক) আছে, অনেকটা
থ্রীষ্টানদের 'ট্রিনিটি'-র মতো। ঈশবই পরব্রহ্ম, এই নির্বিশেষ সন্তার আমরা
তাঁকে অমুভব করতে পারি না; শুর্ 'নেতি নেতি' বলতে পারি মাত্র।
তব্ও ঈশবীয় সন্তার সানিধাস্চক কয়েকটি গুণ কিন্তু আমরা ধারণা করতে
পারি। প্রথমতঃ সৎ বা অন্তিত্ব, বিভীয়তঃ চিৎ বা জ্ঞান, তৃতীয়তঃ আনন্দ—
অনেকটা যেন ডোমাদের পিতা, পুত্র এবং পবিত্র আত্মার অমুদ্ধপ। পিতা
হচ্ছেন সং-শ্বরূপ, যা থেকে সব কিছুব স্ষ্টি; পুত্র হচ্ছেন চিৎ-শ্বরূপ, গ্রীষ্টের
মধ্যেই ঈশবের প্রকাশ। প্রীষ্টের পূর্বেও ঈশব সর্বত্র হিলেন, সকল প্রাণীর
মধ্যে ছিলেন; কিন্তু প্রীষ্টের আবির্ভাবেই আমরা তাঁর সম্বন্ধে সচেতন হ'তে
পেরেছি, ইনিই ঈশব। তৃতীয় হচ্ছে আনন্দ, পবিত্র আত্মার আবেশ।
প্রোক্ত জ্ঞানলাভের সঙ্গে সঙ্গেই মামুষ আনন্দের অধিকারী হয়। যে-মুহূর্তে
তৃমি প্রীষ্টকে তোমার হদ্যে বসাবে, তথন থেকেই তোমার পর্মানন্দ; আর
তাতেই হবে তিনের একত্ব-সাধন।

মহম্মদ

(স্থান ফ্রান্সিস্কো বে-অঞ্চল ১৯০০ খ্রী: ২০শে মার্চ প্রদন্ত বক্তৃতার সংক্ষিপ্ত অনুলিপির অনুবাদ)

ক্ষের প্রাচীন বাণী—বুদ্ধ, থ্রীষ্ট ও মহম্মদ—এই তিন মহাপুরুষের বাণীর সমন্ত্রয়। এই তিন জনের প্রত্যেকেই এক একটি মত প্রবর্তন করিয়া তাহা চূড়াস্কভাবে প্রচার করিয়াছেন। কৃষ্ণ এই মহাপুরুষগণের পূর্ববর্তী। তবু আমরা বলিতে পারি, কৃষ্ণ পুরাতন ভাবসমূহ গ্রহণ করিয়া সেগুলির সমন্ত্রয় সাধন করিয়াছেন, যদিও তাঁহার বাণীই প্রাচীনতম। বৌদ্ধর্মের প্রগতিতরকে তাঁহার বাণী সাময়িকভাবে নিমজ্জিত হইয়াছিল। আজ ক্ষেরে বাণীই ভারতের বিশিষ্ট বাণী। আপনারা যদি ইচ্ছা করেন, আজ সায়াছে আরবের মহাপুরুষ মহম্মদের বিশেষ কর্মধারা সহ্বের বিশ্বত আলোচনা করিব।…

মহমদ যৌবনে ধর্মবিষয়ে বিশেষ আগ্রহ প্রকাশ করিতেন বলিয়া মনে হয় না; অর্থোপার্জনেই তাঁহার ঝোঁক ছিল। তিনি সংস্থভাব ও অতিশয় প্রিয়দর্শন যুবক বলিয়া পরিগণিত হইতেন। এক ধনী বিধবা এই যুবকের প্রতি আরুই হইয়া তাঁহাকে বিবাহ করেন। পৃথিবীর বিস্তৃত, ভূথণ্ডের উপর যখন মহমদ আধিশত্য লাভ করেন, তথন রোম ও পারক্ত সামাজ্য তাঁহার বারা প্রভাবিত হয়। তাঁহার একাধিক পত্নী ছিলেন। পত্নীদিগের মধ্যে কে তাঁহার স্বাপেক্ষা প্রিয়, জিজ্ঞাদিত হইয়া তিনি প্রথমা পত্নীর কথা উল্লেখ করিয়া বলেন, 'তিনিই আমাকে প্রথম বিশ্বাস করেন। মেয়েদের মন বিশ্বাসপ্রব। আধীনতা লাভ কর, সব কিছু লাভ কর, কিন্তু নারীচরিত্রের এই বৈশিষ্টাটি যেন হারাইও না!'…

পাপাচরণ, পৌত্তলিকতা, উপাদনার নামে ভণ্ডামি, কুদংস্কার, নরবলি প্রভৃতি দেথিয়া মহম্মদের হৃদয় ব্যথিত হইল। গ্রীষ্টানদের দ্বারা ইহুদীরা অবনমিত হইয়াছিল। পক্ষাস্তরে গ্রীষ্টানেরা মহম্মদের স্বদেশীয়গণ অপেক্ষা আরও অধঃপতিত হইয়াছিল।

আমরা দর্বদাই তাড়াহড়া করি। কিন্তু মহৎ কাঞ্চ করিতে গেলে বিরাট প্রস্তুতির প্রয়োজন। ··· দিবারাত্র প্রার্থনার পর মহম্মদ স্বপ্নে আনেক কিছু দর্শন করিতে থাকেন। জিব্রাইল (Gabriel) স্বপ্নে আবিভূতি হইয়া মহম্মদকে বলেন যে, তিনি সত্যের বার্তাবহ। দেবদ্ত তাঁহাকে আরও বলেন—যীও মূলা ও অন্যান্ত প্রেরিত প্রুষগণের বাণী ল্পু হইয়া যাইবে। তিনি মহম্মদকে ধর্মপ্রচারের আদেশ করেন। প্রীষ্টানেরা যীওব নামে রাজনীতি এবং পারদীকরা ছৈতভাব প্রচার করিতেছিলেন দেখিয়া মহম্মদ বলিলেন, 'আমাদের ঈশ্বর এক। যাহা কিছু আছে, সব কিছুরই প্রভু তিনি। ঈশ্বের সঙ্গে অন্ত কাহারও তুলনা হয় না।'

ঈশ্বর ঈশ্বরই; এখানে কোন দার্শনিকতা বা নীতিশাস্ত্রের জটিল তত্ত্ব নাই।
'আমাদের আলা এক অদিতীয়, এবং মহম্মদই তাঁহার রহ্বল'—মকার
রাস্তায় রাস্তায় মহম্মদ ইহা প্রচার করিতে লাগিলেন। অকার লোকেরা
তাঁহাকে নির্যাতন করিতে থাকে, তথন তিনি মদিনা শহরে পলাইয়া গেলেন।
তিনি যুদ্ধ করিতে লাগিলেন, এবং সমগ্র আরবন্ধাতি ঐক্যবদ্ধ হইল।
আলার নামে মহম্মদের ধর্মজগৎ প্রাবিত করিল। কী প্রচণ্ড বিজয়ী
শক্তি। "

আপনাদের ভাবসমূহ খুব কঠোর, আর আপনারা খুবই কুদংস্কার ও গোঁড়ামির বশবর্তা ! এই বার্তাবহগণ নিশ্চরই ঈশ্বরের নিকট হইতে আদেন, নতুবা তাঁহারা কিভাবে এত মহান্ হইতে পারিয়াছিলেন ? আপনারা প্রতিটি ফেটি-বিচ্যুতি লক্ষ্য করিয়া থাকেন । আমাদের প্রত্যেকেরই দোষ-ক্রটি আছে । কাহার না আছে ? ইহুদীদের অনেক দোষ আমি দেখাইয়া দিতে পারি । হুর্জনেরা সর্বদাই দোষ-ক্রটি থোঁজে। মাছি ক্ষত অয়েষণ করে, আর মধুমক্ষিকা শুধু ফুলের মধুব জন্ত আদে। মক্ষিকা-বৃত্তি অফুসরণ করিবেন না, মধুমক্ষিকার পথ ধকন। …

পরবর্তী জীবনে মহম্মদ অনেক পত্নী গ্রহণ করেন। মহাপুক্ষেরা প্রত্যেকে হই শত পত্নী গ্রহণ করিতে পারেন। আপনাদের মতো 'দৈতা'কে এক পত্নী গ্রহণ করিতেও আমি অনুমতি দিব না। মহাপুক্ষদের চরিত্র বহুত্যাবৃত। তাঁহাদের কার্যধারা হর্জেয়। তাঁহাদিগকে বিচার করিতে যাওয়া আমাদের অনুচিত। খ্রীষ্ট বিচার করিতে পারেন মহম্মদকে। আপনি আমি কে?—
শিশুমাত্র। এই-সকল মহাপুক্ষকে আমরা কি বুঝিব?

মহম্মদের ধর্ম আবিভূতি হয় জনসাধারণের জ্বন্থ বার্তারূপে।...তাঁহার প্রথম বাণী ছিল—'সাম্য'।...একমাত্র ধর্ম আছে—তাহা প্রেম। জ্বাতি বর্ণ বা শক্ত কিছুর প্রশ্ন নাই। এই সাম্যভাবে ষোগ দাও! সেই কার্যে পরিণত সাম্যই জয়য়ুক্ত হইল। কেই মহতী বাণী ছিল খুব সহজ সরলঃ স্বর্গ ও মর্ত্যের স্রষ্টা এক ঈশবে বিশ্বাসী হও। শৃক্ত হইতে তিনি সব কিছু স্বৃষ্টি করিয়াছেন। কোন প্রশ্ন জিজ্ঞাসা করিও না। কা

মসজিদগুলি প্রোটেস্টান্ট গির্জার মতো, সেস্ক্রীত, চিত্র ও প্রতিকৃতি এখানে নিষিদ্ধ। এককোণে একটি বেদী; তাহার উপর কোরান রক্ষিত হয়। দব লোক সারিবদ্ধ হইয়া দাঁড়ায়। কোন পুরোহিত, যাজক বা বিশপ নাই। সেবে নমাজ পড়ে, সেও শ্রোত্মগুলীর একপার্শে দ্ভায়মান থাকিবে। এই বাবস্থার কতকাংশ স্থান্ত্র। স

এই প্রাচীন মহাপুকবেরা সকলেই ছিলেন ঈশরের দৃত। আমি নতজ্ঞার হইয়া তাঁহাদের পূজা করি, তাঁহাদের পদধূলি গ্রহণ করি। কিন্তু তাঁহারা মৃত! আর আমরা জীবিত। আমাদের আগাইয়া যাইতে হইবে! আভ অধবা মহম্মদের অফুকরণ করাই ধর্ম নহে। অফুকরণ তাল হইলেও তাহা কথনও থাটি নহে। যীশুর অফুকরণকারী হইবেন না, কিন্তু যীশু হউন। আপনারা যীশু বৃদ্ধ অথবা অন্ত কোন মহাপুকবের মতোই মহান্। আমরা যদি তাঁহাদের মতো না হই, তবে চেষ্টা করিয়া আমাদিগকে দেরপ হইতে হইবে। আমি ঠিক ঠিক যীশুর মতো নাও হইতে পারি। ইছদী হইয়া জন্মগ্রহণ করার প্রয়োজনও আমার নাই। । ।

নিজ নিজ প্রকৃতির নিকট খাঁটি হওয়াই সর্বাপেক্ষা শ্রেষ্ঠ ধর্ম। নিজের উপর বিশাস রাখুন। যদি আপনার নিজের অন্তিত্ব না থাকে, তবে ঈশ্বর অথবা অন্ত কাহারও অন্তিত্বই বা কিরপে থাকিবে? যেথানেই থাকুন, এই মনই অসীম অনস্ত ঈশ্বরকে পর্যন্ত অহুভব করে। ঈশ্বরকে আমি অমুভব করি, তাই তিনি আছেন। আমি যদি ঈশ্বরকে চিন্তা করিতে না পারি, তবে আমার কাছে তাঁহার অন্তিত্ব নাই। ইহাই মানব-প্রগতির বিরাট জয়্যাতা।

এই মহাপুরুষগণ পথনির্দেশক চিছ। ইহাই তাঁহাদের একমাত্র পরিচয়। তাঁহারা বলেন, 'প্রাভগণ, আগাইয়া যাও'। আরু আমরা তাঁহাদিগকে আঁকড়াইয়া থাকি; নড়িতে চাহি না। আমরা চিস্তা করিতে চাহি না; আমরা চাই অন্তে আমাদের জন্ত চিস্তা ককক। ঈশদ্ভগণ তাঁহাদের ব্রভ উদ্যাপন করেন। পূর্ণোভ্যমে কর্মপথে চলিবার জন্ত তাঁহারা আমাদিগকে উপদেশ দেন। শত বংসর পরে তাঁহাদের বাণী আমরা আঁকড়াইয়া ধরি এবং নিশ্চিন্তে নিস্ত্রা যাই।

ধর্ম, বিখাস ও মতবাদ সম্বন্ধে কথা বলা সহজ, কিন্তু চরিত্রগঠন ও ইঞ্জিয়-সংযম খুব কঠিন। এ বিষয়ে আমরা পরাভূত হই, কপট হইয়া পড়ি।…

ধর্ম কোন মতবাদ নহে, কতকগুলি নিয়মও নহে। ধর্ম একটি প্রক্রিয়া।
মতবাদ ও নিয়মগুলি অফুশীলনের জন্মই আবশ্রুক। সেই অফুশীলনের ধারা
আমরা শক্তি দঞ্চয় করি এবং অবশেষে বন্ধন ছিন্ন করিয়া মৃক্ত হই। মতবাদ
ব্যায়ামবিশেষ—ইহা ছাড়া তাহার অক্ত কোন উপকারিতা নাই। অফুশীলনের
ধারা আত্মা পূর্ণবি প্রাপ্ত হয়। যথন আপনি বলিতে পারেন, 'আমি বিশাস
করি'—তথনই সেই অফুশীলনের পরিসমাপ্তি। …

'যখনই ধর্মের গানি ও অধর্মের অভ্যুথান হয়, তথনই আমি মহস্ত-দেহ ধারণ করি। সাধুদের পরিত্রাণ, তৃত্বতকারীদের বিনাশ ও ধর্মসংস্থাপনের জন্ত আমি যুগে যুগে অবতীর্ণ হই।''

জ্ঞানালোকের মহান্ বার্তাবহগণের ইহাই পরিচয়। তাঁহারা আমাদের মহান্ আচার্য, আমাদের জ্যেষ্ঠ ভ্রাতা; কিন্তু আমাদিগকে নিন্দু নিন্দু পথে চলিতে হইবে।

১ গীতা, ৪।৭-৮

পওহারী বাবা

(মাদ্রাল হইতে প্রকাশিত ইংরেজী 'ব্রহ্মবাদিন্' পত্রিকার জন্ম লিখিত—১৮৯৯)

3

ভগবান্ বুদ্ধ ধর্মের অন্তান্ত প্রায় সকল ভাবকে সেই সময়ের জন্য বাদ দিয়া 'তাপিত জগৎকে দাহায্য করাই দর্বশ্রেষ্ঠ কর্ম'—এই ভাবটিকেই প্রাধান্য দিয়া গিয়াছেন; কিন্তু স্বাৰ্থপূৰ্ণ আমিত্বে আদক্তি যে দম্পূৰ্ণ ভ্ৰমমাত্ৰ, ইহা উপলব্ধি করিবার জন্ম তাঁহাকেও অনেক বংসর ধরিয়া আত্মান্ত্সন্ধানে কাটাইতে হইরাছিল। আমাদের উচ্চতম কল্পনাশক্তিও বৃদ্ধদেব অপেকা নিঃমার্থ ও অক্লান্ত কর্মীর ধারণা করিতে অক্ষম; তথাপি সমৃদর বিষয়ের রহস্থ বৃ্ঝিতে তাঁর অপেক্ষা আর কাহাকে কঠোরতর সংগ্রাম করিতে হইয়াছিল ? এ-কথা সকল সময়েই সত্য যে, কার্য যে পরিমাণে মহৎ, তাহার পশ্চাতে সেই পরিমাণে উপলব্ধির শক্তি নিহিত। পূর্ব হইতেই প্রস্তুত একটি স্থচিস্তিত কার্যপ্রণালীর প্রত্যেক খুঁটিনাটিকে কার্যে পরিণত করিবার জন্ম অধিক একাগ্র চিম্বাশক্তির প্রয়োজন না হইতে পারে, কিস্ক প্রবল শক্তি গভীর মনঃসংযোগেরই পরিণাম মাত্র। সামাত্ত প্রচেষ্টার জন্ত হয়তো মতবাদমাত্র পর্যাপ্ত হইতে পারে; কিন্ত যে কৃত্র বেগের দারা কৃত্র লহরীর উৎপত্তি হয়, প্রবল উর্মির জনক তীত্র বেগ হইতে তাহা নিশ্চয় থ্বই পৃথক্। তাহা হইলেও ঐ কৃষ্ত লহমীটি প্রবল উর্মি-উৎপাদনকারী শক্তির এক কৃত্র অংশেরই বিকাশমাত্র।

মন নিম্নতর কর্মভূমিতে প্রবল কর্মতরঙ্গ তুলিতে দক্ষম হইবার পূর্বে তাহাকে তথ্যসমূহের—নগ্ন দত্যসমূহের নিকট পৌছিতে হইবে, দেগুলি যতই কঠোর ও ভীবণ হউক; দত্যকে—থাটি সভ্যকে (যদিও উহার তীত্র স্পাননে হদয়ের প্রত্যেকটি তন্ত্রী ছিন্ন হইতে পারে) লাভ করিতে হইবে এবং নিঃমার্থ ও অকপট প্রেরণা (যদিও উহা লাভ করিতে একটির পর আর একটি করিয়া প্রত্যেক অঙ্গ-প্রতাঙ্গ কাটিয়া ফেলিতে হয়) অর্ধ্বন করিতে হইবে। স্ক্রম বস্ত্র কালচক্রে প্রবাহিত হইতে হইতে ব্যক্তভাব ধারণ করিবার জন্ম উহার চতুর্দিকে স্থানবন্ত্রসমূহ একত্র করিতে থাকে; অদৃশ্য—দৃশ্যের আকার ধারণ

করে; সম্ভব---বাস্তবে, কারণ---কার্যে এবং চিম্ভা--প্রত্যক্ষ কর্মে পরিণত হয়।

সহস্র সহস্র ঘটনা যে কারণকে এখন কার্যে রূপায়িত হইতে দিতেছে
না, তাহা শীঘ্র বা বিলম্বে কার্যরূপে প্রকাশিত হইবে; বর্তমানে যতই নিজেজ
হউক না কেন, জড়জগতে শক্তিশালী চিস্তার গোরবের দিন আদিবে। আর বিশ্বনাদর্শ ইক্রিয়ন্ত্থ-প্রদানের সামর্থ্য ঘারাই দকল বস্তুর গুণাগুর বিচার করে,
তাহা যথার্থ আদর্শ নহে।

যে প্রাণী যত নিমন্তরের, সে ইন্দ্রিয়ে তত অধিক স্থধ অহতের করে, সে তত অধিক পরিমাণে ইন্দ্রিয়ের রাজ্যে বাস করে। ইন্দ্রিয়-হথের পরিবর্তে উচ্চতর স্তরের দৃশ্য দেখাইয়া ও সেধানকার হৃথ আম্বাদ করাইয়া পশুভাবাপম মাহ্যকে অতীন্দ্রিয় রাজ্যে লইয়া যাইবার শক্তিকেই যথার্থ সভ্যতা বলিয়া বৃঝা উচিত।

মামূষ সহজাত প্রবৃত্তি অমূষায়ী ইহা জানে। সকল অবস্থায় সে নিজে ইহা ম্পান্টরূপে না-ও বৃত্তিতে পারে। ভাবময় জীবন সম্বন্ধে তাহার হয়তো ভিন্ন মত থাকিতে পারে, কিন্তু এ-সকল সত্ত্বেও তাহার প্রাণের এই স্বাভাবিক ভাব লুপ্ত হয় না, উহা সর্বদাই আত্মপ্রকাশের চেটা করে—তাই সে বাজিকর, চিকিৎসক, প্রস্কলালিক, পুরোহিত অথবা বিজ্ঞানের অধ্যাপককে সম্মান না করিয়া থাকিতে পারে না। মামূষ যে-পরিমাণে ইক্রিয়ের রাজ্য ছাড়াইয়া উচ্চ ভূমিতে বাস করিবার শক্তি লাভ করে, তাহার মৃস্ফুল যে-পরিমাণ বিশুদ্ধ ভাব গ্রহণ করিতে পারে এবং যতটা সময় সে এই উচ্চাবস্থায় থাকিতে পারে, তাহা ঘারাই তাহার উন্নতির পরিমাপ হয়।

সংসাবে ইহা দেখা যায় এবং স্পষ্টভাবে প্রতীয়মান হয় যে, উন্নত মানবগণ জীবনধারণের জন্ত যতটুকু আবশ্রক, ততটুকু ব্যতীত তথাকথিত আরামের জন্ত সময় ব্যয় করিতে সম্পূর্ণ অনিচ্ছুক; আর যতই তাঁহারা উন্নত হইতে থাকেন, ততই নিতাস্ক আবশ্রক কাজগুলিতেও তাঁহাদের উৎসাহ কমিয়া যায়।

ভাব ও আদর্শ অমুদারে মামুষের বিলাদের ধারণা পর্যন্ত পরিবর্তিত হইতে থাকে। মামুষ চেষ্টা করে, দে যে-চিস্তাজগতে বিচরণ করিভেছে, তাহার বিলাদের বন্ধগুলিও যেন ম্থাসম্ভব তদমুষায়ী হয়—আর ইহাই কলা বা কৌশল। 'যেমন এক অগ্নি জগতে প্রবিষ্ট হইয়া নানারপে প্রকাশ পাইতেছে, অথচ যতটুকু ব্যক্ত হইয়াছে, তদপেকাও ইহা অনেক বেশী''—ঠিক কথা, অনস্কপ্তণে অধিক। এক কণা—সেই অনস্ক জ্ঞানের এক কণা-মাত্র আমাদের স্থথবিধানের জন্ম জড়-জগতে অবতরণ করিতে পারে, ইহার অবশিষ্ট ভাগকে জড়ের ভিতর টানিয়া আনিয়া এইভাবে স্থুল কঠিন হল্তে নাড়াচাড়া করা যাইতে পারে না। সেই পরম ক্ষম পদার্থ সর্বদাই আমাদের দৃষ্টিক্ষেত্র হইতে পলাইয়া যাইতেছে এবং ইহাকে আমাদের স্তরে আনিবার চেষ্টা দেখিয়া উপহাস করিতেছে। এ ক্ষেত্রে মহম্মদকেই পর্বতের নিকট যাইতে হইবে—'না' বলিবার উপায় নাই। মাহ্ম যদি সেই উচ্চন্তরের সৌন্মর্থ-রাশি ভোগ করিতে চায়, যদি সে ইহার বিমল আলোকে অবগাহন করিতে চায়, যদি সে দেখিডে চায় যে, তাহার নিজের জীবন সেই জগংকারণের সহিত এক ছন্দে শান্দিত হইতেছে, তবে তাহাকে সেই স্তরে উঠিতে হইবে।

জ্ঞানই বিশায়-রাজ্যের দার খুলিয়া দেয়, জ্ঞানই পশুকে দেবতা করে; যে জ্ঞান আমাদিগকে সেই বস্তুর নিকট লইয়া যায়, যাহাকে জ্ঞানিলে আর সকলই জ্ঞানা হয়², যাহা সকল জ্ঞানের কেন্দ্রন্থরূপ, যাহার স্পন্দনে সকল বিজ্ঞান জীবস্ত হইয়া উঠে—সেই ধর্মবিজ্ঞান নিশ্চয়ই শ্রেষ্ঠ, কারণ উহাই কেবল মামুষকে সম্পূর্ণ ধ্যানময় জীবন্যাপনে সমর্থ করে। ধন্ত সেই দেশ, যে দেশ ইহাকে পরাবিদ্যা' নামে অভিহিত করিয়াছে!

কর্মজীবনে তত্তকে সম্পূর্ণরূপে প্রকাশিত হইতে প্রায় দেখা যায় না, তথাপি আদর্শটি এখনও নই হয় নাই। একদিকে আমাদের কর্তব্য এই যে, আমরা আমাদের আদর্শের দিকে স্থনিদিষ্ট পদক্ষেপেই অগ্রসর হই বা অতি ধীরে ধীরে অনস্থতবনীয় গতিতে অগ্রসর হই, আমরা যেন কখনও ইহা ভূলিয়া না যাই। আবার অপর দিকে দেখা যায়, যদিও আমরা আমাদের চোখে হাত দিয়া সত্যের জ্যোতিকে ঢাকিয়া রাখিবার যথাদাধ্য চেষ্টা করি, তথাপি সে আদর্শ সর্বদাই আমাদের সমূথে স্পষ্টভাবে বিভ্যমান।

उ कळां शिनसम्, २।२।३

২ মুক্তকোপনিবদ্, ১৷১৷৩

আদর্শই কর্মজীবনের প্রাণ। আমরা দার্শনিক বিচারই করি বা প্রাত্যহিক জীবনের কঠোর কর্তব্য সম্পন্ন করি, আদর্শই আমাদের সমগ্র জীবনকে ব্যাপ্ত করিয়া রহিয়াছে। আদর্শের রিশা সরল বা বক্র নানা রেখায় প্রতিবিশ্বিত ও পরাবর্তিত (refracted) হইয়া আমাদের জীবনগৃহের প্রতিটি গবাক্ষপথে আদিতেছে, আর জ্ঞাতসারে বা অজ্ঞাতসারে ইহার আলোকে আমাদিগকে প্রত্যেক কার্যই করিতে হয়, প্রত্যেক বস্তুকেই ইহা দারা পরিবর্তিত স্থন্দর বা বিকৃতরূপে দেখা বায়। আমরা বর্তমানে যাহা হইয়াছি, আদর্শই আমাদিগকে তাহা করিয়াছে; আর ভবিয়তে যাহা হইব, আদর্শই আমাদিগকে তাহা করিবে। আদর্শের শক্তি আমাদিগকে আচ্ছাদিত করিয়া রাথিয়াছে; আমাদের স্থেথ তৃঃখে, বড় বা ছোট কাজে, আমাদের ধর্মাধর্মে ইহার শক্তির পরিচয় অম্বভূত হইয়া থাকে।

যদি কর্মজীবনের উপর আদর্শের এইরপ প্রভাব হয়, কর্মজীবনও আদর্শগঠনে কম শক্তিমান নহে। আদর্শের সত্য কর্মজীবনেই প্রমাণিত। আদর্শের
পরিণতি কর্মজীবনের প্রত্যক্ষ অমূভবে। আদর্শ থাকিলেই প্রমাণিত হয় যে,
কোন না কোন স্থানে, কোন না কোনরূপে ইহা কর্মজীবনেও পরিণত
হইয়াছে। আদর্শ বৃহত্তর হইতে পারে, কিন্তু ইহা কর্মজীবনের ক্ষুদ্র ক্রেশের
বিস্তৃত ভাবমাত্র। আদর্শ অনেক স্থলেই ক্ষুদ্র ক্রের সমষ্টি ও সাধারণ
ভাবমাত্র।

কর্মজীবনেই আদর্শের শক্তিপ্রকাশ। কর্মজীবনের মধ্য দিয়াই ইহা
আমাদের কার্য করিতে পারে। কর্মজীবনের মাধ্যমে আদর্শ আমাদের জীবনে
গ্রহণোপযোগী আকারে পরিবর্তিত হইয়া আমাদের ইপ্রিয়ামভূতির স্তরে
অবতরণ করে। কর্মজীবনকে সোপান করিয়াই আমরা আদর্শে আরোহণ
করি। উহারই উপর আমাদের আশা-ভরসা নির্ভর করে; উহাই আমাদিগকে
কার্যে উৎসাহ দেয়।

যাহাদের বাক্যবিক্তাস আদর্শকে অতি স্থন্দরভাবে প্রকাশ করিতে পারে অথবা যাহার। স্থল্পতম তত্ত্বসমূহ উদ্ভাবন করিতে পারে, এরপ লক্ষ লক্ষ লোক অপেক্ষা আদর্শকে নিজ জীবনে প্রতিফলিত করিতে পারিয়াছে—এরপ একজন মাত্বর অধিক শক্তিশালী।

ধর্মের সহিত সংযুক্ত না হইলে, এবং খন্ন বিস্তর্ব সফলতার সহিত

কর্মজীবনে ধর্ম পরিণত করিতে যত্নবান্ একদল অহবর্তী না পাইলে মানব-জাতির নিকট দর্শনশাস্ত্রসমৃহ নির্থক প্রতীয়মান হয়, বড় জোর উহা কেবল মানসিক ব্যায়াম-মাত্র বলিয়া গণ্য হইতে পারে। যে-সকল মতবাদ একটা কিছু প্রত্যক্ষ বন্তু পাইবার আশা জাগ্রত করে না, কতক লোক সেই সকল মতবাদ গ্রহণ করিয়াও কিছুটা কার্যে পরিণত করিতে পারে, এগুলিরও স্থায়িত্বের জন্ম বহুলোক প্রয়োজন, কারণ তাহার অভাবে অনেক নিশ্চিত মতবাদও লোপ পাইয়াছে।

আমাদের মধ্যে অনেকেই ভাবময় জীবনের সহিত কর্মের সামগ্রস্থা রাখিতে পারে না। কোন কোন মহাত্মা পারেন। আমাদের মধ্যে অনেকেই বোধ হয় গভীরভাবে চিস্তা করিলে কার্যশক্তি হারাইয়া ফেলে, আবার রেশী কাজ করিলে গভীর চিস্তাশক্তি হারাইয়া থাকে। এই কারণেই অনেক মহামনস্বী ষে-সকল উচ্চ উচ্চ আদর্শ জীবনে উপলব্ধি করেন, সেইগুলিকে জগতে কার্ষে পরিণত করিবার ভার তাঁহাদিগকে কালের হন্তে ক্তন্ত করিয়া যাইতে হয়। যতদিন না অপেকাকত ক্রিয়াশীল মস্তিষ্ক আসিয়া আদর্শগুলিকে কার্যে পরিণত করিয়া প্রচার করিতেছে, ততদিন তাঁহাদের চিস্তারাশিকে অপেক্ষা করিতে হইবে। কিন্তু এ-কথা লিখিবার সময়েই আমরা দিব্যচক্ষে সেই পার্থসার্বিকে দেথিতেছি, তিনি যেন উভয় বিবোধী দৈক্তদলের মধ্যে রথে দাঁড়াইয়া বামহন্তে দৃপ্ত অশ্বগণকে সংযত করিতেছেন—বর্মপরিহিত যোদ্ধবেশে প্রথম দৃষ্টি খারা সমবেত সৈক্তদলকে দর্শন করিতেছেন এবং স্বাভাবিক জ্ঞানের দারা উভয় পক্ষের সৈক্তমজ্জার প্রত্যেক খুঁটিনাটিও বিচার করিয়া দেখিতেছেন; আবার অপর দিকে আমরা যেন ভনিতেছি—ভীত অন্ধুনিকে চমকিত করিয়া তাঁহার মৃথ হইতে কর্মের অতাদ্ভুত বহস্থ বাহির হইতেছে:

যিনি কর্মের মধ্যে অকর্ম অর্থাৎ বিশ্রাম বা শান্তি এবং অকর্মে অর্থাৎ বিশ্রামের ভিতর কর্ম দেখেন, মন্থ্যগণের মধ্যে তিনিই বৃদ্ধিমান, তিনিই যোগী, তিনিই সকল কর্ম করিয়া থাকেন।

ইহাই পূর্ণ আদর্শ। কিন্তু খুব কম লোকেই এই আদর্শে পৌছিয়া থাকে।

কর্মণাকর্ম বং পল্লেদকর্মণি চ কর্ম বং।
 স বৃদ্ধিমান্ মমুগ্রের স যুক্তঃ কুম্মুক্মর্কৃৎ।—ক্ষীতা, ৪।১৮

স্বতরাং যেমনটি আছে, আমাদিগকে তেমনটিই লইতে হইবে এবং বিভিন্ন ব্যক্তিতে প্রকাশিত বিভিন্ন চরিত্র-বৈশিষ্ট্যগুলিকে একত্র গ্রন্থিত করিয়াই আমাদিগকে দম্ভষ্ট থাকিতে হইবে।

ধার্মিক লোকদের ভিতর আমরা ভীব্র চিস্তাশীল (জ্ঞানযোগী), লোকহিতের জন্ম প্রবল কর্মান্ম্র্টানকারী (কর্মযোগী), সাহসের সহিত আত্ম-দাক্ষাৎকারে অগ্রসর (রাজযোগী) এবং শাস্ত ও বিনয়ী (ভক্তিযোগী)—এই চারিপ্রকারের সাধক দেখিতে পাই।

2

বর্তমান প্রবন্ধে যাঁহার চরিত্র সংক্ষেপে বর্ণিত হইবে, তিনি একজন অদ্ভূত বিনয়ী ও গভীর আধ্যাত্মিক উপলব্ধিসম্পন্ন পুরুষ ছিলেন।

পওহারী বাবা (শেষ জীবনে ইনি এই নামে অভিহিত হইতেন) বারাণদী জেলার গুজী নামক স্থানের নিকটবর্তী এক গ্রামে রান্ধণবংশে জন্মগ্রহণ করেন। তিনি অতি বাল্যকালেই গাজিপুরে তাঁহার পিভ্রোর নিকট থাকিয়া শিক্ষা লাভ করিবার জন্ম আদিলেন।

বর্তমানকালে হিন্দু সাধ্বা—সম্মাসী, যোগী, বৈরাগী ও পদ্বী—প্রধানতঃ এই চারি সম্প্রদায়ে বিভক্ত। সম্মাসীরা শহরাচার্যের মতাবলদ্বী অবৈতবাদী। যোগীরা যদিও অবৈতবাদী, তথাপি তাঁহারা বিভিন্নপ্রকার যোগপ্রণালীর সাধন করিয়া থাকেন বলিয়া তাঁহাদিগকে স্বতম্বশ্রেরপে পরিগণিত করা হয়। বৈরাগীরা রামাহন্দ ও অক্যান্ত বৈতবাদী আচার্যগণের অহবর্তী। মুসলমান-রাজত্বের সময় যে-সকল ধর্মসম্প্রদায় প্রতিষ্ঠিত হইয়াছে, তাহাদিগকে পদ্বী' বলে; ইহাদের মধ্যে অবৈত ও বৈত উভয় প্রকার মতাবলদ্বীই দেখিতে পাওয়া যায়। পওহারী বাবার পিতৃব্য রামাহন্দ্র বা শ্রী-সম্প্রদায়ভূক একজন নৈষ্ঠিক ব্রন্ধচারী ছিলেন—অর্থাৎ তিনি আন্ধানন অবিবাহিত থাকিবেন, এই ব্রত গ্রহণ করিয়াছিলেন। গান্ধিপুরের হই মাইল উত্তরে গান্ধাতীরে তাঁহার একথণ্ড জমি ছিল, সেইখানেই তিনি বাস করিতেন। তাঁহার অনেকগুলি আতৃপ্রে ছিল বলিয়া তিনি পণ্ডহারী বাবাকে নিজ বাটীতে রাখিয়াছিলেন, আর তাঁহাকেই তাঁহার বিষয়-সম্পত্তি ও সামান্ধিক পদ্মর্ঘাদার উত্তরাধিকারী মনোনীত করিয়াছিলেন।

১ মতান্তরে জৌনপুর জেলার প্রেমাপুর গ্রামে তাঁহার জন্ম হয়।

পওহারী বাবার এই সময়কার জীবনের ঘটনা বিশেষ কিছু জানা যায় না। যে-সকল বিশেষত্বের জন্ম ভবিদ্যং জীবনে তিনি এরপ স্থারিচিত হইয়াছিলেন, সেগুলির কোন লক্ষণ তথন তাঁহাতে প্রকাশ পাইয়াছিল বলিয়াও বোধ হয় না। লোকের এইটুকুই শরণ আছে যে—তিনি ব্যাকরণ, স্থায় এবং নিজ সম্প্রদারের ধর্মগ্রন্থসমূহ অতিশয় মনোযোগের সহিত অধ্যয়ন করিতেন; এদিকে খ্ব চট্পটে ও আম্দে ছিলেন। সময়ে সময়ে এই আমোদের মাত্রা এত বাড়িয়া উঠিত যে, তাঁহার রঙ্গপ্রিয়ভার ফলে সহপাঠী ছাত্রগণকে বিলক্ষণ ভূগিতে হইত।

এইরণে প্রাচীন ধরনের ভারতীয় ছাত্রজীবনের দৈনন্দিন কার্যের ভিতর
দিয়া ভাবী মহাত্মার বালাজীবন কাটিতে লাগিল; তাঁহার অধ্যয়নে
অসাধারণ অহরাগ ও ভাষাশিক্ষায় অপূর্ব দক্ষতা ব্যতীত সেই সরল সদানন্দ
ক্রীড়াশীল ছাত্রজীবনে এমন কিছু দেখা যায় নাই, যাহা তাঁহার ভবিশ্বৎ
জীবনের সেই প্রবল গাস্তীর্যের পূর্বাভাস দেয়—যাহার চূড়াস্ত পরিণতি
হইয়াছিল এক অদ্তুত ও ভয়ানক আত্মাহতিতে।

এই সময় এমন একটি ঘটনা ঘটিল, যাহাতে এই অধ্যয়নশীল যুবক
—সম্বতঃ এই প্রথম—জীবনের গভীর মর্ম প্রাণে প্রাণে বুঝিলেন; এতদিন
তাঁহার যে দৃষ্টি পুস্তকে নিবদ্ধ ছিল, এখন সেথান হইতে উঠাইয়া তাহা
ঘারা তিনি পুন্ধামপুন্ধরণে নিজ্ম মনোজগৎ পর্যবেক্ষণ করিতে লাগিলেন;
পুঁপিগত বিজ্ঞা ছাড়া ধর্মে যথার্থ সত্য কিছু আছে কি না, তাহা জানিবার জন্ম
তাঁহার প্রাণ ব্যাকৃল হইল। এই সময় তাঁহার পিতৃব্যের দেহত্যাগ হইল।
যাহার মুথের দিকে চাহিয়া তিনি জীবন ধারণ করিতেন, যাহার উপর এই
যুবক-হদয়ের সমৃদ্য ভালবাদা নিবদ্ধ ছিল, তিনি চলিয়া গেলেন; তথন সেই
উদ্দাম যুবক হদয়ের অন্তম্বলে শোকাহত হইয়া ঐ শ্ন্তছান প্রণ করিবার
ভন্ম এমন বস্তর অন্তেমণে দৃঢ়সকল হইলেন, যাহা অপরিবর্তনীয়।

ভারতে দকল বিষয়ের জন্মই আমাদের একজন গুরু প্রয়োজন হয়। আমরা হিন্দুরা বিশ্বাদ করি, পৃস্তকে তত্ত্বিশেষের ভাদা-ভাদা বর্ণনামাত্র থাকে। সকল শিল্পের, সকল বিভার, দর্বোপরি ধর্মের জীবন্তরহস্তসমূহ গুরু হইতে শিশ্রে সঞ্চারিত হওয়া চাই।

স্বরণাতীত কাল হইতে ভারতে ঈশ্বাহুরাগী ব্যক্তিগণ অম্বর্জীবনের বহস্ত

নির্বিদ্ধে মনন করিবার জন্ম সর্বদাই লোকালয় পরিত্যাগ করিয়া অতি নিভৃত স্থানে গিয়া বাস করিয়াছেন; আর এখনও এমন একটি বন, পর্বত বা পবিত্র-স্থান নাই, কিংবদস্তী যাহাকে কোন না কোন মহাত্মার বাসস্থান বলিয়া মহিমান্বিত করে নাই।

তাহার পর এই উক্তিটিও দর্বজন-প্রদিদ্ধ যে, 'রমতা পাধু, বহুতা পানি।

যহ কভি না মৈল লখানি।

অধাৎ যে জন প্রবাহিত হয় তাহা যেমন বিশুদ্ধ থাকে, তেমনি যে শাধু ভ্রমণ করিয়া বেড়ান, তিনিও তেমনি পবিত্র থাকেন।

ভারতে যাঁহারা ব্রহ্মচর্য অবলম্বন করিয়া ধর্মজীবন গ্রহণ করেন, তাঁহারা সাধারণতঃ ভারতের বিভিন্ন প্রাদেশে বিচরণ করিয়া বিভিন্ন তীর্থ ও দেবমন্দির দর্শন করিয়াই অধিকাংশ জীবন কাটাইয়া থাকেন—কোন জিনিস যেমন সর্বদা নাড়াচাড়া করিলে তাহাতে মরিচা ধরে না, তাঁহারা বলেন, এইরূপ ভ্রমণ করিলে তাঁহাদের মধ্যেও সেইরূপ মলিনতা প্রবেশ করিবে না। ইহাতে আর এক উপকার হয় এই যে, তাঁহারা দ্বারে ধর্ম বহন করিয়া লইয়া যান। যাঁহারা সংসারত্যাগ করিয়াছেন, তাঁহাদের সকলের পক্ষেই ভারতের চারি কোণে অবস্থিত চারিটি প্রধান তীর্থ দর্শন করা একরূপ অবশ্ব-কর্তব্য বলিয়াই বিবেচিত হয়।

এইসব চিন্তাই বোধ হয় আমাদের যুবক-ব্রশ্বচারীকে প্রভাবিত করিয়াছিল, তবে আমরা নিশ্চয় করিয়া বলিতে পারি, জ্ঞানতৃষ্ণাই তাঁহার ভ্রমণের সর্বপ্রধান কারণ। আমরা তাঁহার ভ্রমণ সহত্বে খুব অব্বই জানি, তবে তাঁহার ক্ষান দেখিয়া অধিকাংশ গ্রন্থ যে তাবার লিখিত সেই জ্রাবিড় ভাষাসমূহে তাঁহার জ্ঞান দেখিয়া এবং প্রীচৈতন্ত-সম্প্রদায়ভুক্ত বৈষ্ণবগণের প্রাচীন বাঙলা ভাষার সহিত তাঁহার ব্যাপক পরিচর দেখিয়া আমরা অহুমান করি, দাক্ষিণাত্যে ও বাঙলাদেশে তাঁহার স্থিতি বড় অল্পদিন হয় নাই।

কিন্তু একটি স্থানে গমনের সম্বন্ধে তাঁহার যৌবনকালের বন্ধুগণ বিশেষ জোর দিয়া বলিয়া থাকেন। তাঁহারা বলেন, কাথিয়াওয়াড়ে গিরনার পর্বতের শীর্ষদেশে তিনি যোগসাধনার রহস্তে প্রথম দীক্ষিত হন।

১ চারি ধাম: উভরে বদরী-নাথ, পূর্বে পুরী, দক্ষিণে সেতৃবন্ধ রাষেধর ও গশ্চিমে ছারকা।

এই পর্বত বৌদ্ধদের চক্ষে অতি পবিত্র ছিল। এই পর্বতের পাদদেশে সেই স্থবৃহৎ শিলা বিভাষান, যাহার উপর সম্রাটকুলের মধ্যে ধার্মিকচ্ড়ামণি ধর্মাশোকের সর্বপ্রথম আবিষ্কৃত অন্ধাসন থোদিত আছে। উহার নিমদেশে শত শত শতান্ধীর বিশ্বতির অন্ধকারে অরণ্যাবৃত বিরাট শুপরাজি লীন হইয়া ছিল—ঐগুলিকে অনেকদিন ধরিয়াই গিরনার পর্বতশ্রেণীর ক্ষুত্র ক্ষুত্র শৈলমালা বিনিয়াই লোকে মনে করিত। বৌদ্ধর্ম এক্ষণে যে সম্প্রদায়ের সংশোধিত সংস্করণ বলিয়া বিবেচিত হয়—সেই ধর্মসম্প্রদায় এখনও উহাকে বড় কম পবিত্র মনে করেন না; আর আশ্চর্যের বিষয়, ঐ ধর্মের জগজ্জয়ী উত্তরাধিকারী আধুনিক হিন্ধর্মে মিশিয়া ঘাইবার পূর্ব পর্যন্ত ঐ ধর্ম সাহমপূর্বক স্থাপত্যক্ষেত্রে জয়লাভ করিবার চেষ্টা করে নাই।

O

মহাযোগী অবধ্তগুরু দত্তাত্রেরের পবিত্র নিবাসভূমি বলিয়া গিরনার হিন্দুদের মধ্যে বিখ্যাত; আর কিংবদন্তী আছে যে, এই পর্বতচ্ড়ায় ভাগ্যবান্ ব্যক্তিগণ এখনও বড় বড় সিদ্ধযোগীর সাক্ষাৎ পাইয়া থাকেন।

তারপর আমরা দেখিতে পাই, এই যুবক ব্রহ্মচারী বারাণদীর নিকটে গঙ্গাতীরে জনৈক যোগদাধক দল্লাদীর শিশুরূপে বাদ করিতেছেন। এই দল্লাদী নদীর উচ্চ তটভূমির উপর থনিত একটি গর্তে বাদ করিতেন। আমাদের প্রবন্ধের বিষয়ীভূত মহাত্মাও পরবর্তী জীবনে গাজিপুরের নিকট নদীর উচ্চতটভূমিতে একটি গভীর গহরর নির্মাণ করিয়া বাদ করিতেন; ইহা তিনি যে গুরুর নিকটেই শিথিয়াছিলেন, বেশ বুঝিতে পারা যায়।

যোগীরা যোগাভ্যাদের স্থবিধার জন্ম সর্বদাই গুহায় অথবা যেথানকার আবহাওয়ার কোনরূপ পরিবর্তন নাই এবং যেথানে কোন শব্দ মনকে বিচলিত করিতে পারে না, এমন স্থানে বাস করিতে উপদেশ দিয়াছেন।

আমরা আরও জানিতে পারি যে, তিনি প্রান্ন এই সময় বারাণসীতে জনৈক সন্নাসীর নিকট অধৈতবাদ শিক্ষা করিতেছিলেন।

অনেক বর্ধ ভ্রমণ, অধ্যয়ন ও সাধনার পর এই ব্রহ্মচারী যুবক, যেস্থানে বাল্যকালে প্রতিপালিত হইয়াছিলেন, সেস্থানে ফিরিয়া আসিলেন। তাঁহার পিতৃব্য যদি তথন জীবিত থাকিতেন, তবে তিনি সম্ভব্তঃ এই বালকের মুখমগুলে দেই জ্যোতিঃ দেখিতে পাইতেন, যাহা প্রাচীনকালে জনৈক শ্রেষ্ঠ খাবি তাঁহার শিক্ষের মূথে দেখিয়া বলিয়া উঠিয়াছিলেন—সোম্য, বন্ধজ্যোতিতে আজ তোমার মূথ উদ্ভাসিত দেখিতেছি। কিন্তু এক্ষেত্রে বাল্যকালের দঙ্গীরাই তাঁহার গৃহপ্রত্যাবর্তনে স্বাগত অভ্যর্থনা করিলেন, তাঁহাদের অনেকেই সংসারে প্রবেশ করিয়াছিলেন—সংসার চিরদিনের জন্তু তাঁহাদিগকে বাধিয়া কেলিয়াছিল, যে সংসারে চিন্তার অবসর নাই, কিন্তু কর্ম অনস্ক।

তথাপি তাঁহারা তাঁহাদের সহপাঠী বন্ধু থেলার দাখীর (বাঁহার ভাব বৃশিতে তাঁহারা অভ্যন্ত ছিলেন) সম্দর্ম আচার-আচরণে এক পরিবর্তন—রহস্তময় পরিবর্তন লক্ষ্য করিলেন। ঐ পরিবর্তন দেখিয়া তাঁহাদের হৃদয়ে ভয় ও বিশয়ের উদ্রেক হইল। কিন্তু উহাতে তাঁহাদের হৃদয়ে তাঁহার মতো হইবার ইচ্ছা, অথবা তাঁহার জায় তথায়েবণ-স্পৃহা জাগরিত হইল না। তাঁহারা ছেথিলেন, এ এক অন্তুত মানব—এই যন্ত্রণা ও জড়বাদপূর্ণ সংসার একেবারে অতিক্রম করিয়া চলিয়া গিয়াছে, এই পর্যন্ত। তাঁহারা মঞ্চাবতই তাঁহার অতিক্রম করিয়া চলিয়া গিয়াছে, এই পর্যন্ত। তাঁহারা মঞ্চাবতই তাঁহার প্রতি গভীর শ্রদ্ধাসম্পন্ন হইলেন, আর কোন প্রশ্ন জিজ্ঞাসা করিলেন না।

ইতোমধ্যে এই মহাত্মার বিশেষত্বসমূহ দিন দিন অধিকভর পরিক্ষৃট হইতে লাগিল। বারাণসীর নিকটে তাঁহার গুরু যেমন করিয়াছিলেন, তিনিও সেইরূপ ভূমিতে একটি গর্ভ থনন করিয়া তন্মধ্যে প্রবেশ করত অনেকক্ষণ সেথানে বাদ করিতে লাগিলেন। তারপর তিনি আহার সম্বন্ধে অতি ভয়ানক কঠোর সংযম আরম্ভ করিলেন। দারাদিন তিনি নিজের হোট আশ্রমটিতে কাজ করিতেন, তাঁহার পরম প্রেমাক্ষাদ প্রভু রামচন্দ্রের পূজা করিতেন, উত্তম থাত রন্ধন করিয়া (কথিত আছে, তিনি রন্ধনবিভায় অসাধারণ পট্ট ছিলেন) ঠাকুরকে ভোগ দিতেন, তারপর সেই প্রসাদ বন্ধ্বান্ধবগণ ও দরিজের মধ্যে বণ্টন করিয়া দিতেন, এবং অনেক রাত্রি পর্যন্ত ভাহাদের দেবা করিতেন। তাহারা সকলে যথন শন্ধন করিত, তথন এই যুবক গোপনে সম্ভবণ করিয়া গঙ্গার অপর তীরে যাইতেন। সেথানে সারা রাত সাধনভজনে কাটাইয়া উষার প্রেই ফিরিয়া আসিয়া বন্ধবর্গকে জাগাইতেন

> ছালোগ্য উপনিষদ, গ্রাথান্য

এবং আবার নিত্যকর্ম আরম্ভ করিতেন, আমরা ভারতে এরপ কাজকে 'অপরের দেবা বা পূজা' বলিয়া থাকি।

ইতোমধ্যে তাঁহার নিজের থাওয়াও কমিয়া আদিতে লাগিল; অবশেষে আমরা শুনিয়াছি, উহা প্রতাহ এক মুঠা তেতো নিমপাতা বা কয়েকটা লকা মাত্রে দাঁড়াইল। তারপর গঙ্গাতীরস্থ জঙ্গলে প্রতাহ রাত্রে সাধনার জন্ম গমন ক্রমশঃ কমিয়া যাইতে লাগিল—তিনি নিজহাতে নির্মিত শুহাতে আরও বেশী সময় বাস করিতে লাগিলেন। আমরা শুনিয়াছি, সেই শুহায় তিনি দিনের পর দিন ও মাসের পর মাস ধ্যানমন্থ হইয়া থাকিতেন, তারপর বাহির হইতেন। এই দীর্ঘকাল তিনি কি থাইয়া থাকিতেন, তাহা কেহই জানিত না; এই জন্ম লোকে তাঁহাকে 'পও-আহারী' অর্থাৎ বায়্ভক্ষণকারী বাবা বলিতে আরম্ভ করিল।

তিনি তাঁহার দ্বীবনে আর কথনও এই স্থান ত্যাগ করেন নাই । একবার তিনি এত অধিক দিন ধরিয়া ঐ গুহার মধ্যে ছিলেন যে, লোকে তাঁহাকে মৃত বলিয়া স্থির করিয়াছিল। কিন্তু অনেক দিন পূরে বাবা স্থাবার বাহির হইয়া বহুসংখ্যক সাধুকে এক ভাগুারা দিলেন।

যথন ধ্যানময় না থাকিতেন, তথন তিনি তাঁহার গুহার মূথের উপরিভাগে অবস্থিত একটি গৃহে বাস করিতেন, আর এই সময়ে যাহার। তাঁহার সহিত সাক্ষাৎ করিতে আসিত, তাহাদের সহিত তিনি সাক্ষাৎ করিতেন। তাঁহার যশ:সৌরভ চতুর্দিকে বিস্তৃত হইতে লাগিল। গান্ধিপুরের অহিফেন-বিভাগের বায় গগনচন্দ্র বাহাত্র—যিনি স্বাভাবিক মহত্ব ও ধর্মপ্রাণতার দক্ত সকলেরই প্রিয় ছিলেন—আমাদিগকে এই মহাত্মার সৃহিত আলাপ করাইয়া দেন।

ভারতের আরও অনেক মহাত্মার জীবনের ক্যায়, এই জীবনেও বাহ্য কর্মম্থরতা বিশেষ কিছু ছিল না। 'বাক্যের দারা নয়, জীবনের দারা শিক্ষা দিতে হইবে র আব যাহারা সতা ধারণ করিবার উপযুক্ত হইয়াছে, তাহাদেরই জীবনে সভ্য প্রতিফলিত হয়',—এই মহাপুরুষের জীবন ঐ ভারতীয় আদর্শেরই অক্ততম উদাহরণ। এই ধরনের বাজিগণ ঘাহা জানেন, তাহা প্রচার করিতে সম্পূর্ণ অনিজ্বক, কারণ তাঁহাদের দৃঢ় ধারণা এই যে, বাক্যের দারা নয়, ভিতরের সাধনার দারাই সত্যলাভ হয়। ধর্ম তাঁহাদের নিকট সামাজিক কর্তব্যের প্রবোচক শক্তিবিশেষ নয়, ধর্ম সত্যের ঐকাস্তিক অসুসন্ধান এবং এই জীবনে সত্যের প্রত্যক্ষ উপলন্ধি।

কালের একটি মৃহূর্ত অপেক্ষা অপর একটি মৃহূর্তের অধিকতর শক্তি আছে, এ-কথা তাঁহারা অস্বীকার করেন। অতএব অনস্তকালের প্রতিটি মৃহূর্তই অস্তান্ত মৃহূর্তের সহিত সমান বলিয়া তাঁহারা মৃত্যুর জন্ত অপেক্ষা না করিয়া এখানেই এবং এখনই ধর্মের সত্যসমূহ সাক্ষাৎ দর্শন করিবার উপর জোর দিয়া ধাকেন।

বর্তমান লেখক এক সমরে এই মহাত্মাকে জিজাসা করেন, জগতের কল্যাণের জন্ম কেন তিনি গুংা হইতে বাহিরে আসিবেন না। প্রথমতঃ তিনি তাঁহার স্বাভাবিক বিনয় ও বসিকতার সহিত নিম্নলিখিত দৃঢ় উত্তর প্রদান করেন:

কোন ছুষ্ট লোক কোন অন্যায় কার্য করিতেছিল, এমন সময়ে এক ব্যক্তি তাহাকে ধরিয়া ফেলে এবং শান্তি-শ্বরূপ তাহার নাক কাটিয়া দেয়। নিজের নাককাটা রূপ জগৎকে কেমন করিয়া দেখাইবে, ইহা ভাবিয়া সে অতিশয় লজ্জিত হইল ও নিজের প্রতি অতিশয় বিরক্ত হইয়া এক জঙ্গলে পলাইয়া গেল। দেখানে দে একটি ব্যাঘ্রচর্ম বিছাইয়া বদিয়া থাকিত, আর এদিক-ওদিকে কেহ আদিতেছে—মনে হইলে অমনি গভীর ধ্যানের ভান করিত। তাহার এইরূপ ব্যবহারে সরিয়া যাওয়া দ্বে থাকুক, দলে দলে লোক এই অন্তুত সাধুকে দেখিতে এবং পূজা করিতে আসিতে লাগিল। তথন সে দেখিল, এইরূপ অরণাবাসে আবার তাহার সহজে জীবিকানির্বাহের উপায় হইল। এইভাবে বৎসবের পব বৎসর কাটিয়া গেল। অবশেবে সেই স্থানের অধিবাদীরা এই মৌনত্রতধারী ধ্যানপ্রায়ণ দাধ্র নিকট হইতে কিছু উপদেশ শুনিবার জন্ম বাস্ত হইল, বিশেষতঃ জনৈক যুবক ভাহার নিকট দীক্ষিত হইবার জন্ম বিশেষ উৎস্থক হইল। শেষে এরপ অবস্থা দাঁড়াইল যে, আর বিলম্ব করিলে সাধুর প্রতিষ্ঠা একেবারে লোপ হয়। তথন সে একদিন মৌনব্রত ভঙ্গ করিয়া ঐ উৎসাহী যুবককে বলিল, 'আগামী কাল একখানি ধারাল ক্ষুর লইয়া এথানে আদিও।' যুবকটি তাহার জীবনের প্রধান আকাজ্ফা অতি শীঘ্রই পূর্ণ হইবে, এই আশায় পরম আনন্দিত হইয়া পরদিন অতি প্রত্যুবে ক্ষুব লইয়া উপস্থিত হইল। নাককাটা সাধু তাহাকে বনের এক অতি নিভ্ত স্থানে লইয়া গেল, তারপর ক্ষুরখানি হাতে লইয়া উহা থুলিল এবং এক আঘাতে তাহার নাক কাটিয়া দিয়া গন্তীর বচনে বলিল, 'হে যুবক, আমি এইরূপে এই আশ্রমে দীক্ষিত হইয়াছি। সেই দীক্ষাই আমি তোমাকে দিলাম। এখন তুমিও তৎপর হইয়া স্থবিধা পাইলেই অপরকে এই দীক্ষা দিতে থাকো।' যুবকটি লজ্জায় তাহার এই অভূত দীক্ষার রহস্থ কাহারও নিকট প্রকাশ করিতে পারিল না এবং সাধ্যামুসারে তাহার গুরুর আদেশ পালন করিতে লাগিল। এইরূপে এক নাককাটা সাধু-সম্প্রদায় উৎপশ্ন হইয়া সমগ্র দেশ ছাইয়া ফেলিল। তুমি কি আমাকেও এইরূপ আর একটি সম্প্রদায়ের প্রতিষ্ঠাতারূপে দেখিতে চাও ?

ইহার অনেক পরে, যথন তিনি অপেক্ষারুত গঞ্জীরভাবে ছিলেন, ঐ বিষয়ে আর একবার প্রশ্ন করাতে তিনি উত্তর দিয়াছিলেন, 'তুমি কি মনে কর, স্থুলদেহ ঘারাই কেবল অপরের উপকার সম্ভব? একটি মন শরীরের সাহায্য-নিরপেক্ষ হইয়া অপরের মনকে সাহায্য করিতে পারে, ইহা কি সম্ভব বলিয়া মনে কর না ?'

অপর এক সময়ে তাঁহাকে জিজ্ঞাসা করা হয়, তিনি এত বড় একজন যোগী, তথাপি তিনি প্রথম শিক্ষার্থীদের জন্ম উপদিষ্ট শ্রীরঘুনাথজীর মৃতিপূজা, হোমাদি কর্ম করেন কেন ? তাহাতে তিনি উত্তর দিলেন, 'সকলেই যে নিজের কল্যাণের জন্ম করে, এ কথা তুমি ধরিয়া লইতেছ কেন ? একজনও কি অপরের জন্ম কর্ম করিতে পারে না ?'

অতঃপর সকলেই চোরের সেই কথা শুনিয়াছেন; সে তাঁহার আশ্রমে চুরি করিতে আদিয়াছিল, সাধুকে দেখিয়াই সে ভীত হইয়া চোরাই জিনিসের পোঁটলা ফেলিয়া পলাইল। সাধু সেই পোঁটলা লইয়া চোরের পশ্চাৎ পশ্চাৎ অনেক দ্র ক্রতবেগে দোড়াইয়া তাহার নিকট উপস্থিত হইলেন; শেষে তাহার পদপ্রান্তে সেই পোঁটলাটি ফেলিয়া দিয়া করজোড়ে সজলনয়নে নিজকৃত বাধার জন্ত ক্ষমাপ্রার্থনা করিতে লাগিলেন এবং অতি কাতরভাবে সেগুলি লইবার জন্ত পীড়াপীড়ি করিতে লাগিলেন। তিনি বলিতে লাগিলেন, 'এগুলি আমার নহে, তোমার।'

আমরা বিশ্বস্তুত্তে আরও শুনিয়াছি, একবার তাঁহাকে গোথুরা সাপে দংশন করে এবং যদিও কয়েক ঘণ্টার জন্ত সকলে তাঁহাকে মৃত বলিয়াই স্থির করিয়াছিল, কিছুকাল পরে তিনি স্বস্থ হইয়া উঠেন, তাঁহার বন্ধুবর্গ তাঁহাকে ঐ সম্বন্ধে জিজ্ঞানা করিলে তিনি বলেন, 'ঐ গোখুরা নাপটি আমার প্রিয়তমের নিকট হইতে দূতরূপে আসিয়াছিল (পাহন দেওতা আয়া)।'

আমরা এই কাহিনী অনায়াসেই বিশ্বাস করিতে পারি। কারণ, আমরা জানি তাঁহার শ্বভাব কী প্রগাঢ় নম্রতা, বিনয় ও প্রেমে ভূষিত ছিল। সর্বপ্রকার পীড়া তাঁহার নিকট সেই 'প্রেমাস্পদের নিকট হইতে দৃতস্বরূপ' (পাহন দেওতা) ছিল; আর যদিও তিনি ঐ সকল পীড়ায় অসহ্য যন্ত্রণা ভোগ করিতেন, তথাপি অপর লোকে ঐ পীড়াগুলিকে অন্ত নামে অভিহিত করিবে, ইহা তিনি সহ্য করিতেন না। এই অনাড়ম্বর প্রেম ও কোমলতা চতুর্দিকের লোকের মধ্যে বিস্তৃত হইতে লাগিল; খাঁহারা চারিদিকের পল্লীগুলিতে ভ্রমণ করিয়াছেন, তাঁহারাই এই অমুত ব্যক্তির নীরব শক্তিবিস্তারে সাক্ষ্য দিতে পারেন।

শেষের দিকে তিনি আর লোকজনের সঙ্গে দেখা করিতেন না। যখন মাটির নীচের গুহা হইতে উঠিয়া আসিতেন, তখন লোকজনের সঙ্গে কথা কহিতেন বটে, কিন্তু মধ্যে দ্বার রুদ্ধ থাকিত। তিনি যে গুহা হইতে উঠিয়াছেন, ভাহা হোমের ধূম দেখিয়া অথবা পূজার আয়োজনের শঙ্গে বুঝা যাইত।

তাঁহার এই একটি বিশেষত্ব ছিল যে, তিনি যথন যে কার্য করিতেন, তাহা যতই তৃচ্ছ হউক—তথন তাহাতেই সম্পূর্ণ মগ্ন হইয়া যাইতেন। শ্রীরামচক্রজীর পূজায় তিনি যেরূপ যত্ন ও মনোযোগ দিতেন, একটি তামকুণ্ড মাজিতেও ঠিক তাহাই করিতেন। তিনি যে আমাদিগকে কর্মরহস্ত সম্বন্ধে একবার বলিয়াছিলেন, 'যন্ সাধন তন্ সিদ্ধি' অর্থাৎ সিদ্ধির উপায়কেও এমনভাবে আদর-যত্ন করিতে হইবে, যেন উহাই সিদ্ধি-স্বরূপ—তিনি নিজেই এ আদর্শের উৎকৃষ্ট দুষ্টাস্ত ছিলেন।

তাঁহার বিনয়ও কোনরূপ কট যত্রণা বা আত্মগানিপূর্ণ ছিল না। একবার তিনি আমাদিগের নিকট অতি স্থলরভাবে নিম্নলিথিত ভাবটি ব্যাখ্যা করিয়াছিলেন: হে রাজা, ভগবান্ অকিঞ্চনের ধন; হাঁ, যে ব্যক্তি কোন বস্তুকে, এমন কি, নিজের আত্মাকে পর্যন্ত 'আমার' বলিয়া অধিকার করিবার ইচ্ছা ত্যাগ করিয়াছে, তিনি তাহারই।—এই ভাব প্রত্যক্ষ উপলব্ধি করিয়াই স্থভাবতঃ তাঁহার এই বিনয় আসিয়াছিল।

তিনি দাক্ষাৎভাবে উপদেশ দিতে পারিতেন না; কার্ণ, তাহা হইলে নিজেকেই আচার্যের পদ গ্রহণ করিতে হয়, নিজেকে অপর অপেক্ষা উচ্চতর আদনে বদাইতে হয়, কিন্তু একবার তাঁহার হৃদয়-প্রশ্রবণ থুলিয়া গেলে তাহা হইতে অনস্ক জ্ঞানবারি উৎসারিত হইত, তথাপি উত্তরগুলি সর্বদা দাক্ষাৎভাবে না হইয়া পরোক্ষভাবে হইত।

তিনি দীর্ঘাকৃতি, মাংশল ও একচকু ছিলেন এবং প্রকৃত বয়স অপেক্ষা তাঁহাকে অল্পবয়স্ক দেখাইত। তাঁহার কণ্ঠস্বরের মতো মধুর শব আর কাহারও তানি নাই। জীবনের শেষ দশ বংসর বা ততোধিক কাল তিনি লোকচক্র সম্পূর্ণ অন্তরালে অবস্থান করিতেন। তাঁহার গৃহ্ছারের পশ্চাতে গোটাকতক আলু ও একটু মাধন রাথিয়া দেওয়া হইত; যথন তিনি সমাধিতে না থাকিতেন, তথন রাত্রে ঐগুলি গ্রহণ করিতেন। গুহার মধ্যে থাকিলে তাহাও তাঁহার প্রয়োজন হইত না। এইরূপে যোগশাম্বের সভ্যতার প্রত্যক্ষ প্রমাণস্বরূপ এবং পবিত্রতা, বিনয় ও প্রেমের জীবস্ত দৃষ্টান্ত-স্বরূপ এই নীরব জীবন অতিবাহিত হইতে লাগিল।

আমর। পূর্বেই বলিয়াছি, ধূম দেখিলেই তিনি সমাধি হইতে উঠিয়াছেন বলিয়া বুঝা যাইত। একদিন ধূমে পোড়া মাংসের গন্ধ পাওয়া যাইতে লাগিল। চতুর্দিকের লোকে কিছু দ্বির করিতে পারিল না। শেষে গন্ধ অসহা হইয়া উঠিল এবং ধূম পুঞ্জীভূত হইয়া উঠিতেছে দেখিয়া তাহারা গৃহের ঘার ভাঙিয়া ফেলিল এবং দেখিল, সেই মহাঘোন্ধী নিচ্চেকে হোমাগ্লিতে শেষ আছতি দিয়াছেন। অল্লকণের মধ্যে তাঁহার দেহ ভন্মে পরিণত হইল।

আমাদিগকে এখানে কালিদাদের সেই বাক্য স্মরণ করিতে হইবে:
মন্দর্ত্বি ব্যক্তিগণ মহাত্মাগণের কার্যের নিন্দা করিয়া থাকে; কারণ সেই
কার্যগুলি অসাধারণ এবং তাহাদের কারণও লোকে ভাবিয়া স্থির করিতে
পারে না।

তথাপি তাঁহার সহিত বিশেষ পরিচয় ছিল বলিয়া তাঁহার এই কার্যের কারণ সম্বন্ধে একটি আমুমানিক দিদ্ধান্ত করিতে সাহমী হইতেছি।

অলোক্সামান্তমচিস্তাহেতুক্ম।
 নিন্দস্তি সন্দাদ্যরিতং সহায়নাম ।—কুমারদস্তব

আমাদের মনে হয়, মহাত্মা বুঝিয়াছিলেন, তাঁহার অন্তিমকাল উপস্থিত; তথন তিনি মৃত্যুর পরেও যাহাতে কাহাকেও কট দিতে না হয়, সেজন্ত সম্পূর্ণ স্কুম্ শরীরে ও সুস্থ মনে আর্যোচিত এই শেষ আহুতি দিয়াছিলেন।

বর্তমান লেখক এই পরলোকগত মহাত্মার নিকট গভীরভাবে ঝণী; নেজন্ম তাঁহার প্রেমাম্পদ ও তৎসেবিত শ্রেষ্ঠ আচার্যদিগের অন্ততম মহাত্মার উদ্দেশে—এই করেকটি পঙ্কি অযোগ্য হইলেও উৎসর্গীকৃত হইল।

মদীয় আচার্যদেব

[১৮৯**৬, ২৪শে কেব্রু**আরি নিউ ইরর্কে নবপ্রতিষ্ঠিত ক্লোন্ত সোদাইটির উত্যোগে স্বামীন্ত্রী বিখ্যাত My Master বক্তৃতাটি দেন। ঐ বংসরের শেষ দিকে গণ্ডন ত্যাগের পূর্বে উইম্বন্ডনে শ্রীরামকৃষ্ণ সম্বন্ধে আর একটি বক্তৃতা দেন। বর্তমান অমুবাদ উভর বক্তৃতা হইতে সংকলিত]

ভগবান্ শ্রীকৃষ্ণ শ্রীমন্তগবদগীতায় বলিয়াছেন: ষথনই ধর্মের প্রভাব কমিয়া মায় ও অধর্মের প্রভাব বাড়িতে থাকে তথনই আমি মানবজাতিকে সাহায্য করিবার জন্মগ্রহণ করি।

আমাদের এই জগতে ক্রমাগত পরিবর্তন ও নৃতন নৃতন পরিস্থিতির জন্ম যথনই নৃতন সামঞ্জন্মের প্রয়োজন হয়, তথনই এক শক্তি-তরঙ্গ আসিয়া থাকে। আর মানব আধ্যাত্মিক ও জড় উভয় স্তরে ক্রিয়াশীল বলিয়া উভয়ত্র এই সময়য়-তরঙ্গের আবির্ভাব হয়। আধুনিক কালে ইউরোপই প্রধানতঃ জড়রাজাে সামঞ্জন্ম বিধান করিয়াছে, আর সমগ্র জগতের ইতিহাসে এশিয়াই আধ্যাত্মিক রাজ্যে সময়য়-সাধনের ভিত্তিশ্বরূপ। অধুনা আরার আধ্যাত্মিক স্তরে সময়য়য়-সাধনের ভিত্তিশ্বরূপ। অধুনা আরার আধ্যাত্মিক স্তরে সময়য়য় ক্রমাজন দেখা যাইতেছে। বর্তমানে জড়বাদী ভাবসমূহই অত্যুক্ত গৌরব ও শক্তির অধিকারী; আজ মাছর ক্রমাগত জড়ের উপর নির্ভর করিতে করিতে নিজের দিব্য স্বরূপ ভূলিয়া গিয়া অর্থোপার্জনের যন্ত্রবিশ্বের পরিণত হইতে বসিয়াছে—এখন আর একবার সময়য়ের প্রয়োজন। সময়য়ের সেই শক্তি আসিয়াছে, সেই বাণী উচ্চারিত হইয়াছে—যাহা ক্রমবর্ধমান জড়বাদের মেঘ অপসারিত করিয়া দিবে। সেই শক্তির ক্রিয়া আরম্ভ হইয়াছে, অনতিবিল্যেই তাহা মানবজাতিকে তাহার প্রকৃত স্বরূপের কথা স্মরণ করাইয়া দিবে, আর এশিয়া হইতেই এই শক্তি চারিদিকে বিস্তৃত হইতে আরম্ভ করিবে।

আমাদের এই জ্বগৎ শ্রমবিভাগের নিয়মে পরিকল্পিত। একজন মাত্র্যই সব কিছুর অধিকারী হইবে—এ কথা বলা অর্থহীন। কোন একটি জাতিই যে সকল বিষয়ের অধিকারী হইবে—এরূপ ভাবা আরও ভুল। তথাপি আমরা কিছেলেমান্ত্র ! অজ্ঞতাবশতঃ শিশু ভাবিশ্বা থাকে যে, সমগ্র জগতে তাহার

বদা বদা হি ধর্মস্ত গ্লানির্ভবতি ভারত।
 অভ্যুথানমধর্মস্ত তদাস্থান: স্কামাহর ।
 নীতা

পুত্লের মতো কাম্য আর কিছুই নাই। যে-জাতি জড়শক্তিতে বড়, সে ভাবে জড়বস্তুই একমাত্র কাম্য, উরতি বা সভ্যতা বলিতে জড়শক্তির অধিকারই বুঝায়; আর যদি এমন কোন জাতি থাকে, যাহাদের ঐ শক্তি নাই বা যাহারা ঐ শক্তি চাহে না, তাহারা নগণ্য—তাহারা বাঁচিয়া থাকার অযোগ্য, তাহাদের সমগ্র অন্তিত্বই নিরর্থক। অন্তদিকে আর একজাতি ভাবিতে পারে, কেবল জড়বাদী সভ্যতা সম্পূর্ণ নিরর্থক। প্রাচ্যদেশ হইতে উথিত বাণী একদা সমগ্র জাগংকে বলিয়াছিল: যদি কোন ব্যক্তি বিশের সব কিছু অধিকার করে অথচ তাহার আধ্যাত্মিকতা না থাকে, তবে তাহাতে কি সার্থকতা ? ইহাই প্রাচ্য ভাব, অপরটি পাশ্চাত্য।

এই উভয় ভাবেরই মহন্ব আছে, উভয় ভাবেরই গৌরব আছে। বর্তমান ममद्या এই উভয় আদর্শের দামঞ্জ, উভয় আদর্শের মিলন হইবে। পাশ্চাত্য জাতির নিকট ইন্দ্রিয়গ্রাহ্ম জগৎ যেমন সত্য, প্রাচ্য জাতির নিকট আধ্যাত্মিক জগৎ তেমনি সত্য। প্রাচ্য জাতি যাহা কিছু চার বা আশা করে, যাহা থাকিলে জীবনটাকে সত্য বলিয়া বোধ হয়, জাধাাত্মিক স্তব্নেই সে তাহা পাইয়া থাকে। পাশ্চাতা জাতির চক্ষে দে স্বপ্নমূগ্ধ; প্রাচ্য জাতির নিকট পাশ্চাতাও দেইরূপ স্বপ্নমৃদ্ধ বলিয়া প্রতীয়মান হয়—পাঁচ মিনিটও ষাহা স্থায়ী নহে, এমন পুতৃল লইয়া সে খেলা করিতেছে! স্থার যে মৃষ্টিমেয় **জ**ড়বস্তকে শীঘ্ৰ বা বিলম্বে পবিত্যাগ কবিয়া যাইতে হইবে, তাহাকেই বয়স্ক নবনারীগণ এত বড় মনে করে—ইহা চিস্তা করিয়া প্রাচ্য হাসিতেছে। একে অন্তকে স্বপ্নবিলাদী বলিয়া থাকে। কিন্তু পাশ্চাত্য আদর্শ মানবন্ধাতির উন্নতির পক্ষে যেমন আবশুক, প্রাচ্য আদর্শন্ত দেইরণ; আর আমার বোধ হয়, পাশ্চাত্য আদর্শ অপেক্ষা উহা অধিক প্রয়োজনীয়। যন্ত্র কথনই মানবকে স্থা করে নাই, কথনই করিবেও না। যে আমাদিগকে বিশ্বাস করাইতে চায় যে, যন্ত্র স্থামাদিগকে স্থী করিবে, সে জোর করিয়া বলে যত্ত্রেই হথ আছে; কিন্তু হুখ চিবকালই মনে বর্তমান। যে মনের উপর প্রভূত্ব করিতে পারে, দে-ই কেবল স্থনী হইতে পারে, অপরে নহে। আর এই যন্তের শক্তিই বা কি ? যে ব্যক্তি তারের মধ্য দিয়া তড়িৎপ্রবাহ প্রেরণ করিতে পারে, তাহাকে খ্ব মহৎ ও বুদ্ধিমান্ বলিব কেন? প্রকৃতি কি প্রতি মূহর্তে ইহা অপেক্ষা লক্ষণ্ডৰ অধিক তড়িৎপ্ৰবাহ প্ৰেরণ করিতেছে না ? তবে প্ৰকৃতির

পদতলে নত হইয়া তাহারই উপাসনা কর না কেন ? যদি সমগ্র জগতের উপর তোমার শক্তি বিস্তৃত হয়, যদি তুমি জগতের প্রত্যোকটি প্রমাণুকে বশীভূত করিতে পারো, তাহা হইলে বা কি আসিয়া যায় ? যতদিন মাত্র্য তাহার নিজের ভিতর স্থী হইবার শক্তি অর্জন না করে, এবং নিজেকে জয় করিতে দমর্থ না হয়, ততদিন দে স্থী হইতে পারিবে না। ইহা সত্য যে, মামুষ প্রকৃতিকে জন্ম করিবার জন্মই জন্মগ্রহণ করিয়াছে; কিন্তু পাশ্চাভ্য জাতি 'প্রকৃতি' শব্দে কেবল ঘড় বা বাহ্ন প্রকৃতিই বুঝিয়া থাকে। ইহা সত্য ষে, নদী-শৈল-সাগর-সমন্বিতা নানা শক্তি ও ভাবমণ্ডিতা বাহ্য প্রকৃতি অতি মহং। কিন্তু তাহা অপেক্ষাও মহন্তর মানবের অন্তঃপ্রকৃতি—পূর্য-চন্দ্র-তারকা, পৃথিবী তথা সমগ্র জড়ম্বগৎ অপেক্ষা শ্রেষ্ঠ। আমাদের এই ক্ষুদ্র দ্বীবনের উর্দ্ধে এই অস্ত:প্রকৃতি আমাদের গবেষণার অস্ততম ক্ষেত্র। পাশ্চাত্য জাতি যেমন বহির্জগতের গবেষণায় প্রাধান্ত লাভ করিয়াছে, প্রাচ্য জাতি তেমনি এই অন্তর্জগতের গবেষণায় শ্রেষ্ঠতা লাভ করিয়াছে। অতএব ইহাই সঙ্গত যে, যথন আধ্যাত্মিক সামগ্রস্তের প্রয়োজন হয়, তথন প্রাচ্য হইতেই হইয়া থাকে। এরপ হওয়াই দঙ্গত। আবার যখন প্রাচ্য জাতি যন্ত্রনির্মাণ শিক্ষা করিতে ইচ্ছা করে, তথন তাহাকে যে পা-চাত্য জাতির পদতলে বসিয়া উহা শিথিতে হুইবে, ইহাও নঙ্গত। পাশ্চাত্য জ্বাতির ষথন আত্মতন্ত্ব, ঈশ্বরতত্ব ও ব্রহ্মাণ্ডরহস্থ শিখিবার প্রয়োজন হইবে, তথন তাহাকেও প্রাচ্যের পদতলে বদিয়া শিক্ষা কবিতে হইবে।

আমি তোমাদের নিকট এমন এক ব্যক্তির জীবনকথা বলিতে যাইতেছি, যিনি ভারতে এইরূপ এক তরঙ্গ প্রবাহিত করিয়াছেন। কিন্তু তাঁহার জীবনচিরিত বলিবার পূর্বে তোমাদের নিকট ভারতের ভিতরের রহস্ত, ভারত বলিতে কি বৃঝায়, তাহা বলিব। যাহাদের চক্ জড়বপ্তর কৃত্রিম সৌন্দর্যে বিভ্রান্ত হইয়াছে, যাহারা দারা জীবনটাকে পান-ভোজন ও সভ্যোগের বেদীম্লে উৎসর্গ করিয়াছে, কাঞ্চন ও ভৃথওকেই যাহারা যথাসর্বস্থ বলিয়া দ্বির করিয়াছে, ইন্সিয়স্থকেই যাহারা স্থের সীমা বলিয়া বৃঝিয়াছে, অর্থকেই যাহারা আরাধ্য দেবতা করিয়াছে, যাহাদের চরম লক্ষ্য ইহলোকে করেক মৃহুর্তের স্থ-সাচ্ছন্দা ও তারপর মৃত্যু, যাহাদের মন সন্মুধে মাঁপ দিতে

অক্ষম, যাহারা ইন্দ্রিয়ভোগ্য বিষয়ের মধ্যে বাদ করিয়া তদপেকা উচ্চতর কোন কিছুর চিম্বা কথনও করে না, এইরূপ ব্যক্তিরা ভারতে গিয়া কি দেখে ?—দেখে চারিদিকে কেবল দারিদ্র্য আবর্জনা কুসংস্কার অজ্ঞতা বীভৎসভাবে তাণ্ডব নুত্য করিতেছে। ইহার কারণ কি ? কারণ—তাহারা সভ্যতা বলিতে পোশাক, পরিচ্ছদ, শিক্ষা ও সামাজিক শিষ্টাচার মাত্র বুঝে। পাশ্চাত্য জ্বাতি তাহাদের বাহ্য অবস্থার উন্নতি করিতে সর্বপ্রকারে চেষ্টা কবিয়াছে; ভারত কিন্তু অন্য পথে গিয়াছে। সমগ্র জগতের মধ্যে কেবল সেখানেই এমন এক জাতির বাস, যে জাতি কখনও নিজদেশের শীমা ছাড়াইয়া অপর জাতিকে জ্বয় করিতে গিয়াছে—সমগ্র ইতিহাদে কোণাও ইহা দেখিতে পাওয়া যায় না, যে জাতি কখনও অপরের দ্রব্যে লোভ করে নাই, যাহাদের একমাত্র দোধ এই যে, তাহাদের মস্তিক এবং দেশের ভূমি অতিশয় উর্বয়, আর তাহারা গুরুতর পরি**শ্র**মে ধনসঞ্চয় করিয়া <mark>যেন অপরাপ</mark>র লাতিকে ডাকিয়। নিজেদের সর্বস্বাস্ত করিতে প্রলুক্ক করিয়াছে। তাহারা সর্বস্বাস্ত হইয়াছে, অপর জাতি তাহাদিগকে বর্বর বলিয়াছে—ইহাতে তাহাদের হৃঃথ নাই, ইহাতে ভাহারা সম্ভষ্ট। পরিবর্তে ভাহারা এই দগতের নিকট দেই পরমপুরুষের দর্শন-বার্তা প্রচার করিতে চায়, জগতের নিকট মানবপ্রকৃতির গৃঢ় রহস্ত উদ্ঘাটন করিতে চায়, যে আবরণে মানবের প্রকৃত স্বরূপ আবৃত, তাহা ছিন্ন করিতে চায়; কারণ তাহারা জানে—এ সবই স্বপ্ন, তাহারা জ্বানে—এই জড়ের পশ্চাতে মানবের প্রকৃত দিব্যভাব বিরাজমান, যাহা কোন পাপে মলিন হয় না, কাম যাহাকে কলঙ্কিত করিতে পারে না, অগ্নি যাহাকে দম্ম করিতে পারে না, জল সিক্ত করিতে পারে না, তাপ শুষ্ক করিতে পারে না, মৃত্যু বিনষ্ট করিতে পারে না। পাশ্চাত্য ন্ধাতির চক্ষে জড়বন্ধ যতথানি সত্য, ভারতবাসীর নিকট মানবের ষণার্থ স্বরূপও ততথানি সতা।

ভোমাদের যেমন কামানের মুখেলাফাইয়া পড়িবার সাহস আছে, ভোমাদের যেমন স্থদেশের জন্ত প্রাণ বিসর্জন করিবার সাহস আছে, ঈশরের নামে ভাহাদেরও ভেমনি সাহস আছে। এই ভারতেই মামুষ যখন জগৎকে মনের কল্পনা বা স্থপ্নাত্ত বলিয়া ঘোষণা করে, তখন সে যাহা বিশ্বাস করে এবং চিম্ভা করে, ভাহা যে সভ্য, ইহা প্রমাণ করিবার জন্ত পোশাক-পরিচ্ছদ, বিষয়-সম্পত্তি দকলই দে ত্যাগ করিয়া থাকে। মানব-জীবনটা ছ-দিনের নয়, প্রকৃতপক্ষে মাহ্যের জীবন অনাদি অনস্ত—এ কথা যখনই কেহ বুঝিতে পারে, তথন এই ভারতেই মাহুষ নদীতীরে বসিয়া অনায়াসে শ্বীরটা পরিত্যাগ করিতে পারে, যেমন তোমরা দামান্ত তৃণখণ্ড অনারাদে পরিত্যাগ করিতে পারো। ইহাই তাহাদের বীরত্ব—তাহারা মৃত্যুকে প্রমাত্মীয় বলিয়া আলিঙ্গন করিতে প্রস্তুত হয়, কারণ তাহারা নিশ্চয় জানে যে, তাহাদের মৃত্যু নাই। এইথানেই তাহাদের শক্তি নিহিত—এই শক্তিবলেই শত শত বর্ষব্যাপী বৈদেশিক আক্রমণ ও অত্যাচারে তাহারা অক্ষত রহিয়াছে; এই জাডি এখনও জীবিত এবং এই জাতির ভিতর ভীষণতম দুঃখ-বিপদের দিনেও ধর্মবীরের অভাব হয় নাই। পাশ্চাত্যে যেমন বড় বড় বাজনীতিজ্ঞ ও বৈজ্ঞানিক জন্মগ্রহণ করিয়াছেন, এশিয়াভেও তেমনি বড় বড় ধর্মবীর জন্মিয়াছেন। বর্তমান (উনবিংশ) শতাব্দীর প্রারম্ভে, যথন ভারতে পাশ্চাত্য ভাব প্রর্থেশ করিতে আরম্ভ করে, যথন পাশ্চাত্য দিয়িজয়িগণ তরবারি হস্তে ঋষির বংশধরগণের নিকট প্রমাণ করিতে আদে যে, তাহারা বর্বর ও স্বপ্নবিলাদী, ভাহাদের ধর্ম শুধু পৌরাণিক গল্প, ঈশ্বর আত্মা ও অন্ত যাহা কিছু পাইবার জন্ম তাহারা এতদিন চেষ্টা করিতেছিল, তাহা ভধু অর্থশৃন্ম শবসমটি; আর হাজার হাজার বংসর যাবং এই জাতি ক্রমাগত যে ভাাগ-বৈরাগ্য অভ্যাদ করিয়া আদিতেছে, দেগুলি র্থা; তথন বিশ্ববিচ্চালয়ের যুবকগণকে এই প্রশ্ন চঞ্চল কবিয়া তুলিল: তবে কি এতদিন পর্যস্ত এই জাতির জীবন যে-আদর্শে গঠিত হইয়াছে, তাহার দার্থকতা একেবারেই নাই ? তবে কি আবার এই জাতিকে পাশ্চাত্য ধারায় নৃতনভাবে জীবন গঠন করিতে হইবে ? তবে কি প্রাচীন পুঁ থি-পত্র সব ছিঁ ড়িয়া ফেলিতে হইবে, দর্শনশাস্তগুলি পুড়াইয়া ফেলিতে হইবে, ধর্মাচার্ধগণকে তাড়াইয়া দিতে হইবে, মন্দিরগুলি ভাঙিয়া ফেলিতে হইবে ?

তরবারি ও বন্দ্কের সাহায্যে নিজ নিজ ধর্মের সত্যতা প্রমাণ করিতে সমর্থ বিজ্ঞেতা পাশ্চাত্য জাতিগুলি কি বলে নাই, তোমাদের পুরাতন যাহা কিছু আছে, সবই কুসংস্কার—সবই পৌত্তলিকতা ? পাশ্চাত্য ভাবে পরিচালিত নৃতন বিভালয়সমূহে শিক্ষাপ্রাপ্ত বালকগণ অতি বাল্যকাল হইতেই এই-সকল ভাবে জন্তান্ত হইল, স্তরাং তাহাদের,ভিতর যে সন্দেহের আবির্ভাব হইবে, ইহা

কিছু আশ্চর্যের বিষয় নহে। কিন্তু কুশংশ্বার ত্যাগ করিয়া প্রক্ষতভাবে সত্যায়সন্ধানে তাহারা ব্রতী হইল না; তাহার পরিবর্তে পাশ্চাত্য যাহা বলে, তাহাই
সত্য বলিয়া ধরিয়া লইল—পাশ্চাত্য ভাবই সত্যের মাপকাঠি হইয়া দাঁড়াইল!
পুরোহিতকুলের উচ্ছেদসাধন করিতে হইবে, বেদরাশি পুড়াইয়া ফেলিতে হইবে,
কারণ পাশ্চাত্য এ কথা বলিতেছে! এইয়প সন্দেহ ও অস্থিরতার ভাব হইতেই
ভারতে তথাকথিত সংস্কারের তর্ক্ষ উঠিল।

যদি তুমি ঠিক ঠিক দংস্কারক হইতে চাও, তবে তোমার তিনটি জিনিস থাকা চাই-প্রথমতঃ হৃদয়বক্তা। তোমার ভাতাদের জন্ম যথার্থ ই কি তোমার প্রাণ কাঁদিয়াছে ? পৃথিবীতে এত ছঃখ-কষ্ট, এত অজ্ঞান, এত কুদংস্কার বহিয়াছে—ইহা কি তুমি ষথাৰ্থই প্ৰাণে প্ৰাণে অহুভব কব ? সকল মাহুৰকে ভাই বলিয়া কি তুমি যথার্থ ই অহভব কর ? তোমার সমগ্র সত্তাই কি এই ভাবে পূর্ণ হইয়া উঠিয়াছে? এই ভাব কি তোমার রক্তের স্রোতে মিশিয়া গিয়াছে, তোমার শিরায় শিরায় প্রবাহিত হইতেছে ? এই ভাব কি তোমার প্রত্যেক স্নায়্র ভিতর ঝকার তুলিতেছে ? তুমি কি এই দহায়ভূতির ভাবে পূর্ণ হইয়াছ ? যদি তাহা হইয়া থাকে, তবে বুঝিতে হইবে, তুমি প্রথম শোপানে মাত্র পদার্পণ করিয়াছ। তারপর ভাবিতে হইবে: প্রতিকারের কোন পছা খুঁজিয়া পাইয়াছ কি না**৷ তোমবা যে চিৎকার করি**য়া **সকলকে স**বই ভাঙিয়া-চুরিয়া ফেলিতে বলিতেছ, তোমবা নিজেরা কি কোন পথ পাইয়াছ ? হইতে পারে প্রাচীন ভাবগুলি কুমংস্কারপূর্ণ, কিন্তু ঐ-সকল কুমংস্কারের সঙ্গে অম্লা সতা মিশ্রিত রহিয়াছে, নানাবিধ থাদের সহিত স্বর্ণথণ্ডও রহিয়াছে। এমন কোন উপায় আবিভার করিয়াছ কি, যাহাতে থাদ বাদ দিয়া থাটি শোনাটুকু মাত্র লওয়া যাইতে পারে ? যদি তাহাও করিয়া থাকো, ভবে বুঝিতে হইবে, তুমি দ্বিতীয় সোপানে মাত্র পদার্পণ করিয়াছ। আরও একটি দ্বিনিসের প্রয়োজন—প্রাণপণ অধ্যবসায়। তুমি যে কল্যাণ করিতে যাইতেছ, বলো দেখি, তোমার আদল অভিসন্ধিটা কি? নিশ্চিতরপে কি বলিতে পারো যে, তোমার এই কল্যাণেচ্ছার পশ্চাতে অর্থ মান ষশ বা প্রভূত্বের বাসনা নাই ? তুমি কি নিশ্চিতরূপে বলিতে পারো, যদি সমগ্র জগৎ তোমাকে পিষিয়া ফেলিবার চেষ্টা করে, তথাপি তোমার আদর্শকে দৃঢ়ভাবে ধরিয়া কাজ করিয়া যাইতে পারিবে? তুমি কি নিশ্চিতরূপে বলিতে পারে।, তুমি যাহা চাও

তাহা জানো, আব তোমার জীবন পর্যন্ত বিপন্ন হইলেও তোমার কর্তব্য—
সেই কর্তব্যই সাধন করিয়া যাইতে পারিবে ? তুমি কি নিশ্চিতরূপে বলিতে
পারো, যতদিন জীবন থাকিবে, যতদিন হৃদয়ের গতি সম্পূর্ণরূপে অবরুদ্ধ না
হইবে, ততদিন অধ্যবসায়ের সহিত উদ্দেশুসাধনে লাগিয়া থাকিবে ? এই ত্রিবিধ
গুণ যদি তোমার থাকে, তবেই তুমি প্রকৃত সংস্কারক, তবেই তুমি যথার্থ
আচার্য ও গুরু, তবেই তুমি আমাদের নমশু। যদি তোমার এই গুণগুলি না
থাকে, তবে তুমি আমাদের শ্রন্ধার যোগ্য নও। কিন্তু মামুষ বড়ই তুর্বল, বড়ই
সক্ষীর্ণদৃষ্টি। অপেক্ষা করিয়া থাকিবার ধৈর্য তাহার নাই, প্রকৃত দর্শনের শক্তি
তাহার নাই—দে এখনই ফল দেখিতে চায়। ইহার কারণ কি ? কারণ এই
যে, দে নিজেই ফল ভোগ করিতে চায়, প্রকৃতপক্ষে অপরের জন্ম তাহার বড়
ভাবনা নাই। দে কর্তব্যের জন্ম কর্তব্য করিতে চাহে না। ভগবান শ্রীকৃষ্ণ
বলিয়াছেন: কর্মেই তোমার অধিকার আছে, ফলে কথনও নয়।

ফল কামনা কর কেন ? আমাদের কেবল কর্তব্য করিয়া যাইতে হইবে।
ফল যাহা হইবার হইতে দাও। কিন্তু মাসুষের সহিষ্ণুতা নাই—এইরপ
অসহিষ্ণুতার জন্ত শীদ্র ফলভোগের আকাজ্জায় সে যে-কোন একটা মতলব
লইয়া তাহাতেই লাগিয়া যায়। জগতের অধিকাংশ ভাবী সংস্থারককেই এই
শ্রেণীর অন্তর্ভুক্ত করিতে পারা যায়।

পূর্বেই বলিয়াছি, ভারতে এই সংশ্বারের ভাব আদিল। কিছুকালের জন্ম বোধ হইল, যে জড়বাদ ও 'অহং'-সর্বস্বতার তরঙ্গ ভারতের উপকৃলে প্রবলবেগে আঘাত করিতেছে, তাহা আমাদের পূর্বপুরুষগণের নিকট হইতে উত্তরাধিকারস্থত্রে প্রাপ্ত হৃদয়ের প্রভূত সরলতা, ঈশ্বরলাভের জন্ম বাধ্বর তীত্র বাাকুলতা প্রভৃতি সবই ভাসাইয়া লইয়া যাইবে। মূহূর্তের জন্ম বোধ হইল, যেন সমগ্র জাতির অদৃষ্টে বিধাতা একেবারে ধ্বংস লিথিয়াছেন। কিছ এই জাতি এক্ষণ সহন্ম বিপ্লব-তরঙ্গের আঘাত সম্ম করিয়া আদিয়াছে। সেগুলির তুলনায় এ তরঙ্গের বেগ তো অতি সামান্য। শত শত বর্ধ ধরিয়া তরঙ্গের পর তরঙ্গ আদিয়া এই দেশকে বন্ধায় ভাসাইয়া দিয়াছে, সম্মুথে যাহা পাইয়াছে তাহাই ভাঙিয়া-চূরিয়া দিয়াছে; তরবারি ঝলসিত হইয়াছে, 'আলার জয়'-রবে ভারত-গগন বিদীর্ণ হইয়াছে। কিন্তু পরে যথন বিপ্লবের বন্ধা থামিল, দেখা গেল জাতীশ আদর্শ অপরিবতিত রহিয়া গিয়াছে।

ভারতীয় জাতি নষ্ট হইবার নহে। মৃত্যুকে উপহাস করিয়া ভারতবাসী নিজ মহিমায় বিরাজিত রহিয়াছে, এবং যতদিন ভারতের জাতীয় ভিত্তিস্বরূপ ধর্মভাব অক্ষ্ম থাকিবে, যতদিন ভারতের লোক ধর্মকে ছাড়িয়া বিষয়স্থথে উন্মন্ত না হইবে, যতদিন ভারতবাসীরা ঈশ্বরকে পরিত্যাগ না করিবে, ততদিন তাহারা এইরূপই থাকিবে। হয়তো তাহারা চিরকাল ভিক্ষ্ক ও দরিদ্র থাকিবে, ধূলি ও মলিনতার মধ্যে হয়তো তাহাদিগকে চিংদিন থাকিতে হইবে, কিন্তু তাহারা যেন তাহারে ক্ষম্বকে পরিত্যাগ না করে; তাহারা যে ঋষির বংশধর, এ-কথা যেন তাহারা ভুলিয়া না যায়। যেমন পাশ্চাত্য দেশে একটি মৃটে-মন্ত্র পর্যন্ত মধ্যযুগের কোন দস্থা-'ব্যাবনে'র বংশধররূপে আপনাকে প্রতিপন্ন করিতে চেষ্টা করে, ভারতে তেমনি সিংহাসনার্ক্য সম্রাট পর্যন্ত অরণ্যবাসী বন্ধলপরিহিত আরণ্যফল-মূলভোজী ব্রহ্মধ্যানপরায়ণ অকিঞ্চন ঋষিগণের বংশধররূপে নিজেকে প্রমাণিত করিতে চেষ্টা করেন। আমর। এইরূপ ঋষিগণেরই বংশধর বলিয়া পরিচিত হইতে চাই; আর যতদিন পুণ্যচরিত্রের উপর এইরূপ গভীর শ্রদ্ধা থাকিবে, ততদিন ভারতের বিনাশ নাই।

ভারতের চারিদিকে যথন এইরূপ নানাবিধ সংস্থারের চেষ্টা চলিতেছিল, দেই সময়ে ১৮৩৬ গ্রীষ্টাম্বের ১৭ই ফেব্রুআরি, বঙ্গদেশের কোন হুদ্র পদ্ধীগ্রামে দরিন্দ্র রাহ্মণকূলে একটি শিশুর জন্ম হয়। তাঁহার পিতামাতা অতি নিষ্ঠাবান প্রাচীনপন্থী লোক ছিলেন। এরূপ রাহ্মণের জীবন নিভ্যা তাাগ ও তপস্থায় পূর্ণ। জীবিকানির্বাহের জন্ম তাঁহার পক্ষে অন্ধ কয়েকটি পথই উন্মূক্ত, তাহার উপর আবার নিষ্ঠাবান রাহ্মণের পক্ষে মেকান বিষয়কর্ম নিষিদ্ধ। আবার যথেচ্ছভাবে কাহারও নিকট হইতে কিছু গ্রহণ করিবারও জাে নাই। কল্পনা করিয়া দেথ—এরূপ জীবন কি কঠোর! রাহ্মণদের কথা ও তাহাদের পৌরোহিত্য-ব্যবসাম্বের কথা তামরা অনেক শুনিয়াছ। কিন্তু জিল্জানা করি, তামাদের মধ্যে কয়্মন ভাবিয়া দেখিয়াছ— এই অন্তুত মান্থযুলি কিভাবে তাহাদের প্রতিবেশিগণের উপর এরূপ প্রভাব বিস্তার করিল? দেশের সকল জাতির মধ্যে তাহারা দ্বিশ্রতমঃ তাগাই তাহাদের শক্তির রহস্ম। তাহারা কথনও ধনের আকাজ্যা করে নাই। জগতের মধ্যে তাহারাই স্বাপেকা দরিন্দ্র প্রোহিত, সেইজন্মই

তাহারা দর্বাপেক্ষা শক্তিমান। তাহারা নিজেরা এরপ দ্বিস্ত বটে, তথাপি দেখিবে—যদি গ্রামে কোন দরিত্র ব্যক্তি আদিয়া উপস্থিত হয়, ব্রাহ্মণপত্নী তাহাকে গ্রাম হইতে কথন অভুক্ত চলিয়া যাইতে দিবে না। ইহাই ভারতীয় মাতার দর্বপ্রথম কর্ত্ব্য; যেহেতু তিনি মাতা, দেইজ্ঞ তাঁহার কর্ত্ব্য দকলকে থাওয়াইয়া দর্বশেষে নিজে থাওয়া। প্রথমে তাঁহাকে দেখিতে হুইবে—সকলে খাইয়া পরিতৃপ্ত হুইয়াছে, তবেই তিনি খাইতে পাইবেন ; সেই-জন্তুই ভারতে জননীকে দাক্ষাৎ ভগবতী বলা হয়। আমরা যাঁহার জীবনী আলোচনায় প্রবৃত্ত হইয়াছি, তাঁহার মাতা এইরূপ আদর্শ হিন্দু জননী ছিলেন। ভারতে যে জাতি যত উচ্চ, তাহার বিধিনিষেধণ্ড তত বেশী। খুব নীচ জাতিরা যাহা থূশি খাইতে পারে, কিন্তু তদপেক্ষা উচ্চতর জাতিসমূহে আহারে বিধিনিষেধ দেখা যায়; আর উচ্চতম জাতি, ভারতের বংশাত্মক্রমিক পুরোহিত জাতি, ব্রাহ্মণের জীবনে—পূর্বেই বলিয়াছি—থুব বেশী আচারনিষ্ঠা। পাশ্চাত্য দেশের আচার-ব্যবহারের তুলনায় এই ব্রাহ্মণদের জীবন বিরামহীন তপস্থায় পূর্ণ, কিন্তু তাহাদের থুব হৈর্ঘ আছে। তাহারা কোন একটা ভাব পাইলে তাহার চূড়ান্ত না করিয়া ছাড়ে না, আর বংশাত্ক্রমে দে-ভাব পোষণ করিয়া কার্যে পরিণত করে। একবার তাহাদিগকে কোন একটা ভাব দাও, সহজে তাহা অপ্যারিত করিতে পারিবে না; তবে তাহাদিগকে কোন ন্তন ভাব দেওয়া বড কঠিন।

নিষ্ঠাবান্ হিন্দুরা এই কারণে অতিশয় স্বাতয়্রাপ্রিয়, তাহারা সম্পূর্ণরূপে
নিজেদের চিন্তা ও ভাবের রাজ্যে বাস করে। কিরূপে জীবনযাপন করিতে
হইবে, তাহা আমাদের প্রাচীন শাস্ত্রে পৃঞ্জায়পুভারণে বর্ণিত আছে; তাহারা
সেই-সকল বিধি-নিষেধের সামান্ত খুঁটিনাটি পর্যস্ত দুঢ়ভাবে আঁকড়াইয়া থাকে।
তাহারা বরং উপবাস করিয়া থাকিবে, তথাপি তাহাদের স্বজাতির ক্ষ্ম
গপ্তির বহিভূতি কোন ব্যক্তির হাতে থাইবে না। এইরূপ স্বাতয়া-প্রিয়
হইলেও তাহাদের ঐকাস্তিকতা ও অসাধারণ নিষ্ঠা আছে। নিষ্ঠাবান্
হিন্দুদের ভিতর অনেক সময় এইরূপ প্রবল বিশাস ও ধর্মভাব দেখা যায়,
কারণ সত্যের প্রতি গভীর বিশাস হইতেই তাহাদের নিষ্ঠা আদিয়াছে।
তাহারা এরূপ অধ্যবসায়ের সহিত লাগিয়া থাকে যে, আমরা সকলে
হয়তো তাহা ঠিক বলিয়া মনে না-ও করিতে পারি, কিন্তু তাহাদের মতে

তাহা সতা। আমাদের শাস্ত্রে লিখিত আছে, মাহুৰ সর্বদা দানশীল হইবে
—এমন কি চরমভারেও। যদি কোন ব্যক্তি অপরকে সাহায্য করিতে—সেই
ব্যক্তির জীবন রক্ষা করিতে গিয়া নিজে অনশনে প্রাণত্যাগ করে, শাস্ত্র
বলেন, ইহা অন্যায় নহে, বরং মানুষের কর্তব্য। বিশেষতঃ ব্রাহ্মণের
পক্ষে নিজের মৃত্যুর ভয় না রাখিয়া সম্পূর্ণভাবে দানব্রতের অষ্টান করা
কর্তব্য। যাহারা ভারতীয় সাহিত্যের সহিত পরিচিত, তাঁহারা এইরূপ
চূড়ান্ত দানশালতার দূষ্টান্তম্বরূপ একটি প্রাচীন স্থলর উপাথ্যানের কথা
শার্ণ করিতে পারেন। মহাভারতে লিখিত আছে, এক অতিথিকে ভোজন
করাইতে গিয়া কির্মণে একটি সমগ্র পরিবার অনশনে প্রাণ দিয়াছিল। ইহা
অতিরঞ্জিত নহে, কারণ এখনও এরূপ ব্যাপার ঘটিতে দেখা যায়। মদীয়
আচার্যদেবের পিতামাতার চরিত্র এই আদর্শে গঠিত ছিল। তাঁহারা খ্ব দরিজ্
ছিলেন, কিন্তু অনেক সময় কোন দরিজ্ব অতিথিকে থাওয়াইতে গিয়া মাতা
সারাদিন উপবাস করিয়া থাকিতেন।

এইরপ পিতামাতার কোলে এই শিশু জন্মগ্রহণ করেন—আর জন্ম হইতেই তাঁহার মধ্যে একটু বিশেষত্ব, একটু অসাধারণত্ব ছিল। জন্মাবধিই তাঁহার পূর্ববৃত্তান্ত শারণ হইত—কি কারণে তিনি জগতে আসিয়াছেন, তাহা জানিতেন, আর সেই উদ্দেশ্যসিদ্ধির জন্ম সমৃদ্য় শক্তি নিয়োগ করেন। অল্প বয়সেই তাঁহার পিতৃবিয়োগ হইলে তিনি পাঠশালায় প্রেরিত হন।

বান্ধণসন্তানকে পাঠশালায় যাইতেই হয়। লেখাপড়ার কাজ ছাড়া বান্ধণের অন্ত কাজে অধিকার নাই। এখনও দেশের অনেক শ্বনে প্রচলিত, বিশেষতঃ সন্মাসীদের সহিত সম্পর্কিত ভারতের প্রাচীন শিক্ষাপদ্ধতি আধুনিক প্রণালী হইতে খ্বই বিভিন্ন রকমের। সেই শিক্ষাপ্রণালীতে ছাত্রদের বেতন দিতে হইত না। প্রাচীন ধারণা ছিল—জ্ঞান এত পবিত্র বস্তু যে, ইহা বিক্রের করা উচিত নয়। কোন মূল্য না লইয়া অবাধে জ্ঞানবিতরণ করিতে হইবে। আচার্যেরা ছাত্রগণকে বিনা বেতনে নিজেদের নিকট রাখিতেন; আর ভর্ম তাহাই নহে, তাঁহাদের মধ্যে অনেকে ছাত্রগণকে খাওয়া-পরাও দিতেন। এই সকল আচার্যের ব্যয়নির্বাহের জন্ম ধনী পরিবারের লোকেরা বিবাহ-শ্রাদ্ধাদি উপলক্ষ্যে তাঁহাদিগকে দান করিতেন। বিশেষ দানের অধিকারী বলিয়া তাঁহারা বিবেচিত হইতেন এবং আচার্যদিগকেও ছাত্রদের প্রতিপালন করিতে হইত। যে

ধানকের কথা আমি বলিতেছি, তাঁহার জ্যেষ্ঠ ভ্রাতা একজন পণ্ডিত ছিলেন। বালক জ্যেষ্ঠভ্রাতার নিকট পাঠ আরম্ভ করিলেন। অন্নদিন পরে বালকের দৃঢ় ধারণা হইল যে, সকল লোকিক বিভার উদ্দেশ্য শুরু পার্থিব উন্নতি। স্থতরাং লেথাপড়া ছাড়িয়া তিনি আধ্যাত্মিক জ্ঞানান্থেবণে সম্পূর্ণভাবে জীবন উৎসর্গ করিতে সঙ্গন্ন করিলেন। তাঁহার পিতার মৃত্যুর পর সংসারে প্রবল দারিদ্রা দেখা দিল; বালককে নিজের আহারের সংস্থানের চেষ্টা করিতে হইল। তিনি কলিকাতার নিকটে এক স্থানে একটি মন্দিরে পুরোহিত নিযুক্ত হইলেন। মন্দিরে পোরোহিত্য-কর্ম ব্রাহ্মণের পক্ষে বড় নিন্দনীয় বলিয়া বিবেচিত হয়। তোমরা যে অর্থে 'চার্চ' শব্দ ব্যবহার কর, আমাদের মন্দির সেরপ নহে। মন্দিরগুলি সাধারণ-উপাসনার স্থান নহে, কারণ ভারতে সমবেত উপাসনা বলিয়া কিছু নাই। অধিকাংশ ক্ষেত্রেই ধনী ব্যক্তিরা পুন্সক্রের জন্ত মন্দির নির্মাণ করিয়া দেন।

বিষয়-সম্পত্তি যাঁহার বেশী আছে, তিনি এইরূপ মন্দির করিয়া দেন। শাদ্দিরে তিনি দ্বস্থারের কোন প্রতীক বা দ্বস্থাবতারের মূর্তি প্রতিষ্ঠা করেন এবং ভগবানের নামে প্জার জন্ত তাহা উৎসর্গ করেন। রোমান ক্যাথলিক চার্চে যেরূপ অর্চনা (Mass) হইয়া থাকে, এই দকল মন্দিরে কতকটা দেইভাবে পূজা হয়—শান্ত হইতে মন্ত্র-লোকাদি পাঠ করা হয়; প্রতিমার সমূথে আলো ঘুরানো হয় ; মোট কথা, আমরা একজন মহৎ ব্যক্তিকে যেভাবে সন্মান করি, প্রতিমার প্রতি ঠিক সেইরকম আচরণ করা হয়। মন্দিরে এই অনুষ্ঠানগুলিই হয়। যে ব্যক্তি কথন মন্দিরে যায় না, তাহার অপেকা যে মন্দিরে যায়, মন্দিরে যাওয়ার দক্ষন সে মহত্তর বলিয়া বিবেচিত হয় না। বরং যে কথন মন্দিরে যায় না, সেই অধিকতর ধার্মিক বলিয়া বিবেচিত হয়, কারণ ভারতে ধর্ম প্রত্যেক ব্যক্তির নিম্নস্ব, আর লোকে নিম্নগৃহে নির্জনেই আধ্যাত্মিক উন্নতিব জ্বল্য প্রয়োজনীয় উপাদনাদি নির্বাহ করিয়া থাকে। আমাদের দেশে অতি প্রাচীনকাল হইতে মন্দিরে পৌরোহিত্য নিশ্দনীয় কার্য বলিয়া পরিগণিত হইয়াছে। ইহার তাৎপর্য এই যে, অর্থবিনিময়ে বিভাদানই যথন নিন্দার্হ বলিয়া পরিগণিত হয়, তখন ধর্ম সম্বন্ধে যে ইহা আরও অধিক প্রযোজা, বলাই বাছল্য। মন্দিক্তের পুরোহিত যথন বেতন লইয়া কার্য করে, তখন বলিতে হইবে, সে এই ধর্মগত বিষয় লইয়া বাবদায় করিতেছে। অতএব যথন দারিদ্রোর তাড়নায় বাধ্য হইয়া এই বালককে জীবিকার একমাত্র উপায়রূপে মন্দিরে পুরোহিতের কর্ম অবলম্বন করিতে হইল, তথন তাহার মনের ভাব কিরূপ হইয়াছিল, তাহা কল্পনা করিয়া দেখ।

বাঙলা দেশে অনেক কবি জ্মিয়াছেন, তাঁহাদের বচিত সঙ্গীতসমূহ সাধারণ লোকের মধ্যে খুব প্রচলিত। কলিকাতার রাস্তায় রাস্তায় এবং পলীগ্রামগুলিতে সেই দকল গান গীত হইয়া থাকে। ইহাদের মধ্যে অধিকাংশই ধর্মদঙ্গীত এবং দেগুলির সারমর্ম এই যে, ধর্মকে সাক্ষাৎ অমূভব ক্রিতে হইবে। এই ভাবটি সম্ভবতঃ ভারতীয় ধর্মসমূহের বিশেষত্ব। ভারতে ধর্ম সম্বন্ধে এমন কোন গ্রন্থ নাই, যাহাতে এই ভাবটি নাই। ঈশবকে সাক্ষাৎ করিতে হইবে, তাঁহাকে প্রত্যক্ষ অমুভব করিতে হইবে, তাঁহাকে দেখিতে হইবে, তাঁহার সহিত কথা কহিতে হইবে—ইহাই ধর্ম। অনেক শাধুপুরুষের ঈশবদর্শন-কাহিনী ভারতে দর্বত্র শুনিতে পাওয়া যায়। এইরূপ বিখাস তাঁহাদের ধর্মের ভিত্তি। ভারতের আবহাওয়া সাধুসন্তদের ঈশ্বদর্শনের কাহিনীতে পরিপূর্ণ। বৃদ্ধিবৃত্তির উন্নতির জন্ম ঐ গ্রন্থগুলি লিখিত হয় নাই, কোনরূপ যুক্তি দারা ইহাদিগকে বুঝিবার উপায় নাই, কারণ তাঁহারা নিজেরা যাহা দেখিয়াছেন তাহাই লিখিয়া গিয়াছেন; বাহারা নিজদিগকে একপ উচ্চভাবাপন্ন করিয়াছেন, তাঁহারাই কেবল ঐসকল তত্ত্ব ব্ঝিতে পারিবেন। তাঁহারা বলেন, ইহজীবনেই এরপ প্রতাক্ষাহভূতি সম্ভব, আর সকলেরই ইহা হইতে পারে। মানবের এই শক্তি বিকশিত হইলেই ধর্মের আরম্ভ। ইহাই সকল ধর্মের সার কথা।

এইজগুই দেখিতে পাই, একজনের খুব ভাল বক্তৃতা দিবার শক্তি আছে, তাঁহার যুক্তিসমূহ অকাটা, এবং তিনি খুব উচ্চ উচ্চ ভাব প্রচার করিতেছেন, তথাপি তাঁহার কথা কেহ গুনে না; আর একজন অতি দামান্ত ব্যক্তি, নিজের মাতৃভাষাই হয়তো ভাল করিয়া জানেন না, কিন্তু তাঁহার জীবদ্দশায় দেশের অর্ধেক লোক তাঁহাকে ঈশ্বর বলিয়া পূজা করিতেছে। ভারতে এরপ হয়, যথন লোকে কোনরূপে জানিতে পারে কাহারও এইরপ প্রত্যক্ষাযুভ্তি হইয়াছে, ধর্ম তাঁহার পক্ষে আর অমুমানের বিষয় নয়—ধর্ম, আত্যার অমরত্ব, ঈশ্বর প্রভৃতি গুরুত্বপূর্ণ বিষয় লইয়া তিনি আব

ব্দমকারে হাতড়াইতেছেন না, তথন চারিদিক হইতে লোক তাঁহাকে দেখিতে আসে এবং ক্রমে তাঁহাকে পূজা করিতে আরম্ভ করে।

পূর্বকথিত মন্দিরে আনন্দময়ী জগন্মাতার একটি মূর্তি ছিল। এই বালককে প্রত্যাহ প্রাতে ও দায়াছে তাঁহার পূজা করিতে হইত। পূজা করিতে করিতে এই ভাব আসিয়া তাঁহার মন অধিকার করিল: এই মূর্তির ভিতর সতাই কিছু আছে কি? সতাই কি জগতে আনন্দমন্ত্রী মা বলিয়া কেহ আছেন? তিনি কি সত্য সত্যই চৈতন্তমন্ত্রী এবং এই বিশ্বের নিয়ন্ত্রী। অথবা এসব কি স্বপ্লবৎ মিধ্যা? ধর্মের মধ্যে কিছু সত্য আছে কি?

তিনি শুনিয়ছিলেন, অতীতকালে অনেক বড় বড় সাধু মহাপুরুষ এইরূপে ভগবান লাভের জন্ম প্রাণপণ চেষ্টা করিয়াছেন এবং অবশেষে তাঁহাদের উদ্দেশ্য সফলও হইয়াছে। তিনি শুনিয়াছিলেন ভারতের সকল ধর্মের একমাত্র লক্ষ্য—এই জগন্মাতার সাক্ষাৎ উপলব্ধি। তাঁহার সমৃদয় মন-প্রাণ যেন সেই একভাবে তন্মর হইয়া গেল। কিরূপে তিনি জগন্মাতাকে লাভ করিবেন, এই এক চিস্তাই তাঁহার মনে প্রবল হইতে লাগিল। ক্রমশঃ তাঁহার এই ভাব বাড়িতে লাগিল। শেষে তিনি 'কিরূপে মায়ের দর্শন পাইব'—ইহা ছাড়া আর কিছু বলিতে বা শুনিতে পারিভেন না।

সকল হিন্দু বালকের মনেই এই সংশয় আদিয়া থাকে। এই সংশয়ই আমাদের দেশের বিশেষত্ব: আমরা যাহা করিতেছি, তাহা কি সতা ? কেবল মতবাদে আমাদের তৃথি হইবে না। অথচ ঈশ্বর সম্বন্ধে যত মতবাদ এ পর্যস্ত প্রচারিত হইয়াছে, সেগুলি সবই ভারতে আছে। শাস্ত্র বা মতবাদ আমাদিগকে তৃথ করিতে পারে না। আমাদের দেশের সহন্দ্র সহন্দ্র ব্যক্তির মনে এইরূপ প্রত্যক্ষামূভূতির আকাজ্ঞা জাগিয়া থাকে: এ-কথা কি সত্যে যে, ঈশ্বর ধলিয়া কেহ আছেন? যদি থাকেন, তবে আমি কি তাঁহার দর্শন পাইতে পারি? আমি কি সত্য উপলব্ধি করিতে সমর্থ ?—পাশ্চাত্য জাতি এগুলিকে কেবল কল্পনা মনে করিতে পারে, কিন্তু আমাদের পক্ষে ইহাই বিশেষ কাজের কথা। এই ভাব আশ্রেষ করিয়া লোকে নিজেদের জীবন উৎসর্গ করে। এই ভাবের জন্ম প্রতি বৎসর সহন্দ্র সহন্দ্র হিন্দু গৃহত্যাগ করে এবং

> 'উলোধন' হইতে প্রকাশিত 'My Master' বন্ধৃতার এই অনুচ্ছেদটি পাদটীকার আছে।

কঠোর তপস্থা করার ফলে অনেকে মরিয়া যায়। পাশ্চাত্য জাতির মনে ইহা খ্বই কাল্পনিক বলিয়া বোধ হইবে; তাহাত্রা যে কেন এইরূপ মত প্রকাশ করে, তাহারও কারণ আমি অনায়াদে বুঝিতে পারি। তবু পাশ্চাত্য দেশে অনেকদিন বসবাস করা সত্ত্বেও আমি এই প্রাচ্য ভাবকেই জীবনে স্বাপেক্ষা সত্য—বাস্তব বলিয়া মনে করি।

জীবনটা তো মৃহুর্তের জন্য—তা তুমি রাস্তার মৃটেই হও, আর লক্ষ্ লক্ষ্ণ লোকের শাসক সমাটই হও। জীবন তো ক্ষণভদ্ব—তা তোমার স্বাস্থ্য থব ভালই হউক, অথবা থব মন্দই হউক। হিন্দু বলেন, এ জীবন-সমস্থার একমাত্র সমাধান—ঈশ্বরলাভ। ধর্মলাভই এই সমস্থার একমাত্র সমাধান। যদি ঈশ্বর ও ধর্ম সত্যা হয়, তবেই জীবন-রহস্থের ব্যাখ্যা হয়, জীবনভার হবহ হয় না, জীবনটা উপভোগ্য হয়। তাহা না হইলে জীবন একটা ব্যা ভারমাত্র। ইহাই আমাদের ধারণা; শত শত যুক্তি ভারা ধর্ম ও ঈশ্বরের অন্তিত্ব সম্ভব বলিয়া প্রমাণিত হইতে পারে, কিন্তু ঐ্থানেই শেষ। সত্যকে সাক্ষাৎ উপলব্ধি করিতে হইবে, আর ধর্মের প্রত্যক্ষ প্রমাণ পাইতে গেলে অহুভূতি আবশ্রুক। ঈশ্বর আছেন, এইটি নিশ্বর করিয়া বুঝিতে হইলে ঈশ্বরকে অম্বভব করিতে হইবে। সাক্ষাৎ উপলব্ধি ব্যতীত অন্ত কোন উপায়ে আমাদের নিকট ধর্মের সত্যতা প্রমাণিত হইতে পারে না।

বালকের হৃদয়ে যথন এই ধারণা প্রবেশ করিল, তথন তাঁহার সায়াদিন কেবল ঐ এক ভাবনা—কিসে প্রতাক্ষ দর্শন হইবে। দিনের পর দিন তিনি কাঁদিয়া বলিতেন—'মা সতাই কি তুমি আছ, না এ-সব কল্লনা মাত্র ? কবিগণ ও আন্ত ব্যক্তিগণই কি এই আনন্দময়ী জননীর কল্পনা করিয়াছেন অথবা সভাই কিছু আছে ?' আমরা প্রেই বলিয়াছি, আমরা—যে অর্থে শিক্ষা-শব্দ ব্যবহার করি, সেরপ শিক্ষা তাঁহার কিছুই ছিল না; ইহাতে বরং ভালই হইয়াছিল। অপরের ভাব—অপরের চিন্তার অহুগামী হইয়া তাঁহার মনের স্বাভাবিকতা, মনের স্বাস্থ্য নই হইয়া যায় নাই। তাঁহার মনের এই প্রধান চিন্তাটি দিন দিন বাড়িতে লাগিল, শেষে এমন হইল যে, তিনি আর কিছু ভাবিতে পারিতেন না। নিয়মিতরপে পৃদ্ধা করা, সব খুঁটিনাটি নিয়ম পালন করা—এথন তাঁহার পক্ষে অসম্ভব হইয়া প্রিল। সময়ে সময়ে তিনি

দেবতাকে ভোগ দিতে ভূলিয়া যাইতেন, কথন কথন আবিতি করিতে ভুলিতেন, আবার কথন দব ভুলিয়া ঘন্টার পর ঘন্টা আরতি করিতেন। লোকম্থে ও শাস্ত্রম্থে তিনি গুনিয়াছিলেন, যাহারা ব্যাকুলভাবে ভগবান্কে চায়, তাহারাই তাঁহাকে পাইয়া থাকে। এক্ষণে ভগবান্কে লাভ করিবার জন্ম তাঁহার সেই প্রবল আগ্রহ দেখা দিল। অবশেষে তাঁহার পক্ষে মন্দিরের নিয়মিত পূজা করা অসম্ভব হইয়া পড়িল। তিনি পূজা পরিত্যাগ করিয়া মন্দিরের পার্যবর্তী পঞ্বটীতে গিয়া বাস করিতে লাগিলেন। তাঁহার জীবনের এই ভাব দম্বন্ধে তিনি আমাকে অনেকবার বলিয়াছেন, 'কথন সূর্য উদিত হ'ল, কথন বা অন্ত গেল, ভাহা আমি জানতে পারতাম না।' তিনি নিজের দেহভাব একেবারে ভুলিয়া গেলেন, আহার করিবার কথাও তাঁহার শ্বরণ থাকিত না। এই সময়ে তাঁহার এক আত্মীয় তাঁহাকে খ্ব যত্বপূর্বক সেবাভগ্রাবা করিতেন, তিনি তাঁহার মৃথে জোর করিয়া থাবার দিতেন। অজ্ঞাতসারে ঐ থাত কভকটা উদরস্থ হইত। তিনি উচ্চৈঃস্বরে কাঁদিয়া বলিতেন, 'মা, মা, তুই কি সভ্যি আছিন, তবে আমায় কেন অজ্ঞানে ফেলে রেখেছিন ় সভ্য কি, আমাকে ভা জানতে দিচ্ছিদ না কেন? আমি তোকে দাক্ষাৎ দেখতে পাচ্ছি না কেন? লোকের কথা, শান্তের কথা, ষড় দর্শন-এ-সব পড়ে-গুনে কি হবে, মা? এ দবই মিছে। সত্য- যথার্থ সত্য আমি দাক্ষাৎভাবে উপলব্ধি করতে চাই। সত্য অমূভব করতে—স্পর্শ করতেই আমি চাই।'

এইভাবে দেই বালকের দিনরাত্রি কাটিত। দিবাবসানে সন্ধ্যায় যথন
মন্দিরে আরতির শঙ্খঘন্টা-ধ্বনি শুনিতে পাইতেন, তাঁহার মন তথন
অতিশয় ব্যাকুল হইত; তিনি কাঁদিতে কাঁদিতে বলিতেন, 'মা, আরও এক
দিন বুথা চলে গেল, তব্ ভোমার দেখা পেলাম না! এই ক্ষণস্থায়ী
জীবনের আর একটা দিন চলে গেল, আমি সত্যকে জানতে পারলাম
না।' হদয়ের দারণ যন্ত্রণায় তিনি কথন কখন মাটিতে মুখ ঘর্ষণ করিয়া
কাঁদিতেন।

মন্যুগুদ্ধে এইরূপ তীব্র ব্যাকুলতা আদিয়া থাকে। শেষ অবস্থায় তিনি আমাকে বলিয়াছিলেন, 'বংদ, মনে কর, একটা ঘরে এক থলি মোহর রহিয়াছে, আর তার পাশের ঘরে একটা চোর রহিয়াছে, তুমি কি মনে কর দেই চোরের নিদ্রা হইবে? দে নিদ্রা ঘাইতে পারে না। তাহার মনে

ক্রমাগত এই চিন্তার উদয় হইবে যে, কি করিয়া দে ঐ ধরে ঢুকিয়া মোহবের থলিটি লইবে ? তাই যদি হয়, তবে তুমি কি মনে কর, যাহার এই ধারণা দৃঢ় হইয়াছে বে, এই-সকল আপাত-প্রতীয়মান বম্বর পশ্চাতে সত্য রহিয়াছে, পথর বলিয়া একজন আছেন, একজন অবিনথর অনস্ত-আনন্দ**থর**প আছেন, যে আনন্দের সহিত তুলনা করিলে ইব্রিয়-স্থ ছেলেথেলা বলিয়া বোধ হয়, সে কি তাঁহাকে লাভ করিবার জন্ত প্রাণপণ চেষ্টা না করিয়া স্থির থাকিতে পারে ? এক মূহুর্তের জন্মন্ত কি সে এই চেষ্টা পরিত্যাগ করিবে ? তাহা কথনই হইতে পারে না। সে উহা লাভের জন্ম উন্মন্ত হইবে।' এই বালকের হৃদয়ে এই উন্মন্ততা প্রবেশ করিল। দে-সময়ে তাঁহার কোন গুরু ছিলেন না, এমন কেহ ছিল না—যে তাঁহার আকাজ্জিত বস্তুর কোন সন্ধান দেয়, বরং দকলেই মনে কবিত, তাঁহার মস্তিষ্ক বিকৃত হইয়াছে। সাধারণে তো এইরূপ বলিবেই। যদি কেহ সংসারের অসার বিষয়সমূহ পরিভ্যাগ করে, লোকে তাহাকে উন্মন্ত বলে; কিন্তু এইরূপ ব্যক্তিই সংসারে ষথার্থ শ্রেষ্ঠ। এইরূপ উন্মত্ততা হইতেই জগং-আলোড়নকারী শক্তির উদ্ভব হইয়াছে, আর ভবিশ্বতেও এইরপ উন্নত্ততা হইতেই শক্তি উদ্ভূত হইয়া জগৎকে আলোডিত করিবে।

দিনের পর দিন, সপ্তাহের পর সপ্তাহ, মাসের পর মাস সত্যলাভের অবিশ্রান্ত চেষ্টা চলিল। তথন তাঁহার নানাবিধ অলোকিক ও অভ্ত দর্শন হইতে লাগিল, নিজ স্বরূপের রহস্ত তাঁহার নিকট ক্রমশঃ উদ্ঘাটিত হইতে লাগিল, যেন আবরণের পর আবরণ অপসাবিত হইতে লাগিল। জ্বান্মাতা নিজেই গুরু হইয়া বালককে আকাজ্রিত সত্যলাভের সাধনায় দীক্ষিত করিলেন। এই সময়ে সেই স্থানে এক পরমা ফুল্বরী অমুপম বিত্বী আসিলেন। পরবর্তী সময়ে এই মহাত্মা বলিতেন যে, বিত্বী বলিলে তাঁহাকে ছোট করা হয়—তিনি ছিলেন মূর্তিমতী বিছা, যেন সাক্ষাৎ সরস্বতী মূর্তি ধারণ করিয়া আসিয়াছেন। এই মহিলার বিষয় আলোচনা করিলেও তোমরা ভারতীয়দের বিশেষত্ব কোথায় ব্ঝিতে পারিবে। সাধারণতঃ হিন্দুনারীগণ যেরূপ অজ্ঞানান্ধকারে বাস করেন—পাশ্চাত্যদেশে যাহাকে স্বাধীনতার অভাব বলে—তাহার মধ্যেও এইরূপ উচ্চ আধ্যাত্মিকভাবাপন নারীর জন্ম সন্তব হইয়াছিল। তিনি একজন দ্যাসিনী ছিলেন—কারণ ভারতে নারীগণও বিবাহ না করিয়া, সংসার ত্যাগ

করিয়া ঈশবোপাসনায় জীবন সমর্পণ করেন। এই মন্দিরে আসিয়াই ভিনি যেমন ভনিলেন যে, একটি বালক দিনরাত ঈশবের নামে জ্ঞা বিদর্জন করিতেছে আর লোকে তাঁহাকে পাগল বলে, অমনি তাঁহার সহিত সাক্ষাৎ করিতে চাহিলেন। এই মহিলার নিকটেই বালক প্রথম সাহায়্য পাইলেন। মহিলা ভংকণাৎ বালকের হৃদয়ের অবস্থা বৃঝিতে পারিয়া বলিলেন, 'বৎস, তোমার মতো উম্মন্ততা যাহার আসিয়াছে, সে ধয়্য। সমগ্র বিশ্বই পাগল—কেহ ধনের জন্ম, কেহ হথের জন্ম, কেহ নামের জন্ম, কেহ বা অন্য কিছুর জন্ম। সেই ধন্ম, যে ঈশবের জন্ম পাগল। এইরূপ মাম্ম্য বড়ই তুর্লভা।' এই মহিলা বালকটির নিকট অনেক বৎসর থাকিয়া তাঁহাকে ভারতের বিভিন্ন ধর্মপ্রণালীয় সাধন শিখাইতে লাগিলেন, নানা প্রকার যোগসাধনায় দীক্ষিত করিলেন এবং এই বেগবতী ধর্ম-স্রোভন্মতীর গতিকে যেন পরিচালিত ও প্রণালীবন্ধ করিলেন।

কিছুদিন পরে দেখানে একজন পরম পণ্ডিত ও দর্শনশাস্ত্রবিং সন্ত্যাসী আদিলেন। তিনি ছিলেন অভ্যুত আদর্শবাদী এবং বিখাস করিতেন, প্রকৃত্ত-পক্ষে জগতের কোন অন্তিত্ব নাই; ইহা প্রমাণ করিবার জন্ম তিনি গৃহে বাস করিতেন না, রোজ্র ঝঞ্চা বর্ষায় বাহিরে থাকিতেন। তিনি এই সাধককে বেদান্ত-শিক্ষা দিতে আরম্ভ করিলেন, কিন্তু শীদ্রই দেখিয়া আশ্চর্য হইলেন যে, গুরু অপেক্ষা শিশ্ব অনেক বিষয়ে আর্ক্ষ। তিনি কয়েক মাস তাঁহার নিকট থাকিয়া তাঁহাকে সন্ত্যাস-দীক্ষা দিয়া চলিয়া গেলেন। পূর্বোক্ত সাধিকা মহিলা ইতঃপূর্বেই দক্ষিণেশর ছাড়িয়া চলিয়া গিয়াছেন। যথনই বালকের স্কংপদ্ম প্রস্কৃতিত হইতে আরম্ভ হইল, অমনি তিনি চলিয়া গেলেন। আজ তাঁহার মৃত্যু হইয়াছে অথবা তিনি এখনও জীবিত আছেন, তাহা কেহই জানে না। তিনি আর ফিরেন নাই।

মন্দিরে পূজারী থাকাকালে আমাদের আলোচ্য মহাপুক্ষের অন্তুত আচরণ দেখিয়া লোকে স্থিব করিয়াছিল, তাঁহার একট্ মাথার গোল হইয়াছে। আত্মীয়েরা তাঁহাকে দেশেলইয়া গিয়া একটি অল্পবয়স্কা বালিকার সহিত তাঁহার বিবাহ দিল—মনে করিল, ইহাতে তাঁহার মনের গতি ফিরিয়া যাইবে, মাথার গোল আর থাকিবে না। কিন্তু আমরা প্রেই দেখিয়াছি, তিনি দক্ষিণেশবে ফিরিয়া আসিয়া ভগবান্কে লইয়া আরও মাতিয়া গেলেন। অবশ্র তাঁহার থেরপ বিবাহ হইল, উহাকে ঠিক বিবাহ নাম দেওয়া যায় না। যথন দ্বী একটু বড় হয়, তথনই প্রকৃত বিবাহ হইয়া থাকে, আর এই বিবাহের পর স্বামী শভরালয়ে গিয়া লীকে নিজগৃহে লইয়া আসে—ইহাই সামাজিক প্রধা। এ ক্ষেত্রে কিন্তু স্বামী একেবারে ভূলিয়াই গিয়াছিলেন যে, তাঁহার স্বামী ধর্মে মত্ত হইয়া গিয়াছেল, এমন কি—অনেকে তাঁহাকে পাগল বলিয়াই মনে করিতেছে। তিনি দ্বির করিলেন, এ কথার সত্যতা জানিতে হইবে—তাই তিনি পল্লী হইতে বাহির হইয়া তাঁহার স্বামী যেথানে আছেন, পদরজে সেখানে গেলেন। অবশেষে যথন তিনি স্বামীর সম্বুথে গিয়া দাঁড়াইলেন, স্বামী তাঁহাকে ত্যাগ করিলেন না। যদিও ভারতে নরনারী যে-কেহ ধর্মজীবন অবলম্বন করে, তাহারই আর কাহারও সহিত্ত কোন বাধ্যবাধকতা থাকে না, তথাপি ইনি স্বীকে ত্যাগ না করিয়া তাঁহার পদতলে পতিত হইয়া বলিলেন, 'আমি জানিয়াছি, সকল নারীই আমার জননী; তবু এখন তুমি যাহা বলিবে, আমি তাহাই করিতে প্রস্তুত্ত আরিছা।'

এই বিশুদ্ধবভাবা মহায়দী মহিলা স্বামীর মনোভাব ব্রিতে পারিয়া দহাত্বভি প্রকাশ করিলেন। কালবিলম্ব না করিয়া তিনি বলিলেন, 'জোর করিয়া আপনাকে সংসারী করিবার ইচ্ছা আমার নাই, আমি কেবল নিকটে থাকিয়া আপনার সেবা করিতে চাই, আপনার নিকট সাধনভদ্ধন শিথিতে চাই।' তিনি স্বামীর একজন প্রধান অহুগতা শিক্ষা হইলেন—তাহাকে ইম্বর-জ্ঞানে ভক্তি-পূজা করিতে লাগিলেন। এইরূপে স্ত্রীর অহুমতি পাইয়া তাহার শেষ বাধা অপসারিত হইল এবং তিনি স্বাধীনভাবে নিজ মনোনীত পথে জীবন্যাপন করিতে সমর্থ হইলেন।

যাহা হউক, এইরূপে তিনি সাংসারিক বন্ধনমুক্ত হইলেন এবং সাধনাতেও অনেক অগ্রসর হইয়াছিলেন। এক্ষণে প্রথমেই তাঁহার হৃদয়ে এই আকাজ্রদা আত হইল—কিভাবে তিনি সম্পূর্ণরূপে অভিমান-বিবর্ধিত হইবেন, 'আমি আহ্বন, ও শৃত্র' বলিয়া নিজের যে জাতাভিমান আছে, কিরূপে তাহা সমূলে উৎপাটিত করিবেন, কিভাবে তিনি অতি হীনতম জাতির সঙ্গে পর্যন্ত নিজের সমত্ব বোধ করিবেন। আমাদের দেশে যে জাতিভেদ-প্রথা আছে, তাহাতে বিভিন্ন মানবের মধ্যে পদম্যাদার ভেদ স্থির ও চিরনির্দিষ্ট

হইয়া থাকে। অন্মবশেই প্রত্যেক ব্যক্তি বিশেষ সামাজিক মর্যাদা লাভ করে, আর যতদিন না সে কোন গুরুতর অন্তায় কর্ম করে, ততদিন সেই মর্যাদা হইতে বঞ্চিত হয় না। জাতিসমূহের মধ্যে ব্রাহ্মণ সর্বোচ্চ এবং মেধর বা চণ্ডাল সর্বনিম্ন। স্থতরাং যাহাতে নিজেকে কাহারও অপেক্ষা শ্রেষ্ঠ বলিয়া ছভিমান না থাকে, এই কারণে এই বাহ্মণসন্তান মেথরের কাজ করিয়া তাহার সহিত নিজের অভেদ-বৃদ্ধি আনিবার চেষ্টা করিতে লাগিলেন। মেধবের কাব্দ বাস্তা সাফ করা, ময়লা সাফ করা—কেহই তাহাকে স্পর্শ করে না। এইভাবে মেধরের প্রতিও যাহাতে তাঁহার দ্বণাবৃদ্ধি না ধাকে, এই উদ্দেশ্তে তিনি গভীর রাত্রে উঠিয়া তাহাদের ঝাড়ু ও অন্যান্ত যন্ত্র লইয়া মন্দিবের নর্দমা, পারখানা প্রভৃতি নিজহন্তে পরিষ্কার করিতেন এবং পরে নিজ দীর্ঘকেশ হারা সেই স্থান মৃছিয়া দিতেন। তুরু যে এইরূপেই তিনি দীনতা স্বীকার করিতেন, তাহা নহে; মন্দিরে প্রত্যহ অনেক ভিক্ষৃককে প্রসাদ দেওয়া হইত—তাহাদের মধ্যে আবার অনেক ম্নলমান, পতিত ও ত্বশ্চবিত্র ব্যক্তিও থাকিত। তিনি সেই-সব কাঙালীদের থাওয়া হইলে তাহাদের পাতা উঠাইতেন, তাহাদের ভুক্তাবশিষ্ট জড় করিতেন, তাহা হইতে স্বয়ং কিছু গ্রহণ করিয়া অবশেষে ঘেখানে এইরূপ দকল শ্রেণীর ও অবস্থার লোক বসিয়া খাইয়াছে, সেই স্থান পরিষ্কার করিতেন। আপনারা এই শেষোক্ত ব্যাপারটিতে যে কি অসাধারণত আছে, ইহা ছারা বিশেষ কি উদ্দেশ্য সিদ্ধ হইল, তাহা ব্ঝিতে পারিবেন না, কিন্তু ভারতে আমাদের নিকট ইহা বড়ই অন্তুত ও নিঃমার্থ কান্ধ বলিয়া বোধ হয়। এই উচ্ছিষ্ট পরিষ্কার করার কান্ধ নীচ অস্পৃশ্য জাতিরাই কবিয়া থাকে। তাহারা কোন শহরে প্রবেশ করিলে নি**জের জা**তির পরিচয় দিয়া লোককে সাবধান করিয়া দেয়—যাহাতে তাহারা ভাহাদের স্পর্শদোষ হইতে মৃক্ত থাকিতে পারে। প্রাচীন শ্বতিগ্রম্থে লিখিত আছে, যদি রাহ্মণ হঠাৎ এইর বনীচজাতির ম্থ দেথিয়া ফেলে, তবে তাহাকে সারাদিন উপবাসী ধাকিয়া একসহন্দ্র গায়ত্রী ঋপ করিতে হইবে। এই-সকল শান্ত্রীয় নিষেধবাক্য দত্তেও এই ব্রাহ্মণোত্তম যে-স্থানে বদিয়া নীচঞ্চাতিরা আহার করে, সে-স্থান পরিকার করিতেন, তাহাদের ভূক্তাবশেষ ভগবংপ্রসাদজ্ঞানে গ্রহণ করিতেন। শুধু কি তাই, রাত্তে গোপনে উঠিয়া ময়লা পরিকার করিয়া অস্পৃশুদের সহিত আপনার সমত্ব বোধ করিবার চেষ্টা করিতেন। তাঁহার এই ভাব ছিল:

আমি যে যথার্থ ই সমগ্র মানবজাতির দেবক হইয়াছি, ইহা প্রমাণ করিবার জন্ত আমাকে তোমার বাড়ির ঝাড়ুদার হইতে হইবে!

তারপর তাঁহার অন্তরে এই প্রবল আকাজ্ঞা জাগিল যে, বিভিন্ন ধর্ম-প্রণালীতে কি সত্য আছে, তাহা জানিবেন। এ পর্যস্ত নিষ্ণের ধর্ম ব্যতীত আর কিছু জানিতেন না। এখন তাঁহার বাদনা হইল, অন্তান্ত ধর্ম কিরূপ, তাহা জানিবেন। আর ডিনি যাহা কিছু করিতেন, তাহাই দর্বাস্তঃ-করণে অমুষ্ঠান করিতেন। স্থতরাং তিনি অক্সান্ত ধর্মের গুরু সন্ধান করিতে লাগিলেন। গুরু বলিতে ভারতে আমবা কি বুঝি, এটি দর্বদা শারণ বাখিতে হইবে। গুরু বলিতে 📆 গ্রন্থকীট বুঝায় না; তিনিই গুরু, যিনি প্রত্যক্ষ উপলব্ধি করিয়াছেন, যিনি সত্যকে সাক্ষাৎ জানিয়াছেন—অপর কাহারও নিকট ভনিয়া নহে। একজন মৃদলমান সাধুকে পাইয়া তাঁহার প্রদর্শিত শাধনপ্রণালী অহুসারে তিনি শাধন করিতে লাগিলেন। তিনি ম্বলমানদিগের মতো পোশাক পরিতে লাগিলেন, মৃদলমানদিগের শান্তাত্মযায়ী সমৃদয় অত্ষ্ঠান করিতে লাগিলেন, দেই সময়ের জন্ম তিনি ইসলাম-ভাবাপন্ন হইয়া গেলেন। আর তিনি দেখিয়া আশ্চর্য হইলেন যে, এই-সকল সাধনপ্রণালীর অনুষ্ঠানও তাঁহাকে তাঁহার পূর্ব-উপনীত অবস্থাতেই পৌছাইয়া দেয়। তিনি যীশুঞ্জীষ্টের সত্যধর্মের অনুসরণ করিয়াও একই ফল লাভ করিলেন। তিনি যে-কোন ধর্মসম্প্রদায়ের সাধককে পাইতেন, তাঁহারই নিকট শিক্ষা কবিয়া তাঁহার সাধন-প্রণালী সাধন করিয়াছিলেন; আর তিনি যথন যে প্রণালীতে সাধন করিতেন, সর্বাস্তঃকরণে তাহার অষ্ঠান করিতেন। ভিন্ন ভিন্ন সম্প্রদায়ের গুরুগণ তাঁহাকে যেমন যেমন করিতে বলিতেন, তিনি যথায়থ অহুষ্ঠান করিতেন, আর সকল ক্ষেত্রেই তিনি একই প্রকার ফল লাভ করিতেন। এইভাবে নিচ্ছে প্রত্যক্ষ করিয়া তিনি জানিতে পারিলেন যে, প্রত্যেক ধর্মেরই উদ্দেশ্য এক, সকলেই সেই একই বস্তু শিক্ষা দিতেছে—প্রভেদ প্রধানতঃ সাধনপ্রণালীতে, আরও অধিক প্রভেদ ভাষায়। মূলতঃ সকল সম্প্রদায় ও সকল ধর্মেরই উদ্দেশ্য এক।

তারপর তাঁহার দৃঢ় ধারণা হইল, সিদ্ধিলাভ করিতে হইলে একেবারে জী-পুরুষ-ভেদজ্ঞান-বর্জিত হওয়া প্রয়োজন; কারণ আত্মার কোন লিঙ্গ নাই; আত্মা পুরুষও নহেন, জীও নহেন। লিঙ্গভেদ কেবল দেহেই বিভয়ান, আর যিনি সেই আত্মাকে লাভ করিতে ইচ্ছা করেন, তাঁহার এই ভেদবৃদ্ধি থাকিলে চলিবে না। তিনি পুরুষদেহধারী, অতএব এক্ষণে তিনি সর্ব-বিষয়ে স্বীভাব আনিবার চেষ্টা করিতে লাগিলেন, তিনি নিজেকে নারী বলিয়া ভাবিতে লাগিলেন, স্বীলোকের ক্রায় বেশ ধারণ করিলেন, স্বীলোকের ক্রায় কথাবার্তা বলিতে লাগিলেন, পুরুষের কাজ দব ছাড়িয়া দিলেন, নিজ পরিবারন্থ নারীদের মধ্যে বাস করিতে লাগিলেন—এইরূপে অনেক বর্ধ ধরিয়া সাধন করিতে করিতে তাঁহার মন পরিবর্তিত হইয়া গেল, তাঁহার স্বী-পুরুষ-ভেদ-জ্ঞান একেবারে দ্র হইয়া গেল, সঙ্গে কামের বীজ পর্যন্ত দ্য় হইয়া গেল—তাঁহার জীবনের দৃষ্টিভঙ্গি সম্পূর্ণরূপে পরিবর্তিত হইয়া গেল।

আমরা পাশ্চাত্য দেশে নারীপ্জার কথা শুনিয়া থাকি, কিন্তু সাধারণতঃ এই পূজা নারীর সৌন্দর্য ও যৌবনের পূজা। ইনি কিন্তু নারীপূজা বলিতে ব্ৰিতেন—মা আনলময়ীর পূজা। সকল নারীই সেই আনলময়ী মা বাতীত অক্ত কিছু নহেন। আমি নিজে দেথিয়াছি, সমাজ যাহাদিগকে ম্পর্শ করে না—এরপ স্বীলোকদিগের সমূথে তিনি করজোড়ে দাঁড়াইয়া বহিয়াছেন, শেষে কাঁদিতে কাঁদিতে তাহাদের পদতলে পতিত হইয়া অর্ধ-বাহুশ্য অবস্থায় বলিতেছেন, 'মা, একরূপে তুমি বাস্তায় দাঁড়াইয়া বৃহিয়াছ, আর একরণে তুমি এই জগৎ হইরাছ। আমি তোমাকে বারবার প্রণাম করি।' ভাবিয়া দেখ, সেই ব্যক্তির জীবন কিরূপ ধন্ত, যাঁহার অস্তর হইতে দর্ববিধ পশুভাব চলিয়া গিয়াছে, যিনি প্রত্যেক নারীকে ভক্তিভাবে দর্শন করেন, বাঁহার নিকট সকল নারীর মৃথ অন্ত রূপ ধারণ করিয়াছে, কেবল শেই আনন্দমন্ত্রী অগন্মাতার মৃথ তাহাতে প্রতিবিধিত হইতেছে। ইহাই ষামাদের প্রয়োজন। ভোমরা কি বলিতে চাও, নারীর মধ্যে যে দেবও বহিয়াছে, তাহাকে প্রতারণা করা যায়? তাহা কখনও হয় নাই, হইতেও পারে না। জ্ঞাতদারে বা অজ্ঞাতদারে উহা দর্বদাই আত্মপ্রকাশ করিতে চেষ্টা করিতেছে। উহা অব্যর্থভাবেই সমৃদম্ব প্রবঞ্চনা ও কপটতা ধরিয়া ফেলে, উহা অভ্রান্তভাবে সত্যের তেঙ্গ, আধ্যাত্মিকতার আলোক ও পবিত্রতার শক্তি উপলব্ধি করিয়া থাকে। যদি প্রস্কৃত ধর্মলাভ করিতে হয়, তবে এইরূপ পৰিব্ৰভাই সৰ্বভোভাবে আবশ্বক।

এই ব্যক্তি এইরূপ কঠোর নিম্বন্ধ পবিত্রতা লাভ করিলেন। আমাদের জীবনে যে-সকল প্রতিমন্দ্রী ভাবের দহিত সংঘর্ষ রহিয়াছে, তাঁহার পক্ষে আর তাহা বহিল না। তিনি অতি কটে আধ্যাত্মিক বত্নসমূহ দঞ্য কবিয়া মানব-জাতিকে দিবার জন্ম প্রস্তুত হইলেন, তথন তাঁহার ঈশর-নির্দিষ্ট কার্য আরম্ভ হইল। তাঁহার প্রচারকার্য ও উপদেশদান আশ্চর্য ধরনের। আমাদের দেশে আচার্যের থুব দখান, তাঁহাকে দাক্ষাৎ ঈথব জ্ঞান করা হয়। গুরুকে যেরপ সম্মান দেওয়া হয়, পিভামাতাকেও আমরা সেরপ সম্মান করি না। পিতামাতা হইতে আমবা দেহ পাইয়াছি, কিন্তু গুরু আমাদিগকে ম্ক্তির পথ প্রদর্শন করেন; আমরা তাঁহার সম্ভান, তাঁহার মানসপুত্র। কোন অসাধারণ আচার্যের অভ্যুদয় হইলে দকল হিন্টু তাঁহাকে দখান প্রদর্শন করিতে আদে, দলে দলে লোক তাঁহাকে ঘিরিয়া বিষয়া থাকে। কিন্ত লোকে এই আচার্যবরকে সমান করিল কি না, এ বিষয়ে তাঁহার কোন থেয়ালই ছিল না, তিনি যে একজন শ্রেষ্ঠ আচার্য, ভাহা তিনি নিজেই জানিতেন না। তিনি জানিতেন-মা-ই দ্ব করিতেছেন, ডিনি কিছুই নহেন। তিনি দর্বদাই বলিতেন, 'যদি আমার মৃথ দিয়া কোন ভাল কথা বাহির হয়, তাহা আমার মায়ের কথা, আমার ভাহাতে কোন গৌরর নাই।' তিনি তাঁহার নিষ্ণ প্রচার-কার্য সম্বন্ধে এইরূপ ধারণা পোষণ করিতেন এবং মৃত্যুর দিন পর্যস্ত এ ধারণা ভাগি করেন নাই।

আমরা দেখিয়াছি, সংস্থারক ও সমালোচকদের কার্যপ্রণালী কিরূপ।
তাঁহারা কেবল অপরের দোব দেখান, সব ভাঙিয়া-চ্রিমা কেলিয়া নিজেদের
কল্পিত ন্তন ভাবে ন্তন করিয়া গড়িতে যান। আমরা সকলেই নিজ নিজ
মনোমত এক-একটা কল্পনা লইয়া বিসরা আছি। তৃংখের বিষয়, কেহই তাহা
কার্যে পরিণত করিতে প্রস্তুত নহে, কারণ সকলেই আমাদের মতো উপদেশ
দিতে প্রস্তুত। তাঁহার কিন্তু সেই ভাব ছিল না, তিনি কাহাকেও ডাকিতে
যাইতেন না। তাঁহার এই ম্লয়ল্প ছিল—প্রথমে চরিত্র গঠন কর, প্রথমে
আধ্যাত্মিক ভাব অর্জন কর, ফল আপনি আসিবে। তাঁহার প্রিয়
দৃষ্টান্ত ছিল: য়খন পদ্ম ফোটে, তখন ভ্রমর নিজে নিজেই মধু খুঁজিতে
আদে। এইরূপে যখন ভোমার হৎপদ্ম ফুটিবে, তখন শত শত লোক
তোমার নিকট শিক্ষা লইতে আসিবে।—এইটি জীবনের এক মহা শিক্ষা।

মদীয় আচার্যদেব আমাকে শত শতবার এই শিক্ষা দিয়াছেন, তথাপি আমি প্রায়ই ইহা ভুলিয়া যাই। খুব কম লোকেই চিস্তার অভূত শক্তি বুঝিতে পারে। যদি কোন ব্যক্তি গুহায় বসিয়া উহার প্রবেশ দার রুদ্ধ কবিয়া একটিমাত্র প্রকৃত মহৎ চিন্তা করিয়া প্রাণত্যাগ করে, মেই চিস্তা মেই গুহার প্রাচীর ভেদ করিয়া সমগ্র আকাশে বিচরণ করিবে, পরিশেষে সমগ্র মানবজাতির হৃদয়ে ঐ ভাব সংক্রামিত হইবে। চিস্তার এইরূপ অভূত শক্তি। অতএব ভোমার ভাব অপরকে দিবার জন্ম ব্যস্ত হইও না। প্রথমে দিবার মতো কিছু সঞ্চয় কর। তিনিই প্রকৃত শিক্ষা দিতে পারেন, যাঁহার দিবার কিছু আছে; কাৰণ শিক্ষাপ্ৰদান বলিতে কেবল কথা বলা বুঝায় না, উহা কেবল মতামত বুঝানো নহে; শিক্ষাপ্রদান বলিতে বুঝায় ভাব-সঞ্চার। যেমন আমি ভোমাকে একটি ফুল দিতে পারি, তদপেক্ষা অধিকতর প্রত্যক্ষভাবে ধর্মও দেওয়া যাইতে পারে। ইহা কবিত্বের ভাষায় বলিতেছি না, অক্তরে অক্ষরে সত্য। ভারতে এই ভাব অতি প্রা<mark>চীনকাল হ</mark>ইতে বিল্লমান, আর পাশ্চাত্য দেশে যে 'প্রেরিডগণের গুরুশিশ্বপরম্পরা' (Apostolic succession) মত প্রচলিত আছে, তাহাতেই ইহার দৃষ্টান্ত পাওয়া যায়। অতএব প্রথমে চরিত্র গঠন কর—এইটিই তোমার প্রথম কর্তব্য। আগে সত্য কি—তাহা নি**জে** জানো, পরে অনেকে তোমার নিকট শিথিবে, তাহারা তোমার নিকট আদিবে। আমার গুরুদেবের মনোভাব এইরূপই ছিল, তিনি কাহারও সমালোচনা করিতেন না।

বংসরের পর বংসর দিবারাত্র আমি এই ব্যক্তির সহিত বাস করিয়াছি, কিন্তু কথন ভনি নাই, তাঁহার জিহ্বা কোন সম্প্রদায়ের নিন্দাস্চক বাকা উচ্চারণ করিয়াছে। সকল সম্প্রদায়ের প্রতিই তিনি সমভাবে সহায়ভূতিসম্পন্ন ছিলেন। তিনি সম্প্রদায়গুলির মধ্যে সামঞ্জন্ত দেখিয়াছিলেন। মাত্রয—হয় জ্ঞানপ্রবণ, না হয় ভক্তিপ্রবণ, না হয় যোগপ্রবণ, না হয় কর্মপ্রবণ হইয়া থাকে। বিভিন্ন ধর্মসমূহে এই বিভিন্ন ভাবসমূহের কোন-না-কোনটির প্রাধান্ত দৃষ্ট হয়। তথাপি একই ব্যক্তিতে এই চারিটি ভাবের বিকাশই সম্ভব এবং ভবিশ্বৎ মানব ইহা করিতে দমর্থ হইবে, ইহাই তাঁহার ধারণা ছিল। তিনি কাহারও দোষ দেখিতেন না, সকলের মধ্যেই ভাল দেখিতেন। আমার বেশ মনে আছে, একদিন এক ব্যক্তি ভারতীয় কোন সম্প্রদায়ের নিন্দা করিতেছেন, এই

সম্প্রদায়ের আচার-অন্নষ্ঠান নীতিবিগর্হিত বলিয়া বিবেচিত। তিনি কিন্তু তাহাদেরও নিন্দা করিতে প্রস্তুত্ত নহেন—স্থিরভাবে কেবল মাত্র বলিলেন, কেউ বা সদর দরঙ্গা দিয়ে বাড়িতে ঢোকে, কেউ বা আবার পায়খানার দোর দিয়ে চুকতে পারে। এদের মধ্যেও ভাল লোক থাকতে পারে। আমাদের কাকেও নিন্দা করা উচিত নয়।' তাঁহার দৃষ্টি সংস্কারশৃত্ত ও নির্মল হইয়া গিয়াছিল। প্রত্যেক সম্প্রদায়ের বিভিন্ন ভাব, তাহাদের ভিতরের কথাটা তিনি সহজেই ধরিতে পারিতেন। তিনি নিজ্ন অন্তরের মধ্যে এই-সকল বিভিন্ন ভাব একত্র করিয়া সামগ্রস্ত করিতে পারিতেন।

দহস্র সহস্র ব্যক্তি এই অপূর্ব মাত্র্ষটিকে দেখিতে এবং সরল গ্রাম্য ভাষায় তাঁহার উপদেশ শুনিতে আসিতে লাগিল। তাঁহার প্রত্যেকটি কথায় একটা শক্তি মাথানো থাকিত, প্রত্যেক কথাই হদয়ের তমোরাশি দ্ব করিয়া দিত। কথায় কিছু নাই, ভাষাতেও কিছু নাই; যে ব্যক্তি সেই কথা বলিতেছেন, তাঁহার দত্তা—তিনি যাহা বলেন তাহাতে জড়াইয়া থাকে, তাই কথার জোর হয়। আমরা দকলে দময়ে দময়ে ইহা অন্তব করি। আমরা খুব বড় বড় বক্তৃতা গুনিয়া থাকি, অনেক স্বযুক্তিপূর্ণ প্রসঙ্গ শুনিয়া থাকি, তারপর বাড়ি গিয়া সব ভুলিয়া ঘাই। আবার অত্য সময়ে হয়তো অতি দরল ভাষায় হই-চারিটি কথা গুনিলাম—দেগুলি আমাদের প্রাণে এমন লাগিল যে, সারা জীবনের জন্ম সেই কথাগুলি আমাদের হৃদয়ে গাঁথিয়া গেল, আমাদের অঙ্গীভূত হইয়া গেল, স্থায়ী ফল প্রসব করিল। যে ব্যক্তি নিজের কথাগুলিতে নিজ সন্তা, নিজ জীবন প্রদান করিতে পারেন, তাঁহারই কথায় ফল হয়, কিন্তু তাঁহার মহাশক্তিসম্পন্ন হওয়া আবিশ্রক। দর্বপ্রকার শিক্ষার অর্থই আদান-প্রদান—আচার্য দিবেন, শিষ্ম গ্রহণ করিবেন। কিন্তু আচার্যের কিছু দিবার বস্তু থাকা চাই, শিস্তোরও গ্রহণ করিবার জন্ম প্রস্ত হওয়া চাই।

এই ব্যক্তি ভারতের রাজধানী '—আমাদের দেশে শিক্ষার প্রধান কেন্দ্র, যেথান হইতে প্রতি বৎসর শত শত সন্দেহবাদী ও জড়বাদীর স্থাষ্ট হইতেছিল, সেই কলিকাতার নিকট বাদ করিতে লাগিলেন, কিন্তু অনেক

১ তথন কলিকাতা ভারতের রা**লধানী ছিল**।

বিশ্ববিভালয়ের উপাধিধারী, অনেক সন্দেহবাদী, অনেক নান্তিক তাঁহার নিকট আসিয়া তাঁহার কথা ভনিতেন।

আমি বাল্যকাল হইতেই সভ্যের সন্ধান করিতাম, বিভিন্ন ধর্মসম্প্রাদায়ের সভায় যাইতাম। যথন দেখিতাম, কোন ধর্মপ্রচারক বক্তৃতা-মঞ্চে দাঁড়াইয়া অতি মনোহর উপদেশ দিতেছেন, তাঁহার বক্তৃতার শেষে তাঁহার নিকট গিয়া জিজ্ঞাদা করিতাম, 'এই যে-দব কথা বলিলেন, তাহা কি আপনি প্রত্যক্ষ উপলব্ধি ধারা জানিয়াছেন, অথবা উহা কেবল আপনার বিখাদমাত্র? ধর্মতত্ত্ব সম্বন্ধে আপনি নিশ্চিতরূপে কি কিছু জানিয়াছেন ?' তাঁহারা উত্তরে বলিতেন, 'এ-দকল আমার মত ও বিখাদ।' অনেককে আমি এই প্রশ্ন করিতাম, 'আপনি কি ঈশ্বর দর্শন করিয়াছেন ?' কিন্তু তাঁহাদের উত্তর গুনিয়া ও তাঁহাদের ভাব দেখিয়া আমি দিছান্ত করিলাম যে, তাঁহারা ধর্মের নামে লোক ঠকাইতেছেন মাত্র। এখানে ভগবান্ শহরাচার্যের একটি কথা আমার মনে পড়িতেছে: বিভিন্ন প্রকার বাক্যযোজনার রীতি, শাস্বব্যাথায়ের কৌশল পণ্ডিতিদিগের ভোগের জন্ত ; উহা ধারা কথনও মুক্তি হইতে পারে না।'

এইরপে আমি ক্রমশ: নান্তিক হইয়া পড়িতেছিলাম, এমন সময়ে এই আধ্যান্থিক জ্যোতিঙ্ক আমার ভাগাগগনে উদিত হইলেন। আমি এই ব্যক্তির কথা শুনিয়া তাঁহাকে দর্শন করিতে গেলাম। তাঁহাকে একজন সাধারণ লোকের মতো বোধ হইল, কিছু অসাধারণত্ব দেখিলাম না। অতি সরল ভাষায় তিনি কথা কহিতেছিলেন, আমি ভাবিলাম, এ ব্যক্তি কি একজন বড় ধর্মাচার্য হইতে পারেন? আমি সারা জীবন অপরকে যাহা জিজ্ঞাসা করিয়াছি, তাঁহার নিকট গিয়া তাঁহাকেও সেই প্রশ্ন জিজ্ঞাসা করিলাম, 'মহাশয়, আপনি কি ঈশ্বর বিশ্বাস করেন?' তিনি উত্তর দিলেন—'হা।' 'মহাশয়, আপনি কি তাঁহার অন্তিত্বের প্রমাণ দিতে পারেন?' 'হা।' 'কি প্রমাণ?' 'আমি তোমাকে যেমন আমার সমূথে দেখিতেছি, তাঁহাকেও ঠিক সেইরূপ দেখি, বরং আরও স্পাইতর, আরও উজ্জ্লগতররূপে দেখি।' আমি একেবারে মৃগ্র হইলাম। এই প্রথম আমি এমন একজনকে দেখিলাম, যিনি সাহস করিয়া বলিতে পারেন 'আমি ঈশ্বর দেখিয়াছি, ধর্ম সত্যা, উহা

বাগ বৈধরী শন্ধরী শাস্ত্রব্যাঝানকৌশলম্।
 বৈগুলং বিদ্ববাং তথভুক্তরে ন তু মৃক্তরে । —বিবেকচ্ডামণি

অমুভব করা যাইতে পারে—আমরা এই জগৎ যেমন প্রতাক্ষ করিতে পারি, তাহা অপেক্ষা ঈশ্বরকে অনস্কপ্তণ স্পষ্টরূপে প্রতাক্ষ করা যাইতে পারে।' ইহা একটা তামাসার কথা নয়, বা মানুষের তৈরী কোন গর নয়, ইহা বাস্তবিক সতা। আমি দিনের পর দিন এই ব্যক্তির নিকট যাইতে লাগিলাম। অবশ্য সকল কথা আমি এখন বলিতে পারি না, তবে এইটুকু বলিতে পারি—ধর্ম যে দেওয়া যাইতে পারে, তাহা আমি বাস্তবিক প্রতাক্ষ করিলাম। একবার স্পর্শে, একবার দৃষ্টিতে একটা সমগ্র জীবন পরিবর্তিত হইতে পারে। আমি এইরূপ ব্যাপার বারবার হইতে দেখিয়াছি।

বুদ্ধ, এছি, মহমদ ও প্রাচীনকালের বিভিন্ন মহাপুরুষের বিষয় পাঠ করিয়াছিলাম: তাঁহারা উঠিয়া বলিলেন—স্বস্থ হও, আর দে বাজি স্বস্থ হুইয়া গেল। দেখিলাম, ইহা সতা; আর যখন আমি এই ব্যক্তিকে দেখিলাম, আমার দকল দলেহ দ্র হইয়া গেল। ধর্ম দান করা সম্ভব, আর মদীয় আচার্যদেব বলিতেন, 'জগতের অন্যান্ত জিনিস ঘেমন দেওয়া-নেওয়া যায়, ধর্ম উদপেক্ষা অধিকতত্ব প্রত্যক্ষভাবে দেওয়া-নেওয়া যাইতে পারে।' অতএব আগে ধার্মিক হও, দিবার মতো কিছু অর্জন কর, তারপর জগতের সম্মুখে দাঁড়াইয়া তাহা বিতরণ কর। ধর্ম বাক্যাড়ম্বর নহে, মতবাদবিশেষ নহে, অথবা শাম্প্রদায়িকতা নহে। শম্প্রদায়ে বা সমিতির মধ্যে ধর্ম আবদ্ধ থাকিতে পারে না। ধর্ম আত্মার সহিত পরমাত্মার সম্বন্ধ লইয়া। ধর্ম কিরূপে সমিতিতে পরিণত হইবে? কোন ধর্ম কি কথন সমিতি দারা প্রচারিত হইয়াছে? ঐরপ করিলে ধর্ম ব্যবসাদারিতে পরিণত হয়, আর যেথানে এইরপ ব্যবসাদারি ঢোকে, সেথানেই ধর্ম লোপ পায়। এশিয়াই সকল ধর্মের প্রাচীন জন্মভূমি। এমন একটিও ধর্মের নাম কর, যাছা সংগঠিত দলের দারা প্রচারিত হইয়াছে। এরপ একটিবও নাম তৃমি করিতে পারিবে না। ইওরোপই এই উপায়ে ধর্মপ্রচারের চেষ্টা করিয়াছিল, আর দেইজ্বতই ইওরোপ এশিয়ার মতো সমগ্র জগৎকে আধ্যাত্মিক ভাবে কথনই প্রভাবিত করিতে পারে নাই। কতকগুলি ভোটের সংখ্যাধিক্য হইলেই কি মাহ্ব অধিক ধার্মিক হইবে, অধবা উহার সংখ্যাল্লতায় কম ধার্মিক হইবে? মন্দির বা চার্চ নির্মাণ অথবা সমবেত উপাসনায় ধর্ম হয় না; কোন গ্রন্থে, বচনে, অহুষ্ঠানে বা সমিতিতেও ধর্ম পাওয়া যায় না; ধর্মের আসল কথা—

অপরোক্ষান্তভৃতি। স্থার আমরা দকলেই দেখিতেছি—যতক্ষণ না দত্যকে দানা যার, ততক্ষণ কিছুতেই তৃপ্তি হয় না। আমরা যতই তর্ক করি না কেন, যতই উপদেশ শুনি না কেন, কেবল একটি জিনিসেই আমাদের তৃপ্তি হইতে পারে—দেটি আমাদের নিজেদের প্রত্যক্ষান্তভূতি; আর এই প্রত্যক্ষান্তভূতি দকলের পক্ষেই সম্ভব, কেবল উহা লাভ করিবার জন্ম চেষ্টা করিতে হইবে। এইরূপে ধর্মকে প্রত্যক্ষ অন্থভব করিবার প্রথম দোপান—ত্যাগ। যতদূর সাধ্য ত্যাগ করিতে হইবে। অন্ধকার ও আলোক, বিষয়ানন্দ ও ব্রহ্মানন্দ—তুই-ই কথনও একদঙ্গে অবস্থান করিতে পারে না। 'তোমরা ঈশ্বর ও ধনদেবতার দেবা শুকসঙ্গে করিতে পার না।'

আমার গুরুদেবের নিকট আমি আর একটি বিশেষ প্রয়োজনীয় বিষয়— একটি অভুত সত্য শিক্ষা করিয়াছি; ইহাই আমার বিশেষ প্রয়োজনীয় বলিয়া বোধ হয় যে, জগতের ধর্মসমূহ পরস্পর-বিরোধী নহে। এগুলি এক সনাতন ধর্মেরই বিভিন্ন ভাবমাত্র। এক সনাতন ধর্ম চিরকাল ধরিয়া ৰহিয়াছে, চিবকালই থাকিবে, আৰ এই ধৰ্মই বিভিন্ন দেশে, বিভিন্ন ভাবে প্রকাশিত হইতেছে। অতএব আমাদের সকল ধর্মকে সম্মান করিতে হইবে, আর যতদূর সম্ভব সবগুলিকে গ্রহণ করিবার চেষ্টা করিতে হইবে। কেবল যে বিভিন্ন জাতি ও বিভিন্ন দেশ অমুদাবে ধর্ম বিভিন্ন হয়, তাহা নহে; ব্যক্তি হিসাবেও উহা বিভিন্ন ভাব ধারণ করে। কোন ব্যক্তির ভিতর ধর্ম ভীত্র কর্ম-রূপে প্রকাশিত, কাহারও ভিডর গভীর ভক্তি-রূপে, কাহারও ভিতর যোগ-রূপে, কাহারও ভিতর বা জ্ঞান-রূপে প্রকাশিত। তুমি যে পথে যাইতেছ, তাহা ঠিক নহে-এ কথা বলা ভূল। এইটি করিতে হইবে, এই মূল রহস্রটি শিথিতে হইবে: সভ্য একও বটে, বহুও বটে। বিভিন্ন দিক দিয়া দেখিলে একই মত্যকে আমরা বিভিন্নভাবে দেখিতে পারি। তাহা হইলেই কাহারও প্রতি বিরোধ পোষণ না করিয়া সকলের প্রতি আমরা অনস্ত সহাত্ত্তিসপার হইব। যডদিন পৃথিবীতে বিভিন্ন প্রকৃতির মাত্রৰ জন্মগ্রহণ করিতেছে, ততদিন এক আধ্যাত্মিক সত্যই বিভিন্ন ছাঁচে ঢালিয়া লইতে হইবে; এইটি বৃঝিলে অবশ্রই জামরা পরস্পরের বিভিন্নতা সত্ত্বেও পরস্পরের প্রতি

> वाहरवन

শহাহভূতি প্রকাশ করিতে সমর্থ হইব। যেমন প্রকৃতি বলিতে 'বহুত্বে এক্ত্ব' বুঝায়, ব্যাবহারিক জগতে জনস্ত ভেদ থাকা সত্ত্বেও যেমন সেই সমুদয় ভেদের পশ্চাতে অনস্ত অপরিণামী নিরপেক্ষ একত্ব রহিয়াছে, প্রত্যেক ব্যক্তি সম্বন্ধেও তদ্রপ। আর ব্যষ্টি—কুদ্রাকারে সমষ্টির পুনরাবৃত্তি মাত্র। এই সমুদয় जिम मरच छ देशांस्वरे मर्पा व्यन्छ এक विवाधमान-हेशरे वामामिगरक ষীকার করিতে হইবে। অন্তান্ত ভাব অপেক্ষা এই ভাবটি আন্নকাল বিশেষ প্রয়োজন বলিয়া আমার বোধ হয়। আমি এমন এক দেশের মাহুষ যেথানে ধর্মসম্প্রদায়ের অস্ত নাই; আর হুর্ভাগ্যবশতই হউক বা গৌভাগ্যবশতই হউক, যে-কোন ব্যক্তি ধর্ম লইয়া একটু নাড়াচাড়া করে, সে-ই একজন প্রতিনিধি দে-দেশে পাঠাইতে চায়: এমন দেশে জিনায়ছি বলিয়া অতি বালাকাল হইতেই জগতের বিভিন্ন ধর্মসম্প্রদায়গুলির সহিত আমি পরিচিত। এমন কি, 'মর্যনেরা' (Mormons) পর্যন্ত ভারতে ধর্মপ্রচাব করিতে আদিয়াছিল। আহক সকলে; সেই তো ধর্মপ্রচায়ের স্থান। অক্তান্ত দেশ অপেক্ষা সেখানেই ধর্মভাব অধিক বদ্ধমূল হয়। তোমরা আদিয়া হিন্দিগকে যদি রাজনীতি শিখাইতে চাও, তাহারা বুঝিবে না, কিন্তু যদি তুমি আদিয়া ধর্মপ্রচার কর, —উহা যতই কিন্তৃত্তিমাকার ধরনের হউক না কেন, অল্পকাশের মধ্যেই সহস্র শহম লোক তোমার অমুদরণ করিবে; খার জীবংকালেই দাক্ষাং ভগবানরূপে পৃঞ্চিত হইবার তোমার ঘথেষ্ট সম্ভাবনা। ইহাতে আমি আনন্দই বোধ করি, কারণ ভারতে আমরা এই একটি বস্তুই চাহিয়া থাকি। হিন্দের মধ্যে নানাবিধ সম্প্রদায় আছে, তাহাদের সংখ্যাও অনেক, আবার কতকগুলি শাপাততঃ এত বিকৃদ্ধ বলিয়া বোধ হয় যে, তাহাদের মিলিবার যেন কোন ভিত্তিই খ্ঁজিয়া পাওয়া যায় না। তথাপি সকলেই বলিবে, ভাহারা এক ধর্মেরই বিভিন্ন প্রকাশ মাত্র।

'যেমন বিভিন্ন নদী বিভিন্ন পর্বতে উৎপন্ন হইয়া, ঝজু কুটিল নানা পথে প্রবাহিত হইয়া অবশেষে সমূদ্রে আদিয়া মিলিয়া যায়, তেমনি বিভিন্ন

১ ১৮৩০ খ্রীঃ আমেরিকার যুক্তরাষ্ট্রে জোনেফ শ্বিথ নামক জনৈক ব্যক্তি এই সম্প্রদায় স্থাপন করেন। ইহারা বাইবেলে একটি নৃতন অধ্যায় সন্নিবেশিত করিয়াছেন, আলৌকিক ক্রিয়া করিতে পারেন বলিয়া দাবি করেন এবং পাশ্চাতা সমাজের রীতিবিক্স বহুবিথাইপ্রথার পক্ষপাতী।

দম্প্রদারের ভাব বিভিন্ন হইলেও দকলেই অবশেবে ভোমার নিকট আসিয়া উপস্থিত হয়।[>] ইহা শুধু একটা মতবাদ নহে, ইহা কাৰ্যতঃ স্বীকার করিতে হইবে; তবে আমরা সচথাচর যেমন দেখিতে পাই, কেহ কেহ অনুগ্রহ কৰিয়া বলেন, 'অপৰ ধৰ্মে কিছু সভ্য আছে, হাঁ, হাঁ, এতে কভকগুলি বড় ভাল জ্বিনিস আছে বটে'---সেভাবে নহে। আবার কাহারও কাহারও এই অভূত উদার ভাব দেথিতে পাওয়া বায়—'অন্তান্ত ধর্ম ঐতিহাসিক যুগের পূর্ববর্তী সময়ের ক্রমবিকাশের ক্ষ্ম ক্ষ্ম চিহুস্বরূপ, কিন্তু আমাদের ধর্মে উহা পূর্ণতা লাভ করিয়াছে!' একজন বলিতেছে, 'আমার ধর্মই শ্রেষ্ঠ, কেন না ইহা দ্বাপেকা প্রাচীন'; আবার অপর একজন তাহার ধর্ম দ্বাপেকা আধুনিক বলিয়া দেই একই দাবি করিতেছে। আমাদের বৃঝিতে হইবে ও খীকার করিতে হইবে যে, প্রত্যেক ধর্মেরই মামুষকে মৃক্ত করিবার সমান मिक बाह्य। प्रिनिदा वा हार्टि धर्यमकरनेत्र श्राप्त महस्स यादा अनियादि, তাহা কুনংস্কার মাত্র। দেই একই ঈহর সকলের ভাকে সাড়া দেন। অতি কৃষ জীবাত্মারও বক্ষা এবং উদ্ধারের জন্ম তুমি, আমি বা অপর কোন মাহুৰ দায়ী নয়, দেই এক দর্বশক্তিমান্ ঈশরই সকলের জন্ত দায়ী। আমি বুঝিতে পারি না, লোকে কিরুপে একদিকে নিজদিগকে ঈশ্বর-বিশাসী বলিয়া ঘোষণা করে, আবার ইহাও ভাবে যে, ঈশ্বর একটি ক্ষুদ্র জনসমাজের ভিতর সমৃদয় **পত্য দিয়াছেন, আর তাহারাই অবশি**ট মানব-সমা**জে**র রক্ষক। কোন বাক্তির বিশ্বাস নষ্ট করিবার চেষ্টা করিও না। যদি পারো তবে তাহাকে কিছু ভাল জিনিদ দাও। শদি পারো তবে মাহুব ষেথানে আছে, সেধান হইতে তাহাকে একটু উপরে তুলিয়া দাও। ইহাই কর, কিন্তু মামুধের ষাহা আছে, তাহা নষ্ট করিও না। কেবল তিনিই যথার্থ আচার্ঘ-নামের যোগ্য, যিনি আপনাকে এক মৃহুর্তে যেন সহস্র সহস্র বিভিন্ন ব্যক্তিতে পরিণত করিতে পারেন; কেবল তিনিই যথার্থ আচার্য, যিনি অল্লায়াসেই শিয়ের অবস্থায় আপনাকে লইয়া যাইতে পারেন—যিনি নিজের শক্তি শিয়োর মধ্যে দঞ্চারিত করিয়া ভাহার চক্ষ্ দিয়া দেখিতে পান, ভাহার কান দিয়া শুনিতে পান, তাহার মন দিয়া বুঝিতে পারেন। এইরূপ আচার্ঘই যথার্থ

শিকা দিতে পারেন, অপর কেহ নহে। যাঁহারা কেবল অপরের ভাব নষ্ট করিবার চেষ্টা করেন, তাঁহারা কখনই কোন উপকার করিতে পারেন না।

মদীয় আচার্যদেবের নিকট থাকিয়া আমি বৃধিয়াছি, মাহুষ এই দেহেই দিছাবস্থা লাভ করিতে পারে, তাঁহার মুখ হইতে কাহারও প্রতি অভিশাপ বর্ষিত হয় নাই, এমন কি তিনি কাহারও সমালোচনা পর্যন্ত করিতেন না। তাঁহার দৃষ্টি জগতে কোন কিছুকে মন্দ বলিয়া দেখিবার শক্তি হারাইয়াছিল—তাঁহার মন কোনরূপ কৃচিস্তা করিবার দামর্থ্য হারাইয়াছিল। তিনি ভাল ছাড়া আর কিছু দেখিতেন না। সেই মহাপবিত্রতা, মহাত্যাগই ধর্মলাভের একমাত্র নিগৃত উপায়। বেদ বলেন: 'ধন বা পুত্রোৎপাদনের ছারা নহে, একমাত্র ত্যাগের ঘারাই অমৃতত্ব লাভ করা যায়।' যীত বলিয়াছেন, 'তোমার যাহা কিছু আছে, বিক্রয় করিয়া দরিজ্বদিগকে দান কর ও আমার অম্পরণ কর।'

শব বড় বড় আচাৰ্য ও মহাপুৰুষগণও এই কথা বলিয়া গিয়াছেন এবং ष्ट्रीবনে উহা পরিণত করিয়াছেন। এই ত্যাগ ব্যতীত আধ্যাত্মিকতা নাভের শস্তাবনা কোথায় ? যেখানেই হউক না কেন, সকল ধর্মভাবের পশ্চাতেই ভাাগ বহিষাছে ; আব ভাগের ভাব যত কমিয়া যায়, ইন্দ্রিগরতা ততই ধর্মের ভিতর ঢুকিতে খাকে, এবং ধর্মভাবও দেই পরিমাণে কমিয়া যায়। এই ষহাপুরুষ ত্যাগের দাকার বিগ্রহ ছিলেন। স্বামাদের দেশে বাঁহারা দল্লাসী হন, তাঁহাদিগকে সমৃদর ধন-ঐশ্বর্ধ মান-সম্লম ত্যাগ করিতে হয়; আর আমার গুকদেব এই আদর্শ অকরে অকরে কার্যে পরিণত করিয়াছিলেন। তিনি কাঞ্চন স্পর্শ করিতেন না; তাঁহার কাঞ্চনত্যাগ-স্পৃহা তাঁহার স্নায়্মণ্ডলীর উপরেও এইরূপ প্রভাব বিস্তার করিয়াছিল যে, নিদ্রিতাবস্থাতেও তাঁহার দেহে কোন ধাতুদ্ৰব্য স্পৰ্শ কৱাইলে তাঁহার মাংদপেশীসমূহ স্কৃচিত ইইয়া ষাইত এবং তাঁহার সমুদর দেহই ষেন ঐ ধাতুদ্রব্যকে স্পর্শ করিতে অস্বীকার করিত। এমন অনেকে ছিল, যাহাদের নিকট হইতে তিনি কিছু গ্রহণ করিলে তাহারা কুতার্থ বোধ করিত, ধাহারা আনন্দের সহিত তাঁহাকে শহস্ৰ সহস্ৰ টাকা দিতে প্ৰস্তুত ছিল; কিন্তু যদিও তাঁহার উদার স্বদয় সকলকে আলিঙ্গন করিতে সদা প্রস্তুত ছিল, তথাপি তিনি এই-সব লোকের নিকট হইতে দূবে সবিয়া যাইতেন। সম্পূর্ণভাবে কাম-কাঞ্চন-জয়ের এক শীবন্ত উদাহরণ ছিলেন তিনি; এই ছই ভাব তাঁহার ভিতর বিন্দুমান্ত ছিল না; আর বর্তমান শতাঝীর জন্ত এইরপ মাহ্যবের অভিশর প্রয়োজন। বর্তমান-কালে লোকে বাহাকে নিজেদের 'প্রয়োজনীয় দ্রবা' বলে, ভাহা বাতীত ভাহারা একমানও বাঁচিতে পারিবে না মনে করে, আর এই প্রয়োজন ভাহারা অভিবিক্ত-রূপে বাড়াইতে আরম্ভ করিয়াছে; এ সময়ে এরপ ত্যাগের প্রয়োজন আছে। বর্তমানে এমন একজন লোকের প্রয়োজন, যিনি জগতের অবিশাসীদের নিকট প্রমাণ করিতে পারেন যে, এখনও এমন মাহ্যব আছেন, যিনি সংসারের সমৃদ্য ধন-বত্ব ও মান-যশের জন্ত বিন্দুমান্ত লালায়িত নছেন। বান্তবিক এখনও এরপ অনেক লোক আছেন।

তাঁহার জীবনে আগে বিশ্রাষ ছিল না। তাঁহার জীবনের প্রথমাংশ ধর্ম-উণার্জনে ও শেষাংশ উহার বিতরণে ব্যয়িত হইয়াছিল। দলে দলে লোক তাঁহার উপদেশ শুনিতে আসিত, আর ২৪ ঘন্টার মধ্যে ২০ ঘন্টা তিনি তাহাদের সহিত কথা কহিতেন। এক্লপ ঘটনা যে ত্-এক দিন ঘটিয়াছিল ভাষা নহে, মাদের পর মাদ এইরপ হইতে লাগিল; অবশেবে এই কঠোর পৰিল্রমে তাঁহার শরীর ভাঙিয়া গেল। মানবদাতির প্রতি তাঁহার অগার্য প্রেম ছিল। যাহারা তাঁহার কুণালাভের জন্ত আদিত, এইরূপ সহস্র শহব্ৰ লোকের মধ্যে অতি সামাক্ত বাক্তিও তাঁহার কুপা হইতে বঞ্চিত হইত না। ক্রমে তাঁহার গ্লায় একটা ষা হইল, তথাপি অনেক বুঝাইয়াও তাঁহার কথা বলা বন্ধ করা গেল না। আমরা তাঁহার নিকট সর্বদা থাকিতাম ; যাহাতে তাঁহার কট না হয়, এলক লোকজনের দক্ষে দেখা-সাকাৎ বন্ধ করিবার চেষ্টা করিতে লাগিলাম; কিন্তু যথনই ডিনি ভনিতেন, লোকে তাঁহাকে দেখিতে আদিয়াছে, তিনি তাহাদিগকে তাঁহাৰ কাছে আদিতে দিবার ষম্ভ অত্যম্ভ আগ্রহ প্রকাশ করিতেন এবং তাহারা আদিলে তাহাদের সকল প্রশ্নের উত্তর দিতেন। যদি কেহ বলিড, 'এই-সব লোকজনের সঙ্গে কণা কহিলে আপনার কট্ট হইবে না ?' তিনি হাসিয়া এইমাত উত্তর षिट्न, 'कि! प्रदिव कहें। आयांत्र क्छ एम्स स्टेन, क्छ एम्स श्रिन। ষদি এ দেহটা পরের সেবার যার, ভবে ভো ইহা ধন্ত হইল। যদি একজন লোকেরও যথার্থ উপকার হর, দেলত আমি হাজার হাজার দেহ দিতে প্রস্তুত আছি।' একবার এক ব্যক্তি তাঁহাকে বলিল, 'মহাশয়, আপনি তো

একজন মস্ত যোগী—আপনি আপনার দেহের উপর একটু মন রাথিয়া ব্যারামটা সারাইয়া ফেল্ন না।' প্রথমে তিনি ইহার কোন উত্তর দিলেন না। অবশেষে যখন ঐ ব্যক্তি আবার সেই কথা তুলিল, তিনি আন্তে আন্তে বিলিলেন, 'তোমাকে আমি একজন জানী মনে করিতাম, কিন্তু দেখিতেছি— তুমি অপরাপর সংসারী লোকদের মতোই কথা বলিতেছ। এই মন ভগবানের পাদপদ্মে অর্পিত হইরাছে—তুমি কি বল, ইহাকে ফিরাইয়া লইয়া আত্মার খাঁচাছরপ দেহে দিব ?'

এইরপে তিনি দকলকে উপদেশ দিতে লাগিলেন,—আর চারিদিকে এই দংবাদ প্রচারিত হইয়া গেল যে, তাঁহার দেহাবদান সরিকট, তাই প্র্বাপেক্ষা আরও অধিক লোক দলে দলে আদিতে লাগিল। ভোমরা করনা করিতে পার না, ভারতের বড় বড় ধর্মাচার্যগণের নিকট লোক আদিয়া কিরপে চারিদিকে ভিড় করে এবং জীবদ্দশাতেই তাঁহাদিগকে ঈশ্বরজ্ঞানে পূজা করে। দহস্র সহস্র ব্যক্তি কেবল তাঁহাদের বন্ধাকল স্পর্শ করিবার জন্তই অপেক্ষা করে। এইরূপ ধর্মাসুরাগ হইতেই মান্তবের প্রকৃত আধ্যাত্মিকভা আদিরা থাকে। মানুষ যাহা চার ও আদর করে, তাহাই পাইরা থাকে—জাতি সহত্বেও ঐ কথা। যদি ভারতে গিরা বাচনৈতিক বক্তৃতা দাও, তাহা যত চমৎকারই হউক না কেন, তৃমি শ্রোভা পাইবে না; কিন্ত ধর্মশিক্ষা পাও দেখি—তবে ভার্ বাক্য ছারা হইবে না, নিজে ধর্মজীবন যাপন করিতে হইবে, তাহা হইলে শত শত ব্যক্তি তোমার নিকট—কেবল ভোমাকে দেখিবার জন্ত, তোমার পদধূলি লইবার জন্ত আদিবে।

यथन लांक छनिन स्य, এই बरान्क मछनछः नैखरे जाशां हित पर रहे एउ मित्रा बारेट्टन, जबन जाशां मूर्नालका व्यक्ति मः थात्र व्यक्ति । व्यास्ति छक्ट एवं निष्मत वास्त्रात्र श्री विन्यां वाक्ता ना वाधिता जाशां हिम्म छन्म हित्य नामित्र क्षित्र वास्त्र श्री विन्यां वास्त्र व

করিতে করিতে মহাসমাধিত্ব হইলেন। এইরূপে দেই মহাপুরুষ আমাদিগকে ছাড়িয়া চলিয়া গেলেন। পর্বদিন আমরা তাঁহার দেহে অগ্নিসংযোগ করিলাম।

তাঁহার ভাব ও উপদেশাবলী প্রচার করিবার উপযুক্ত ব্যক্তি তথন ঋতি অৱই ছিল। গৃহী ভক্তগণ ব্যতীত তাঁহার কতকগুলি যুবক শিশ্ব ছিল, তাহারা সংসার ত্যাগ কবিয়াছিল এবং তাঁহার কার্য চালাইয়া ঘাইডে প্ৰস্তুত ছিল। ভাহাদিগকে দাবাইয়া ৰাখিবার চেষ্টা করা হয়; কিন্তু ভাহারা ভাহাদের সম্মৃথে যে মহান্ জীবনাদর্শ দেখিয়াছিল, ভাহার শক্তিভে দৃঢ়ভাবে দাঁড়াইয়া বহিল। বছরের পর বছর এই দিব্য জীবনের সংস্পর্শে **আ**সাতে প্রবল উৎসাহান্নি ভাহাদের ভিতর**ও** সঞ্চারিত হইয়া গিয়াছিল, স্বভরাং তাহারা কিছুমাত্র বিচলিত হইল না। এই যুবকগণ সন্ন্যাসি-সব্বের নিরমাবলী প্রতিপালন করিতে লাগিল, আর যদিও তাহাদের মধ্যে অনেকেই সৰংশদাত, তথাপি তাহারা যে শহরে জন্মিয়াছিল, তাহারই রাস্তায় রাস্তায় ভিকা করিতে লাগিল। প্রথম প্রথম তাহাদিগকে প্রবল বাধা সহু করিতে হইয়াছিল, কিন্তু তাহারা দৃঢ়ত্ব হইয়া বহিল, আর দিনের পর দিন ভারতের দর্বত্র এই মহাপুরুষের উপদেশ প্রচার করিতে লাগিল—জ্বলেষে সমগ্র দেশ তাঁহার প্রচারিত ভাবসমূহে পূর্ণ হইয়া গেল। বঙ্গদেশের স্বদ্র পল্লীগ্রামে জনগ্রহণ করিয়া এই নিরক্ষর বালক কেবল দৃঢ়প্রতিজ্ঞ ও আত্মশক্তিবলে সত্য উপলব্ধি কবিয়া অপরকে তাহা দান কবিয়া গেলেন—আর সে সত্যকে দীবন্ত রাখিবার দন্ত কেবল কয়েক্জন যুবককে রাখিয়া গেলেন।

আৰু শ্ৰীরামক্ষ পরমহংদের নাম ভারতের দর্বত্ত কোটি কোটি লোকের নিকট পরিচিত। শুধু তাহাই নহে, তাঁহার শক্তি ভারতের বাহিরেও বিস্তৃত হইয়াছে; যদি আমি জগতের কোথাও সত্য ও ধর্ম সম্বন্ধে একটি কথাও বলিয়া থাকি, তাহা আমার গুরুদেবের—আর ভুললাম্ভিগুলি আমার।

এইরপ ব্যক্তির প্রয়োদন ছিল—এই যুগে এইরপ ত্যাগ আবশ্যক। আধুনিক নরনারীগণ, তোমাদের মধ্যে যদি এরণ পবিত্র অনাদ্রাত পুল্পের মতোকেই থাকে, উহা ভগবানের পাদপদ্দে সমর্পণ করা উচিত। যদি তোমাদের মধ্যে এমন কেই থাকে, যাহাদের সংসারে প্রবেশ করিবার ইচ্ছা নাই, যাহাদের বয়স বেশী হয় নাই, ভাহারা সংসার ত্যাগ কর। ধর্মলাভের ইহাই রহস্ত

—ভ্যাগ কর। প্রভ্যেক নারীকে জননী বলিয়া চিস্তা কর, আর কাঞ্চন পবিত্যাগ কর। ভয় কি? ষেখানেই থাকো না কেন, প্রভূ তোমাদিগকে রক্ষা করিবেন। প্রভু নিজ সম্ভানগণের ভাব গ্রহণ করিয়া ধাকেন। শাহদ করিয়া ত্যাগ কর দেখি। এইরূপ ত্যাগের প্রয়োদ্ধন। তোমরা কি দেখিতেছ না, পাশ্চাত্য দেশে জড়বাদেব কি প্রবল স্রোত বহিতেছে? কডদিন আর চোথে কাপড় বাঁধিয়া থাকিবে? ভোমরা কি দেখিতেছ না, কি ভীষণভাবে কাম ও অপবিত্রতা সমাজের অস্থিমজ্জা শোষণ করিয়া লইতেছে ? কেবল বাক্যের ঘারা অথবা সংস্কার-আন্দোলনের ঘারা নয়— ত্যাগের দারাই ক্ষয় ও বিনাশের মধ্যে ধর্মভাব লইয়া অটল অচল স্থমেকবং দাঁড়াইয়া থাকিলে তবেই ভোমরা এই-সকল অধর্মের ভাব রোধ করিতে পারিবে। বাক্যব্যয় করিও না, ভোমার দেহের প্রভ্যেক লোমকুণ হইডে পবিত্রতার শক্তি, ব্রশ্বচর্যের শক্তি, ত্যাগের শক্তি বাহির হউক। যাহারা দিবারাত্রি কাঞ্চনের জন্ত চেষ্টা করিতেছে, তাহাদিগকে ঐ শক্তি গিয়া **পা**ঘাত করুক ; তাহারা কাঞ্চনের জন্ত এই তীত্র আগ্রহের মধ্যে কাঞ্চনত্যান্ত্র তোমাকে দেখিবামাত্র আক্রয হউক; আর কামও ত্যাগ কর। কাম-কাঞ্চনত্যাগী হও, নিজেকে যেন বলিম্বরূপ প্রদান কর—তুমি ছাড়া আর কে ইহা সাধন করিবে? যাহারা জীর্ণ শীর্ণ বৃদ্ধ, সমাজ যাহাদিগকে ত্যাগ কবিয়াছে—তাহারা নহে, কিন্তু পৃথিবীর মধ্যে যাহারা শ্রেষ্ঠ ও নবীনতম, সেই বলবান্ হুন্দর ঘ্বাপুক্ষেরাই ইহার অধিকারী, তাহাদিগকে ভগবানের বেদীতে জীবন দমর্পণ করিতে হইবে; আর এই স্বার্থত্যাগের ঘারা ষ্ণগৎকে উদ্ধার কর। জীবনের আশা বিসর্জন দিয়া সমগ্র সানবন্ধাতির দেবক হও—সমগ্র মানবদ্বাভির নিকট ধর্মপ্রচার কর। ইহাকেই তো ত্যাগ বলে, ভুধু বাক্যদারা ইহা হয় না। উঠিয়া দাঁড়াও, এবং কাচ্ছে লাগিয়া যাও। তোমাদিগকে দেখিবামাত্র সংসারী লোকের মনে—কাঞ্চনাসক্ত ব্যক্তির মনে ভয়ের সঞ্চার হইবে। কথায় কথনও কোন কাল হয় না—কতই তো প্রচার হইয়াছে, কোন ফল হয় নাই। প্রতি মৃহতেই অর্থণিপাদায় রাশি রাশি গ্রন্থ প্রকাশিত হইতেছে, কিন্তু তাহাতে কোন উপকার হয় না, কারণ উহাদের পশ্চাতে কেবল ফাঁকি—এ-সকল গ্রন্থের ভিতর কোন শক্তি নাই। এন, প্ৰাভ্যক্ষ উপলব্ধি কর। যদি কাম-কাঞ্চন ত্যাগ করিতে পারো, তোমান্ন

বাকাব্যন্ন করিতে হইবে না, ভোমার হুৎপদ্ম প্রফুটিত হইবে, ভোমার ভাব চারিদিকে বিস্তৃত হইবে। যে ব্যক্তি ভোমার নিকট আদিবে, ভাহাকেই ভোমার ধর্মভাব স্পর্শ করিবে।

বর্তমান জগতের সমকে প্রীরামক্রফের ঘোষণা এই: মতামত, সম্প্রদার, গির্জা বা মন্দিরের অপেকা রাথিও না। প্রত্যেক মাম্বরের ভিতরে যে সারবন্ত অর্থাৎ ধর্ম বহিয়াছে, তাহার দহিত তুলনায় উহারা তুচ্ছ; আর যতই এই ভাব মাহ্রের মধ্যে বিকাশপ্রাপ্ত হয়, তত্তই তাহার ভিতর জগতের কল্যাণ করিবার শক্তি আসিয়া থাকে। প্রথমে এই ধর্মধন উপার্জন কর, কাহারও উপর দোষারোপ করিও না, কারণ সকল মত—সকল পথই ভাল। তোমাদের জীবন দিয়া দেখাও যে, 'ধর্ম' অর্থে কেবল শন্ধ বা নাম বা সম্প্রদায় ব্যায় না, উহার অর্থ আধ্যাত্মিক অমুভৃতি। যাহারা অমুভ্ব করিয়াছে, তোহারাই ঠিক ঠিক বৃথিতে পারে। যাহারা নিজেরা ধর্মলান্ড করিয়াছে, কেবল তাহারাই অপরের ভিতর ধর্মভাব সঞ্চার করিতে পারে, তাহারাই মানবজাতির শ্রেষ্ঠ আচার্ম হইতে পারে—তাহারাই কেবল জগতে জ্ঞানের শক্তি সঞ্চার করিতে পারে।

তাহা হইলে তোমরা এরপ হও! কোন দেশে—এইরপ ব্যক্তির যতই অভাদর হইবে, দেই দেশ ওতই উরত হইবে। আর যে দেশে এরপ লোক একেবারে নাই, দে দেশের পতন অনিবার্য, কিছুতেই উহার উদ্ধারের আশা নাই। অতএব মানবজাতির নিকট মদীর আচার্যদেবের উপদেশ এই: 'প্রথমে নিজে ধার্মিক হও এবং সত্য উপলব্ধি কর।' আর তিনি সকল দেশের অড়িষ্ঠ ও বলিষ্ঠ যুবকগণকে সম্বোধন করিয়া বলিভেছেন, 'তোমাদের ভ্যাগের সময় আদিয়াছে!' তিনি চান, তোমরা তোমাদের ভাত্মরূপ সমগ্র মানবজাতির কল্যাণের জন্ম সর্বন্ধ ভ্যাগ কর। তিনি চান, তোমরা মুখে কেবল 'ভাইকে ভালবাদি' না বলিয়া, তোমাদের কথা যে সত্য, তোহা প্রমাণ করিবার জন্ম করেছ লাগিয়া যাও। যুবকগণের নিকট এখন এই আহ্বান আদিয়াছে, 'কাজ কর, বাঁপিয়ে পড়ো, ত্যাগী হয়ে জগৎকে উদ্ধার কর।'

ত্যাগ ও প্রত্যকাত্বভূতির সময় আসিয়াছে। জগতের বিভিন্ন ধর্মের মধ্যে যে সামঞ্জ আছে, তাহা দেখিতে পাইবে; বুঝিবে—বিবাদের কোন প্রয়োজন নাই এবং তথনই সমগ্র মানবজাতির দেবা করিতে পারিবে।
মদীয় আচার্যদেবের জীবনের উদ্দেশ্য ছিল—সকল ধর্মের মূলে যে ঐক্য
রহিয়াছে, তাহা ঘোষণা করা। অক্তান্ত আচার্যেরা বিশেষ বিশেষ ধর্ম প্রচার
করিয়াছেন, সেইগুলি তাঁহাদের নিজ নিজ নামে পরিচিত। কিন্তু উনবিংশ
শতাবীর এই মহান্ আচার্য নিজের জন্ত কিছুই দাবি করেন নাই। তিনি
কোন ধর্মের উপর কোনরূপ আক্রমণ করেন নাই, কারণ তিনি সত্য সতাই
উপলব্ধি করিয়াছিলেন যে, ঐ ধর্মগুলি এক সনাতন ধর্মেরই অক্সপ্রতাক্ত মাত্র।

শ্রীরামকৃষ্ণ ও তাঁহার মত

শ্রীরামকৃষ্ণ নিজেকে স্থুল অর্থেই অবতার ব'লে মনে করতেন, যদিও এর ঠিক কি অর্থ, তা আমি বুঝতে পারতাম না। আমি বলতাম, বৈদান্তিক অর্থে তিনি হচ্ছেন ব্রন্ম। দেহতাগের ঠিক কয়েকদিন আগে তাঁর খুবই খাদকট হচ্ছিল; আমি যথন মনে মনে ভাবছি—দেখি, এই কষ্টের মধ্যেও তিনি নিজেকে অবতার বলতে পারেন কি না—তথনই তিনি আমাকে বললেন, 'যে রাম যে রুঞ্, সে-ই এ দেহে রামকৃষ্ণ ; তবে ভোর বেদাস্তের দিক দিয়ে নয়।' তিনি আমাকে খ্বই ভালবাদতেন—এজন্ত অনেকে আমাকে ঈর্যা ক'রত। ষে-কোন লোককেই দেখামাত্র তিনি তার চরিত্র বুঝে নিতেন, এবং এ বিষয়ে তাঁর দে মতের আর পরিবর্তন হ'ত না। আমরা কোন মান্থকে বিচার করি যুক্তি দিয়ে, দেজন্য আমাদের বিচারে থাকে ভুল-ক্রটি; তাঁর ছিল ইব্রিয়াতীত অহভূতি। কোন কোন বাজিকে তাঁর অস্তরঙ্গ বা 'ভেতরের লোক' বলতেন—তাদের তিনি তাঁর নিজের সংক্ষে গোপন তত্ত্ব ও যোগশান্তের রহস্ত শেখাতেন। বাইরের লোক বা বহিবঙ্গদের কাছে বলতেন নানা উপদেশমূলক গল্প; এগুলিই লোকে 'শ্রীরামকৃষ্ণের কথা' ব'লে জানে। ঐ অস্তরঙ্গ ভক্নণদের ভিনি তাঁর কাঞ্জের উপযোগী ক'রে গড়ে তুলতেন, অনেকে এদের বিক্লবে অভিযোগ করলেও তাতে তিনি কান দিতেন না। অন্তর্গ ও বহিরঙ্গদের মধ্যে শেষোজদের কাজকর্ম দেখে প্রথমোক্তদের তুলনায় তাদের প্রতিই আমার অনেক বেশী ভাল ধারণা হয়েছিল; তবে অস্তবঙ্গদের প্রতি আমার ছিল অন্ধ অনুরাগ। লোকে বলে—আমাকে ভালবাসলে আমার কুকুরটিকেও ভালবেসো। আমি ঐ ব্রান্ধণ-পূজারীকে অন্তর দিয়ে ভালবাদি। স্থতরাং তিনি যা ভালবাদেন, ষাকে তিনি মান্ত করেন—আমিও তাই ভালবাদি, তাঁকে নামিও মান্ত করি। আমার সম্পর্কে তাঁর ভয় ছিল, পাছে আমাকে স্বাধীনতা। নিলে আমি আবার এক নৃতন সম্প্রদায় সৃষ্টি ক'রে বিদ।

তিনি কোন একজনকে বললেন, 'এ জীবনে তোমার ধর্ম লাভ হবে না।'
দকলের ভূত-ভবিশৃৎ তিনি যেন দেখতে পেতেন। বাইরে থেকে থে

মনে হ'ত—তিনি কারও কারও উপরে পক্ষপাতিত্ব করছেন, এই ছিল তার কারণ। চিকিৎসকেরা যেমন বিভিন্ন রোগীর চিকিৎসা বিভিন্নভাবে করেন, বৈজ্ঞানিক মনোভাব-সম্পন্ন তিনিও তেমনি বিভিন্ন লোকের জন্ম বিভিন্ন করতেন। তাঁর ঘরে অন্তরঙ্গদের ছাড়া আর কাউকেই শুভে দেওয়া হ'ত না। যারা তাঁর দর্শন পায়নি, তাদের মৃক্তি হবে না, আর যারা তিনবার তাঁর দর্শন পেয়েছে, তাদেরই মৃক্তি হবে—এ কথা সত্য নয়।

উচ্চতর শিক্ষাগ্রহণে অক্ষম জনসাধারণের নিকট তিনি 'নারদীয় ভক্তি' প্রচার করতেন।

সাধারণতঃ তিনি বৈতবাদই শিক্ষা দিতেন, অবৈতবাদ শিক্ষা না দেওয়াই ছিল তাঁর নিয়ম। তবে তিনি আমাকে অবৈতবাদ শিক্ষা দিয়েছিলেন—এর আগে আমি ছিলাম বৈতবাদী।

the lates and proper many to his view of being

শ্রীরামকৃষ্ণঃ জাতির আদর্শ

কোন জাতিকে এগিয়ে যেতে হ'লে তার উচ্চ আদর্শ থাকা চাই। সেই
আদর্শ হবে 'পরবন্ধ'। কিন্তু তোমরা দকলেই কোন বিমৃত্ত আদর্শের
(abstract ideal) দ্বারা অমপ্রাণিত হ'তে পারবে না বলেই তোমাদের
একটি ব্যক্তির আদর্শ অবশ্রই প্রয়োজন। শ্রীরামক্তফের মধ্যে তোমরা সেই
আদর্শ পেয়েছ। অন্ত কোন ব্যক্তি এ যুগে আমাদের আদর্শ হ'তে পারেন
না, তার কারণ তাঁদের কাল শেষ হয়ে গিয়েছে। বেদান্তের ভাব যাতে
এ যুগে প্রত্যেকেই গ্রহণ করতে পারে, ভারই জন্ত এমন মান্ত্রের আজ
আমাদের প্রয়োজন, বর্তমান যুগের মান্ত্রের প্রতি হার সহাম্ভৃতি আছে।
শ্রীরামক্তক্তের মধ্যে এই অভাব পূর্ণ হয়েছে। আজ প্রত্যেকের দামনেই এই
আদর্শ তুলে ধরো। সাধু বা অবতার, মেভাবেই তাঁকে গ্রহণ কর না কেন—
ভাতে কিছু যায় আসে না।

তিনি একবার বলেছিলেন যে, তিনি আমাদের মধ্যে আবার আসবেন।
আমার মনে হয়, তারপর তিনি বিদেহ-মৃক্তির অবস্থায় ফিরে যাবেন। কাজ
করতে হ'লে প্রত্যেকেরই একজন ইইদেবতা থাকা প্রয়োজন—গ্রীষ্টানেরা যাকে
বলে 'গার্ডিয়ান এয়েল'—এ ঠিক তাই। আমি মাঝে মাঝে যেন কল্পনা করি
বিভিন্ন জাতির বিভিন্ন ইইদেবতা আছেন। আর তাঁদের প্রত্যেকেই যেন
আধিপত্য লাভের চেষ্টা করছেন। এ ধরনের ইইদেবতার—কোন জাতির
কল্যাণ করার কমতা থাকে না।



উদ্বোধন কার্যালয় হুইতে প্রকাশিত পুস্তকাবলী

স্বামী বিবেকানন্দের গ্রন্থাবলী

		4	
সন্ন্যাসীর গীতি	5.00	চিকাগো বক্তৃতা	8
ঈশদৃত যীগুগ্ৰীপ্ত	©. • •	मनीय जाठार्यात्व	4.00
প্ৰহারী বাৰা	8	ভারতের পুনর্গঠন	4.00
স্বামীজীর আহ্বান	6.00	বেদাস্থের আলোকে	b
সরল বাজ্যোগ	@ · · ·	ধর্ম-সমীক্ষা	30.00
ভক্তি-ৱহস্য	2.00	ধৰ্ম-বিজ্ঞান	>0.00
ভক্তিযোগ	20,00	শিক্ষা (অনুদিত)	>
কৰ্মযোগ	29.00	ভাৰতীয় নারী	>0.00
রা জ যোগ	29'00	কথোপকথন	26.00
জ্ঞানযোগ	O(0°00	দেবৰাণী	36.00
পত্ৰাবলী (সমগ্ৰ পত্ৰ একত্ৰে,		শিক্ষা প্রসঙ্গ	20'00
निर्पिभिकापि मह)		ৰাণী সঞ্যুন	0
ৰেক্সিন বাঁধাই	>७०	ভারতে বিবেকানন্দ	06.00



উদ্বোধন কার্যালয় কলিকাডা

गुना : २८ ••

Mahapurush Prasanga : ISBN 81-8040-129-4

Rs. 25.00